## সমুদ্রমানুষ

মানিক-স্মৃতি পুরস্কার প্রাপ্ত উপন্যাস)

व्यकीन वत्नग्राशाधग्राय



ক্র পে ব্রে খা ৭৩, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা-৯ প্রকাশক অরবিন্দ ভৌমিক রূপরেথা ৭৩, মহাত্মা গান্ধী রোড কলিকাতা-২

মৃদ্রাকর জগরাথ পান শাস্তিনাথ প্রেস ১৬, হেমেন্দ্র সেন খ্রীট কলিকাতা-৬

রূপরেখা প্রথম সংস্করণ ভান্ত, ১৩৬১

প্রচ্ছদ গৌতম রায়

## পরম কল্যাণীয়া খুকুমাণ ভ তার ছোট বাপি দেবাশীয়কে

॥ কোখকের অন্যান্য বই।॥
নীলকণ্ঠ পাথির থোঁজে
প্রেমে অপ্রেমে
রাজা ধায় বনবাসে
গম্বজ হাতেব স্পার্শ
নায় কথার
শেষ দৃশ্য
টুকুনের অস্থ্

শিউলিফুলের মত শুল্র জ্যোৎস্মা। দক্ষিণ-মেরুর বিষণ্ণ বরফে ওর ছায়া থমকে আছে। । ।
নিত্তরক্ষে কেমন একটা শিষ-দেওরা শহ্মচিলের নিথর আওয়াজ। আওয়াজটা ভাঙা
ুত্তরের মাথায় কেমন আছডে-পিছডে পড়ছে।

জাহাজটাকে কেন্দ্র করে নীল-কাচ জলের ছোট-ছোট ঢেউগুলি ছুঁয়ে ছুঁয়ে থেতে ৪ প্রচ জ্যাৎস্পার ছায়া ছায়া কপটাকে।

তুটো ছায়া সংলগ্ন। ডেক থেকে তুটো ছায়া তেবছা হয়ে পডেছে সম্স্রবুকে। গ্রাহালটা চলার সঙ্গে সঙ্গে ছায়াত্নটোও ভাঙা ভাঙা চেউয়ের মাথায় ভেসে চলেছে।

—খুব ভাল লাগছে বপটা, তাই না ?

উত্তর এল না। একটা থণ্ড কাক-কালো ছায়। চাদটাকে তথন ঢেকে দিয়েছে। নিষ্পান্দ অন্ধকার। রেডিয়ম-ভায়াল ঘডিটার বুকে শুধু ঘূর্ণ্যমান সেকেণ্ডেব টিক টিক শ্বা। ছুটো চোথ খির —ঝুলছে সারাটাক্ষণ ভাষালটার উপর।

---মেকর বরষ গুলে। হয়তো ঘুমিয়ে পডেছে। কি বলিস ?

ব্রীজে তথন ঘণ্টির আওয়াজ। ওয়াচের বেল বাজল ব্রীজে। টিক টিক করে মিনিটের কাঁটাটা ঘাটের ঘবে মিলিয়ে যায় নি। কাঁটা বুরিষে ঠিক করে নিতে নিতে ব্যল—তিন মিনিট স্লো।

- —কি করছিদ তুই ঝুঁকে ঝুঁকে ?—ছটে। কথার একটারও জবাব নেই !
- —ঘডিটা স্লো। মিলিয়ে নিলাম।
- —পাগলা ঘডির সঙ্গে তুই পাগল হয়ে গেছিস ? প্রত্যেকটা ওয়াচেই তোকে ঘডি মেলাতে হয় ?

মোবারক হাসল — করে নিই— যদি ভুল করি।

- ভুল করি, ভুল করি! ভুল করলে তোর কোরান শরীফ অশুদ্ধ হয়ে যাবে ? মোবারক এবারও হাসল—আচ্ছা শেথর, সি-রোটগুলো তো একই থাকে ?
- —প্রায় তাই।

্যড়িটা হাত থেকে খুলে নিল। কানের উপর রেখে পরথ করে দেখল একটানা টিক ক্রীকটার কোথাও মুহুর্ভ যতি রেখা পড়ল কি-না।

- —মাহ্নের রোগ অনেক হয় শুনেছি—কিন্তু ঘড়ি-রোগ তো শুনি নি!
- --- चিড়ি-রোগ ! আমার ঘড়ি-রোগ হয়েছে বলছিন ? বল্। যা মূথে আনে **ডাই** বল্। ারা কিছু প্রকাশ করা মোবারকের ইচ্ছা ছিল। কিন্তু কি ভেবে সে চুপ করে থাক্স।

- —হয়েছে বাবা থাক। ঘডি-রোগের কথা বললেই তোর রাগ হয়। আর বলব না। আমি কি একা বলি ? জাহাজের স্বাই বলছে মোবারকের ঘড়ি-রোগ হয়েছে।
  - -- मवारे वलत्व वत्त जूरे व वनि ?
- —এই চার দিন ধরে যা অবস্থা দেখছি, তাতে আমিও না-বলে আর থাকতে পারছি না।

মোবারক আলীর চেতনায় ছোট একটা মৃক ঝড বয়ে গেল। ঘডি-সম্বন্ধে কত কথা প্রকাশ করার ইচ্ছা আছে—কত বলাব আছে শেথরকে, কিন্তু বলতে পারল কই! বলার শক্তিটা যেন হারিয়ে ফেলেছে।

প্রতিবাদ জানান হল না মোবারকেব। ঘডিব দিকে চেয়ে একটা দীর্ঘনি:খাদ ক্ষেলল শুধু। নির্বাক নিস্পন্দ ঘড়িটার বৃকে আবার চাইতেও ভয় করছে। কারণ স্বাই বলছে ওর ঘডি-রোগ হয়েছে।

হঠাৎ এক ঝলক ছোট ভাঙা-চেউয়ের মাথ -থেকে-ওঠা নরম ঠাণ্ডা হাওয়া তুজনের মুথেই মিষ্টি স্পর্শ বুলিয়ে গেল। শেথর দাঁডিয়ে আছে। আয়ত চোথ বিস্তীণ সাগরজলের উপর। মোবারক আলীয় জোয়ান চাটগাঁই চেহারাটার দীর্ঘ ছায়া আলতোভাবে সাগরজলে তেমনি বিলম্বিত। কিছুক্ষণ নির্বাক উভরে। কিন্তু নিস্পান্দ নয়। শুধু মেশিনের ঝমু ঝমু শব্দ ওদের নিশাদ-প্রশ্বাসের ভিতব দিয়ে উঠছে নামছে।

শেখর আরো কাছাকাছি হয়ে এল। ঘনিষ্ঠ হয়ে এল। হাত রাখলো মোবারকের কাঁধে—রাগ করেছিদ ?

মোবারকের হাতত্টো ওভারকোটের পকেটে। জোয়ান চাটগাই চেহারাটা নিথর। থোদাই-করা প্রস্তর মৃতিটার ঠোঁটে শুধু শিশিরবিন্দুর মত একবিন্দু বিনীত পাওর হাসি।

চার দিন আগে কিন্তু মোবারক ছিল অত্যন্ত খুশী। হাসি ছিল ওর সম্পদ।
চার দিন আগে ওর মাউথ-অর্গানটা হাজারো জানালার কপাট খুলে দিয়েছিল।
শব্দুত্ সাপের খেলা দেখাতে গিয়ে সাউথ-ওয়াফের কাঠের কারখানার বিস্তীর্ণ সর্জ্ব
ঘাসে, সাদা মাস্থ্যের ঠাই ধরাতে পারে নি। শব্দুত্ সাপের খেলা, মাউথ-অর্গানের
বৃহক্ত ভারতীয় অপরপ স্থর তাই একটি সম্দ্র-মান্থ্যকে মেলবোর্নের সাদা মান্থ্যের মনে
চ্রিদিনের ক্ষাই খোদাই করে দিয়ে এসেছে। আর ঘড়িটা হাতে বাঁধার সঙ্গে সেক্রে মান্থ্যটা কিনা এতটা বিবর্ণ আর ফ্যাকাশে হয়ে গেল।

মোবারকের পাথির পালকের মত মিষ্টি ঠোঁটত্টো নড়ে উঠলো—শেথর—আমার ষ্টি-রোগ হয়েছে যারা বিশাস করে করুক, কিছু তুই করিস না। শেখর উত্তর করল না। মোবারক আলীর বলিষ্ঠ হাতছটো নিজের হাতে টেনে নিয়ে বলল—চল শুয়ে পড়ি গে। ভোর তিনটেয় আবার 'টান্টু' হবে।

তৃত্বনই ডেক পার হয়ে সিঁ ড়ি দিয়ে ফোকশালে নামল। ফোকশালে ঢুকে শেখরই বিছানাটা ঝেড়েঝুডে দিল মোবারক আলীর। মোবারকের দৃষ্টি তথন শঙ্খচ্ড় সাপের ঝাঁপিতে। চামডার ঝাঁপিটা বাংকের একপাশে পড়ে আছে। ওরই দ্বিতীয় ভাঁজে মেঘবর্ণের শঙ্খমুখী সাপ।

—নে শুয়ে পড়।—শেখর নিজের বিছানাটা ঝাডতে ঝাড়তে বলল। জামা ছেড়ে মোবারক শুয়ে পডলে, সে আলো নিভিয়ে দিল।

অধিক রাত্রে কিদের আওয়াজে শেথর জেগে দেখল পাশের বিছানা খালি। দেয়ালে টাঙানো রেডিয়ম-ডায়ালেব ঘডিটাও নেই। মোবারক ফোকশালে নেই! মনটা তাই ওর আঁতকে উঠল।

জাহাঙ্গটা তথন আছডে প্ডছে নোনা চেউয়ের মাথায়। বাইরে আকাশচেরা ঝড়। আলী কোথায় এ ঝডের বাতে ? বাথরুমে ! কিন্তু ঘডিটা ?

বাথকম থোঁজা হল—নেই। মেসকম শৃষ্ঠ। শুরু ক'টা জলের টব আগুনে ফুটছে! শেথর ডেকপথে এসে থামল। ডেকপথ অন্ধকার। দেওয়ানীর ঝাপটায় অনার্ত ডেক একেবারে অপ্পষ্ট। সেই অপ্পষ্ট অন্ধকারে হিবিং লাইনটা কোনরকমে ধরে ফেলল। হিবিং লাইন ধরে চারিদিকে চেয়ে দেখল কোন মান্ত্যের ছায়া দেখা ঘাছে কি-না। কিন্তু কোথা থেকেও এভটুকু আওয়াজ ভেসে আদছে না। মান্টের আলোটা শুরু ওদিকে টিম্টিম্ করে জলছে। সেই সময় কতকটা হিম ঠাগুা ঢেউয়ের জল এসে সমস্ত শরীরটা ভিজিয়ে দিয়ে গেল শেথরের। ভাক্ষেপ নেই তব্ ভার। সে খুঁজছে।

মাঝে মাঝে প্রপেলারটা জল থেকে ওপরে উঠে যাচ্ছে। আর দেই সময় জাহাজের আর্জ চিৎকার। এই বৃঝি ষ্টিয়ারিংটা অচল হয়ে গেল। এই বৃঝি আকাশচেরা ঝড় হমড়ে দিল সমস্ত জাহাজটাকে। তবু এই আকাশচেরা ঝড়ের ভিতর দিয়েই আঁতি-পাঁতি করে দে মহুসন্ধান করল। শেষে কোনরকমে সিঁড়ির হুটো রভ ধরে বোট-ভেকে উঠতেই দেখল তিন নম্বর বোটের রাচ্ছারের পাশে মোবারক দাঁড়িয়ে ভাঙা টেউয়ের মাথায় দেওয়ানী দেখছে। রেডিয়ম-ভায়াল ঘড়িটা ঝুলছে হাডে।

ওয়াচের ঘণ্টা পড়ল-রাত বারোটা।

শেথর ডাকল সেই সময়—মোবারক ভ্রেমে আয়। ফোকশালে চল। ভোরের আকাশ-জুড়ে মেঘের আবরণ এতটুকু নেই। শুধু দক্ষিণ-মেদ্রর দিকে ক'টা বিচিত্র রঙের খণ্ড মেঘ দিগস্ত ঘিরে ভোরের ঘুমে অচেতন। মনে হয় মৃঠি মৃঠি ইক্রধেস্কচ্র্ণ কে যেন তম্বী মেয়ের শাড়ির নীলাঞ্চলে ছড়িয়ে দিয়ে চুপি চুপি দরে গেছে।

শেখর এঞ্জিন-ক্ষম থেকে বেরিয়ে এসে ডেকের উপর দাঁডাল। সে নৃতন জাহাজী।
এখনও তার মন অক্যান্ত পুরোনো জাহাজীদের মত মরে যায় নি। তাই সে ডেক-পথে
এসে একবারের জন্ম থামন। আকাশের দিকে চোথ তুলে সম্দ্র আর আকাশের
বিচিত্র কপের ভিতর ডুবে থাকতে চাইল। কিন্তু কানে এসে মাউথ-অর্গানের মিষ্টি হুর
বাজতেই সে ডেক-পথ দিয়ে আফটারপিকে উঠে এসে দেখল মোবারক নেচে নেচে
মেসক্ষমের ভিতর বাঁশী বাজাচ্ছে। আরো ক'জন জাহাজী দাঁডিয়ে আছে ওকে ঘিরে।

চার দিন চার রাতের বিবর্ণ মোবারক দিরে পেয়েছে ওর পুরোনো সম্পদ।
হাসি আর আনন্দ। বাঁশীর স্থর আর সাপের নাচ। অবাক বিশ্ময়ে থ হয়ে থাকা

শেখর আবার ত্ব-পা এগিয়ে ভাবল—সিডনী থেকে জাহাজ ছাডার পর চার রতে

চার দিন ও এতটা বিবর্ণ আর ফ্যাকাশে হয়ে গিয়েছিল কেন ? তারপর কাল
রাত বারোটার সময় বোট-ডেকের তিন নম্বর বোটের রাডারের পাশে দাঁডিয়েই না

কি দেখছিল ?

স্থরটা তথন উঠছে নামছে। মিষ্টি স্থর। অভূত বাজায় মোবারক। মরা ডেক স্থার এঞ্জিনের ভিতর গোটা সফর ধরে দে যেন আজও জীবনকে বাঁচিয়ে বেথেছে।

শেথর মেসরুমের ভিতর ঢুকতে মোবারক বলল—একটা ন্তন হুর দিলাম। নিউ-প্লাইমাউথের পথে পথে এই হুরেই বাঁশী বাজাব।

—থাক হয়েছে। কথন তো এঞ্জিন-রুম থেকে এসে স্থান করে বসে আছিস। এথনও থানাটা নিতে পাবলি না? কেবল আমার আশায় বসে থাকিস। কথন আমি আসব, কথন আমি ভাত নেব। বাঁশী রেখে গ্লাসহটো আর থালা নিয়ে আয় নীচ থেকে। ততক্ষণে আমি হাত-পা ধুয়ে আসছি। আর শোন্, আমার লকারে কাঁচা লক্ষা আর টমেটো আছে। ওগুলো নিয়ে একসঙ্গে সব মেথে নে তো।

মোবারক থাঁশীটা জামার আন্তিনে মুছে নীচে চলে গেল।

বার-তের নটের গতি যদি জাহাজের হয় তবে সিডনী থেকে নিউ-প্লাইমাউথের পথ সাত দিনের। কাজেই জাহাজ বন্দরে পৌছতে আরো তিন দিন প্রায় বাকী। আরো ছটা ওয়াচ মোবারককে প্রহরা দিতে হবে। সে প্রহরা দেওয়ার ফাঁকে ফাঁকেই ওকে বাঁশীতে স্থর দিতে হয়। ভালাস রাগতে হয়। কারণ জাহাজ বাঁধার সঙ্গে সঙ্গে তো সে তার চলি চ্যাপলিন কায়দায় পোশাক পরে নেমে পড়বে বন্দর-পথে। যেমনটা সে প্রতি বন্দরেই করে আসছে। তারপর সেই বরফ-গলা বন্দর-পথের উপর দিয়ে ধীর ছন্দোবদ্ধ বাশীর তালের দক্ষে পা মিলিয়ে উচ্চুল পাথির মত লাফিয়ে চলবে। পথের পাশে কাঠের বং-বেরঙের ঘরগুলির জানালা খুলে যাবে। দ্রোণফুলের মত লাদা মুখগুলি জানালার পাশে উকি দিয়ে দেখবে একজন ভারতীয় নাবিক বিচিত্র কায়দায় কাঠের বাডিগুলোকে বাঁশীর হুরে ভুবিয়ে দিয়ে চলে যাচ্ছে।

দক্ষিণ আর উত্তব দ্বীপের মাঝামাঝি অঞ্চলে নিউ-প্লাইমাউথ।

পাহাডী বন্দর। এগমন্ট পর্বতের কোলে ধাপে ধাপে পাহাড়-সি<sup>\*</sup>ডির ছায়ায় নিউ-প্লাইমাউথ বন্দর গড়ে উঠেছে। সিডনী থেকে দক্ষিণ-পূবে জাহাজ চালিয়ে জাহাজ বাধা হয়েছে সেই বন্দরে।

জাহাজ-ঘাটার সামনের পথটা এঁকেবেঁকে পাহাডের বুক চিরে চড়াই-উৎরাই
প্রিয়ে উপরে উঠে গেছে। অদৃশ্য হয়ে গেছে কাঠের রং-বেরঙেব অলিলে। দূরে স্পষ্ট
কয়ে উঠেছে শেষপাহাডের সোনালী বরফচ্ডা। শীতের দেশে সোনাগলা রোদে মনে হল
এগমট পরতে কে যেন মাগুন ধবিয়েছে। ডেকের উপর দাঁডিয়ে তাই দেখল মোবারক।
বালদে উঠল ওব আলত চোথক্টো। শেখর এসে ডাকতেই মোবারকের হঁশ হল—
কোকণাল হতে বেরিয়েছিদ্ তো সেই কখন, কিন্তু এখনও কিনারায় নামলি
না যে ?

মোব বক লেদার-ব্যাগের প্রথম ভাঁজ থেকে বার করল বাশীটা ( যার দ্বিতীয় ভাঁজে সাপটা তথনও কুণ্ডনা পাকিয়ে আছে )। ঠোটের ভাঁজে গুঁজে দিল বাশীটা। শেষে হাণ্ডশেক করল শেণবের দঙ্গে। একসময় শেথর বলল—আই উইশ ইউ গুড লাকু।

মোবাবকের কিন্তু ঠোট নাজল না। শুধু চোথছটো বেন একটু হাসল। সেই চোথছটোই যেন হেনে জবাব দিয়েছে—তোমার শুভেচ্ছা আমার জীবনে অক্ষয় হোক।

গ্যাং প্রের ধরে নেটতে নেমে এল মোবারক। তারপর পথে। কালো পিচঢালা থি। হিম-ঠাণ্ড। বরফগলা পথ—কেন মেসিনের গা ঘেঁষে পাহাড-সিঁডির বৃকে 'দ'-এর মত উঠে গেছে। সেই পথ ধরে হাঁটছে দে। হাতে লেদার-ব্যাগ। ঠোটের ভাকে মাউথ-অর্গান। স্থরে স্থরে নিজের মনে নিজেই যেন দে ডুবে আছে। কথনও পাহাড় মলিন্দ ঘেঁষে, কথনও ট্রাম-লাইন ধরে বরাবর চড়াই-উৎরাইয়ে ওঠানামা করতে করতে চলেছে ভারতীয় নাবিকটি।

নিউ-প্লাইমাউথ বন্দরে মোবারক এই প্রথম এল।

মোবারকের বাশীর স্থরে ভূবে-থাকা মন কথনও দেখল কথনও দেখল না জানালা-পথের উপর উপুড় হয়ে পড়ে-থাকা সাদা মেয়েমাহ্নেরে জোণফুলের মত মুখগুলি। পাহাড়ের উপর থেকে ঝুঁকে ঝুঁকে দেখছে ওকে। ফিল্প্রয়ে এসে থামল মোবারক। মৃথ থেকে বাঁশীটা নামিয়ে আনল। ফুলে ফুলে ফুলে ছেনে ছেয়ে আছে ফিল্প্রয়ের প্রতিটি বর, প্রতিটি মান্থব। সমস্ত শহরই যেন বিচিত্র ফুলের উৎসবে মেতে আছে। ফিল্প্রয়ের ফুলের উৎসবে দাড়িয়ে ভাবল একবার—মেথডিন্ট চার্চের পাশ দিয়ে পিকাকোরা পার্কটা ঘূরে এলে হত। কিন্তু রাত যে বেশি হয়ে যাবে। তাছাডা লাহালটা অনেক দিন এ বন্দরে থাকবে। আর-এক বিকেলে ঘূরে এলেই হবে।

ফিজ্রয় হতে ট্রামে চডেই বন্দরের দিকে ফিরল মোবারক। একবগীব ট্রামে চডে এক কোণে বদে বাঁশীটা ক'বার বাজাল। আরোহীরা কান পেতে শুনল। নৃতন একটা হার। রিদেশী হার। খুব শুতিমধুর ঠেকছে। মেয়েরা যোয়ান দীর্ঘ চাটগাঁই চেহারাটা দেখে ফিন্ফিসিয়ে তাই বলল—ইণ্ডিয়ান, এ ম্যান অব্ মিষ্টিক ল্যাণ্ড।

ষ্টাম বন্দরে এদে থামতেই মোবারক নেমে পডল। সামনেই সি-মেন্স্ মিশন : পিয়ানোর স্থর ভেদে আদছে। শহবের বুকে জাহাজীদের এই এক আড্ডাথানা। দিনের পর দিন সম্দ্রের মবা তেউ ওবে এপানে এদে সব জাহাজীই একট গান-বাজনায় ভূবে থাকতে চায়। আগামী সম্দ্র্যাত্রার জন্ম মনটাকে এথান থেকে একট চাঙ্গ। করে নেয়।

মোবারক দরজা খুলে ভিতরে চুকতেই দেখল একটা সাহেব বিলিয়াড টেবিলের উপর ঝুঁকে আছে। পাশে আরো ছজন সাহেব দাঁডিয়ে আছে। দেও একঝার থামল টেবিলটার কাছে এদে। কিন্তু পৃথিবীটা ক'বার প্রদক্ষিণ করার পরও এ খেলাটাকে সমঝে উঠতে পারে নি। তাই যেখানে নাচ-গান হচ্ছে, যে হলটাব ভিতর থেকে পিয়ানোর হুর ভেদে আসছে, সেদিকেই সে এগিয়ে গেল।

বিভিন্ন দেশের জাহাজীতে হলটা ভরে আছে। মঞ্চের উপর ক'জন মেয়ে সাদ।
পোশাক পরে পা তুলে তুলে নাচছে। নাচ দেখে মনে হয় এক পায়ের উপর ভর করে
আর-একটা পা আকাশের দিকে কভদ্র তুলে দেওয়া যায় তারই যেন প্রতিযোগিতা
ছক্তে। প্রথম প্রথম মোবারকের চোখে এ সব খ্ব থারাপ লাগত। কিন্তু
সফরে সফরে এমন নাচ দেখে, আজকাল এ পা-তোলার প্রতিযোগিতাকে নাচ
রুলে, নৃত্যশিল্প বলে ভাবতে পারছে। শেষে একটা চেয়ার টেনে বসতেই দেখল পাশের চেয়ারে শেথর। ই।টুর ভাঁজের ওপর টুপি।

ফিস্ফিস্ করে ডাকল—শেখর।

ি ফিস্ফিস্ করে উত্তর এল—আমি তো ভাবলাম তুই সোজা জাহাজে চলে বাবি।

- কতক্ষণ হল নাচ আরম্ভ হয়েছে ?

—তা অনেককণ। এদের সিস্টেম কিন্তু আলাদা। অক্সান্ত বন্দরে সি-ম্যান মিশনে দেখে এসেছি ওদের ভিন্ন লোক থাকে গান-বাঙ্গনার জন্ম। কিন্তু এথানে জাহাজীদের মধ্যে যদি কেউ কোন আর্ট সম্বন্ধে অভিজ্ঞ থাকেন, তাঁকে ডাকা হয়। তোব নাম আমি এবার প্রস্থাব করব।

মঞ্চের উপর তথন দেই পা-তোলা মেয়েটির নাচ প্রায় শেষ। কোল্ড ড্রিংকের ধবটা পার হয়ে কাকে কি যেন বলে এল শেখর।

মঞের উপর যারা নাচছিল তাদের নাচ শেষ। শেষে তারা হয়ে হয়ে কেমন পিছিয়ে পিছিষে ত্-পা ভাঁজ করে বিলিতী কায়দায় অভিবাদন জানিয়ে পর্দার আড়ালে হাবিয়ে গেল।

মোবারক শেখরের কলার টেনে বলল—আমি কিন্তু অমন ভাবে ঠ্যাং **ভাঁচ্ছ করতে** পারব না।

## —তুই তোর মত করবি।

দেই সময় কালো পোশাক-পরা একদ্ধন ভদ্রলোক এলেন মঞ্চে। এসে তিনি মাইকেব সামনে ম্থ রেথে বললেন—এবাবের প্রোগ্রাম লিলিব্র—ভায়োলিন, তারপর দৈয়দ মোবারক আলীর মাউথ-অর্গান।

ভদ্রনোক বেরিয়ে যেতে লিলি এসে ঢুকল। মোবারক উঠে গিয়ে পদার পাশে দাঁডাল। ভায়োলিন বাজাচ্ছে লিলি। কাঁথের উপর রেথে বাজাচ্ছে। খ্ব মিষ্ট হাত। গায়ে দাটিনের রাউজ—ফারের কোট উইংসের পাশে রেথে গেছে, মোবারক কোটের লাগোয়া হয়ে দাঁডিয়েছিল। ফারের কোট থেকে উৎকট বিলিতী এসেন্সের গদ্ধ উঠছে। মোবারক একটু সরে দাঁডাল।

লিলির চোথ কালো, চুল কালো। সেই চোথ চুল দেখতে দেখতে কথন লিলি হাত নামিয়ে নিয়েছে বেহালা থেকে মোবারক থেয়াল করে উঠতে পারে নি। মেয়েটি বেরিয়ে আদতেই থেয়াল হল এবার ওকে মঞ্চের ভিতর চুকতে হবে। কিন্তু চুকতে যেতেই সামনের উঁচু কাঠটা ওর পায়ের সঙ্গে ধাকা থেল। হুমডি থেয়ে পড়ল লিলির ভায়োলিনের উপর। একটা তার ছিঁডে গেছে। আর হাতটা একটু কেটে গেছে মোবারকের। ক্রমাল দিয়ে হাতের বক্তটা মুছে অপরাধীর মৃত বলল—আপনার ভায়োলিনের তারটা ছিঁড়ে গেল।

লিলি অত্যন্ত সহজভাবে বলল—আপনার হাতটা খুব কেটে গেছে, তাই না ? দেখি তো হাতটা।

—না, তেমন কিছু হয় নি।—এতটুকু কাটায় কিছু আদে বায় না মোবারকের।

একটা তার ছি ভলে লিলি আর-একটা তার জডিয়ে নেয়।

--- আপনি যান। স্বাই আপনার জন্ম অপেক্ষা করছে।

মঞ্চের ভিতর ঢুকতে যাবে, আবার ডাকল লিলি— দাঁড়ান, হাতটা বেঁধে দি।— উইংসের পাশে দাঁভিয়ে নিজের রুমালটা জডিয়ে দিল মোবারকের হাতে। সেই সময় দেরী হয়ে যাচ্ছে বলে দি-ম্যানের কর্তৃপক্ষ কয়েকজন ছুটে এসেছিলেন।

মঞ্চে ঢোকার আগে আরেক বার চাইল মোবারক লিলির দিকে—সারাম্থে ছডিয়ে আছে শিশিরভেন্ধা গোলাপের বং, বাদশা-বেগম চেহারা। জ্র-লতা বড সরু আর তীক্ষ।

মোবারক যথন হাদে, তথন ওব ঠোঁট হাদে না। চোথ হাদে। মোবারক হাদল। লিলিও হাদল।

তারপর মঞ্চের উপর মোবারকের মাউথ-অর্গান বাজানো এক সময়ে শেষ হল।

নমোবারক বেরিয়ে আসবে। জনতার হাততালি থেমে গেল। কিছু মৃথ চেয়াব
থেকে উঠে বলল—আবার হোক।

- —খুব সম্ভব।
- --কখন ?
- —সেটা ঠিক বলতে পারলাম না।

লিলি আর মোবারক একসঙ্গেই মঞ্চের বাইরে চলে এল। পিয়ানো আর বিগভামের আসর পার হয়ে শেখরের পাশে দাঁডাল। খুব আন্তে পরিচয় করিয়ে দিল
শেখরকে লিলির সঙ্গে। শেখর দাঁডাল। হাণ্ডশেক করল। কিছু বলতে হবে এবং
কি বলা যায় এই ভাবতে গিয়েই অম্ভব করল ওর মুখে এসে সমস্ত রক্তনী যেন চাপ
দিতে চাইছে। মোবারক ব্রুতে পেরে বলল,—আমার বন্ধুটি অত্যস্ত লাজুক। তাছাড।
নৃতন জাহাজী।

শেখরের মুথ কেমন আরো রক্ত-লাল হয়ে উঠতে থাকলে মোবারক আবার বলল—জাহাজে চল। বেশ রাত হয়েছে।

निनि নিজের কালো চুলের ভিতর আঙুল চালিয়ে বলল—এত তাড়াতাড়ি।

শেখর অনেক চেটা করে উত্তর দিল—খুব ভোরে আমাদের উঠতে হয় t প্রথম দিন সকাল সকালই ফিরল জাহাজে। লিলি এসেছিল দরজা পর্যস্তা। এসেছিল বিদায় দিতে।

দি-মেন্দ্ মিশন থেকে কালো পথ নেমে গেছে জেটিতে। সেই পথ ধরেই ওরা নেমে আগছে। কানিভাল আর ক'টা স্টেশনারী দোকান পার হয়ে ওরা এসে থামল ক্রেন্সন্মেদিনের নীচে। মোবারকের চিস্তাধারাটা ক্রেন্সন্মেদিনের নীচে থামতেই কেমন চমক খেল। লিলির বিদায়বেলাকার গুডনাইট কথাটাতে কেমন একটা ছোট্ট সহজ্ব ভাব ছিল। কিন্তু কাঠের দিঁড়ি দিয়ে গ্যাংওয়েতে চুকতেই সেই মুথের সঙ্গে সারি সারি আরো ক'টা মুথ মনের পদায় ভেসে উঠল। আজকার লিলির মতই চেহারা ওদের। তফাং শুধু চোথে আর চুলে। চোথ নীল, চুল সোনালী।

বুনো সাইরিসের স্প্যানিশ মেয়েটির কথা মনে হলে তার লজ্জা লাগে। সে বলত, আমি কবি, কবিতা লিখি। নিজামা পার্কে বদে সে গল্প করত, দেশের রাজনীতি সম্বন্ধে আলোচনা করে নোবারকের পাণ্ডিত্য জানতে চেয়েছিল। ভারতীয় রাজনীতি জানার শথও ছিল তার অত্যস্ত তীব্র। সে বলত, মোবারক থেকে যাও, তোমায় আমি সব দেব। মোবারক সে মেয়েটিকে সভিয় বার বার অম্বন্দ্পা করেছে। খ্ব অসহায় খেন সে। নিজামা পার্কে বসে ওকে বার বার দেখে তাই মনে হয়েছিল, স্লোরিদা, করিয়েম্বুজে বার বার সে এক কথা বলত—সব হবে, সব পাবে, থেকে যাও।

মোবারকের মনে হয়েছে সে সময় জৈনবের দীর্ঘ-এলায়িত চুলকে—মনে হয়েছে ওর নাকের নথ—বাঁশপাতার মত ফুর ফুর করে কাঁপছে। আমাজানের কথা তথন সে শুনতে পেত—মোবারক ঘুমোদ নি! তোর বাপজীর কথা যে এখনও শেষ হল না রে—।

দে বলত---আত্মা আর-একদিন, আজ থাক। বড্ড ঘুম পাচ্ছে।

মনে পড়েছে মেলবোর্ন থেকে জিলঙ্গের পথ। ক্যাডিলাক ছুটেছে প্রাণপণে। উইলিয়ামের স্থা গাড়ি চালাতে চালাতে একটি ইউক্যালিপটাদের ছায়ায় গাড়ি ব্রেক ক্যে দিল। স্থানটি নির্জন। দূরে একদল ক্যাঙ্গাফ লাফিয়ে দূর হতে দ্রাস্তরে পালিয়ে যাছে। সেই ঘনসন্ধিবেশিত ইউক্যালিপটাদের ছায়ায় চক্রালোকিত নির্জন মাঠে বলেছিল বউটি—এ-দিকে আসবে মোবারক ?

দূরে গম-ক্ষেতগুলির প্রতি আঙ্গুল তুলে বলেছিল—আজ যদি জিলঙ্গ আমরা না পৌছাই ?

- —উইলিয়াম নিশ্চয়ই তা হলে চিন্তা করবে।
- —মোটেই না। বলব তেল ফ্রিয়ে গিয়েছিল। ওর জক্তে তুমি এবার কতগুলি ভারতীয় টিকিট সংগ্রহ করে এনেছ?

- —অনেক।
- —দেখালে না তো?
- —বাড়ী পৌছে দেখাব।
- —গাড়ি আর আমি চালাতে পারব না মোবারক। গত নফরেও চালিয়ে গেছি—
  এবার ও চালিয়ে বাচিছ। আমার কি অত দায় পড়েছে ?
  - —উইলিয়ামকে পাঠালেই পারতে তাহলে।
  - -- তুমি বুঝি জানো না সে অত্যন্ত স্বার্থপর।
  - —কথাটা বলা যাবে ওকে।
  - —না, খবরদার। ওকে কিন্তু কিছু বলবে না।
  - উইলিয়াম নিশ্চয়ই আমার জন্ম এবার অনেক টিকিট জমিয়ে রেথেছে।
  - ---জানি না।

উইলিয়ামের স্ত্রী ওর শরীব ঘেঁষে দাঁডিয়ে বলেছিল—আগামী মাস থেকে স্থ্যাঙ্গান্ধর। বাচ্চা দিতে শুরু করবে। এ মাঠে অনেকবার থরগোস শিকার করতে এসেছি আমরা। তাই আমি জানি ক্যাঙ্গান্ধ বাচ্চা দেয় কথন।

মোবারক বাংকের উপরে পড়ে আরো কিছু ভাবছিল—কিন্তু শেথর এসে ডাকছে সে ক্রুদ্ধ্য—ওঠ্ওঠ্থাবি চ। থানা ভোর লকারে তুলে রেথেছি। ভোর থানা নিয়ে ভাগুারী সারেংকে নালিশ জানিয়েছে।

সে ভ্রেও ভ্রনল না যেন। অক্স কথা টেনে নিয়ে বললে—লিলিরুকে কেমন লাগে শেশর ?

- —সে কথা পরে বলব। এখন যা-হয় ছটো খেয়ে নে। ঠাণ্ডা ভাতগুলো থাবি কি করে তাই ভাবছি।
- —থাব, থেয়ে নেব ঠিক। কিন্তু লিলি বড় ভাল মেয়ে। অন্ত বন্দরের মেয়েদের থেকে অনুকে ভফাৎ। আম্মাজানের মত সে আমায় আজ যত্ন করলে। কাটা হাত সেকত স্থন্দর করে বেঁধে দিয়ে বলেছে—জল খেন হাতে না লাগে।
  - —ছ দণ্ডেই নিনিব্রর সবে তাহনে প্রেম হয়ে গেছে বলতে চাস।
- —না প্রেম আমার হয় নি। আমার প্রেম ছটো জিনিদের দক্ষে—এক দাপটা, বিতীয় মাউপ-অর্গান। প্রেম আমার হতে পারে না আর।

শেখর ঠোটে বিজ্ঞপ টেনে প্রশ্ন করলে—আর হাত-ঘড়িটা ?

মোবারক লাফ দিয়ে বাংকের উপর বসে পড়ল। ভৃত দেখার মত ভয় পেক্ষে সে যেন কাঁপছে। গলা ওর কথা বলতে কেমন আড়াই হয়ে উঠেছে, বিবর্ণ আর শুকনো হয়ে গেছে ঠোঁটত্টো। তবু সে অত্যন্ত নিচ্গলায় শেখরকে বললে—আলার কসম শেখর, এ কথা তুই আর তুলিস না।

নিউ-প্লাইমাউথ বন্দরের প্রথম ভোর। মোবারক আর শেথরের প্রথম সকাল।

কুয়াশাচ্ছন্ন ডেক। উইন্চ্ ড্রাইভাররা ভোর রাত থেকে ফন্ধায় কান্ধ করছে। কেনের নীচে ট্রাকগুলোতে বোঝাই হচ্ছে ফস্ফেট্।

ট্রাক একটা-হুটা নয়, অনেকগুলো। ভিতরে হু-একজন সাহেব বসে আছে। নিম্মা মাস্থ্যের মত বসে সিগারেট টানছে। গুরা অপেক্ষা করছে ট্রাকগুলো কভক্ষণে বোঝাই হবে।

পাঁচটা ক্রেন একসঙ্গে পাঁচটা ফর্কায় কাজে ব্যস্ত। ক্রেন-ড্রাইভাররা মাঝে মাঝে টিকি দিয়ে দেখছে স্থা উঠবে কি উঠবে না—সঙ্গে লক্ষ্য রাখছে ডেকের উপর কিনারশর সাহেব কথন হাডিয়া হাঁফিজের নির্দেশ দিছে। নির্দেশ দেওয়ার দক্ষে পা-টা লভারের উপর টিপে গিয়ার তুলে দেয়। তারপর ছ-পাঁচ হন্দর মাল ক্রেনটা তুলে নিয়ে মোটরের উপর ঢেলে দিয়ে ফর্কায় আবার ফিরে আসে। ক্রেন-ড্রাইভাররা তথন হাতটানা দিয়ে নিশ্চপু হয়ে বসেন। এক মুহুর্তের বিশ্রাম।

ক্রেন পার হয়ে আর-একটুকরো সম্স। এখানে জেট ব্রিজের মত সম্স্রের উপর কতকটা এগিয়ে গিয়ে থমকে দাঁড়িয়েছে। ছ-চারটা বয়া ভাসছে জলে। রাতে সেই বয়ায় হলুদ আলো কখনও জলে কখনও নেবে। এই একটুকরো সম্স্রের বেলাভূমি পাহাড় থেকে একেবারে খাড়া নেমে আসে নি। বেলাভূমি ক্রমশ ঢালু বলে এখানেই সপ্তাহে ছদিন কানিভ্যাল বসে। অক্সান্ত দিন বিকালে সম্ক্রেনান করতে শহর হতে নেমে আসে মেয়ে-পুক্ষরা।

এঞ্জিন-সারেং-এর চলনে ব্যস্ত-সমস্ত ভাব। আফটার-পিকে উঠে একবার গ্যালীতে টিকি দিচ্ছে আবার ছোট ট্যাণ্ডেলকে ডেকে বলছে—যাওরে মিয়া কামে যাও। ঘটি গডব এখন।

দেই শব্দে শেখর আর মোবারক কেবিন থেকে উপরে উঠে এল। দাঁড়াল এদে ছটো বীটের সামনে—বেখানে লোহার মোটা তারগুলো প্যাচ থেয়ে রয়েছে। ডেক-ট্যাণ্ডেল কয়েকজন ডেক-জাহাজী নিয়ে ফানেলের ডগায় গিয়ে উঠেছে। ফানেলটা রং

হছে। হলুদ রং। ডেক-সারেং বয় কেবিনের সামনে বাটলারের সঙ্গে ফিস্ ফিস্ করে
নিভ্তে কিছু বেন শলা-পরামর্শ করছে। কিছু বিক্রীর ব্যবস্থা—কিছু পরসা-সংগ্রহের
ব্যবস্থা। ডেক-ভাগুারী পাঁচ নম্বর ফল্কা পার হয়ে সারেং-এর পাশে চুপচাপ দাঁভাল।
কারণ কুদের রেশন বাঁচিয়ে তারও কিছু মশলা, চাল ভাল জমেছে—বেচে সেও
কিছু প্রসা সংগ্রহ করতে চায়।

জাহাজ বন্দরে এলে ওয়াচ ভেকে দেওয়া হয়। তথন এঞ্জিন-ক্ষমে নাবিকেরা সকলেই সাভটা-পাঁচটা কাজ করে। মোবারক আর শেথর তাই আজ একদক্ষে এঞ্জিন্-ক্ষমে নামার জন্ম নীল রঙের ওয়াকিং ড্রেদ পবে অপেক্ষা করছে এঞ্জিন্-ক্ষম বড ট্যাণ্ডেলর জন্ম। বড় ট্যাণ্ডেল আদে নি বলে, ওরা উকি দিয়ে দেখছে বন্দরের জন কভটা গভীর।

লুংফল এবং আরো ক'জন নাবিক সাবেং-এর কাছে ছুটি নিযে কিনারায় গেছে। অনেকে নিজেদের জন্ম কিছু সেলমন কি হেরীং মাছ আনার জন্ম পায়সা দিয়েছে। সেই সময় শেথরও বলেছে—আমাদের জন্ম যেন কিছু আনা হয়। কিছু হেরীং আর টমেটো।

\* এই নীরস লোহার ভেকে একঘেরে থানার পর ছটো টমেটোর চাট্নী, হেরীং-এর ঝোল অমৃতের মত থায় নাবিকেরা। তাই জাহাজ বলরে এলে প্রথম ভোরেই সারেং ছ্-একজনকে কিনাবায় পাঠিয়ে দেয় বাজার করতে। বলে দেয় কিছু শাক থেন নিয়ে আদে। শাকের পয়সা দিতে হয় না—অনেক বলর আছে যেথানে সম্জ্র-তীরে বিভিন্ন রকমের শাক আগাছার মত বাডতে থাকে। সেই শাক ভারতীয় নাবিকেরা যতদিন থাকে তত দিন ভেক বোঝাই করে। এমন কি শেষ পর্যন্ত বাডতি শাকগুলো বরফ-ঘরে বাটলারকে জমা দিয়ে দেয়।

গতরাতে ঘড়িট। নিয়ে মোবারক আব শেখরের ভিতর যে মন-ক্ষাক্ষি হয়েছিল, নিউজিল্যাণ্ডের প্রথম ভোরের হান্ধা আমেজে দব খেন ফুৎকারে উবে গেছে। মোবারক আবার উচ্ছুল হয়ে উঠেছে, শেখর চঞ্চল হয়েছে এয়িন্-য়মে নামার জয়ে। এজিন্-য়মে ফিল্টার খুলতে হবে আজ। তিন নম্বর ইঞ্জিনিয়ারের সক্ষে হাতাহাতি সাহায্য করতে হবে একটু। শেখর ইঞ্জিনিয়ারের হেলপার হিসেবে কাজ করতে খুব ভালবাদে। ওর যত ভয় বয়লারগুলোকে। বয়লারে কয়লা ঠেলে দেওয়ার কথা মনে হলে ভয়ে ওর শরীরে কাঁটা দেয়।

সাড়ে বারোটায় খানার টিফিনে ত্জনেই এঞ্জিন্-রুম থেকে পাশাপাশি উঠে এসেছিল ডেকে। ডেকের সামনে ফ্রা। ফ্রা ছটো পার হয়ে জাহাজের গলুই। গলুইয়ের বুকে এক ঝাঁক চিডিয়া খুঁটে খুঁটে কিছু খাচেছ।

মোবারক আর 'শেশর টাবোর্ড-সাইড ধরে গলুইতে উঠে এল। ধানা নিজত্-থালায়, ধানা থেল। ধানার টেবিলে একবার লিলির র কথা উঠেছিল—বেন রাজহাঁদের পালথে-মোড়া মেয়েটা। ঘন অন্ধকারের মত চোথ আর চূল। নাক ওয়
কচি ডালিমপাতার মত নরম আর সক। ঠোঁটহুটো যতটা হাল্কা, ততটা ভিজে
ভিজে। রক্ত-লাল রং দেই ঠোঁটের। চিবুকে রয়েছে বর্ষার প্রজাপতির ক্ষীণ ডানায়
ভাজ। ঘাড়ের উপর একগুছে বব্-করা চূল। শুধু বব্-করা এক ঘাড় চূলটা মোবায়কের
অপছল। সে চূল কেন জৈনব থাতুনের মত এলায়িত আর দীর্ঘ হল না—
সেজন্য হেরীং-এর মাথাটা চিবোবার সময় ক'বার আপশোস করেছে মোবারক।

মোবারক বলেছে—লিলি চুলটা আরো বড় করে রাখতে পারল না ?

শেখর এঁটো-কাটা সব থালায় তুলে সামান্ত হেসে বলল—মিশনে যখন দেখা ছবে তথন বলবি, চুলগুলো বড় করে রাখতে পারলে না গো মেয়ে ?

মোবারক শেখরকে চোখ টিপে বলল—চুপ কর হতভাগা — অর্থাৎ বড় ট্যাণ্ডেল তথন মেস-ক্রমে ঢুকছে থানা থেতে। বগলে একটা মাত্র। থানা থেক্লে থালার উপর কুলকুচা করে একেবারে পাঁচ ওক্তের নামান্ত্র পড়ে নীচে লামবে। এইনটাই সভাব ওর।

শনিবার, আজ সাডে বারোটায় ছুটি। স্থতরাং এই মাত্র কাজ থেকে থালাস হক্ষ্ম শেবর আর মোবারক। ক্ষিদে অত্যন্ত বেনী পাওয়ায় স্নান না সেরেই থেয়ে নিয়েছে। তারপর হাতে কাজ আছে অনেক। সে কাজগুলো শেষ না করে স্নান করলে—কাজগুলো আজও পডে থাকবে। কাল রবিবার—ছুটির দিন। ছুটির দিনেও হাতে একগাদা কাজ থাকুক মোবারকের পছল নয়।

ক্রেনের হাড়িরা-হাঁফিজে ফস্ফেটের ধূলো সমস্ত বন্দর জুড়ে কুয়াসার সঙ্গে মিশে সাদা হয়ে উড়ছে। সেই ধূলোর ভিতর শেখর আর মোবারক কান্ধ করেছে। কিন্টারের কান্ধ শেষ হলে তুজনেই তিন নম্বর ইঞ্জিনিয়ারের সঙ্গে উইন্চে ত্-ঘণ্টার জ্বান্থ খেটেছে। এশ্ছান্ট্রিক ষ্ট্রেপার খুলতে যে কালী শেখরের গায়ে লেগেছিল মোবারক গরম জল আর সাবান দিয়ে সেই কালী রগড়ে তুলে দিছে এখন। চার টব

তার আগে মোবারক ওয়াকিং ডেসগুলো কেচেছে। শেখরের ওয়াকিং ডেসও
ধ্যে দিল্লুছে। শেখরের জামা কাপড়ও মোবারকই ধুয়ে রাখে। আর হরদম বিড় বিড়
কবে বকে। বলে—জাহাজে মরতে এলি কেন? সফর শেষ করে যদি একবার

কলকাতার ফিরতে পারি তবে মাসীমাকে বলে দেব—কাহাজে বেন তোকে আর না পাঠার। আমি না পাকলে তুই বে মরে বেতিস।

শেশর ছেনে বলল—পিঠের কালীটা সব উঠল তো। তারপর বাথকম থেকে উকি দিয়ে বলল—মোবারক এদিকে চেয়ে দেখ না! মোবারক উকি দিয়ে বলল—কি!

- त्नथिष्ट्रम ना त्करनत नीटि क्**टिं। त्यरत्र म**मूत्क हिं क्राल मांह धत्रह ।
- —দেখলাম তো।
- আমি ওদের দক্ষে এখন গিয়ে মাছ ধরব। একটা ছিপ ওদের থেকে চেম্নে নেখ। তৃই মাবি না ? তুই মাছ ধরবি না ?
  - --ना।
  - —তবে সারাটা হুপুর ফোকশালে বসে কি করবি ?
  - —কিছুই করব না

ুক্ত আছে মাছ যদি ওঠে তোমায় আমি দিচ্ছি না, একা ধরব, একা রাধব, একা বাব।

-थावि. त्या केंद्रवि। जामात्र कि जत्र मिथा किए।

শেখর স্নান সেরে বলল—জামাকাপড়গুলো উন্ন্রের পাশে টাঙিয়ে রাথিস, নয়

ভামাকাপড়গুলো শেখরের।

শেধর সত্যি একসময় গ্যাংওয়ে ধরে নীচে নেমে মাছ ধরতে চলে গেল। এবং একটা ছিপ চাইতেই পাশের মেয়েটি সানন্দে ছিপ বাড়িয়ে বললে—ইউ নো হাউটু ফিশ?

শেধর স্বীকার করতে মেয়েটি বললে—গ্র্যাণ্ড।—তারপর তুটো মেয়ের মাঝখানে নির্বিকারভাবে বলে মাছ ধরার জক্ত ছিপের স্থতোটা দে গভীর জলে ছুঁড়ে ফেলল আর সম্ভর্পণে তুবার ছুটো মুখের প্রতি চেয়ে গভীরভাবে যেন আঅনিয়োগ করল মাছ ধরার প্রতি। দে যেন বর্ধার্থই মাছ ধরতে এসেছে।

সাজগোজ করে মোবারক ডেক অতিক্রম করে যথন গ্যাংওয়ে দিয়ে জেটিতে নামছে কিনারায় বের হবার জন্ত, তথন প্রায় তিনটে বাজে। লায়ন রকের ওপারে সমুদ্র-সন্ধ্যায় ত্ব তুবছে তথন। বিকেলের আকাশটা একরাশ ঠাণ্ডা কন্কদে হাওয়ায় তরে গেছে। আকাশ, নিউ-প্লাইমাউথ কন্দর মোবারকের মতই বেন সাজ-গোজ করা। সে পথ ধরে ইটোর সময় শেখর বেথানে মাছ ধরছে ক্লেদিকে নজর দিল। ক'কদম পা চালিরে শেক্ষরের পালে কুঁকে দেখল বেশ ক'টা জ্যান্ত মাছ

নাকাক্তে। মেন্নে জুটো ছিপ ফেলে তখনও বসে রয়েছে। কিন্তু মোবা**রককে দেখে** ওরা যেন আশ্চর্য হল।

শেখর বললে—অত চোখ দিয়ে দেখলে কি হবে, মাছের ঝোল রেঁথে ভোমায় আমি দিচ্ছি না, একা ধরেছি একা খাব।

মোবারক কোন জবাব দিল না, শুধু বললে—লিলিয়ুর সঙ্গে মিশনে দেখা হলে বলবি আজ আমার যাওয়া হচ্ছে নাঁ, আজ যাচ্ছি পিকাকোরা পার্কে।

মোবারকের পোশাকটা বেশ ঢল্ঢলে। কালো ক্যাপ মাথায়। গলার টাইটা ডবল ক্রসিংএ বাঁধা, অনেকথানি নীচে ঝুলে পড়েছে। হাতে ব্যাগটা ঝুলছে।

শেখর বঁড়শিটা ওদের ফেরত দিয়ে বলল—সাপটা নিয়ে বেরচ্ছিদ কেন? এত ঠাণ্ডায় ওটা কিছুতেই নড়বে না।

- —নভবে না—নভবে না! তাতে হয়েছে কি। আমি তো ওটা নাচানোর জক্ত নিয়ে বের হই নি। হাতে রয়েছে—থাক।
  - —সে অবখ্রি সত্যি—হাতে রয়েছে থাক।
  - —সব কিছুতেই তুই আমার দকে লাগিস কেন বলত শেখর ?
  - —ভাল লাগে বলে, আমার কথা এমন করে আর কেউ তো হন্ধ<sup>ম</sup> করে না তাই।
  - जूरे किन्छ वनिव निनिद्ध ।
  - —বলব।

পথ ধরে হাঁটছে মোবারক। লায়ন রক অতিক্রম করে জোর হাওয়া ছুটছে বনে ওভার কোটের প্রাস্ত বাতাদে উড়ছে—টুপিটা পর্যস্ত। টুপিটাকে টেনে টুনে দে ভাল করে মাথার ভিতর ঠেলে দিল। দে যথন হাঁটে তথন কেমন উন্মনা হয়ে যায়। দেশের কথা নিশ্চয়ই মনে হয়। নাবিক হয়েও দে শম্দ্রকে ভালবাসতে পারে নি।

বন্দর পীর হলে ছ-ছটো মদের দোকান পাশাপাশি। বন্দরের কাজ-করা সাহেব মাহ্যগুলো সেথানে লাইন দিয়ে মদ টানছে। যাঁরা সমূস্ততীরে বেড়াভে এসেছেন তাঁরা হাঁটছেন বেলাভূমিতে। কানিভাল আজ বসবে না।

বিকালে ফ্লাস্ক-ভতি কফি নিয়ে এক দক্ষল মেয়ে-বৌ এসে সম্প্র স্থান করে গৈছে—মোবারক ভেকের উপর দাঁড়িয়ে তাদের দেখছিল। এখন যারা এসেছেন বৈভাতে—শান্ধাভ্রমণ ওঁদের বিলাস।

মোবারক আবার হাঁটছে।

भरतत दर्गकान शांत रहन जान वितक नि-माह्नित मिनन। मिनातत वतका टीटन

.ছু-একজন নাৰিক তথন থেকেই ভিতয়ে ঢুকতে ক্তৰু করেছে। ছ-একটা লাল নীল আলো তথন থেকেই জেলে দেওয়া হয়েছে অন্ধকারকে ঠেলে দেওয়ার জন্তে।

শামনের চন্দর পার হয়ে, ফ্রাম লাইনের শেষ গতিরেখা। তার পশ্চিমে পাহাড় বনভূমি এবং সমৃত্র। সমৃত্র সেথানে প্রবল প্রাণবস্ত। পাহাড়টা সেথানে সোজা গুপরের দিকে উঠে গেছে—অত্যস্ত খাড়া। উচু মাথায় আলোদর—সমৃত্রের উপর এখন থেকেই আলো ফেলতে শুক করেছে।

মোবারকের একবার ইচ্ছা হল থাডা পাহাড়টায় উঠতে। কিন্তু প্রবলভাবে মোড় দেওয়া বলে পাহাড়টার পথ কোন দিক দিয়ে কোথায় গিয়ে মিশেছে সে হদিশ এথান থেকে সংগ্রহ করা মৃশকিল।

দ্রীম লাইনটা গেছে পশ্চিম হতে পূবে। বন্দরের মাম্বগুলোই একমাত্র এথান থেকে টামে ওঠে। পরে ছ ফার্লং পথ একাস্ক জনহীন। এর ভিতর কোন ফলেজ নেই। গুধু ঢেউথেলান পাহাড—চডাই আর উৎরাই। নিউ-প্লাইমাউথ শহবটা পাহাডের কোলে ধাপে ধাপে গ্যালারির মত গড়ে উঠেছে। প্রতিটি ঘর থেকে সমূদ্রের আর জাহাজ স্পষ্ট। জাহাজ থেকে ফানেলের ধোঁয়া ঘর বাড়ি পার হয়ে এগ্মন্ট পাহাড়ের দিকে, ছাটে এবং নিংশেষে পাহাড়ের আড়ালে গা ঢাকা দেয় একসময়।

মোবারক এসে পামল এক ধূদর সংকীর্ণ উপত্যকায়। সে ট্রাম লাইন অতিক্রম করে ছটো পাহাড়ের ফাঁকে এসে গেল। এথানে পথ সাপের মত এঁকেবেঁকে গেছে। সে বাঁশিটা বের করে এই সংকীর্ণ উপত্যকায় পা ছটো বিছিয়ে বদল। শুকনো কাঠের উপর বসে সামনের এক-আকাশ তারা আর শহরের প্রতি দৃষ্টি ছাডয়ে নিজ্তে বাঁশিটা বাজাল। তারপর আবার পথ ধরে হেঁটে গেল সামনে। ইলেকট্রিকের তার মাঠের উপর দিয়ে ছায়া ফেলে ফেলে ক্রমশং ব্রি গুর্মাইকানার দিকে চলে গেছে। সেই ছায়ায় টাক্টর দিয়ে মাটিতে চাষ করছে বিষীয়া। চাষীর মেয়ে-বৌ মাটি থেকে মুয়ে মুয়ে কিছু সংগ্রহ করছে। মোবারক সেথানেও হাটছে বাঁশি বাজিয়ে। চাষী আর ওর মেয়ে কিছুক্ষণ চুপ করে ক্রেটাক। একটি অভ্তপূর্ব বিদেশী হ্রে তন্ময় হয়ে শিস দিল মেয়েটি। এবং মোবারক শ্রমনের আপেল-বাগানটায় পিকাকোরা পার্কের পথ ধরার জন্ম দৃত্রীতের অমুকরণ করে গাইবায় চেটা করল।

মোবারক শুনেও ধেন শুনল না। সে শোনে না। সে এমন তো কভ ব্লুরের দেখে এল। পিকাকোরা পার্কে থেতে হলে ছটো পথে বাওয়া যায়। এক শহর ধরে—ফিন্দ্র- বিষের বৃক মাড়িয়ে। আর-এক, এই চড়াই-উৎরাই, গমকেত, আপেল-বাগান একং প্রেন্-বেটেরিয়ান চার্চটা যে পাহাড়-ছাদে আছে, সেই পাহাড়-ছাদ অতিক্রম করে।

এখন সেই পথ ধরেছে মোবারক। সে হুয়ে হুয়ে বাঁশি বাজিরে উঠছে পাহাড়-ছাদে।

পাহাড-ছাদে ওঠার পথ ত্রিশ ডিগ্রী সমকোণী ত্রিভ্জের অতিভ্জের মত। ত্র্দিকে ঢালু সমি। জমিতে মসণ সব্জ বাস। সারি সারি কোরী-পাইনের বনভ্মি। অনেক নীচে ঢালু জমির কোলে কোরী-পাইনের গাছগুলো সেপাইসান্ত্রীর মত সমস্ত নগবীকে পাহারা দিচ্ছে যেন। উপরে উঠতে হলে ওদের বলে কয়ে উঠতে হবে সেই বিঝি নির্ম।

যেহেতু বরফ ঝরে গেছে দেইহেতু কোরী-পাইনের পাতাঝরা শাখায় শাখায় নৃতন কিশল্য থেয়ালখুপ্রি মত বর্শার ফলকরেথায় প্রকাশ পাচ্ছে। পথ ধরে হেঁটে গেলে অন্বত এক সব্জ গন্ধ—সব্জ ঘাসের এইসব দৃশ্য মোবারককে বাঁশির ভিতর পুনরায় উন্মনা করে দিল। সে পাহাড-ছাদে উঠছে বাঁশিতে ভারতীয় হায়া সঙ্গীতের ইবঁর দিতে দিতে। নির্জন দেই কোরী-পাইনের বনভূমি ভারতীয় নাবিকের পায়ে পায়েছন্দ মিলিয়ে বৃঝি শিস দিচ্ছে!

মোবারক অবাক হল এবং নীরব হয়ে দাঁভাল পথের উপর। অনেকক্ষণ কান
পৈতে সে অফুভব করতে পারল পিছনে ফেলে-আদা গমক্ষেতের সেই মেয়েটিই শিস

দিচ্ছে। ঠিক ওর বাঁশির স্থরের সঙ্গে এক লয়ে। পথটা ইংরেজী 'S' অক্ষরের মন্ত পাক থেয়েছে বলে মোডে এসে সেই শিস পুনরায় কানে এল। এবং পেছন ঘূরতেই

দেখল মনেক নীচে সম্দ্র—নীল-লাল মিশনের আলো—জাহান্ত, জাহাজের ফরোয়ার্ড

পিক। পাহাড়ের আর-এক ধাপে মোটরগুলো খুব জোরে ছুটছে। ওরা নিশ্চয়ই

সেন্ট ম্যারাইনে যাচ্ছে। মোবারকের তীব্র আপসোস শেখরকে সঙ্গে নিয়ে আসে নি

বলে। সে এল একা। শেখরটা কেমন যেন। একেবারেই ঘরমুখো। কেবল বইএব উপর মুখ গুঁজে পডে থাকে। বড়-জোর সি-ম্যানস্ মিশন পর্যন্ত আসবে। তার

অধিক নয়। তার অধিক যদিও পা বাড়ায় সে দিনে। দিনমানে তার জাহাজে ফেরা

চাই নতুবা সে স্বোবারকের সঙ্গে ঝগড়া করে।

মোবারক আবার ফেন্ট-ক্যাপ আর ওভার কোট টেনে-টুনে পাহাড়-ছাদের দিকে পা বাড়ালে—ভনল, কে যেন চীৎকার করে ডাকছে ওর নাম ধরে। ডাকছে—মো—বা—র—ক। একবার নয়, ছ্বার নয়, অনেক্রার ডাক উঠতেই সে অবাক হয়ে

\*চারিদিকে চাইল খুরে খুরে। অথচ কিছুই দেখতে পেল না। কিন্তু মনে হচ্ছে গলাটা কোনো মেয়ের।

সম্ভর্গণে ভাল করে নম্বর দিয়ে ও যঞ্চন কিছু দেখতে পেল না তথন সে ভয়ে ভয়ে বেন উত্তর করলে—কে! কে আমায় ভাকছেন ?—ভার সেই কথার প্রতিধ্বনি পাহাড়-ছাদে উঠে থান থান হয়ে উপত্যকার বুকে ভেলে পডল। সঙ্গে সকে একঝাঁক মেয়ে পাহাড়-ছাদের কোরী-পাইনের অস্তরাল হতে বের হয়ে থিল্ থিল্ করে হেসে উঠল। সেই একঝাঁক মেয়ের ভিতর হতে বের হয়ে এল লিলি। পাহাড-ছাদ হতে সে নেমে আসছে—ঠোটের ভাঁজে ওর ইংরেজী গানের এক কলি—'উই আর ইন দি সেইম্ বোট'। সে গান গেয়ে গেয়ে নীচে নেমে আসছে।

মোবারক লিলিকে দেখে যতটা অবাক না হয়েছে, তার চেয়ে দ্বিগুণ বিসম মেনেছে এই একঝাঁক মেয়ের হাদিব বহর আর উকি-ঝুঁকি দেখে। ওরা তথনও থিল্ থিল্ করে হাদছে, মোবারকের মনে হল লিলি নিশ্চয়ই এই এক-দঙ্গল মেয়ে নিয়ে অভ্য পথে ওকে অফুসরণ করেছে। নিশ্চয়ই ওর সৌন্দর্যবোধকে ব্যঙ্গ করার জন্ম ওরা অমনভাবে তাক চমকে দিয়ে ওর গতিপথে কথে দাঁভিয়েছে।

লিলি নীচে নেমে তথন পথের ওপর ওর হাত ধরে বলল-এস।

সেই পাক-থাওয়া সব্জ পাহাড পথে ওর হাত ধরে টানতে টানতে লিলি মোবারককে পাহাড-ছাদে নিয়ে তুলল। কিন্তু আশ্চর্য হল এবারও মোবাবক। এই পাহাড়-ছাদে একটি দীর্ঘ কাঠের সব্জ হোল্টেল-ঘর যে আছে এবং এথানে একদঙ্গল মেয়ে সামনের প্রেস-বেটেরিয়ান মিশন স্কলে যে শিক্ষা গ্রহণ করে, নীচে থেকে একেবারেই তা বোঝা যায় নি! এমন কি বোট-ডেক থেকে বাইনাকুলার দিয়ে পর্যন্ত. একবার খুঁজে খুঁজে দেখা হয় নি।

লিলি নিজের ঘরে মোবারককে নিয়ে চুকল। ঘরগুলি আকারে ছোট বলে মোবাবক দরজা দিয়ে চুকতে অভ্যস্ত মুয়ে চুকেছে। পাহাড়-ছাদের একদকল মাউরী মেয়ে হেসেছে নিঃশব্দে ওর অবস্থা দেখে। মোবারক ঘরে চুকে দেয়ালে দেয়ালে দৃষ্টি ছড়িয়ে দিল। লিলি বলল—আমি এইমাত্র মিশনে যাব তেবেছিলাম। আজ আমার প্রোগ্রাম ছিল লাড়ে-আটটায়। কিন্তু হঠাৎ নীচে আমাদের প্রেস-বেটেরিয়ান মিশন হোস্টেলের জানলা থেকে ভোমার বাঁশির হুর ভনতে পেলাম। কোরী-পাইনের ছাবার আড়ালে দাঁড়িয়ে দেওলাম—তুমি ক্রমশঃ পাহাড়পথ ধরে উপরে উঠে আসছ। ডোমাকে অবাক করে দেওলার জন্ত দকলে একদকে নিঃশব্দে অপেকা করছিলাম আর দেওছি তুমি তথন মাউথ অর্গানটা রাজাতে বাজাতে উপরে উঠে আসছ

ভারপর লিলি দব মেরেদের প্রতি হাত তুলে বলল—এরা দবাই আমার দিন্টার।
এখানে আমরা দকলে দিন্টার হওয়ার জন্য শিক্ষা গ্রহণ করছি। এই বিছালয়—
Sisters' Training School. এখানকার পাঠ শেষ করে দবাই একদিন দাউপ
আর নর্থ আয়ল্যাণ্ড-এর ছোট ছোট শহরে, গ্রামে চলে যাব মাহুবের দেবার জন্য।—
হঠাৎ লিলির কি মনে পড়তেই বললে—তোমার হাতটা, দেখি তোমার হাত। জল
নিশ্চয়ই ধর নি।—কিন্তু হাতের উপর কোন dressing না দেখে দে অবাক হয়ে বলল
—একি হাতটা খালি! নোংরা লেগে বিষাক্ত হবে যে!—বলে হাতটা নিজের হাতে
তুলে নিয়ে খুঁটে খুঁটে পরীক্ষা করে দেখল এবং কতকটা নিশ্চিন্ত হয়ে বলল—না না
অমন করে চলো না মোবারক। আমাদের এখানে যখন প্রথম পাঠ গ্রহণ করি, তখন
এ কথাই বলা হয়—আমরা প্রত্যেকে প্রথম যেন নিজেদের চিনতে শিবি, নিজেদের
ভালবাসতে শিথি। নিজেব শরীর হস্থ না থাকলে অপরকে কি করে দেবা করব
বলো, তুমি তোমার শরীরের প্রতি অবহেলা করো না, তুমি নাবিক যিদৈশ-ভূইঞে
তোমার বাস।

শেষ পর্যস্ত লিলি আবার বললে—ছি: ছি: এতক্ষণ মোবারককে দাঁড করিয়ে রাখলাম, এদ—বোদ। কফি খাবে। লিজেন, যা তো কিচেন থেকে সাক্ষটা নিয়ে আয়।

মোবারক বললে চেয়ারটায় বদে—এদের সঙ্গে পরিচয় করিয়ে দিলে না তো ?

— দিচ্ছি দিচ্ছি। এলে যখন একটু বদ। পরিচয় আর কি করবে ? পরিচয় তো এদের তোমায় দিয়েই দিয়েছি। আমরা এখানে দবাই দিস্টার। আর তোমার পরিচয় ! দে খবর তারা কালই জেনেছে।—বলে দে দাদা ভেলভেটে আর্ড একটি তাকের প্রতি চাইল। অর্থাৎ ওর অস্তরালে ভায়োলিনটা চূপ করে যেন উকি দিয়ে মোবারককে দেখছে। বললে—ভায়োলিনের তারটা জড়িয়ে নেওয়। হয়েছে।

মোবারক বলল—হাতটাও আমার সেরে গেছে।

লিলি সেই সময়ে প্যাকেট থেকে সিগারেট বের করে প্রায় প্রত্যেককে একটা একটা দিয়ে নিজেও একটা ধরাল। মোবারক এক ধমক ধেঁায়া টেনে বলল—তোমাদের এ কাঠের দরগুলো সভ্যি স্থলর। আমার খুব ভাল লাগে।—কিছু আমার যে এথন উঠতে হয়—একটু পিকাকোরা পার্কে ধাব ভাবছি।

- —সে যাবে, আমিও না-হয় সঙ্গে যাব।
- —তোমার সাড়ে-আটটায় স্বাবার প্রোগ্রাম যে।
- --- সাড়ে-আটটা বাজতে এখনও বেশ দেরি।

ষরের ভিতর ত্টো লোহার থাট। থাটে সাদা তকতকে চাদরের নিউান্ধ আন্তর। ছিমছাম ঘরের চেহারা, ঘরের সব্জ দেয়ালে সারি সারি ফটো। বিষপানে সক্রেটিসের মৃত্যু দেখান হয়েছে—পরের ছবিটা যিশুর কবর হতে পুনরাবির্তাবের।

মোবারক শেষে ইলেকট্রিক হিটারের পাশে টিপয়টার দিকে তাকাল। টিপয়ের উপর নীন্ধ ভেলভেটের ঢাকনা। উপরে তার কাচ-ঘেরা আলোঘর—বিংশ শতান্দীর অতি আধুনিকতম উৎকৃষ্ট বাতি। এবং পাশেই, দেয়ালে ঝুলছে একটি বড় লাল ক্যালেগ্রার। ক্যালেগ্রার গতকালের তারিথের উপর একটি লাল ক্রশের দাগ। মোবারক সেটা দেখল খুব হিসেব করে যেন—বড্ড স্ক্র হিসেবে দেখল।

কৃষ্ণি এল এক কাপ—কৃষ্ণি লিজেনই পরিবেশন করল মোবারককে। লিলি তার কোমরের সাদা এপ্রনটা খুলে রেখে বলল—পিকাকোরা পার্কের পথ এদিক দিয়ে সহজ্ঞ সে ভৌমায় কে বলেছে ?

—জাহাঁজের একজন উইনচ-ড্রাইভার।

প্রত্যেকেই ছোট ছোট কাপে কফি পান করছে আর শুনছে মোবারকের কথা।
দেখছে মোবারকের অস্বাভাবিক দীর্ঘ দেহ, ওর গায়ের রং, ওর দেহের অপূর্ব বাঙালী
চেহারার চং।

বিলি হিটারটা নিভিয়ে দিয়ে বলল—তোমার দেশের লোকদের সঙ্গে আমাদের মাউরীদের চেহারায় বেশ একটা মিল আছে। শুধু শরীরের দিক থেকে আমর। তোমাদের চাইতে একটু খাটো।

মোবারক হঠাৎ হেদে বলল—আর ভোমাকে যদি শাড়ি পরিয়ে দেওয়া যেত তবে বাঙালী ঘরের লক্ষীমেয়ের মত দেখাত।

"একসঙ্গে সেই একঝাঁক মেয়ে ওর দিকে ঝুঁকে বলল—তোমার দেশের মেয়ের।
শাড়ি পরে তাই না মোবাবক ?—শাড়ি পরলে দেখতে কেমন লাগে ?—শেষ প্রশ্নটা
করল লিজেন।

মোৰারক কণিটুকু শেষ করে লিজেনের হাতে কাপ দিয়ে বলল—বাঙালীর মত লাগে, ভারতীয়ের মত মনে হয়। তারপর দে দক্রেটিসের ছবিটার প্রতি আরএকবার চেয়ে গা ঝাডা দিয়ে পা বাডাতে চাইল সামনের চত্ত্রটার প্রতি। কিন্তু লিলি
বাধা দিয়ে বললে—দাঁডাও, দাঁডাও, আমিও যাব। পিকাকোরা পার্ক ঘুরে সব
দেখিয়ে শুনিয়ে তারপর না-হয় এক সঙ্গেই সি-ম্যানস মিশনে যাওয়া যাবে। কোন
স্পাশক্তি থাকবে না আশা করি।

মোবারক বারান্দার নেমে লিলির জক্ত অপেকা করল। বলল-নিশ্চয়ই না।

আপত্তি থাকার মত কোন প্রশ্নই উঠতে পারে না, বিশেষত বতক্ষণ ডোমার দেশে আচি।

একসময়ে থাহাড়-ছাদ থেকে নেমে এল লিলি আর মোবারক। লিলির পোষাকে নিথ্ঁত পরিপাট্য—নীল ডোরা-কাটা স্কার্ট, রক্তলাল ফুল ছাপের ব্লাউজ, কাঁধে ঝুলান ফারের বি-রঙের কোট—মাথায় ধৃসর পালকের টুপি, জুডোর হীলছটো ওর নিতমকে গাডা করে রেখেছে।

এই পাহাড় আর সামনের একটি সংকীর্ণ উপত্যকা পার হলেই পিকাকোরা পার্ক। পার্কের নামডাক প্রচুব। নিউজিল্যাণ্ডে কোন বিদেশী গেলে প্রথমেই কোন দর্শনীয় বস্তু হিসাবে পিকাকোরা পার্কের নাম উল্লেখ করা হয়। মোবারক সেই পার্ক দেখতে যাচ্ছে।

পথে লিলি মোটাম্টি একটা সংক্ষিপ্ত আলোচনা পিকাকোরার উপর করে ফেলেছিল। ওবা কোথায় বসে একটু বিশ্রাম করবে, কোন্ গাছটা ছ হাজর বছরের—ঝিলের উপর ক'টা স্কীপ, স্কীপগুলো ভাডা করে বেড়াবে কি বেড়াবে না, নৌকাবিলাসে কত থরচ তারি মোটাম্টি একটি সংক্ষিপ্ত আলোচনা করতে করতে একসময় উপত্যকাটা পার হয়ে এল।

লিলি বলেছে—এমন পার্ক হয়তো তুমি কোথাও দেখতে পাবে না। মোৰারক উত্তর না-করে শুধু হেঁটে হেঁটে গেছে।

পিকাকোরায় ঢুকে তার মনে হল—তার চিটাগাং দেশের পার্বত্য অঞ্চলের, অয়ত্বে বাধিত অবিশ্বন্ত বন। কোথাও তার সংকীর্ণ পথ আছে। কোথাও পথের নিশানা নেই। বিরাট বিরাট কোরী-পাইনের ভলায় হাজারো আগাছা, আগাছার বৃকে নীল হলুদ ফুল, ফুলের গল্ধে নেশাগ্রন্ত হয়ে যেন মেয়েটা মোবারকের হাত ধরে চলেছে। সেই বনভূমিতে দশ গজ অন্তর বৈত্যতিক আলো জলে বিংশ শতাকীকে স্জাগ করে রেথেছে।

আগাছার মাথা ভেকে মোবারক আর লিলির পথ করে চলেছে। জোড়ায় জোড়ায় শমন কত মাহ্য রাতের নিভূতে বক্ত প্রেমে মশগুল। গুরা বিচিত্র রক্ষমের আলাপু করছে বক্ত ছায়ার অলিতে-গলিতে। মোবারক আর লিলি গুদের প্রতি চোথ না তুলে সেই ছোট্ট ঝিলটার সামনে এসে দাঁড়াল। ঝিলের উত্তর তীর ধরে একটা সিঁড়ি নেমে গৈছে জলে। ছোট ছোট স্বীপ কিনারায় বাঁধা। উত্তর তীরেই রয়েছে রেইক্ষ। বারান্দায় রয়েছে গোল টেবিল। গুথানে কজন সাহেব-মেম বসে গল্পজ্জব করছেন আর বোতলের মদ গলায় ঢালছেন। নীচে বুজের মত গোল করা শৌথিন ৰাগান। বাগানে মৌস্মী ফুলের চাষের জন্ত মাটিগুলোকে ভূর ভূরে করে রাধা হয়েছে।

মোবারক আর লিলি বদল मिं ডির রকে, স্কীপের উপর একটা পা রেথে।

লিলি ছোট স্বীপটার গলুইয়ে পা নাচিয়ে বলল—চল না মোবারক স্বীপে সামনের পাহাড়টায় ঘূরে আদি। বেশ আনন্দ পাবে।

মোবারক বললে—আজ না আর-একদিন।—শেষে বললে—এই তোমার পিকাকোরা পার্ক।

- —কেন ভোমার ভাল লাগে নি !
- —দে কথা বলেছি ?
- —তবে ?
- —রাতে ঘোরার পক্ষে এ নেহাৎ মন্দ জায়গা নয়।
- —এর অর্থ ?
- অর্থ সহস্ব। কোন জন্ত-জানোয়ারের ভয় নেই। আমার দেশে এমন জঙ্গলে রাতের বেলায় ঘুবতে হলে খুব বিপদ হতে পারে।
  - —তোমার দেশ বিচিত্র।

লিলি ঝিলের পাড ধরে যাবার সময় বললে—আমার যেতে ইচ্ছে নেই। কিন্তু এখন না গেলে সাডে-আটটাব প্রোগ্রাম ধরতে পারব না। তুমিও চলো সঙ্গে।

- —পার্কটা আর-একটু ঘূরে দেখব ভাবছিলাম।
- —আঞ্চল। কাল দেখবে। আমিও আসবো তোমার সঙ্গে।

কি ভেবে মোবারক বলল—বেশ তাই চল। নম তো আবার কোথায় জঙ্গনে ছারিয়ে যাব তারপর আর হয়তো খুঁজেই পাবে না।

লিলি হাদল। মোবারকও হাদল। পিকাকোরা পার্কের শেষ মাথায় এদে মোবারক পুনরায় বাঁশিটা বের করল প্যাণ্টের পকেট থেকে। এথান থেকে শংর আরম্ভ।

লিলি মোবারকের ডান হাতটা নিজের নরম হাতের ভাঁজে এনে বললে—ফিজরুরের ট্রীম ধরব, সময় কম লাগবে আমাদের।

মোবারক ক্রত হাঁটতে লিলি বলল—একটু আত্তে চলো, তোমার সঙ্গে হেঁটে যে পারছি না।

—এদো। আন্তেই হাঁটছি। ওথানটার কি হবে ? অনেক লোকজন কাজ করছে।
একসন্তে ।—একটি মাঠের দিকে নির্দেশ করে মোবারক প্রশ্ন করলে লিলিকে।

- —কুইন এলিঙ্গাবেধ ক্মনওয়েল্থ টুরে এখানটায় আসছেন।
- -কবে ?
- —তা প্রায় ধরো আরো একমাস।
- —এত আগে থেকে!
- অনেক খন্নচপত্তর হবে। গোটা শহরটাকে ইন্দ্রপুরী করে তুলবে; তাই এড আগে থেকে প্রস্তুতি। শহরের কোন খুঁত যেন অতিথির চোখে ধরা না পাঁড়ে।
  - —কুইনকে হয়তো দেখার সৌভাগ্য আমার হবে না।
  - —কেন, কেন?
  - —তার আগেই হয়তো জাহাজ ছেডে দেবে।
- —তার আগেই দেবে !—কথা বলতে যেয়ে লিলির পলাটা হঠাং খুব ভারি হয়ে উঠল। চলতে চলতে আবার দে বললে—মাচ্ছা মোবারক এই যে ছদিনের পরিচয় আমাদের দক্ষে তোমাদের হয়, তোমরা যথন চলে যাও তথন কট হয় না ?

এমন একটা প্রশ্ন লিলির, যার সহজ এবং সত্য উত্তর 'হয় না'। তবু মোবারক অত্যস্ত স্বাভাবিকভাবে বলন—হয় এবং সহও করতে হয় তা। তার জক্তই আমরা জাহাজী, আমরা নাবিক। পৃথিবীর বন্দরে বন্দরে আমাদের এমন ঘটে। তার জক্ত তোমাকে দেখার সঙ্গে কত মেয়ের মুখ যে মনে পডে। উইলিয়ামের স্ত্রীকে মনে পড়ে, এডিস-ডি-কেলী, ডিয়েনা সকলকে এমনি বন্দরে বন্দরে রেথে এসেছি—জাহাজ ছাড়ার সময় অত্য নাবিকের কেমন হয় বলতে পারি না, আমার কিন্তু খুব কট্ট হয়েছে তাদেব জত্ত। তাদের দেখেছি বন্দরে দাঁডিয়ে জাহাজ ছাড়ার সময় হাতের কমাল উড়িয়ে দিতে। আমাকে অভিনন্দন জানাত হটো হাত নেডে। বলত—আবার স্থন আসবে আমাকে চিঠি দিয়ে আসবে কিন্তু। তোমার জক্ত আমি জাহাজ ঘাটায় অপেকা করব। এমন অনেক বন্দর আছে পৃথিবীর দ্বিতীয় বার স্বেখানে হয়তে। আমার আর যাওয়াই হবে না।—কথা শেষ করে মোবারক মাউথ-অর্গান বাজাল। নিজের হুঃথ ঢেকে রাখার জক্ত ছুটে নেমে গেল। লিলিকে ছুটে ছুটেই প্রায়্ম আসতে. হয়েছিল সেই সময়।

ট্রামে উঠে জোরে জোরে শ্বাস ফেলছে লিলি। ট্রামের যাত্রীরা মোবারককে তথন দেখছে। দৃষ্টিতে বিশায়। ওকে খুঁটে খুঁটে নিরীক্ষণ করছে। এমন কি ত্-একজন উঠে ওর কাছে এদে বসল। শুধাল, নাম ? দেশ ? কি করা হয় ?

মোবারক মোটাম্টি তিনটি প্রশ্নের উত্তর দিয়ে চুপ করে গেল একেবারে। লিলি মাঝে মাঝে বাইরে আঙুল দেখিয়ে বলছে ওকে—এটার নাম এই, পথের নাম এই, এথানে পোটাপিস আছে, দ্রের ওই যে বাড়িটা দেখছ ওটা কলেজ। এটা মিউজিয়ান। একদিন ডোমায় দব দেখিয়ে নিয়ে যাব।

মোবারক কথনও শুনেছে কথনও শোনে নি। কথনও বাঁশি বাজানর শথ জন্মছিল ওর। কিন্তু এই একদল যাত্রীর সামনে সে কেমন লজ্জিত, কুন্তিত এবং সংকুচিত। ভাই সে লিলির পাশেু আরো বেঁষে বসল। লিলি যেন সমস্ত বিপদে ভার সহায়।

মোবারক ট্রামের জানালায় মৃথ রেথেছে। ট্রামের গতির দকে ফিল্করয় আর লিলির জগৎক অতিক্রম করে দে বিচরণ করছে তার নিজের জগতে—দেখানে রয়েছে তার বাপজী, আম্মাজান, নানা জদীমউ.দিন সারেং, জৈনব থাতুন। পৃথিবীর ভাল কিছু দেখলেই মনে হয়, ওর শামীনগড়, শামীনগড়ের মাঠ—তার সডক, কাঠের পুল, কর্ণ-ফুলীর বাঁওড়। বন্দরের অপরাধ-প্রবণ জীবনটা দেখলেও মনে হয় বাপজী আম্মাজান—। অথচ শামীনগড়ের জগৎ স্মরণের সঙ্গে সঙ্গে সঙ্গে মৃথ ওর বিবর্ণ হয়ে ওঠে। চোধহুটো ক্লান্ত—অসহায় এবং নালিশ জানাবার একান্ত আগ্রহ জয়ে। কিন্তু কাউকে বলতে পারল না বলে, কাউকে তার বিগত জীবনের ইতিহাসটা প্রকাশ করা হয়ে উঠে নি বলে বিষকুল্ডের মত সে জলে পুড়ে থাক হচ্ছে নিজের আয়্র-যয়ণায়। এই য়য়ণা ভূলে থাকার জল্যে সে ভালবেসেছে তার বাঁশিটাকে আর শহ্যাচ্ছ সাপটাকে। যথন মনের ভিতর সমস্ত পৃথিবীকে বেইমান বলে মনে হয় তথনই ব্যাগ থেকে সাপটাকে টেনে বার করে এবং ডেকের উপর কিংবা বন্দরের পথে সাপ নাচিয়ে নিজের আয়্র-য়য়ণাকে ভূলে থাকার চেষ্টা করে। অথচ শেখর তা বুরাল না।

ফিল্পরয় অতিক্রম করে ট্রামটা ডান দিকে একটি বাঁক ঘুবল। তারপর সামনের দিকে অর্থাৎ সি-ম্যানস মিশনের প্রতি। নীচে বেলাভূমি। কার্নিভালের থালি দোকান-পাট এবং উপরের ত্-চারটা অসংলগ্ন কাঠের ঘর, ঘরের জানালায় বিদেশিনীর মৃথ, মেঝের উপর ত্-একটি ফুটফুটে ছেলের দৌরাত্ম্য। শিশুদের দেখলে মোবারক হাসে—নিজের জগতে ফিরে আসার পথ খুঁজে পায় ? সে প্রশ্ন করল তাই লিলিকে —তোমাদের বাড়ি কি নর্থ আয়ার্লাণ্ডে ?

- --একথা কেন মোবারক ?
- —হোষ্টেলে থাক বলে বলছি।
- ফিজরয়ে আমার বাড়ি। বেখানে মা আছেন।
- -বাবা ?
- —নেই, আমার শিশু বয়সেই তাঁর মৃত্যু হয়।
- त्यावातक कथा अत्नरे थ्ँ ए थ्ँ ए निनिष्क एनथन। উखते। अत्र कार्ष्ट्

বেধাপ্পা ঠেকছে—যা আছেন বাবা নেই !— শিশু বন্ধসে তাঁর মৃত্যু হয়। জ্বয়শ ওর নাকটা এবার কুষ্ঠব্যাধির রুগীর মত ত্-ত্বার ফুলে উঠে আবার সংক্ষিত হল। মোবারক বলল—তিনি আবার বিয়ে করেছেন নিশ্চয়ই।

- —না, বিয়ে তিনি আর করেন নি। করবেন না। আমার মাকে দেখলে তুক্ষি দে কথা বিশ্বাস করতে পারবে।
  - —সেখানে ভোমার ছোট ভাই কিংবা অন্ত কেউ আছে ?
- —একমাত্র আমিই তাঁদের সন্তান। তুমি যাবে আমাদের বাড়িতে? চল না কাল। তোমার সঙ্গে পরিচিত হতে পারলে মা খুব খুশি হবেন।

মোবারক চুপ করে থাকল। আমাজানকে মনে পড়ছে। শামীনগড়ের সভৃক পার হয়ে টিন কাঠের ধর, আমাজানের আয়ত চোথ আর নাকের সরু নথটা বাঁশপাতার মত কেঁপে কেঁপে কিসের ইসারা দিচ্ছে যেন।

মোবারকের একরাশ-লোমে আর্ত হাতের কজিতে লিলি নিজের নরম আঙুল-গুলি স্পর্শ করে করে বলছে তথন—যাবে তো কাল? চল না মা খুব খুনী হবেন।

মোবারক তেমনি মৃথ রেথেছে জানালায়। দিম্যান্দ মিশনের প্রতি গাড়িটা কত জোরে ছুটেছে তাই যেন মৃথ বাড়িয়ে দেখছে। শীতের কনকনে ঠাওা, হাওয়ার ভিতরও ওর কপাল ঘামছে।

লিলি বলল—তোমায় আমি নিয়ে যাব কাল।

—না না নিয়ে যেতে হবে না। মোবারক চীৎকার করতে থেয়েও কেমন্দ নিজেকে দৃঢভাবে সংযত করে নিল এবং লিলির মূথ থেকে চোখ নামিয়ে টামের সমস্ত মেযে পুরুষদের প্রতি দৃষ্টি দিতেই দেখল সবাই হাঁ করে চেয়ে আছে—-ওর ভাঙ্গা ভাঙ্গা ইংরেজী আর দৃঢ় বলিষ্ঠ ম্থের বিক্বত রূপের কোন স্থপ্ত আত্মচিস্তার কথা ওরা সম্বর্গনে, ভানচে।

এমন সময় লিলি কথার মোড় ফিরিয়ে বলল—মোবারক আমার দেশ তোমারু কেমন লাগে ?

—ভাল। বেশ লাগে।

ইতিমধ্যে ট্রাম ছোট ছোট ছটো চড়াই-উৎরাই অতিক্রম করেছে। বন্ধর-প্র এসে মিশেছে চড়াই-উৎরায়ে। সক্ষমন্থলে প্রকাণ্ড গেট। ছাদে তার একটি ক্রাউন—কাগজ আর ইলেট্রিক ভাল্বে তৈরী। ক্রাউনের হু পাশে হুটো প্রকাণ্ড পিচবোর্ডের সিংহ থাবা উচিয়ে জাহাজগুলোকে যেন দেখছে। কুইন এলিজাবেথ আবসছেন, প্রথমে ডিনি এই সদর দরজা দিয়ে বন্দর পথে শহরে চুকবেন। তাঁর অভ্যর্থনার আয়োজনে এই সব করা হয়েছে।

লিলি সিংহ ত্টো দেথে প্রশ্ন করলো—মোবারক তোমার দেশে সিংহ পাওয়া যায়। তুমি সিংহ দেখেছ ?

- —দেখেছি।
- --বাঘ ?
- চিটাগাংগে অনেক বাষ। স্থন্দর্বন থেকে—রয়েল বেঙ্গল টাইগারের নাম
  নিশ্বরুই শুনেছ ?—দয়া করে তারাও এসে মাঝে মাঝে আমাদের অঞ্চলে করুণা করেন।
  স্থতরাং বাঘ থেকে গ্রামকে রক্ষা করার জন্ম আমাদের প্রত্যেককেই প্রায় বাঘ শিকার
  করতে বেতে হত।
  - —ভারপর ?

তারপর মোবারক তার নিজের জীবনের এক আশ্চর্য বাঘশিকারের কাহিনী লিলিকে বললে, ট্রামের মেয়ে-পুরুষেরা পর্যন্ত—শুধু আশ্চর্য হল না, খুঁটিয়ে খুঁটিয়ে ওকে দেখে নিজেদের মধ্যে কিছু যেন বললে।

লিলি সে সময় প্রশ্ন করলে—সভ্যি বলছ ?

—মোবারক মিথ্যা বলে না, বলে কোট খুলে ফেলল এক টানে, প্যাণ্টের ভিতর থেকে জামাটা টেনে তুলে দেখাল পিঠের ক্ষত স্থানটি। সঙ্গে সঙ্গে টামের মেয়ে-পুরুষরা সব এসে ঝুঁকে পড়েছে ওর পিঠের উপর। দেখছে বিম্ময়-ভরা হুটো চোথ মোবারকের পিঠে এক আঁজলা মাংস নেই।

লিলি তাড়াতাড়ি ওর জামা টেনে পিঠটা ঢেকে দিল। বললে—তুমি আশ্চর্য শ্রেমাবারক। তোমাকে তার জন্ম পিঠ খুলে নজির দিতে বলি নি।

মোবারক সেই শুনে কেমন ফ্যাল ফ্যালে করে চেয়ে রইল। আবার তাকে অত্যস্ত অমহায় মনে হচ্ছে।

লিলি হেসে বললে—হয়েছে থাক, অমন করে আর চেয়ে থাকতে হবে না। কিস্ত কেথবে নামার সময়, হুঁ সিয়ার হয়ে নামবে, মাথা যেন ছাদে না ঠেকে।

কিছ শেষ পর্যন্ত যা ঘটবার ঘটল। মোবারককে নামবার আগে অত্যন্ত অন্যমনস্ক
মনে হরেছে। এবং পতর্ক হয়ে বেঞ্চ থেকে না উঠার জন্ম ওর মাথাটা 'ধাকা থেয়েছে
রছে। রছের জয়েট ছুটে পেল। মোবারক চেয়েছে ফ্যাল ফ্যাল করে আবার। ওর
নরম মন লক্ষিত হল। ওর বেছ সৈর জন্ম এমন হয়েছে। তাই বললে কনডাক্টারের
প্রতি—আমি এর থেসারত দিছি—দ্বা করে আপনি নিন। আমার অপরাধ হয়েছে ?

লিলি ছ হাতে ওর মাধাটা কাছে টেনে বলন—দেখি—দেখি, আগেই বলেছি এমনটা হবে—আমার কথা তো তথন থেয়াল করলে না।

—না না তেমন কিছু হয় নি। তুমি আমায় বিশাস কর।—কনভাক্টারের প্রতি আবার চেয়ে বলল—আমার থেসারতটা? পাউও তিনেক দিলে নিশ্চয়ই চনবে।

কনডাক্টার হেদে উঠল। বললে—ধক্তবাদ। পাউণ্ড তিনেক দিয়ে ডাক্টার দেখান হোক। মাথায় আপনার নিশ্চয়ই চোট লেগেছে। অপরাধ কোম্পানীর— ভেটা আরো উপরে ঝুলান উচিত।

—আমার কিন্তু তেমন কিছু হয় নি। বলে সে কনডাক্টারের প্রতি পিঠের আঘাত প্রথানর মত মাথা দেথাবার প্রচেষ্টা করতে গেলে, লিলি তার হাত টেনে বলল—এস নামবে। আমরা এসে গেছি মিশনে।

মোবারক সিঁড়ি দিয়ে নীচে নামার সময় শুনল কথাটা। লিলি কথাটা শুনে নাবারকের প্রতি আরুষ্ট হল আরো তীব্রভাবে। ট্রামের মেয়ে-পুরুষরা বলছে সিঁড়ি দিয়ে নামার সময়—ইণ্ডিয়ান, এ ম্যান অফ্ মিষ্টিক ল্যাও।

মাবারক ফিরছে জাহাজে। একা। শেখর আজ সি-ম্যানস মিশনে যায় নি, নিশ্চরই এখন সে বাংকে শুয়ে বই পড়ছে ফিরিঙ্গিদের। বিদেশ-বন্দরে নেমেই ওর ফিরিঙ্গীদের ই কেনার বাতিক। সফরের অর্থেক পয়সা বই কেনার পেছনে থরচ করছে। বড় নালোম থেকে জাহাজের সব অফিসারগুষ্টি ওর থেকে বই চেয়ে নেয়। পড়ে। আবার ফিরিয়ে দেয়।

মোবারক কাঠের সিঁড়ি ধরে ডেকে উঠছে। গ্যাংওয়েতে ঝিমোচ্ছে কোরাটার মান্টার। একগাল দাড়ি আর ভূকর ভিতর চোগত্টো ওর জুতোর শব্দে স্জাগ হল। একটু নড়ে চড়ে বসল। আলা আলা করে মুখের কাছে ভুড়ি দিল হাতে।

মোবারক বললে—চাচার ঘুম পাচ্ছে।

\_ — হারে বাজান, বুড়া ধানে আর সহ্য হয় না।

জাহাজ নিশ্চুপ। ফৰায় ফৰায় ইতন্তত আলো জনছে। ফলার উপর কাঠ বিছান। তারপরে ত্রিপল বিছান। কিনারায় লোহার পাত, থিল-আঁটা। আগামী দশ দিনের মত জাহাজের মাল-খালাস বন্ধ। ক্রিস-মাস-ডে। তাই কোন শ্রমিকই কাজ করছে না বন্ধরে। বন্ধরে ক্রেমগুলো জাহাজে ছায়া ফেলে ভূতের মত দাঁড়িরে রয়েছে। ফরার সমাস্তরাল করে ফুট ছই উপরে ডেরীক্সগুলো পাতা। উইনচ মেশিনের উপর দিয়ে হুঁটো ছায়া গেছে বয় কেবিন পর্যস্ত । দে ছুটো ডিরিকের ছায়া।

মোবারক দাঁড়াল ডেকে। বন্দর-জুড়ে হাজা কুয়াসার রং দেখল। ব্রিজের ছ উইংসে কোন আলো জ্বলছে না। ইঞ্জিন রুম থেকে ব্যালেস্ট-পাম্পের খট্ খট্ বিরুত শব্দ কানে বাজছে শুধু।

সে ডেক পার হল। গ্যালী অতিক্রম করে বাঁ দিকে ঢুকে সিঁ ড়ি ধরে নীচে নাবল। স্টাবোর্ড আর পোর্ট সাইডের ভিতর কোন কেবিনেই যেন কোন শব্দ উঠছে না।

সি<sup>\*</sup>ড়ির শেষ ধাপের পোর্ট সাইডের আলো নেভান। পথ অন্ধকার। কেবিনে চুকতে সন্তর্পণে পা ফেলছে মোবারক।

শেষ কেবিন থেকে একটি আশ্চর্য স্থর তিন নম্বর কেবিনে ভেসে এল। নিশ্চয়ই এত রাত্রে কেউ কোরান পড়ছে বাংকে। যেমন শেথর বই পড়ছে বুকে কম্বল টেনে দিয়ে।

দিঁ জি দিয়ে আরে। ত্-একটি পায়ের শব্দ কানে এল মোবারকের। সে কেবিনের দরজা খুলে আলো জেলে দিতেই চোথ ঝলদে উঠল ওর। ডেক জাহাজী বড ট্যাণ্ডেল একটি মাউরী মেয়েকে ধরে এনেছে রাত্যাপনের জন্ম।

ভেক বড় ট্যাণ্ডেল সিঁড়ি দিয়ে নীচে নামছে কেমন অলস পা ফেলে। সে মদ টেনেছে <sup>15</sup>প্রচ্ব। মেয়েটাকে জড়িয়ে সে তার কেবিনে চুকে গেল। দরজার কাঁক দিয়ে ন্তিমিত গোলানি মোবারকের কানে ভেসে আসছে। সে দরজা খুলে ভিতরে চুকে দেখল শেখরের মুখের উপর বই। পড়তে পড়তে ঘুমিয়ে পড়েছে। চটো ছাতই হিমে শীতল। কম্বলটা টেনে দিল বুক থেকে গলা পর্যন্ত। মুখ থেকে বইটা ছুলে বাংকের ফাঁক দিয়ে পড়ে থাকা ছটো হাত তুলে এনে কম্বলের নীচে রাখল। তারপর লকার খুলে প্রতিদিনের মত থানা বের করে বাংকের উপরে বসল। কাচের মানের একমাস জল দরকার। হুন শেখর নীচে লকারের এক কোণায় রেখে দিয়েছে। সে থালায় দেখল ছটো মাছ ভাজা রয়েছে। একেবারে সমান ভাগ। চারটা ভালমনের ছটো ওর জক্স ভেজেছে।

পরিমিত হাদি মোবারকের ঠোটে। ভাত থেতে থেতে শেথরের প্রতি চোধ

তেনে দেখছে—ছটো চোথে ওর গভীর ঘুম। এমন ঘুম মোবারকেরও এককালে ছিল।
শামীনগড়ে ছোট্ট এক উঠোনে যথন রাঙা মোরগ ডেকে উঠত—এক ঝাঁক শালিথ
ঠোট ভঁকে কিচ্ কিচ্ করত কামরাকা গাছে—যথন আম্মাজান ভোরের আহ্বান
ভনতেন গাঁরের মসজিদে তথনই তিনি ডাকতেন—মোবারক উঠ। মব্ আমার

ভঠরে। ভোর যে হল।—যথন রোদ কামরাঙ্গা গাছের ছায়া উঠোনে কেলত তথনও ডাকতেন তিনি—মব্রাপ তুই আমার এখনও ঘুম থেকে উঠলি না! বেলা যে অনেক হল, ওঠ, উঠে পড়তে বোদ। তোর বাপজী দফর থেকে ফিরে যথন শোনবেন তুই পডিদ না—তথন যে তিনি তুঃখ পাবেন।

শেথরের মৃথ অত্যন্ত নিষ্পাপ ঠেকে। তবু ইদানীং সে বলে—মোবারক আর পারছি না। কতকাল হল যেন দেশ ছেড়ে এসেছি। আঠারো মাদ সফরে বিরক্ত হয়ে গেছি। কি হবে—কবে যাব কিছুই তোরা বলতে পারছিদ না।

সে কি বলবে! সে কি জানে জাহাজের পরবর্তী সমুদ্রধাত্রা সম্বন্ধে! ক্যাপ্টেন নিজেও হয়তো বলতে পারবে না। সে খবর শুধু দিতে পারে কোম্পানীর এজেন্ট অফিস। কিন্তু সফিসে আজও লোক গেছে, অথচ কোন খবর নেই।

থাওয়া শেষ হয়ে গেলেও মোবারক বদে থাকে। ঘুমের জন্ম বদে থাকে। শরীরটা বদে বদে ক্লান্ত না হলে ওর ঘুম আদে না। অনেক সমস্থা এই জাহাজীর। লিলি নিশ্চরই এতক্ষণে তার পাহাড-ছাদে স্কুল হোস্টেলে ফিরে গেছে। শেথরের মতই হয়তো এক ঘরের মেয়ে লিজেন পেতে রেথেছে বিছানা। সাদা ধবে ধবে বিছানায় লিলিব্রু এখন শুয়ে পড়বে।

দেশের মেয়ে জৈনব থাতুন বলেছে এককালে নে না। নিয়ে দেখ না হাতে, বাপজী কেমন চীজ ধরে এনেছে কর্ণজুলীর বাঁওড়ের ভাঙ্গন থেকে। ভয় নেই, ভয় কিরে! বিষদাত ওর ভেঙ্গে দিয়েছি। তোর হাতে বনজ বাঁধা। ডর কিদের তবে।

— ডর নেই বলছিদ ? — অন্ধকারে জৈনব খাতুনের মাথার উপর ম্থ রেখে বলেছে।

থব চুলের সোঁ। গন্ধ মোবারকের নাকে কত বছর পরে এখনও থেন ঝাঁঝ দেয়।

মেয়েটা হাত বাড়িয়ে বলত অন্ধকারে— নে ধর। তোর আর আমার সাদীর রাজে

থকে মাঝখানে পাশ বালিশের মত শুইয়ে দেব। ছোবল দেবে তোরে আর আমারে।

ছোবল নয়, চুমো থাবে।

মোবারকরা সাতপুরুষ নাবিক।

জৈনব থাতুনরা সাতপুরুষ বেদে। ওরা ঘর-বেদে। ওর বাপজী ওঝা। সাপের মন্ত্র পড়ে—বিষদাত উপড়ে দেয় সাপের। সাপে-কাটা মড়ার বিষ নামায় মা মনসার উপর থিন্তি করে। থিন্তি করা ওদের স্বভাব। সে স্বভাব জৈনব থাতুনকেও পেয়ে বসেছিল।

তুটো বাড়ি। একটি হরীতকী গাছ বাড়ি ছুটোর সীমানা। সে গাছের ছায়ায় ছন্তনে একত হত রাত্রে। কত কথা হত ছন্তনে। সাদীর পর ওরা কে কাকে প্রথম বৃকে টানবে সেই নিয়ে কথা হত। এ ব্যাপাবে মোবারকের লক্ষা ছিল—কিছ জৈনব থাতুন কেমন নির্লজ্জ আর স্বাভাবিক। জৈনব জেনেছে ছোট বয়স থেকে সাদী ওর মোবারকের সঙ্গে হবে। আশাজান বলতেন—তোর বাপজীরও এই ইচ্ছা ছিল।

এক টুকরো গভীর অন্ধকার। হরীতকীর ছায়া পার হলে অন্ধকার ধূদর। দে অন্ধকারে পথ চেনা ষায়। সামনা সামনি এলে লোক চেনা ষায়—পথে কিছু পড়ে থাকলেও অনায়াদে সমঝে নিতে কষ্ট হয় না। কিন্তু গভীর অন্ধকারে জৈনবের দেহ ছিল ছায়াশৃত্য। শুধু ওর ফিস্ ফিস্ কথাগুলো মোবারকের কানে আসত। শামীনগড়ের গ্রাম তখন ঘূমিয়ে থাকত। শুধু কর্ণফুলিব বাঁওড়ে মাঝে মাঝে ঘণ্টা পছত মিশনারীদের চার্চে। ঘণ্টার শব্দ হত চং চং। মোবারক বলত তখন—রাত অনেক হল।

জৈনব থাতুন বলেছে—ভারি একটা বাত রে আমার। এখন রাত না জাগতে পারলে সাদীর পর রাত জাগবি কী করে। তখন যে তোবে ঘুম্তে দিচ্ছি না বে মবু। তুই যে আমার দিলের সব ছনিয়া জুডে পডে আছিস।

তারপর ত্জন ফিরত ত্ই বিপরীত মুখো ঘবে। মোবাবক পাঘে পায়ে হেঁটে আসত। দরজা খুলে সম্ভর্পণে ঘরে ঢুকে আমাজানের পাশে শুযে ভাবত— জৈনব ঘরে ফিরেছে, এখন হয়তো শুয়ে পডেছে নিজেব লাল কাঁথাব বিছানায়। নিশ্চমই দে ঘুম মাছেছ খুবু। সে এককাল ছিল বটে। ঘুমে ক্লান্ত। বিছানা ছাডতে তৃ:খ। আমাজান কেবল ভেকে ডেকে সারা হতেন— শুরে মবু শুঠ, কত আর ঘুম্বি।

তেমন ঘুম আর চোথত্টো এখন ঘুমোয় না, গভীর ঘুম চোথ থেকে নাবিক হওয়ার সঙ্গে দক্ষেই সরে দাড়িয়েছে। কোন হানা আওয়া গুপেলেই অবচেতন মন যেন বলে, না আর ঘুম নয়। মাঝে মাঝে মোবারকের ভয় হয়, ঘুম যদি রাতের অন্ধকারে চির দিনের জন্ম বিদায় চায়? তখন? তখন কি হবে! নিশ্চয় শেখর তিরস্কার করবে—করুক , দে তো বুঝবে না সব। মোবারক মাটির গন্ধ ছেডে কেন জাহান্ত্রী হল, জাহান্ত্রী জীবনে কি করে তীব্র অহ্পশোচনায় এবং ক্রন্ম জীবনবোধের যন্ত্রণায় সে জলছে—শেথর একটু ভেবে যদি কোনদিন কোন প্রশ্ন করে একবার বলত, মাঝে মাঝে তুই সহসা হঠাৎ বিমর্ব হয়ে কি ভাবিস বলত?—তা সে বলে নি, ওর হ্বরে শাসন নতুবা করুণা। দরদ কিংবা আন্তরিকতা দিয়ে সে কোনদিন প্রশ্ন করতে পারল না মোবারককে।

লকারের এক কোণে লেদার ব্যাগে শব্দচ্ছ। ব্যাগের দ্বিতীয় ভাঁজে বার ফিটের লম্বা সাপটা কুগুলী পাকিয়ে হিস্ হিস্ করছে, সর্পভূক সাপ খানা খেতে চায়—গোমাংস দিনের পর দিন খেয়ে ওর অক্ষচি ধরেছে। মোবারক বাংক থেকে উঠে ছ টুকরো গোমাংস ব্যাগের ভিতর ঠেলে দিল। তারপর ব্যাগের মৃথ বন্ধ করে বাংকে বসতেই মনে হল প্রথম যেদিন রাতে ওকে সাপটা দেখিয়ে জৈনব থাতুন হরীতকীর ছায়ায় দাঁড়িয়ে বলেছিল—দেখেছিস শঙ্কের বাচ্চাটা কেমন হল্দ রং।

মোবারক বলেছে—তোর গায়ের মত।

- —পেটের দিকটা দেখেছিদ কেমন **দাদা** ?
- —অর্থাৎ আমার মত রং ওর।—মোবারক হুয়ে অন্ধকারে সাপের উপর সন্তর্পণে হাত চালিয়ে বলত, বাচচা বলে—দেখবি এটা নিশ্চাই পোষ মানবে।
- —পোষ মানবে ঠিক তোর মত, তুই যেমন আমার পোষ মেনেছিদ। তারপর হঠাং আবার মোবারকের হাত টেনে বলত জৈনব—তুই এটা নিবি—বাচ্চা আছে যখন। তুই তো বাপজীকে একটা সাপের জন্ম কত বলেছিদ! কিন্তু দেয় নি। ভয়ে দেয়-নি কোনদিন বিষ-দাঁত উঠে আবার কামডে দেবে সেই ভয়ে। আমি তোকে পোষ মানিয়েছি, তুই এটাকে পোষ মানা—দেখি তোর কত মুরদ।

মোবারক হরীতকী গাছের অন্ধকারে ফিস্ ফিস্ করে বলেছে—তোর বাপজী রাগ করবে না তো ?

- ना ca ना। वनव बां ि थूल मार्थि। काथां य एक !
- —কিন্তু আত্মাকে না বললে যে চলে না।—ততোধিক সঙ্গুচিত হয়ে জবীব দিয়েছে মোবারক।
- —তাহলে আম্মাকে বল, ব্ঝলি! কাল রাতে না হয় আবার আসব এই
  অন্ধকারে। বলবি কিন্তু—ব্ঝলি! তুই বাপজীকে রোজ রোজ সাপের জন্ম জালাতন
  করে থাস—একটা সাপ পোষার শথ তোর, তাই এটা দিচ্ছি। মনে রাখিস স্রেফ
  কথা বলে দিচ্ছি—এ সাপটা আমার—বাপজীর কাছ থেকে আজ এটা চেয়ে নিয়েছি।
  ভামার শথের জিনিষ তোরে দিলাম, আমার মত একে ভালবাসবি কিন্তু।

বাংকে মোবারক তথন কম্বল টেনে শুয়ে পড়েছে। মাথার উপরে বাতির বাল্বে পাক থাচ্ছে উড়ন্ত তিন-চারটে পোকা। যেমন এই জাহাজটা আবর্তন করছে পৃথিবীকে। ওরা পোর্ট-হোল দিয়ে উড়ে এনৈছে ভিতরে। ওদের মৃত্যু আসম।

শঙ্খচ্ডের রং বদলালো অভুতভাবে। প্রথমে ছিল ওর হলদে রং। দিন যাওয়ার সঙ্গে ওটা বাদামী রঙে বদলে গেল। এথন এর কালো রং। শীতের বিষে সাপটা বৃঝি জর্জরিত। মাঝে মাঝে সে এখনও রং পান্টায়। শীতের বন্দরে একরকম, নিরক্ষরেথীয় অঞ্চলে ধয়েরী আবার আফ্রিকার কেপ্টাউন বন্দরে একেবারেই যেন সাদা • হয়ে গেল। এই প্ঞ্লিবর্তন দেখে জাহাজীরা অবাক হয়েছে—কিন্তু মোবারক হয় নি। ছ'সাত সফর ধরে সাপের রং পাণ্টান দেখে তার অরুচি ধরেছে এখন।

ভারপর মোবারক পাশ ফিরে শুয়ে কম্বল টেনে দিল মূথে। স্টাবোর্ড-সাইডের কেবিন থেকে স্টোর-রুমের বাঁক ঘুরে ভেদে আসছে এখনও একটি স্তিমিত গোঙানি। হয় মেয়েটা গোঙাচ্ছে, নয় তো ডেক-বড়-ট্যাণ্ডেল। ছজনেই মদে মাতাল এবং স্থবির। যথন মেজাজ ফিরবে তখন সে নিশ্চয়ই চীৎকার করতে শুরু করবে আর মেয়েটা ফাঁক ব্রো বাধরুমে যাবার নাম করে ডেক অতিক্রম করে জেটিতে নেমে পডবে।

মোবার ক আবার পাশ ফিরে শুল। কম্বলটা এবার মাথা পর্যস্ক তেকে নিয়েছে।
কোন শব্দ যেন কানে না আসে। তারপর হাতের কর্ম্ইয়ের ভাঁজ চোথের উপর
রেথে সমস্ত বিক্ষিপ্ত চিন্তা থেকে মৃক্তি নিয়ে ঘুমিয়ে পডতে চাইল বালিশে মৃথ চেপে।
ঘুম আসছে না—কাল রবিবার। কার্নিভাল জমবে সম্দ্রের বেলাভূমিতে। এইচ.
জি বুচারের মদের দোকানে লিলি অপেক্ষা করবে তার জক্যে—সে যেন খুব তাড়াতাড়ি
কাল বের হয়।

জৈনব থাতুনও ত্বাডীর সীমানায় অন্ধকারে ₹:ভিয়ে অন্থরোধ করেছিল—কাল আসবি তো! কি রে মবু আসবি কি-না বল ?

- देशां अध्या असकारत मां फिराय मां फिराय कि श्य ?
- —কেন, তোকে দেখি।
- —দিনের বেলায় তো কত দেখিস!
- সে দেখা আর এ দেখা। তুই কিছু বুঝিস না রে! চুপি চুপি চুরি করে দেখতে তোঁকৈ ভাল লাগে। দিনের বেলায় দেখলে মনে হয় তুই বড্ড ভাল মাহ্ম। ফুকির দ্রবেশের মত মনে হয়। তুই আসবি কিছ, কেমন, আসবি তো?

মোবারক অন্ধকারে মাথা নাডিয়ে সম্মতি ভানিয়েছে।

অন্ধকাব বলে দেখতে পায় নি। জৈনব প্রশ্ন করত তাই আবার—কিছু বলনি না থে!

—আদব রে, আদব।—-জৈনবের ম্থের কাছে মুথ নিয়ে উত্তর করত তথন মোধারক।

রবিবারের সকালে জাহাজে সব নাবিকেরই কিছু-না-কিছু কাজ থাকে। ফোকশাল সাফাই তাদের ভিতর অক্সতম। সে সময় বাংকের বিছানা গুটিয়ে আফটার-পিকে তুলতে হয়। বালতি বালতি জল আনতে হয় নীচে, জল ঢালটেই হয়। সাবান-জল দিয়ে বাল্কেডের বিভিন্ন এলোমেলো কালির দাগ, নোংরা মুছে দেওয়ার কাজ নাবিকদের। মেঝেটা ভাল করে ধুয়ে তারপর রং করতে হয় তথন। বিছানা রোদে দুওয়াব কাজটাও নাবিকদের ভিউটির মধ্যে ধর। হয়।

ভোরে মোবারক সেই কাজের জন্ম এক টব জল নিয়ে নীচে এসেছে। শেথর এনেছে এক বালতি সাবান-জল, নিজেদের কেবিনটা ভাল কবে পরিষ্কার করছে ভারা। মাঝে মাঝে সারেং উঁকি দিয়ে দেখছে কভটা হল। আর বলছে—জলি কর রে মিঞা। বাজীওলার আসার সময় হইয়া গেল।

বিজ থেকে ঠিক দশটার ক্যাপ্টেন নীচে নামবে। পিছনে থাকবেন বড় মালোম, 
নাবপর বাটলার। বর-কেবিন দাফাই দেরে এদিকে আদবেন অর্থাৎ জাহাজের 
গলুইরের দিকে।

জাহাজের গলুইয়ের স্টাবোর্ড-সাইডে ডেক জাহাজীর। এক সারিতে দাঁড়িয়েছে 
কৈ দশটা বাজতে পনের মিনিট আগে। পোর্ট-সাইডে ইঞ্জিন-ক্ষমে নাবিকেরা 
পপেক্ষা কবছে সাফাইয়ের জন্ম। ইঞ্জিন-সারেং-এর আগের মত ব্যস্ত-সমস্ত ভাব।
এক গার গ্যালীতে, একবার মেদরুমে, তারপর বাথক্সমে, কেবিনে কেবিনে উকি দিয়ে
দয়ে বুরে বেড়াচ্ছে। কোথাও কটি, কোথাও নোংরা কি একদলা বুড়ো জাহাজীর

ে, পোড়া সিগাবেটের টুকরো রাংকের কিনারায় কিংবা কোন অন্ধকারে আড়াল
প্রে কি-ন। খুণে বুরে তাও দেখছেন। ক্যাপ্টেন্ নীচে নেমে কোন ক্রটি দেখেন
তা নিশ্চমই বলগেন—ছারেং ক্লিন মাংতা।—এই তিনটি মাত্র শব্দ ক্যাপ্টেনের।
গাবে সেই তিনটি সাক শব্দই কাক ক্লেন্সে ক্লেন্সে ক্লেন্স্

বুড়ো ক্যাপ্টেন গলুইয়ে উঠে এলে সারেং হাঁপাতে হাঁপাতে এসে বলবে—এক-ারিতে দাঁভাও রে মিঞার দল।

क्राल्टिनरक रक्छ अध्यनिः मिल। रक्छ रमनां म जानान।

ক্যাপ্টেন গ্যালীতে ঢুকে হাঁড়ির ঢাকনা খুলে দেখলেন ভাত, গোল্ডের ঝোল, আল্-াজা। কতহটা ঝোল মুথে দিয়ে অহভেব করতে চাইলেন ঝোলের কেম্ন স্বাদ ঠেছে। নাবিকদের প্রতি চেয়ে বললেন—রান্না থারাপ হচ্ছে কি তোমাদের ?

সারেং বলল—নো সাব।

ক্যাপ্টেন থেঁকিয়ে উঠলেন—তোমায় আমি জিজ্ঞেদ করছি না দারেং। দারেং চুপদে গেল। মোবারক বললেঁ—ভাণ্ডারীর রামা ভাল। ক্যাপ্টেন নীচে নামার আগে ইঞ্জিন-ক্রুদের বাথক্মটা দেখে নিলেন। ইঞ্জিনক্ষ-টোপাছ ্ দঙ্গে তুকেছে এবং দব খুলে দেখাল—কোথাও দে পরিন্ধার করতে ক্রটি রাথে নি।

তারপর বড মালোম, বাটলার, ক্যাপ্টেন নীচে বন্দরের প্রতি রবিবারের মত আছপ টর্চ মেরে মেরে দেখলেন কেবিনগুলো। পিছনে রয়েছে ইঞ্জিন-রুম সারেং—
শক্ষিত দৃষ্টি চোখে। কখন ক্যাপ্টেন কি বলে বসেন। কোথায় ক্রটি দেখিয়ে বলে
বিসেন—লেজী বাগার। একদম স্বস্থিপ্রালা আছে।

মোবারক আর শেখর একটু দূবে সরে রেলিংয়ের উপর ভর করে দাঁডাল।
ক্যাপ্টেন মই বেয়ে গলৃইয়ের ছাদে উঠছেন। ক্রুদের ফ্রেস-ওয়াটার ট্যা॰কে আলো
ফেলে দেখলেন ভিতরে মযলা জমল কি জমল না। তাবপর নীচে নামাব সময়
শেখরকে একা পেয়ে ব্যাপ্টেন কানেব কাছে মুখ নিষেবললেন —এনি গার্ল ইন্ দি পোর্ট
স্থাথোর ?

শেথর সেই সময় মৃচকি হেসে মোবারকের দিকে সামাত্ত তাকিয়েছে। বলেছে— নো ভার।

—ব্যাড্ব্যাড্। নো গার্ল ইন্ দি পোর্ট মিন্স ইউ আর নট এ সেইলর। শেশর এবারও মৃচকি হাসল।

মোবারক হাসছে না। সে উকি দিয়ে দূরে এইচ. পি. বুচারের মদের দোক।নের বারান্দায় লিলি এসেছে কি-না দেখছে। লিলি এনে বারান্দায় দাডিয়ে নিশ্চয়ই হাত নাডবে। অথবা পালকের টুপি উডিয়ে ইসারা করে বলবে—এস।

তুপুরবেল্বায় পোষাক পরে উপরে উঠে এল মোবারক। বন্দরের কলাহল-মুথবিত জাহাজগুলো একবারে নিশ্চুপ। রবিবার। তার ওপর ক্রিদ-মাদ-ডে। স্কুরাং একটি জনপ্রাণী কোন জাহাজডকে কাজ করছে না। শুধু একটা মাত্র জাহাজ বন্দর থেকে ধীরে ধীরে সমুক্তে নামছে। অনেকক্ষণ টানাটানি করেছে তুটো টাগ-বোট। টাগ-বোটের মাঝিরা ভাহাজটাকে সমুক্তে ঠেলে দিয়ে ঘাটে এদে রুমাল উডিয়ে বিদায় নিল। স্কুরাং গোটা বন্দরটা নিশুর।

অথচ বন্দর সীমানায় লোহার রডের বেডা অতিক্রম করে সম্দ্রের ঠোঁট-ছোঁওয়া বালির চটানে শহরের পাহাড়-সিঁডি থেকে ধাপে ধাপে লোক নেমে আসছে। ওরা জমছে দব কানিভালে। ক্যানিভালের থালি দোকানগুলো ভরে উঠেছে। মেয়ে দোকানীরা তাদের পারিপাট; এবং ঝকঝকে পোষাকের ভিতর কেবল হেসে গড়িয়ে পড়ছে—আজ থেকে ক্রিস-মাস-ডে আরস্ত।

আকাশে তথন বেশ সোনালী রোদ। নির্মেষ আকাশ। দিগন্তে শুধু একটি কুয়াশার ছায়া ঝুলছে! এগমণ্ট-হিলের বরফ সোনালী রোদে তথন নাইছে। জেটির কিনারে কেউ আজ মাছ ধরছে না। ক্রেনের নীচে তাই কোন কোলাহল উঠছে না। শুনু ত্-একজন নাবিক এখনও জাহাজ থেকে নেমে যায় নি বলে পোর্ট-হোল দিয়ে ত্-একটি আওয়াজ গডিয়ে পড়ছে বন্দরে।

মোবারক ডেকে এসে আব-একবার উঁকি দিল। শেখরটা আজ ওর সঙ্গে বের হল
না। নীচে কি একটা ইংবেজী পত্রিকায় সে ভূবে রয়েছে। হয়তো যথন বিকেল
নামবে বন্দবে তথনই সে তার ইজিচেয়ারটা নিয়ে আসবে ডেকে এবং সেথানে বসেই
হাজার মান্তবেব ভিড দেখবে। এবং যেদিন শেখর পথে নামবে সেদিন সে পরিপূর্ণ
উজ্জ্বল—রাস্তায় সেয়েদের ডেকে বলবে—হালো মাই ডালিং;—মোবারক বিরক্ত হয়,
শাসন করে এবং সেজন্তই বুঝি শেখর অন্তত আব কিছুদিনের জন্ম জাহাজ থেকে নামে
না। শেখর আজও কার্নিভালে যাবার জন্ম জাহাজ থেকে নামল না।

কোয়ার্টার-মাস্টার যেথানে বদে জাল ব্নছে দেখানে দাঁভিয়ে দেখল এইচ. জি.
বুচারের মদের দোকানের বারান্দায় নিলি ওর জাহাজের দিকে চোখ রেখে মোবারকের
জন্ম অপেকা করছে। মোবারককে দেখে স্বত্যি লিলি ওর পালকের টুপি গাতানে
উভিয়ে দিল। হাত নেভে নেভে ওকে ভাকতে।

মোবারক কাঠের দিঁ ডি দিয়ে লাফিয়ে লাফিয়ে নামল। হাতের লেদার-ব্যাগটা ওর অলক্ষ্যে অত্যন্ত বেশা ঝুলছে। ব্যাগের প্রথম ভাঁজে কালকের কেনা ছ-তিনটি আপেল গডাগডি থাচ্ছে ভিতরে। মোবারক মাউথ-অর্গান বাজিয়ে বাজিয়ে থাছে। সার। পথে ওর ছায়া থেন নেচে নেচে চলেছে। লোহার বেড়া থেখানে, বন্দর সীমানা থেখানে শেষ, সেথানে ক্যানিভালের কতক ছেলে-ছোকরা রডের ফাঁকে মৃথ রেথে ভারতীয় নাবিকটিকে পরম কৌতৃহলে দেখছে। কেউ কেউ বলছে—ছালো ইণ্ডিয়ান য়ৃয় নো ম্যাজিক?

মোবারক মাথা ছলিয়ে বলছে—নো।

মোবারক যত এইচ. জি. বুচারের মদের দোকানের সামনে এগিয়ে যাচ্ছে **ডড়** ছেলে-ছোকরা আর ছোট ছোট মেয়েগুলো শুধু বন্দরের লোহার বেড়াটা ব্যবধান রেথে ওর পেছন পেছন ছুটেছে। মোবারক সেজন্ত বিন্দুমাত্র বিরক্ত হয় নি। বরং মাঝে মাঝে বাতাসে তার হাত-উচিয়ে দিয়ে বলেছে—কাম অন মাই বয়জ্।

মোবারকের স্বাভাবিক নিস্পৃহ দৃষ্টিকে এক সময়ে সেই পিছু-নেওয়া দলটি য়েন সহ করতে পারলু না। তারা আবার কার্নিভালে নেমে {গেল। মোবারক 🌉 দুরু থেকে আবার ডাকল—এস—। তোমরা চলে যাচ্ছ কেন ? আমি তোমাদের বাঁশি বাজিয়ে শোনাব।

বন্দর-গেট পার হলেই এইচ. জি. বুচারের মদের দোকান। দোকানের ভিতরে কাউন্টারে সারি দিয়ে কজন মেয়ে-পুরুষ হাতে কাচের গ্লাস নিয়ে অপেক্ষা করছে—মদ খাওয়ার জন্ম। লিলি মোবারককে দেখে নীচে নেমে এল। সামনের একটি জাহাজেব চিমনি এবং বিজের ফাঁক দিয়ে এককালি রোদে ওর ম্থ উজ্জ্ব। মোবারক সামনে ছ্ কদম পা বাড়াতেই ওর ছায়াটা সোনালী রোদের তেজটা ঢেকে দিল। লিলি মোবারকের হাত টেনে বললে—এখনি কানিভালে ঢুকবে, না পিকাকোরা পার্কটা ঘুরে দিরে দেখে পরে যাবে ?

মোবারক কোন উত্তর করল না।

এইচ. জি. বুচারের মদের দোকান অতিক্রম করলে একটি ছোট্ট স্টেশনারী দোকান। দোকানে টালির বারান্দা। কাঠের ঘর। লাল রং ঘরের। বারান্দার খুঁটিতে ছোট্ট ছেলের হাত ধরে একজন ভত্তমহিলা হেলান দিয়ে দাঁভিয়ে মোবারককে দেখছে। মেয়েটির স্থাম্প্-করা চুল উভছে ফুরফুরে হাওয়ায়। ছেলেটি তার মায়ের কাছে ম্থ নিয়ে বলছে — স্থাট জায়েট ! ইজিট মাদার ? প্রেজ মাউথ-অর্গান গুড়।

মোবারক স্পষ্ট শুনেছে সেই কথা। সে হেসেছে। তারপর ত্ কদম বাবান্দার দিকে পা বাড়িয়ে বলল—নো মাই বয়—আই য়াম্নট এ জায়েট। আই য়াম এ মান—ইণ্ডিয়ান। ডোণ্ট ফিয়ার মি।—বলে ত্ হাত বাডিয়ে ওকে কোলে তুলে মুপোম্থি বলল—য়াম আই জায়েণ্ট? আই য়াম আনন ইণ্ডিয়ান—গুড মাান। সি-ই সি-মাান। মিন্স্ সেইলর। সেইলর অফ আান ইংলিশ শিপ। ইউ লাইক শিপ্? শমেই ছোট্ট সাত-আট বছরের ছেলেটি এতটুকু সঙ্গুচিত না হয়ে বলল—ইয়েস্ আই ডু।

লিলি হাসল। ভদ্রমহিলা হাসছেন। ভদ্রমহিলা লিলিকে ডেকে বললেন—ক্যনী

এই বিদেশীকে কিজরয়ের পোস্টাফিসের কাছে প্রথম দেখেছে সেদিন। আমায় বললে

—মা এস, এস না। গেলাম ওর কথা মত। জানলার ধারে দাঁড়িয়ে এ কেই দেখেছি
সেদিন। বাঁশি বাজিয়ে মেথডিস্ট চার্চের দিকে হেঁটে চলেছেন। আমি ব্ঝেছিলাম

ভিনি এই ছোট্ট সহরে আগন্তকু। ক্যনী, তার বাবা ষধন কাজ থেকে ফিরে এল তথন

ছ হাত বড় করে ভয়ে বিশ্বরে বললে—এ জায়াউ। আমি হেসে বলেছি—না উনি

একজন বিদেশী এবং নিশ্বরই উনি নাবিক হবেন।

শোবারক তাদের কথা মোটেই লক্ষ্য করছে না। বলছে—তৃমি য়াবে আমার

জাহাজে ? কাল এদ না। ঐ তো দেখা যাচ্ছে আমার জাহাজ। হলুদ রঙের চিমনি, উপরে কালো বর্ডাব-দেওয়া দাগ! ওই জাহাজটা এই ভাল মাত্র্যটির। তুমি জাহাজে গেলে দেখতে পাবে আমি দৈত্য নই। আমি মাত্র্য—আমি ভারতীয়।

তারপর একজোড়া উচ্চুল-জীবন কপোত-কপোতীর মত হাতে হাত ধরে পাহাডদি ডিতে উঠে ওরা অদৃশ্য হয়ে গেল। ক্যনী আবৃ হ্যনীর মা চেয়ে থেকেছে যতক্ষণ না
প্রদের হুটো রং-বেরঙের দেহা পাহাড ছায়ায় হারিয়ে যাচ্ছে। তাবপর ক্যনীর হাত
ধরে ভারতবর্ধের একটি ছোট ঘরের জীবনধারার রঙিন কাল্পনিক চিন্তা করতে করতে
কানিভালের ভিডেব ভিতর মিশে গেল ওর মা। বাতাদের দিকে চেয়ে দেখছে ওর
মা দিগারেটেব ধে যাটা বড্ছ বেশী পাক থাছে।

বৃক্তে অশান্ত জালা লিলির। অষ্টাদশী যৌবনের জালা। মোবারকের নিম্পৃহ ভাব এবং উদার মনোবৃত্তির নীরব কীট দংশন ওকে অশান্ত কবে তুলেছে। ওর চোগ জলছে—দেহের প্রতি বোমক্পে আবাতিত হছেে রক্তের ঘোব-পাক। ত্রিশটি বাতের কোরীপাইনেব ব্যর্থতার অন্ধকার ওর বৃক্তে আশাহত বধুব মত বোবা কানার তেওঁ তুলছে। চুপ করে দাঁছিয়ের রয়েছে তাই লাল ক্যালেণ্ডারেব ম্থোম্থি। একটি ন্তিমিত আলে! জলছে ঘরে। পাশের থাটে লিজেন কালো কম্বলের তলায় ঘুণছে। সমস্ত প্রেসবিটেরিযান ক্ষল গোস্টেলটা ঘুমে শিলীভৃত। সে প্রতি রাতের মত আজও বিলাসভ্রমণ থাকে কিবে একটি দাগ কেটে দিল। লাল ক্যালেণ্ডারে দাদা রণ্ডের তুলি তুলে খুব ধীরে ধীবে টুয়েন্টি এইটথ্ তাবিখটা মুছে দিয়ে ভাবল—মোবারক নিশ্চরই এখন জাহাতে ফরেছে।

ঘবে আলো—বাইরে অন্ধকার। সব্জ টেনিস লন ধ্ম-ধ্সরিত যেন। কুয়াশা ঝরছে আকাশ থেকে। টেনিস লনের সীমাস্তে প্রেসবিটেরিয়ান চার্চ। চার্চের আলো ক্যাশার শুর ভেঙ্গে লিলিব ঘরে পৌছতে পারছে না। পাশের জানালা খোলা। কনকনে ছুঁচের মত ঠাণ্ডা হাওয়া দরজার পর্দা উড়িয়ে ঘরে ঢুকছে। লাল স্কার্ট উড়ছে লিলির। তবু স্থিবনিবদ্দৃষ্টি তারিখটার প্রতি। গাড়ীর চাকার মত বিগত তারিখগুলো পাহাড়-সিঁড়ি ভেঙ্গে সমুদ্রের দিকে কেবল ছুটছে যেন ক্রত। ওর হাত কাপছে।

ভেলভেটের পর্দাটা কাঁপছে দরজায়। ক্যালেগুরের ছ্-ভিনটে পাতা উড়ছে ক্লাস্ত নিখাস ফেলে যেন। পাশের খাটে লিজেন পাশ ফিরে শুল। লিলির দেহ কাঁপছে তথন উদগ্র কামনার আভিছে। রেস্টরুমের সান-ভায়েল রুকের ছায়াশৃষ্ট কাঁটা বুকের ভিতর ঠুকে ঠুকে কেমন টিক টিক করে গভীর দাগ কেটে চলেছে কেবল। ওর অবিষ্ণস্ত স্থাম্পূ-করা চুলগুলি ঠাণ্ডা বাতাদের তাড়নায় নারকেল পাতার মত মুখের উপর ঝরে পড়ছে। সে ক্লাস্ত। ওর চোথে জল কি জালা ঠিক ধরা যাচ্ছে না।

পাশের চেয়ারটা টেনে বসল লিলি। ক্লাস্ত হাতত্বটো বিছিয়ে দিল টেবিলে। তারপর হাতত্বটোর ভাঁজে মৃথ বেথে টেবিলের উপর পড়ে থাকল। তথনও কন্কনে সম্ত্রহাওয়া ঘরের পর্দা উড়িয়ে লিজেনের কম্বলের ভিতর চুকছে ছুঁচের ফলার মত। লিলি নড়ছে না। লিজেন পাশ ফিরে আবার শুল। বাতাসের তাঁত্র তাড়নায় দে ধারে ধারে বুম থেকে জাগছে।

লিলি চেয়ার থেকে উঠে এল এক সময়ে। অশাস্ত বুকের জালা কিছুতেই নিবছে না। তাই দে পায়চারী করছে মেঝের উপর। মাঝে মাঝে জানালার উপর রুঁকে পাহাড়-ছাদ থেকে দেখার চেষ্টা করছে বন্দর। বন্দরের বিদেশী জাহাজ। মোবারকের শিপ। মোবারক বৃঝি কাঠের সিঁড়িটা বেয়ে উঠছে জাহাজে। ওর অস্পষ্ট ছায়া লিলির জানালায় স্পষ্ট। প্রেসবিটেরিয়ান চার্চের পাহাড়-ছাদে অন্তত লিলির চোগস্টো সেই কথাই বলে।

বন্দর অতিক্রম করে লিলির দৃষ্টি আর চলছে না। আদিগন্ত সম্দ্রে নীল অন্ধকার।
সম্ব্রের বৃকে জাহাজটা নোঙর করা। জাহাজের আলো সম্ব্রের নীল অন্ধকারে আকাশ
তারার মত নিভূ নিভূ হয়ে জলছে। জাহাজটা বৃঝি হুলছে শীতের ঠাণ্ডায়। হুলছে
কি কাঁপছে লিলির চোথ ঠাহর করতে পারল না। তারপর ওর দৃষ্টি সম্ভ্র থেকে
বন্দরৈ—ক্রমশ পাহাড়-সিঁড়ি ডিঙ্গিয়ে ছাদে, ছাদ থেকে ঘরে, শেষ পর্যন্ত ভেলভেটের
পর্দায় ঢাকা শেলফের বৃকে। ভায়োলিনটা সেখানে রয়েছে। লিলির সব জালা
থমকে দাড়াল যেন সেখানে। তাই নীরবে ভায়োলিনটা বের করে আবার এসে
জানালার উপর ভর করে দাড়াল। নীরব রাত আর এক-আকাশ তারাকে দাক্ষী
রেখে সে বার বার বাজাল—মোবারক আমার, সে আমার—সে আমার।—লিলি
ভায়োলিনের উপর পড়ে আবার কাঁদলে যেন—উই আর ইন দি সেম্ বোট।

ভায়োলিনের উপর নিলির কঞ্চণ কামা শুনে লিজেন জেগে বিস্মিত হয়ে বললে—
কি করছিদ তুই ব্লিউ? দরজা-জানলা খোলা রেখে এভাবে দাঁড়িয়ে বন্দরের কি
দেখছিদ! ইদ্ বিছানা-পত্তর বাতাদে কি ঠাগু৷ হয়ে গেছে, দেখ তো? আর এত
রাতে কেউ বেহালা বাজায়, না, বাজাতে আছে!

निष्कत थाउँ (थरक त्रास धन। व्यविश्वष्ठ চুनश्चनि घृशाञ्च राज्य पर्मा महिरम् महस्यः

বন্ধ করে দিল। তারপর জানালার পাশে লিলির হাত টেনে বলল—কি হয়েছে তোর। এমন ভাবে দাঁড়িয়ে আছিদ কেন ?

লিলি উত্তর করল না। কিছু যেন দে ভাবছে।

লিজেন পাশের জানালাটা বন্ধ করে দিয়ে বললে—মোবারকের জাহাজ আজ বৃঝি ছেড়ে দিয়েছে ?

- —না—লিলি থাটের দিকে আসতে আসতে উত্তর করল।
- লিজেন ছ-চার বার নাকট। জোরে জোরে টেনে বলল—তুই মদ থেয়েছিস রিউ?
- —থেয়েছি।
- —তুই না সিফার ?
- ---गानि ना।
- —ব্লিউ !
- मानि ना, मानि ना-वामि किছू मानि ना।
- -এমন করছিদ কেন ?

লিলি কি ভেবে সম্পূর্ণ নীরব হয়ে গেল আবার। কিছুক্ষণ চুপ করে থেকে শুনল বাইরের ওকগাছগুলোর পাতা থেকে শিশির ঝরছে। শিশিরের শব্দ স্কাইলাইটের কাচে রিন্ রিন্ শব্দে বাজছে। লিজেনের দিকে চেয়ে ও বলল—খুব ঠাণ্ডা পড়েছে আজ।

রাত ক্রমশ গড়িয়ে চলেছে। চার্চের ঘড়িতে শব্দ উঠছে—টিক্ টিক্। **অক্তাক্ত** ঘরগুলোর কাচের ছায়ায় কোন আলে। জলছে না। নিস্তব্ধ পাহাড়-**ছাদে শু**ধু লিলি আর লিজেন জেগে রয়েছে।

লিজেন বলল—রাত অনেক হয়েছে, শুয়ে পড।

লিলি ফারের কোট খুলে ছুঁড়ে দিল আলনায়। রাউজটা টান মেরে খুলে ফেলল।
স্কার্টের বোতাম খুলে স্লিপিং গাউনটা তুলে নিল বিছানার একপ্রাস্ত থেকে। তারপর
নিজের নগ্ন দৌলর্থের দে কেমন অভিভূত! দেহের প্রতি অঙ্গে কেমন তীব্র শিহরণ
অক্ষল করল। হৃদয় তার অবাক। চোথহুটো প্রতিদিন তার বিশ্বয় মেনেছে—
একজন সাধারণ মাহ্ময় রাতের পর রাত কোরী-পাইনের অন্ধকারকে কেমন বার্থ করে
তুলতে পারে। গম-ক্ষেতগুলো পার হয়ে যে পাহাড়-ছাদ রয়েছে, যে রেন্টরুম রয়েছে
—যে সান্-ডায়েল ক্লক আলোর ছায়ায় ঘণ্টা বাজাচ্ছে, সেই নির্জন এক টুকরো পৃথিবীতেও
মোবারক কেমন ভারি ভালমাহ্ময়! দে বলেছে কেবল তার জাহাজের কথা,
জাহাজী জীবনের ত্রুথবেদনা—একঘেয়ে জীবনপ্রবাহ, কোঁকশাল, শেথর, শেথরের.
দেশ, তার শামীনগড়। এইসব বলে মোবারক মাঝে মাঝে চুপ করে যেত।

তথন সান্-ডায়েল ক্লকের একট্করো পৃথিবীতে শিশির ঝরত। কোরীপাইনের কচি কিশলয়ে শির্ শির্ শব্দ উঠত। ওক গাছগুলো নীরবে উত্তর এবং দক্ষিণ গোলার্ধের নরনারীর জীবন ও ধৌবনের পরিপূর্ণ উচ্ছাসের সামান্ত মূহুর্তের বৃঝি কামনাকরত। কিন্তু মোবারক তথন উঠেছে। বাঁশি ব্যাগ থেকে বের করেছে—হঠাৎ লিলিকে আশ্চর্য করে দিয়ে বলেছে—আমি গেলাম, তৃমি ঘরে যাও। কাল সন্ধ্যায় আবার সি-ম্যানস্ মিশনে। ওক গাছগুলো তথন যেন সোজা হয়ে দাঁড়াত। গুরু রাতের বৃকে একটি মূহুর্তের জন্ত কান পাতা নিক্ষল হল। মোবারক নেমেছে তথন পাহাড়-সি ডি ভেঙ্কে, বাঁশিতে স্বর দিয়ে দিয়ে বন্দরের দিকে চলে যাছে। লিলি ফিরছে তার প্রেসবিটেরিয়ান স্থল হোস্টেলে। শরীর কাঁপছে তার। তবু চীনার গাছের নীচে নিঃশব্দে আরও একটি মূহুর্তের জন্ত মপেক্ষা করে—মোবারকের বাঁশি শুনছে।

আরও কত রাত রয়েছে—কত রাত থাকল। সম্দ্রে স্থ্যান্তের রক্ত লগ্নে তারা ত্রুলন গেছে দেন্ট মেরাইনে। সম্দ্রতীরে যেথানে পাহাডের শিকড় সিঁডির মত সম্দ্রের টেউয়ে ভাসছে সেথানে তারা ত্রুলনে দাঁডাত ত্ হাত ধরে, হাতত্টো ত্লত — স্বার্ট আর ওভার কোট উড়ত ত্রস্ত বাতাদে। শ্রাম্প্-করা চূল ফুর ফুর করত লিলির। ত্রুলন ফুটো সিগারেট টেনে আকাশের দিকে চেগ্নে থাকত। তথন সম্দ্রের নীল তর্ক গুরস্ত শিশুর মত চুপি চুপি হাত বাডিয়ে, পা ছুঁই ছুই করত তাদের।

হঠাৎ মোবারক বলেছে—আমি চলি জাহাঙ্গে, তুমি ঘরে যাও, কাল সন্ধ্যায় আবার মিশনে নিশ্চয়ই দেখা হবে।

লিলির আপশোস—তার পরিপুষ্ট গমের মত দৌলর্ঘকে মোবাবক তীব্রভাবে অবহেলা এবং বিদ্রূপ করে চলেছে। রাতের পর রাত দেও মেরাইন হতে লায়ন রকের বৃক পর্যন্ত ওদের বিচরণ। কিন্তু মোবারক সব কথা বলে, সব পথ বিচরণ করে, পব রূপ দেখে দেখে ক্লান্ত হয়ে পড়ার সময় যথন কোন ওক গাছের ছায়ায় বসত তথনই দেখেছে ভারতীয় নাবিকটির চোথে জালা। সে-সময় লিলি ওর বলিষ্ঠ হাত টেনে এনে নিজের নরম হাতের উপর চাপ দিয়েছে। মোবারক চুপ করে থাকত তথন। কথা বলত না। কটে ও তথন আড়াই হয়ে উঠত। কিন্তু তথন আরও ঘনিষ্ঠ হয়ে উঠতে চাইত লিলি, মোবারককে বলতে শোনা গেছে তথন—চলি। কাল আবার—

লিলি উত্তেজনায় তথন কেবল কেঁপেছে। কোন কথা বলতে পারে নি।

মোবারকের মনে হয়েছে জৈনবের কথা—নাবিক হও কিন্তু চরিত্র মন্দ করতে। পারবানা।… লিলি বললে লিজেনকে তথন—মাহ্ন্যটা অভ্ত লিজেন।—তারপর কম্বলের ভিতর ঢোকার আগে আর-একবার অহ্বরোধ কবলে—লিজেন আমি ধে মদ খেয়েছি তৃই কিন্ত কাউকে বলিস না। বলবি না তো? কি রে বল না তৃই আবার বলে দিবি কি না। মোবারক পর্যস্ত আমায় কেমন ঘুণা করল আজ। বললে—তৃমি না সিন্টার! সিন্টারদের তো মদ থেতে নেই জানি।

- --- মারও কিছু বলেছে ?
- —না এ দম্বন্ধে তেমন আর কিছু বলে নি।

লিজেন এক সমগ্ন মাথার উপরকার আলোটা নিভিয়ে দিল। বললে—এ সহর ভারতীয় নাবিকটিকে ভূলতে পারবে না। কাল দেখলাম ফিজরয়-এর বাজারে মাউথঅর্গান কেনাব ধূম লেগেছে। অনেকে আবার মোবারকের মত অমুকরণ করে পা
ফেলে কেলে চলে।

লিলি কন্থলের তলায় মৃথ নিয়ে হাসল। বললে—ভগু ভূলতে পারবে না, নয় রে। ভোলা ওকে চলবে না। নিউ-প্লাইমাউথ বন্দরে অক্ষয় অমর হয়ে থাকল সে।

- —বিশেষ করে লিলির জীবনে।
- না শুধু লিলির জাবনেই নয়, প্রতিটি নিউ-প্লাইমাউথ মাহুষের জীবনে ও ফে অক্ষয় অমর হয়ে থাকল।
  - —দে কেন হবে ?
  - —হবে না, হচ্চে।
  - এদৰ কি বলছিদ তুই!
  - —আমি ঠিক বলছি।
  - —তুই ঠিক বলছিম ?
    - ঠিক।
  - —দে কেমন করে হবে ?
- —হবে—বেমন করে হয়। তুই শুধু কাল সকলকে বলে দিবি থবরটা। আমি । স্থলে যাচ্ছি না। তুই-ই আমার হয়ে বলবি, মোবারক ম্যাজিক দেখাবে।

লিজেন লাফ দিয়ে উঠে বসল বিছানায়। আলোটা পুনরায় জেলে দিল এবং ছুটে এসে লিলিকে কম্বলসহ জড়িয়ে ধরে বললে—ঠিক বলছিস!

কম্বলের ভিতর চুপি চুপি বলল লিলি – ঠিক বলছি।

निष्क्रन जानत्म त्नरह त्नरह गारेन तम्हे थार्टे इ उपत-हेक जाहे उड् वि माहे

ভালিং—। কম্বলের ভিতর থেকে তথন লিলি জোরে জোরে হাসছে। সে বলছে আবার— মোবারক দাপের নাচ দেখাবে। সাপের ম্যাজিক।

- মোবারক বুঝি বললে।
- —নারে না। সে বলবে কেন? সে যে আমায় সত্যি আজ সান-ভায়াল ক্লকে সাপের নাচ দেখাল?
- —ধ্যাৎ! আমি তোর কথা ছাই ব্ঝতে পারছি না, স্পষ্ট করে বল, সব খুলে বল। কি মজা হবে না একটা! ওক! ভাবতে গেলে শরীর আমার এখনই যে শিউরে উঠছে রে। সাপটা তোর চোখের সামনে নাচল? তোকে মোবারক ব্ঝি বললে সে ম্যাজিক জানে, সাপটা দেখতে কেমন রে।
  - —কালো।
  - —ছবিতে থেমন দেখতে।
  - —ঠিক সে রকম বলতে পারিস।
  - —তোর ভয় করল না ?
- —ভয়! লিলি মুহুতের জন্ম চুপ করল। নিজেকে প্রশ্ন করল, ভয়? তা ভয় করছে—একটু করেছে। না, মিথ্যে কথা। ভয় একটু করে নি, ভয়ে সে বিবর্ণ হয়ে গিয়েছিল। ভয়ে সে অন্ধকার রাতের বুকে ভূমিকম্পের মত ধর্ ধর্ করে কাঁপছিল। মোবারক তথন চেয়েছে, চোথে বিজ্ঞপ—চোথে তার জালা। থয়ো থবো মেঘের মত সেও অভিমানে কেঁপে কেঁপে উঠেছে। পাহাড়-ছাদে ছটো উন্মত্ত যৌবনকে রেস্টকমের আলোয় সান-ভায়াল ক্লকের উপর নেচে ব্যক্ষ করছে যেন তথন শৃদ্ধাচুড়টা।

এমন ঘটত না—যদি লিলি বেথাপ্পা প্রশ্ন করে মোবারককে উত্তেজিত করে না তুলত। সংশয় আর সন্দেহকে কেন্দ্র করে লিলি নেশার তাডনায় সোবারককে কাছে টানবার প্রচেটা করেছিল, রাতে স্কুল হোস্টেলে ফিরে আসার আগে বিক্ষিপ্ত ঘটনাটা ঘটল। সামনের উপত্যকার ঠিক শেষ প্রান্তের পাহাড়-ছাদে। যেখানে রেস্টক্রম রয়েছে—যেথান সান-ডায়েল ক্লক রয়েছে। যেখানটা নির্জন—যেথানে কোরী-পাইনের শাথায় এখনও কিশলয় বেক্লছে। আর কাছে সমুদ্রের বাতিঘরের বাতিওয়ালার হাসিটা হাঁচিটা সেথান থেকে স্পষ্ট শোনা যায়—সেই পাহাডে। সেথানে সে প্রশ্ন করেছে—মোবারক তোমার দেশ বিরাট। দেশ বিচিত্র—সে দেশের মান্ত্র্য বিচিত্র! তাদের জীবনধারা বিভিন্ন। পোষাক-আচার, রীতি-নীতি সব বিভিন্ন। স্থতরাং ভাদের সম্বন্ধে কৌত্হলবশত কোন প্রশ্ন করেলে রাগ করবে না তো প্

মোবারক ক্লকের ভায়ালটার উপর আধ-শোয়া অবস্থাতেই বলেছে—না। রাগ আমি করব না, বিভিন্ন বন্দরে কত বিদেশীনীর কাছে কত বিচিত্র প্রশ্নের সমুখীন হয়েছি। 
যবাসাখ্য চেষ্টা করেছি আমার দেশ সম্বন্ধে তাদের কৌতূহল মেটাতে। কিন্তু আমি 
রাগ করি নি।

- —তোমার দেশে অনেক সাধুসন্ন্যাসী আছেন। ফকির দরবেশ আওলিয়া আছেন —তাই না মোবারবক ?
  - —আছেন।
  - —গল্পের বইয়ে সেই সাধুসর্যাদীদের সম্বন্ধে অনেক স্থন্দর স্থন্দর গল্প পড়েছি।
  - —সেগুলো তো গল্পই।

ক্লকের ডায়ালে ত্জনেই বদে আছে। ছ্-দশ কদম দ্রে রেস্টরুমের একটি দঙ্কীর্ণ আলো ওদের ত্জনের ফাঁক দিয়ে আরও নীচে নেমে গেছে। শাত একটু বেশা পডেছে বলে কেউ এ পাহাড়-ছাদে বেড়াতে আদে নি। একমাত্র লিলি আর মোবারক বদে গল্প করছে। অন্য পাহাড় প্রান্তে লাইট হাউদের বাতিওয়ালা মাঝে মাঝে ঠাণ্ডায় কাদছেন ব্ঝি। দেই শব্দ পাহাড়ের গা বেয়ে বেয়ে উঠে আদছে পাহাড়-ছাদে।

মোবারক চুপ করে ছিল।

লিলি সানভায়েল ক্লকে বদেছে। পা ছটো তুলে। লাল স্বাটটা হাটুর নীচে নামানোর জন্য টানছে। লাল নথ পালিশের নরম রবারের মত আঙ্গুলগুলো ছুঁয়ে হাছে কাছে সেই স্বাটের গা। হাত ইচ্ছে করেই যেন আর একটু ভিতরে ঢুকিয়ে দিল। চোথ ছটো টান টান করে চাইছে মোবারকের দিকে। আরক্তিম ঠোট ছটোয় আবার অহেতুক কথা যেন—ফকির, দরবেশ; সাধুসয়াসী মন্ত্র পড়ে ইচ্ছা করলে হাওয়ায়্ম হিমালয়ে মিলিয়ে যেতে পারেন—ঠিক ? যোগী বলে, এক ধরণের সম্প্রদায় আছেন তাঁরা বরফে বসে নাকি ধ্যান ধারণা করেন—ঠিক ?

সেগুলো গল্পে জেনেছে স্থতরাং সেগুলো গল্পের মতই থাক। তোমার আর কিছু প্রশ্ন আছে ? এবার আমি উঠবো। রাত অনেক হয়েছে।

- —তুমি রাগ করলে মোবারক ?
- —निनि जूभि वश्रः।
- —অহম ! মদ খেয়েছি বলে ?
- লিলি, তুমি না সিন্টার ? সিন্টারদের তো মদ খেতে নেই জানি।
- —স্থামি সত্যি অস্তম্ভ নই মোবারক।—দৃঢ় গলায় বললে লিলি।—তুমি আমার প্রশ্নের উত্তর দাও।

- --বলো, উত্তর দিচ্ছি।
- —সেই সাধুসন্মাসীরা হাতের মাটা ফুঁ দিয়ে সোনা করে দেন শুনেছি। তাঁরঃ ভোজবাজি জানেন।
  - —মিথ্যে কথা।
  - —তুমি মিথ্যে বলছ মোবারক।
  - ---निनि।
- কি করবো বলো। তোমার দেশের নাবিকেবাই এ-কথা বলে গেছে। সমস্ত দেশটা নাকি ষাত্নকরের দেশ।

মোবারক কড়া চোখে এবার লিলির দিকে চোথ তুলে চাইল। তারপর ভিতবের শুমরে মরা ব্যাধিটা চাড়া দিয়ে উঠতে থাকলে, চীনার গাছের পাতাগুলো যে মুথে। হুয়ে হুলছে সেদিকে নজর ফিরিয়ে দিয়ে বললে—এবার ওঠা ধাক।

- —তুমি তো আমার উত্তর দিলে না।
- —মিথ্যে যে বলে তার কোন জ্বাবেরই দাম নেই লিলি।
- —তুমি রাগ করলে মোবারক ? রাগ আমি করি নি।
- —তোমার দেশের মেয়েরা শাড়ী পরে। তুমি বিয়ে করেছ মোবারক? জ্যাস্ত সাপ দেখেছ? সাপ!
- —দেখেছি। তুমি দেখবে ?—মোবারক নিজের ব্যাগটা আরো কাছে টেনে নিল। লিলি হেসেই যেন কুল পেল না। এবং সে হাসতে হাসতে সত্যি এক সময়ে ডায়ালের উপর গড়িয়ে পডল। বললে—মোবারক তোমার কথায়ৢৄহাসব কি কাঁদবো বুঝতে পারছি না।

ব্যাগটা কোলের কাছে টেনে অত্যন্ত সহজ ভাবে বললে মোবারক—তুমি হেসে। না। দেখতে চাও —দেখিয়ে দিচ্ছি। শীত এখনও যায় নি বলে সাপটা বের করি নি।

- দোহাই মোবারক অমন কথা তুমি আর বলো না। তুমি দেখছি তোমার সাধু সন্মাসীদের মত আমার সঙ্গে শেষ পর্যস্ত ভেল্কি থেলবে। এ যে শীতের দেশ এখানে সাপ পাবে কোথায়?
  - অত কণায় কাজ কি। দেখতে চাও তো দেখিয়ে দিচ্ছি।
  - —ওসব বুজককীতে আমার বিখাস নেই। তুমি দল্লা করে থাম মোবারক।

মোবারক তার ব্যক্তিত্বে থোঁচা থেয়ে বেন মারমূথো হয়ে উঠল, লিলি তথনও ওকে বিদ্যাপ করে হাসছে। সে হাসির আওয়ার চড়াই-উৎরাইয়ের ভাঁরে ভাঁরে আবাড থেতে খেতে ছুটেছে বন্ধরের দিকে। বন্দর হতে সম্জে। বে জাহাজটাকে জালো
দিচ্ছে এখন লাইট হাউসটা সেখানে গিয়ে ব্ঝি ঝুপ করে থেমে গেল। লিলি উঠে
বসল—তারপর মোবারক—

মোবারক নিঃশব্দ — নিশ্চ্প। ওর ভিতরটা আঘাত খে্রে শঙ্খচ্ড়টার মতই ফুলে ফুলে উঠছে। ব্যক্ষ বিজ্ঞপ বেইমানীতে ওর জর্জরিত মন কেঁদে উঠল যেন বলতে বলতে — মোবারক মিথ্যা বলে না। এই তোমার চোথের সামনে পড়ে রুয়েছে শঙ্খচ্ডটা।

কালো মোটা দড়ির মত সত্যই কিছু একটা পড়ে রয়েছে ভায়েলের উপর। একটু
নড়ে নড়ে ভায়ালের বৃক বেয়ে অন্ধকারে মিলিয়ে যাচ্ছে কিন্তু দে সময় মোবারক
অবাক হয়ে দেখল লিলি ওরই কাছে ছটে এদে ওর বৃকে আছাড় খেয়ে অচৈতক্ত হয়ে
পড়ল। কোন আওয়াজ নেই, কেবল খাস ফেলছে জোরে। ভয় পেয়ে সমৃদ্রের
ছোট ছোট তরঙ্গের মত হিল্ হিল্ করে কাঁপছে। মৃথ তুলছে না বৃক খেকে.।
বিবর্ণ, ভয়ে চোথ বুজে আছে।

মোবারক মাউথ অর্গানটা দিয়ে ছোট ছোট ছটো শব্দ করতেই ভায়ালটার উপর, শশুচ্ডটা ব্যাগের ভিতর গিয়ে ঢুকলো। সে তথন তার কোলের উপর পড়ে-থাকা মেয়ের চুলের ভিতর সন্তর্পণে আঙ্গুল চালিয়ে অত্যন্ত বিনীতভাবে অপরাধীর মত বললে—সাপটা চলে গেছে লিলি। তুমি এমন ভয় পাবে জানলে শশুচ্ডটাকে তোমায় আমি দেখাতাম না। আমার সত্যি খ্ব ক্রটি হয়েছে।

লিলি তথনও পড়ে রয়েছে এবং পড়ে থাকল।

আবার বললে মোবারক—ওঠ রাত অনেক হয়ে যাচ্ছে। বেশী দেরী করে ফিরলে ভাতগুলো আর থাওয়া যাবে ন।।

লিলি তথন উঠল। কিন্তু বিবর্ণ ভয়টা তথনও কাটে নি, তবু অস্পষ্ট করে বললে—
তুমি ম্যাজিদিয়ান।

মোবারক কথা আর বাড়াল না। বিদেশের এই নির্জন পাহাড়-ছাদে লিলির দেহের দিকে চেয়ে তার করুণা হল। সে বললে—চল, তোমাকে হোস্টেলে রেথে আসি।

লিলি নীরবে পাহাড়-ছাদ থেকে নেমে-যাওয়া পথ ধরে মোবারককে অফুদরণ করলে শুধু। আর মোবারকের দৃঢ় পদক্ষেপের সঙ্গে দৃঢ়ভাবে প্রত্যয় করে নিল—এ শীতের দেশ। এখানে কোন জীবজন্তই এককালে ছিল না। ওপনিবেশিকরা নিজেদের প্রয়োজনে ছাগল-ভেড়া গঙ্গ-ঘোড়া আমদানী করেছিল মাত্র। তারপর মোবারক তো নাবিক অধচ শে তার নিজের দৃঢ় আত্মপ্রতায় এবং সংক্ষিপ্ত কথার আর চোথের আলায়

আমার চিস্তাধারাকে নিশ্চয়ই বশীভূত করে নিয়েছিল—বার ফলে ভায়ালের উপর ভীষণ এবং ভয়য়র দীর্ঘ সাপকে পড়ে থাকতে দেখেছিল। লিলি তাই গোটা পথ ধরে কোন কথা বলে নি এবং সমস্ত দেহে একটি পরাজয়ের মানি মেথে স্কুল হোস্টেলে চুক্তেছে। কেবল মোবারক যখন তাকে রেখে নীচে বন্দরের দিকে পা বাড়িয়েছিল ভখনই কোন রকমে বাতাসে পাণ্ড্র হাতটা ঢেউ খেলিয়ে বলেছিল গুড-নাইট মোবাবক!…

মোবারক পাহাড়-ছাদ থেকে নামতে নামতে উত্তব করেছে—গুড-নাইট।

লিজেন আবার প্রশ্ন করল-কি রে তোর ভয় করল না?

— ই্যা ভন্ন করেছিল। ভন্নে আমি মোবারককে জভিয়ে ধবেছিলাম।

লিজেন সে কথা শুনে মূচকে হাসল—তারপর ?

- —ভারপর চোখ বুজে রয়েছি।
- —ভারপর ?
- তারপর কিচ্ছু না। যথন দে বলল— ওঠ, সাপটা চলে গেছে তথন চেয়ে দেখি নেই ভয়ক্ষর বস্তুটি একেবারে অদৃশ্য—বলে লিলি লিজেনকে আবার কেমন ভয়ে ভয়ে জডিয়ে ধরল। বললে— দৃশ্যটা মনে হলে আমাব এথনও ভয় করে লিজেন। তুই আমার সঙ্গে তাক।
  - তাহলে—আর কিছুই হল না।
  - —আ: ফাজিল! এমন করলে তোর সঙ্গে কথা বলব না বলছি।
  - —থাক হয়েছে, আব বলব না। কিন্তু মোবারক কালকে ম্যাজিক দেখাবে তো!
- দেখাবে না বলছিদ ? নিশ্চয়ই দেখাবে। আমি অন্থরোধ করলে সে নিশ্চয়ই দেখাবে। সি-ম্যানস্ মিশনের প্রোগ্রাম কালকে সম্পূর্ণ ই বদলে দেব। তোর কেবল কাজ থাকল তুই স্ক্লের সকলকে বলে দিবি সি-ম্যানস্ মিশনের চত্তরে মোবারক মাজিক দেখাবে—সাপের নাচ।
  - —কিছ কাল কুইন আসছেন ডুনেডিন থেকে।
  - -- কুইন! আহক।
  - —লোক তেমন তবে জমবে কি ?
- —জমবে না! কি যে বলিস তুই। এই ছোট শহরে কোন রকমে যদি এই আশ্বর্ষ থবরটা ছডিয়ে পড়ে ভাহলে গোটা শহর ভেকে লোক নামতে শুক্ত করবে বন্দরে। এ দেশের লোক সাপের নাচ কোন কালে দেখেছে, না আর দেখবে ?—কুইন এলিজাবেথকে কি দেখবে রে—তিনি তো মেয়ে। আমার মত মেয়েমায়্ষ।

বাকী রাতের জন্ম বৃথি তবে আর ঘুম আদছে না। কছলের নীচে লিজেনকে জডিয়ে ম্থোম্থী ছজন তরে রয়েছে। বিক্ষিপ্ত চিন্তা পাক থাচ্ছে ভিতরে। সেই চিন্তা পাক থাচ্ছে সম্প্রমান্থবটিকে কেন্দ্র করে। চিন্তায় তার রয়েছে মোবারকের জাহান্ধ, মোবারকের কেবিন, তার বাংক। দৃঢ় বলিষ্ঠ দৃষ্টি—উন্নত নাক—হাল্কা ঠোঁট—আয়ত চোথ মোবারকের। লিলি ভাবতে ভাবতে নিজের বালিশটা আরো জোরে চেপে ধবল। কান্হটো থেকে তথন ওর গরম হল্কা বের হচ্ছে। লিজেন নাক ডাকাচ্ছে কম্বলের তলায়। তেমনি করে কুয়াশা এখনও আকাশ থেকে ঝয়ছে মনে হল। স্কাইলাইটের শব্দ তেমন করেই এখনও রিন রিন সঙ্গীতের শব্দে শিহরণ জাগাচ্ছে ওর পেহমনে। তাই সে তার নিজের পাণ্ডর হাল্কা বরফ হাতহটো হু পায়ের ফাঁকে আরো কারে চেপে ধরল। মোবারক নিশ্চয়ই তার বাংকে এখন ঘুন্ছে। মাহ্য়টার গভীর খুম হয়তো।

লিলিব যথার্থই আর ঘুম আসছে না। একবার ইচ্ছে হল লিজেনকে ডেকে তোলে। মেয়েটার বড় ঘুম। এত ঘুম ভাল নয়।

রাত ভার হতে তেমন আর নিশ্চয়ই দেরি নেই। লিজেনকে স্কাল স্কাল ডেকে চলতে হবে। বাতিওয়ালার ঘরে ম্যাঞ্জিনের মোরগগুলো ডাকছে। তৃতীয় প্রহরের ডাক হবে হয়তো। ঘরে একটা ঘডি থাকলে ভাল হত। ইচ্ছে করলেই ঘড়ি একটা পে কিনে পরতে পারে। কিন্তু কেমন থেয়াল জীবনের, মনটা ঘড়ির প্রয়োজনীয়তাকে খাকার করতে যেন পারল না। লিজেনটা তো মন্ত কপণ। তাই সেও ঘড়ি পরল না। অথচ আজ কেবল বার বার ঘড়ি দেখার প্রয়োজন হচ্ছে। ঘড়ি থাকলে দেখত বাত আর কতটা আছে। ভোর হতে আর কতকণ, সাজগোজ করে সি-ম্যানস্ মিশনে পৌছতে কত দেরি, বন্দরের জাহাজটা আর ক' কদমের পথ—জানার বড্ড আকাজ্ঞা জাগছে।

লিলি কম্বল ছেড়ে উঠল। ঘুম এল না বলে সে এসে দাঁড়াল দরজার পাণে। ভারপর সন্তর্পনে দরজা খুলে দরজাটা ভেজিরে দিল। -লিজেন যেন টের না পায় সেজক্ষ পাটিপে টিপে বারান্দার রেলিংয়ে ভর করে দাঁড়াল কিছুক্ষণ। উকি দিয়ে চার্চের ঘড়িতে ক'টা বাজল দেখার চেষ্টা করল। কিন্তু একটি ক্য়াশার মস্লিন এখনও পাহাড়-ছাদটাকে অস্পষ্ট করে রেখেছে বলে সেই শীভের ঠাগুায় লিলি সব্জ টেনিস-লনের শিশির ভেকে চার্চটার দিকে এগিয়ে গেল। কিন্তু এমন সময় চার্চে শব্দ উঠছে ঢং ঢং ঢং । ভিনটা বাজল।

রাত বে এত দীর্ঘ লিলি জীবনে এই প্রথম ব্যাল। রাড আর কাটতে চার না।

রাত আর বেতে চায় না। শীতের এই দীর্ঘ রাতে বারান্দার তাই দে পারচারি করছে। মাঝে মাঝে ঘরে ঢুকে জানালাটা একটু ফাঁক করে দেখছে বন্দর। নীচে কুয়াশার এডটুকু চিহ্ন নেই, একটা দাগ পর্যস্ত আঁকে নি। মোবারকের জাহাজের ব্রীঙ্গে কোন মামুবের ছায়া পায়চারি করছে ইতন্তত যেন। লিলি চোখছটো ভাল করে রগডে ষ্মাবার এক ঝলক ষ্পলক দৃষ্টিতে ভাল করে দেখে বুঝল সেটা মামুষের ছায়া নয়। মান্টের আলো বাতাদে হলে একটি প্রকম্পিত শৃক্ত-ছায়ার স্বষ্টি করেছে ব্রী**জে**। লিলি নিজের অপরিণত দৃষ্টির জন্ম ঠোঁট বাঁকিয়ে হাসল। মনটা সম্পূর্ণ ওর মৌবারক-ময় হয়ে উঠেছে। যথন শীতের একঝাঁক পাখী উপত্যকার সীমানা ভেঙ্গে অন্ত পাহাডে উড়ে গেল, যথন একজন শ্রমিক মেয়ে-বৌকে ঠেলে এক কৌটো টিফিন বগল দাবা করে বন্দরের দিকে ছুটছে হাড়িয়া-হাফিজের জন্ম, সি-ম্যানস মিশনেব দরজা যথন বন্ধ, ফিল্বরের আর চার্চ খ্রীটের দোকানীরা আপেলগুলো যথন ক্রমালে মুছে সেলফে ত্রিভুজের মত অথবা স্কাই-ফ্রেপান্তের মত সাজাচ্ছে—একটি নতন বিয়ে-হওয়া বৌ যথন তার পাহাড় সি ডির ঘর থেকে সমুদ্রের বুকে ঠেলে-ওঠা স্থাটাকে সবুজ মন নিয়ে দেখছে, তথন লিলি আর লিজেনের ঘরে স্কুল হোস্টেলের মেয়েরা রীতিমত একটা হাট বসিয়ে দিয়েছে। প্রশ্নের রকমফের রয়েছে ওদের। চোথ বড় করে, কখনও ছোট করে, কথনও বা দিগারেটের ধোঁয়া উড়িয়ে ম্যাজিকের রহস্ত জানার জন্ত ভিড় করেছে মেয়েগুলো। খবর শুনে কেউ নেচে নেচে ঘরে ঢুকল, কেউ শিষ দিয়ে দিয়ে ঘরে ঢুকল। লিলি টথপেন্ট মূথে ফাঁাচ ফাঁাচ করে কথা বলছে—দাঁড়া, দাঁডা বলছি। লিজেন বিচানাগুলোর উপর উটপাথীর ঝাড়ন দিয়ে ঝাড়তে ঝাড়তে বলছে — আমাদেব গিলে ফেলবি নাকি ভোরা।

লিলি স্নান করেছে একসময় গরম জলে, লিজেনকে দিয়ে খবর পাঠিয়েছে হোস্টেল স্থপারিন্টেন্ভেন্টের কাছে—দে আজ স্কুলে থাকতে পারবে না। তার আজ কাজ রয়েছে বন্দরে । বন্দরের সি-ম্যানস্ মিশনে। তারপর আলমারি খুলল, লিজেনকে ভেকে বলল—কোন্ স্বাটটা পরলে মানাবে ভাল। কোন রাউজটা আজকের আবহাওয়ার সঙ্গে ঠিক মত থাপ থাবে?—দেই ভনে লিজেন বারান্দায় এল। সবুজ টেনিস্-লনের শিশির-ভেজা ঘাসের উপর শীতের এক টুকরো পাতলা রোদের রং দেখল। পাহাড়-দিঁড়ি দেখল—সমুদ্রের রং দেখল। শেষে ঘরে চুকে বললে—সবুজ স্বাট পর, সাদা স্বাটিনের রাউজটা গায়ে দে। মেজাজের সকে আবহাওয়া থাপ থাবে।

ভাই হল। তাই পরল লিলি। সবুজ স্বার্ট পরল, সাদা সাটিনের জামা গায় দিল।
ধুসর মঙের একটি কোট রাথল হাতের কছ্ইয়ে যদি কুয়াশা নামে, যদি কনকনে ঠাণ্ডা

ওঠে সমুন্ত থেকে। চুলের উপর আরেকবার আশ চালাল। ছটো অভ্যন্ত হাকা ফুল-মোজা পায়ের পাতা পর্যন্ত ঠেলে দিয়ে এনে দাঁডাল বড় আয়নাটার সামনে। ভারপর প্রসাধনে বদল। ঠিক জানলাটার বং দেখে ঠোটেব উপর তুলি দিয়ে রক্ত-আঁক দিল দক করে। জ্রতে পেন্দিল টেনে আবো দীর্ঘ করে দিল ঈগল পাখীর ডানার মৃত্ বেখাছটোকে। শেষে ক্রহটো প্রশন্ত করে শরীক মেজাজে হাদল। হাদি দেখে লিজেন বল্লে—তুই রাজরাণী।

লিলি লিজনের গালে চুমো থেয়ে বললে—তবে তুই আমার বাঁদি।—বলে আলনার কাচে গেল। আলনায় তিন-চারটা ভ্যানিটি ব্যাগ। এবারও জানালার রং দেখে একটা তুলে নিল পছন্দ মত কাঁধে ঝুলিযে দিয়ে বারান্দায় বের হয়ে জুতো টেনে ফুতো পরলে। পরে ছরস্ত ছটো হাত উডস্ত বুলবুলের মত বাতাদে নাচিয়ে নাচিয়ে স্কল-হোস্টলের সকল মেযেদের অভিবাদন করে পাহাড-ছাদ থেকে নেমে গেল।

পাহাডের পথ শঋ্ম্থী। ঘূবে ঘূবে পাহাড থেকে উপত্যকায় নেমেছে। গমক্ষেতে ঢ়কেছে, আপেল-বাগানেব অলিগলি ধবে কববথানার পাঁচিলেব বাঁ দিকের পথ অতিক্রম কবে এদে থেমেছে ট্রাম্-স্টপেজে। শেষ শেডের তলায় দাঁডিয়ে ট্রামের জন্ম অপেক্ষা কবল কিছুক্ষণ। ট্রাম এলে উঠবে, সি-ম্যানস্ মিশনে নামবে।

মিশন পৌছতে বেশ বেলা হল লিলির। মিশনের সামনের গোটা চত্তরটায় রোদ। হান্তা রোদ—পাতলা রোদ। সে বোদের তেজ নেই, তোয়াজ আছে। সে মিষ্টি মিষ্টি রোদ গায়ে লাগলে মন নবম হয়, শীত থেন উষ্ণ হয়। সে রোদ গায়ে মেখে লিলি মিশনের দরজা ঠেলে ঘরে ঢুকল।

যেই ঘরে ঢোকা সেই দশটা প্রশ্ন। এমন অবহেলায়, এমন অসময়ে! তারপর থ্লে বলতে মরিশ্ বললে—বলছ কি লিলি! লিটন কমুই কোমরে রেখে বললে—এ যে রীতিমত আজগুরি কথা হল। বিখেদ হচ্ছে না—কেমন করে হবে?

লিলি ততো বলছে, আমি দেখেছি সে মন্ত্র পড়ে কোখেকে একটা কালো সাপ এনে ভায়ালের উপর ফেলল। তাবপর আবার দেখেছি ভায়ালের বুক বেয়ে সেই সাপটা অন্ধকারে মিলিয়ে যাছে। একটু রং চড়িয়েছে কথাটা বলার সময়। লিটন আবার মিশনের সেক্রেটারীকে বলার সময় রং-চড়ানো পর্দায় আর একটি স্থল প্রলেপ দিয়েছে, ক্রমশ সে চড়ানো রং বন্দর থেকে ক্রেনগুলোর পায়ে পায়ে কাঠের ঘরের অলিন্দ ধরে দোকানে দোকানে বিস্তৃতভাবে বিস্তারিত হল। ঘরে বে-ই ফিরেছে বন্দরে থেকে সে-ই কুইন এলিজাবেথের সমারোহপূর্ণ জাহাজটার সঙ্গে খবর দিয়েছে বন্দরে সন্ধার ম্যাকিক

হবে—সাপেব নাচ। মোবারক নাচাবে দাপ, মন্ত্র পড়ে সাপটাকে ভারতবর্ষ থেকে এনে সকলের চোথের সামনে নাচাবে। মোবারক—ইণ্ডিয়ান—এ ম্যান অফ্ মিটিক ল্যাপ্ত।

ভারপর লিলি গেছে মোবারকের জাহাজে। একটি ভেনিস, ছটো আমেরিকান জাহাজ পার হলে দে জাহাজ। মাল খালাস হতে কিছু বাকী বলে কাঠের দিঁ ডিটা প্রায় খাড়া হয়ে গ্যাংওয়েতে উঠে গেছে, তাই সে ছ দিকের ছটো দড়ি ধরে সন্তর্পণে পা টিপে টিপে গ্যাংওয়ে বেয়ে উঠল। সামনে গোল টেবিলে কোয়ার্টার মান্টার, মাছ ধরার জাল বুনছে। চিত্ত ভাব একাগ্র। তবু লিলির দেহগজে চোথ তুলে ফ্যাল করে চেয়ে কেমন ঢোক গিলল। ছ-একটি জরুরী প্রশ্ন করা দরকার, এ যে জাহাজ, এখানে যে যার খুশী মত উঠতে নামতে যে পারে না সে কথা না জানিয়ে ওর জমকালো পোবাকের প্রতি শুধু সেলাম ঠকল একটি। এবং লিলি যথন বললে, মোবারক কোন্ কেবিনে থাকে, সে তার কাছেই এসেছে তখন স্থানী সাহেবের চিত্ত রুতজ্ঞতায় আরো গদ গদ হয়ে উঠল। জাল বোনা ফেলে কুনিশের কায়দায় বললে—আফুন। আমি আপনার বান্দা।

দিলি ডেকে ছোট ছোট পা ফেলে চলেছে আর দৃষ্টি রেখেছে চারিদিকে। সে দৃষ্টি কৌতৃহলের। উইন্চ ড্রাইভাররা কি করে মেশিন চালাচ্ছে, ক্রেন ড্রাইভার কেমন করে নীচে ছয়ে দেখছে সব, তু নম্বর মালোম ফ্রায় ফ্রায় কি সব কথা বলে যাচ্ছে, ওব দৃষ্টিতে সব ধরা পড়ল। তারপর সে এল পিছিলে, যেখানে গ্যালী, বাথকম, মেসক্রম। ত্-চারজন জাহাজী মেসক্রমে মাত্র বিছিয়ে তথন মূথে ভাত ঠেলছে। ত্-একজন একটু যায়গা করে নামান্ধ পড়ে নিচ্ছে। লিলি মেসক্রমে উকি দিয়ে তাও দেথে নিল। স্থানী তথন বলছে—ওদিকে নয়, এদিকে আস্থন। এই সিঁড়ি দিয়ে নীচে নামতে ছবে। সেথানেই মোবারকের কেবিন। আপনি আস্থন।

ন্সিলি নীচে নামল, নেমে আওয়াজ পেল ফোঁকসালে ফোঁকসালে জাহাজীর। মোবারকের স্থিমিত আওয়াজও ওর কানে এসে ধাকা থেল। মোবারক অক্যান্ত জাহাজীর তুলনায় যেন খুব আন্তে কথা ৰলছে।

শেষে এ-কেবিন সে-কেবিন দেখে লিলি ঢুকল মোবারকের কেবিনে। ঢুকে প্রথমে শেখরের সঙ্গে ছাওশেষ্ক করে মোবারকের দিকে এগিয়ে গেল।

মোবারক তথন বললে—গুড্মনিং। লিলি তোমার শরীর ভাল তো?

- —নিশ্চয়ই। তাই তোমার জাহাজে এসেছি।
- -- লে ভো আমার সৌভাগ্য।

- —আমি তোমার সৌভাগ্যকে টেনে নিরে আদতে রাজী নই। আমার সৌভাগ্যকে তোমার কাছে নিয়ে এসেছি।
  - --ভবে বোস।
  - —বিপরীত হলে বুঝি বসতে দিতে না ?

শেখর হেসে বলল—আমি কিছ দিতাম।

শেখর বালিশের নীচে থেকে সিগারেট বার করে লিলিকে দিয়ে বলল —নাও ধরাও। তাডাতাডি কর। এখনি আবার ঘণ্টা পড়কে ইঞ্জিন-রুমে। এলে তো খ্ব সময় মত। এখনি তো আমাদের কাজে বের হয়ে যেতে হবে।

- —হবে তো হবে।—মোবারকের দিকে চেয়ে বললে—তোমাব দক্ষে কথা খাছে।
- —কথা আছে, কথা বলবে। আগে বসো। তোমাকে বসতেই বা দিই কোথায় ? বাংকের উপর পা তুলিয়ে রেলি য়ে বসতে তোমার হয়তো খুব অস্থবিধা হবে।
- —অস্থবিধা হলেও তো আর না বসে পারছি না। কতক্ষণ দাঁড়িয়ে দাঁড়িয়ে কথা বলব ?—বলে শেখরেব বাংকে বাল্কেডের উপর হেলান দিয়ে বসে পড়ল এবং নিশ্চিস্তে দিগারেট টেনে দম নিল খেন ছবার।

এমন সম্য ইঞ্জিন-ক্ষমে ঘণ্টার শব্দ উঠেছে। উইগুস হোলের ফাঁক থেকে চীৎকার করছে ইঞ্জিন-ক্ষম বড-ট্যাগ্রেল—যোয়ান লোক টাণ্ট্র কামে যাও।

শেখর বললে—তাহলে উঠি।

মোবাবক বললে—সারেংকে বলবি শেপর, ইঞ্জিন-রুমে নামতে আমার একটু দেরী হবে। লিলির কথা বলবি।

শেখব চলে যাওয়াব সময় লিলি বললে—তুমি বুঝি জাহাজ ছেড়ে কোথাও ষাও না।

—কেন ? যাই তো। মাঝে মাঝেই মিশনে যাই। তোমাকে দেখি, মোবারককে
দেখি। তারপ্র জাহাজে আবার ফিরে আসি।

মোবারক বললে—ও যাবে কি বাইরে? ওর যে এক গাদা বই রয়েছে জাহাজে।
সেগুলো ফেলে ওর কোথাও যেতে ইচ্ছা হয় না।—তারপর শেখর চলে গেলে মোবারক
ওর লকার খুলে বইয়ের স্থপ লিলিকে দেখিয়ে বলল—গোটা সফর ধরে এরই ভিতর
শেখর ডুবে রয়েছে। লেখা-পড়া জানা ছেলে কেন যে জাহাজে মরতে এল বৃঝি না
ছাই।

লিলি বইগুলো নাড়াচাড়া করতে করতে টের পেল আঙুলের তু ফাঁকের সিগারেটটা প্রায় নিংশেষ হয়ে এসেছে। সে পকেট থেকে তাই আর-একটা সিগারেট বের করে মোবারককে একটা দিল। তারপর পোড়া সিগারেট থেকে আগুন ধরিয়ে ছস্ ছস্ করে জোরে টানল ক'বার। শেখরের বাংকে বসে বসে উন্মনা হর্দ্ধে ভীষণ কিছু বেন চিস্তা করছে লিলি।

মোবারক তার বাংকে বদে প্রশ্ন করলে—তারপর, কি বলছিলে ?

- —বলব, বলার জন্মই তোমাকে এমন অসমুয়ে বিরক্ত করছি। তুমি নিশ্চয়ই রাগ কর নি মোবারক ?
- —রাগ করার কথাটা এত বেশী বলা হচ্ছে যে শেষ পর্যস্ত রাগ না-করে পারবো না দেথছি ?
  - —তবে যে আমার বলা হবে না।

মোবারক হেসে ফেলল বলতে বলতে—বলো বলো, রাগ আমি করব না।

লিলি আধ-পোড়া সিগারেটটা হিলের তলায় ঘবে পোর্ট-হোল দিয়ে ছুঁড়ে ফেলে দিল। তারপর আরক্তিম ঠোঁটে একটি হালা হাসির পাপড়ি মেলে বললে—মিশনের প্রোগ্রাম আন্ধ বদল করে দিলাম। তোমার আন্ধ মাউথঅর্গান বান্ধানো হবে না।

— সে তো ভাল কথা। ছ জনে বেশ তবে সানক্লকের ভায়ালের উপর বসে গল্প করা, যাবে। বাতিওয়ালার হাঁচিটা কাশিটা ভনে ফিস্ ফিস্ করে বলবে — আন্তে মোবারক।

লিলি সব কথা বাদ দিয়ে ফোঁকসালের উষ্ণতা মেখে বললে—তুমি ইণ্ডিয়ান মোবারক।

- —সে কথা ভাবতে তোমার আপত্তি আছে কি ?
- —না, তাই আমার দৃঢ় বিশ্বাস তুমি আজ অস্ততঃ আমার সম্মান রক্ষার্থে একটি বিষয়ে আপত্তি করবে না।

ষোবারক কিছুক্রণ চুপচাপ থেকে বললে—আমার সাধ্যের আওতায় থাকলে আপত্তি থাকার তো কিছু কথা নয়।

—তেমন কথাই বলব। তুমি ইণ্ডিয়ান তাই তোমার পক্ষে সম্ভব। কাল তুমি আমায় ছায়ালের উপর সাপ, সাপের-নাচ দেখিয়েছিলে!

মোবারক এবারও হেসে উঠল।—দে কথা তুমি এখনও ভূলতে পার নি। দে তেমন কিছু না। কথাটা ভূলে যাও। অমন ভয় পাবে জানলে নিশ্চয়ই সাপটা দেখাতাম না। বিশাস কর, আমি মিখ্যা বলছি না। তা ছাড়া তোমার তো ভয় পাওয়াই স্বাভাবিক।

লিলিকে অত্যন্ত যিয়মাণ দেখালো। অথচ অমান ওর চোখের দৃষ্টি। তেমনই লাকা হাসি ওর ঠোটে। চোখের নীল তারাগুলো জল জল করছে। সে আরো

খনিষ্ঠ হয়ে এল। মোবারকের বলিষ্ঠ ছটে। হাড ওর নিজের নরম ছটো হাডে অঞ্চলির মত গ্রহণ করে অত্যন্ত বিনীতভাবে বলল—বলো তুমি আমার কথা রাখবে ? '

মোবারক 'লিলিকে কাছে টেনে আরো কাছে বসল। ফোঁকসালগুলো নির্জন, কোপাও থেকে কোন শব্দ ভেলে আসছে না। শুধু ছাদের উপর পিছনের গ্যালীতে ভ'গুারীর কাঠের ছেনি নাডার শব্দ ঠক্ ঠক্ করে নীচে নেমে আসছে। সে গভ বাতের সান ডায়াল ক্লকের ক্রটির জন্ম আজ সর্বতোভাবে লিলির অন্ধ্রোধকে অন্ধ্রাহের এত যেন ঠেলতে পারছে না। তাই মুখোমুখী হয়ে বলল—বলো, বিন্মাত্র সম্ভব হলে তোমার অন্ধ্রোধ নিশ্চয়ই রাখব।

— তুমি ইণ্ডিয়ান, তোমার পক্ষে দব সম্ভব। মিশন চম্ববে আদ্ধ শহর ভেক্ষে লোক জমবে। থবরটা আমিই সকলকে দিয়েছি। তোমাকে না জানিয়ে মিস্টার লিউডকে বলে প্রোগ্রাম করেছি ভিন্ন। ভিন্ন মঞ্চ হবে চম্বরে। সেখানে তোমার প্রোগ্রাম। তুমি সাপের-নাচ দেখাবে সেই মঞ্চে।

গত রাতে লিলি ভায়ালের উপর বিজ্ঞপ করে যতটা উচ্চকিত হরে হেসেছিল, মোবারক হাসছে তার দ্বিগুণ চভায় সে হেসে হেসে বাংকের উপর গভিয়ে পড়ল এই বলে—ব্লিউ তার জন্ম তোমার এত মিয়মাণ হয়ে অন্মরোধ, এমন ভালা গলায় তু হাত হাতে তুলে এত বিনীত হয়ে বলা?—তারপর বাংকের উপর সে সোজা হয়ে বলল—কথা আমি তোমার নিশ্চয়ই রাধব। শীত না থাকলে তুমি না বললেও আমি পথে-ঘাটে এমনি নাচাতাম, যেমন করে অন্ত সব বনরে নাচিয়েছি।

লিলি এবার সহজ হয়ে বসল বাংকে। ওর উচ্চকিত হাসির জন্ম ওর কতক ভাঙ্গা ভাঙ্গা ইংরেজী একেবারেই ব্রুতে পারে নি সে। শুঞ্ এই ব্রুল মোবারক তাকে কথা দিয়েছে, সে সাপ নাচাবে। ভারতবর্ধ থেকে সাপটাকে সে মন্ত্র পড়ে ধরে নিম্নে আসবে বোধ হয়!

লিলি এবার বাংক থেকে উঠে দাঁড়াল, বললে—তবে চলি। সন্ধ্যা সাতটায় প্রোগ্রাম। আমি মোটর নিয়ে আসব, তুমি ছটায় ঠিক হয়ে থাকবে।

লিলি মোবারকের বৃকের কাছে এসে মৃথ তুলে হাগুশেক করার জন্ম হাত বাড়াল। সে হয়ে হাত ধরলে লিলির, অত্যন্ত ঘনিষ্ঠ হয়ে উঠল ওদের হুটো মৃথ। কিন্তু সাহস হল না মেয়েটির। ওর নরম দেহ মাধবীলভার মত কেঁপে কেঁপে উঠলেও সে আর একট্ ঘনিষ্ঠ হয়ে ওর আরক্তিম ঠোটহুটোয় কিছুর উষ্ণ চাপ পেতে পারল না, ওধু ম্থোম্বী হয়ে বলল ফিস ফিস করে—মাই ডালিং, মাই ম্যাজিসিয়ান।

মোবারক আর্তনাদ করে যেন উঠল—ব্লিউ আমি বাছকর নই।

## নিনি ততক্ষণে সিঁভি ধরে উপরে উঠছে।

মোবারক দরজার বাইরে এদেছে বেন আর্তনাদ করতে করতেই—লিলি আমি বাতুকর নই। সাপটা আমার ভেঙ্কি নয়, সে জাবস্তু, আমার পোষমানা জীব।

লিলি ডেক ধরে 'দ'-এর মত পা ফেলে প্রায় ছুটে যাওয়ার মত যেন হাঁটছে। ভান হাত বাতাদে নেড়ে বলছে—যাতুকর যারা তারা তো এমনি করেই বলে মোবাবক।

—বিশ্বাস না হয় নীচে আমার কোঁকসালে এস দেখিয়ে দিচ্ছি।—কথাটা বলে কিছুক্ষণ পিছিলের স্টেন্সান ধবে হাঁফিয়ে নিল বুঝি মোবারক।

লিলি দিঁ ড়ি দিয়ে জেটিতে নামছে মোবারকের প্রতি দৃপ্ত দৃষ্টি তুলে। ওর যাত্বর মোবারক। আশ্চর্য এক দেশের মাটির গন্ধ ওর দেহে, চোথছটোয় কেমন এক মাযায় ভরা ডাক। জেটিতে নেমে হাত নেডে বললে—না না মোবারক, তোমার সে ম্যাভিক, তোমার সে দাপের-নাচ একা ফোঁকদালে দাঁড়িয়ে দেখলে আমি ঠিক থাকতে পারব না। তুমি সে অম্বরোধ আমায় আর করে। না।

মোবারক কেন্সান জভিয়ে এতটা উত্তেজিত হয়েছে যে সে আর কোন কথা পর্যস্ত কলতে পারল না। সে শুধু চেয়ে রয়েছে লিলির দিকে। তার দেহছায়া সোনালী রোদে পাহাড়-সিঁড়ির ধাপে-ধাপে উঠে যাচ্ছে। পাকে-পাকে যে পথ গেছে সেই পথে কেমন করে হারিয়ে যাচ্ছে ভাই দেখছে দাঁডিয়ে।

় ভাণ্ডাবী, গ্যালী থেকে উ<sup>কি</sup> দিয়ে বলেছে যথন—এই মিঞা মাইয়াডা কি কইল রেব ?

মোবারক কোনরকমে যেন বললে ভাগুারীকে—কিছু না।

লিলি ষতটা হান্ধা হ্মে পাৰীর ডানার মত উডে উডে পাহাড-দি ডিতে হারিয়ে গেল—মোবারক ততো প্রস্তরের মত ভারী হয়ে দেই পিছিলের উপর থেকে পাঁচ নম্বর, চার নম্বর ফলা অতিক্রম করে না-চলি না-চলির মত ইঞ্জিন-কমে গিয়ে নামল। ধরু বুকে আবার জালা ধরেছে। লিলি এতক্ষণ বাংকে বদে কথা বলে নি তো—বিজ্ঞপ করেছে। মোবারকের পোবমানা জীবটিকে দে ভেন্ধি বলেই জেনেছে।

নিজের মনেই বিড় বিড করতে করতে এক সময় মোবারক টানেলের ভিতরও চুকে গেল। সে শেখরকে খুঁজছে। শেখরের কাছে তার নালিস। শেখরকে বলবে মেয়েটা এডক্ষণ কথা বলে গেল না তো—বিদ্রূপ করে গেল। সেই কথার পুনরাবৃদ্ধি ভাই ওর ঠোঁটভূটোয় কেবল পাক থাচছে।

শেধরকে মোবারক টানেলের তলায় খুঁজে পেল না। টানেলের ভিতরও না। প্রাপেলার-ভাফ্ট পর্যস্ত সে তর তর করে খুঁজেছে কিন্তু পায় নি। টানেলের বাইরে এদে এভাপরেটারের তামার পাইপগুলোতে যারা ক্রেপ করছে তাদের ভিতরও কে নেই। তারপর জেনারেল পাম্পের নীচে এবং পাশে, স্টোকহলে—কিন্তু কোথাও নেই। সারেংকে জিজ্ঞেদ করতে সারেং বললে—বাদালী বাবু চার নম্বর সাবের দক্ষে এক নম্বর উইনচে কান্ধ করছে। দেই শুনে মোবারক ছুটল হারিকেন ডেকে। শেখরকে বলতেই হবে—ব্লিউ এতক্ষণ ওর কেবিনে বদে শন্ধচ্ডটাকে ভেন্ধি বলে বিদ্রাপ করে গেল। মেয়েটাকে সমূচিত জবাব দিতে হবে।

মোবারক প্টোকহোলের সিঁভি ধরে উপরে উঠল। চিমনীটার গোড়ায় দাঁড়িয়ে খাস নিল জোরে। পাত্টো ক্রমশ যেন প্রস্তরীভূত হয়ে উঠছে। উত্তেজনা এবং মনের আঁকুপাকু শেখরকে না বলা পর্যন্ত থালাস হবে না। সে তাই বোট-ডেক থেকে নেমে তিন নম্বর ফল্কা অতিক্রম করে এক নম্বর উইনচের পাশে গিয়ে দাঁড়াল।

শেখর কাজ করছে। চার নম্বর সাব উইনচের ভিতরে ঢুকে স্ট্রেপার খুলছে। **পুটো** পা শুধু বাইরে বের হয়ে আছে ওর। হাতৃড়ি, বাটালি, স্প্যানার যথন যা কিছুর দরকার সরবরাহ করছে শেখর। ঢিলে স্ট্রেপারগুলো ফাইল করেও দি**ছে মাঝে মাঝে**।

মোবারক শেখরের পাশে দাঁভিয়ে বললে—ব্লিউ আমার সাপটাকে **অস্বীকার করল।** 

- —করেছে তো বেশ করেছে ভাতে ভোর কি এল গেল ?
- —তুই এটা কেমন কথা বলছিস শেখর!
- —আমি ঠিক বলছি।
- —না, তুই ঠিক বলিস নি আমি জ্যান্ত দাপটা কালকে দেখালাম আর সে বলছে কি না যাত্ করে আমি সাপ দেখিয়েছি। আমার পোষমানা জীবটিকে অস্বীকার করে বলবে ম্যাজিক, আর মুখ বুজে তা হজম করব ?
- —একাস্তই যদি অস্বীকার করে তো দাপটাকে গুর গায়ে ছুঁড়ে দিয়ে পর্থ করতে বলবি সভ্য কি মিথা।

মোবারক এতক্ষণে যেন আখন্ত হল, এতক্ষণে যেন পথ পেল, একগলা উন্তেজনা থেকে থালাদ পেল। কিন্তু কথা দে ঠিক রাখবে। মধ্দের উপর সাপের নাচ সে খথার্থই দেখাবে। দেই দেখে যদি ওরা ওকে যাত্কর ভাবে ভো বয়ে গেল। সে শুধু লিলিকে প্রমাণ দেবে—সাপটা ভার ঘরের মাহ্ন্য। জৈনব থাতুনের অভি আদর করে দেওয়া। বিগত প্রেমের এক জীবস্ত ফদিল।

পাহাড়-সিঁড়ির ধাপে ধাপে লিলি কিন্তু তথনও 'দ'-এর মত পা ফেলে কেমন উচ্ছুল হয়ে হাঁটছে। বুকে তার অফুরস্ত প্রেম, অফুরস্ত আনন্দ, অফুরস্ত কানাকানির কথা। মোবারককে নিউ-প্লাইমাউথের ঘরে ঘরে ভালবাসায় বেঁথে রেখেছে। ভারাঃ

• একাস্ক বিশ্বরে কাচের শাসি তুলে অপেকা করেছে প্রতি বিকেনে,—মোবারক বাঁশি বাজিয়ে বাবে ৷ বাবে পাহাড়-ছাদে, বাবে ক্লিউর স্ক্ল-হোস্টেলে। ব্লিউকে দেখে কড নেমে তাই হিংসে করছে। লিজেনও বুঝি!

লিলি চড়াই ভেকে উৎরাই ভেকে হাঁটছে। অসহিষ্ণু মন নীল আকাশ দেখছে। চার্চ স্থাট, নিউ স্থাট, গীর্জার পুকুর অতিক্রম করে সে নেমেছে ফিল্পরয়ে। একটা কাফেতে চুকে ঢক ঢক করে গলার ঢালল কিছু—বর্থশিস দিল বয়টাকে, খুশী মত পয়সা থরচ করল। যাকে পেল, পরিচিত অ-পরিচিত তাকেই ম্যাজিকের থবর দিয়ে ফুরফুরে চুল উড়িয়ে বাঁদিকের পথ ধরে সম্জের দিকে নেমে গেল। সব আজ তার ভাল লাগছে। স্কলর মনে হচ্ছে এই পৃথিবীকে। পাহাড়গুলোকে দেখে মনে হল তারা আজ অত্যম্ভ খুশী। সোনালী রোদকে মনে হল থিল থিল করে হাসছে। সম্জের নীল তরঙ্গে দেখল নিউাজ ঢেউ তারপর একটা দমকা হাওয়ায় নিজের ক্রমালটা বাতাদে উড়িয়ে দিয়ে বললে—মোবারক মাই ডালিং, মাই ম্যাজিসিয়ান।

লিলি আবার শালিয়াড়ি থেকে উঠে গেল। পাহার-সিঁড়ি বেয়ে শহরের দিকে এগিছে বাছে। নিজের ঘরে গেলে হয়। মাকে থবর দিলে হত! কিন্তু লিলির কেমন স্ংকোচ হল। মা নিশ্চয়ই থবরটা পেয়েছেন। সে তাই পিকাকোরা পার্কের পথ ধরে রাণী এলিজাবেথকে যে চত্তরে প্রথম অভ্যর্থনা জানানো হবে দেখানে গিয়ে চ্কল। বিরাট মঞ্চ করা হয়েছে, হাজার অতিথির জন্ম চেয়ার দেওয়া হয়েছে। তারপর দামী কার্পেট বিছানো, চত্তরে ঢোকার প্রথম দরজায় ত্জন অখারোহী প্রফা। ঝক্ঝকে তলোয়ার হাতে। কপালি রঙের কটিবন্ধ। তারা লায়ন রকের দিকে ম্থ করে আছে।

সে হাঁটল শহরের বিভিন্ন পথ ধরে। পথগুলো স্থদজ্জিত। কাঠের ঘরগুলো বিভিন্ন ফুলের সমারোহে নৃত্যচঞ্চল মেয়ের মত মূখরিত হয়ে উঠেছে। পথের কৃ পাশে কাঠের রেলিং দেওয়া। গ্রাম থেকে লোকের ভিড় সেই রেলিং লাগোয়া হয়ে অপেকা করছে কখন রাণী এই পথ ধরে যাবেন। এলিজাবেথের গাড়ীতে ভারুর ফুল ছিটিয়ে 'দেবে। ঘরের বারান্দাগুলোভেও মাহুবের ভিড়। ভারা বন্দরের দিকে দৃষ্টি রেথে উন্মুধ হয়ে আছে।

निनि निष्कत मत्नरे शंत्रन--मास्यक्षता भागन।

শেবে যখন সন্ধার গাঢ় অন্ধকার একটুকরো ক্রাশার মায়া মেখে নিউ-প্লাইমাউথের মাটিকে চুমো খেল, যখন কুইন এলিজাবেখের শোভাষাত্রা শত অন্ধারোহীর ঠক্ ঠক্ আওরাজের ভিতর মিলিরে গেল, যখন দেই ভগ্ন জনতা শহর ভেলে বন্দরে ছুটেছে সেই সময় লিলি লিটনের মোটর হাঁকিয়ে সিঁড়ির গোড়ায় এসে হাঁকল—ক্ষানী, মোবারককে খবর দাও ভাই ব্লিউ এসেছে মোটর নিয়ে।

উজ্জ্বল একঝাঁক পায়রার মত লিলির শরীর উইংসের আলোতে ঝক্ ঝক্ করছে। ওর সব্জ স্বাটে আলোর বক্তা নেমেছে যেন। মোবারক ডেক অতিক্রম করে আগছে। তথন। শেখর ওকে অন্থসরণ করছে। ত্জন বাঙালী একজন মাউরী মেয়েকে অলক্ষ্যে উকি দিয়ে দেখল, পাচ নম্বর সাবের কেবিনের ফাঁক থেকে—মেয়েটা উঠে আগছে।

মোবারকের গায়ে দামী নেভী ব্লু সার্জ। হাতে লেদার ব্যাগ। মাথায় নীল কেন্ট ক্যাপ। আমেরিকান কায়দায় টাইটা ঝুলিয়েছে নাভি পর্যস্ত। ভান হাতটা পকেটে। সে সিঁ ড়ি দিয়ে নামল কেমন ক্লাস্ত পা ফেলে। নীচে নামলে লিটন দরজা খুলে দিল। লিলি হাওশেক করল তু জনের সঙ্গে কিন্তু কোন কথা হল না। মোবারক নীরব। মোটরটা যখন বন্দর-পথ ভেকে এইচ. পি বুচারের মদের দোকান পিছনে ফেলে মিশনের চন্থরে ঢোকার চেষ্টা করল সেই সময় লিলি বললে—দেখেছ শেখর, দেখেছ মোবারক, শহর ভেকে জনতা এসে কেমন ভিড় করেছে!

মোবারক উত্তর করল না—ভধু শেখর 'হু' বলে কিছু প্রতিধ্বনি করল মাত্র।

মোবারকের দীর্ঘ দেহটা চন্দরে নামতেই জনতা ছ ভাগ হয়ে পথ করে দিল। লিলির হাত ধরে দে মঞ্চের দিকে এগিয়ে যাছে। আছের দৃষ্টি তার বিরাট জনতাকে পার হয়ে সেই পাহাড়-ছাদে। যেথানে রেন্ট-রুম রয়েছে। যেথানে সান ভায়েল ক্লক রয়েছে। দে দেখল ভিড় থেমে আছে বাতিঘরের পাহাড়-ছাদের নীচের ধাপ পর্যস্ত। পাহাড়-সিঁড়ির হাটু ভাঙ্গা 'দ'-এর স্তরে শুরে গ্যালারি। সব মামুষ উন্মুখ প্রত্যাশায় বসে আছে। নীরব, নিস্তর, এতটুকু আওয়াজ নেই কোথাও। শুধু এক পশলা, হিমের শুডো রিণ রিণ শব্দে ক্রমশ নীচে নেমে আসছে।

মোবারক গিয়ে মঞ্চে উঠল। লেদার ব্যাগটা উইংসের ছায়ায় রেখেছে। তারপর উইংসের তলায় হাত বাড়িয়ে সাপটাকে টেনে টেনে বের করল। বিশ্বয়ে 'থ' হয়ে থাকা হাজারো মাছবের চোথের উপর বারো ফিটের শৃন্ধচ্ডটাকে তুলিয়ে তুলিয়ে নাচাল। তু ঠোঁটে তার মাউথঅগান বাজছে এবং সে তুলে তুলে ভয়কর লাপের ম্থোম্থী হল। জনতার উন্মৃথ দৃষ্টি তথন চঞ্চল হয়ে উঠেছে, অনেকে এই ভয়কর দৃশ্বকে শহ্দকরতে না পেরে চোখ ঢাকল।

তারপর মোবারক নেমেছে মঞ্চ থেকে। সাপটা গড়িয়ে গড়িয়ে অন্ধকারে অদৃশ্রু হয়ে বাচ্ছে। হাজারো মাহুষের কণ্ঠ উচ্চকিত। তারা অভুতভাবে টুপি উড়িয়ে মোবারককে অভিবাদন জানাল। অনেকে ভিড় ঠেলে এসে তার দৃঢ় বলিষ্ট দেহটাকে দাঁড়িন্নে দাঁড়িন্নে দেখল। লিলি এল, সেকেটারী এল কিন্তু কারো দলে সে কথা বলল না। শুধু একসময় উইংদের আড়াল থেকে ব্যাগটা নিম্নে লিলির হাত চেপে ধরল। বললে—চল পাহাড়-ছাদের সান ডায়াল ক্লকে

সেই সান ভায়াল ক্লক আর রেস্ট-ক্লম, সেই পাহাড়-ছাদ। বিগর্ত অনেকগুলো রাভের কবোঞ্চ নিখাস বেথানে লিলির সিক্ত ঠোঁটগুলোয় কামনার আতি লভিয়ে লভিয়ে আবার হিমশীতল হয়েছে।

লিলি এল, মোবারক এল। নিঃশব্দ উভয়ে ডান হাতের কঠিন চাপে মাঝে মাঝে লিলির নরম হাতটা আর্তনাদ করছে। তবু সে কিছু বলছে না—কাঁদছে না। হাতের কঠিন চাপে শুধু মাঝে মাঝে মোবারকের উপব চলে পডতে চাইছে।

পাহাড়-ছাদে সান ডায়াল ক্লকের উপর ত্রিভূজের মত কাঠটাকে ব্যবধান বেথে তু
জন বসল। তারপর ব্যাগ থেকে টেনে টেনে মোবারক শঙ্খচ্ডটা বেব করছে। শীত
তীব্র বলে কিছুতেই ভিতরেব গরম ছেডে হিমশীতল ঠাগুায় আসতে চাইছে না সে।
তবু অনেক টেনে সাপটা লিলির সামনে বের করতেই অর্ধ-মৃতের মত চোথ বুজে
তুটো হাত মোবারকের প্রতি তুলে লিলি শুকনো কঠে শুধু বললে—মোবারক!

—দেখই না—বলে সাপটাকে আরো কাছে টেনে নিল মোবারক।—ভাবতবর্ষ থেকে এটাকে মন্ত্র পড়ে নিয়ে আসি নি, দয়া করে আমাব ব্যাগের ভিতরই শঙ্খচ্ডটা থাকে।
এটা আমার পোষমানা জীব।

ভায়ালের উপর ভয়ে লিলি উঠে বসেছে। লিলির তাম্পু-করা ফুর ফুরে চুলগুলি উড়ছে।

মোবারক ক্লান্ত, লজ্জিত এবং সঙ্কৃচিত। মাথা নীচু করে তাই সে অনেকক্ষণ,বসে স্থাকল।

লিলি বললে ওর হাত টেনে। তোমার আজ জাহাজে ফিরতে হবে না, আজ ফল ফিজবঙ্গে মায়ের কাছে।

মোবারক উত্তর করতে পারল না, মন্ত্রমুগ্রের মত সে শুধু ভায়াল ছেভে উঠে দাঁভাল।
অক্ত কোন আওয়াজ নেই। পাহাড়-ছাদ, কোরী-পাইনের বনভূমি অন্ধকারে
বৃমিন্ধে রয়েছে। একমাত্র উপত্যকার গ্যালারীর মত চড়াই-উৎরাই পেরিয়ে বন্দর
থেকে মোটরগুলো মাল নিয়ে শহর ছাড়িয়ে অক্ত পাহাড় প্রান্তে ছুটছে। তারা তৃজন
পাহাড়-ছাদ থেকে নেমে এল সেই সময়।

নীচে কবর-ভূমি। কবরের পাঁচিল। পাঁচিল ঘেঁষে পথ, পথ গিয়ে থেমেছে ট্রাম কলৈজে। লিলি এসে একবার কবর-ভূমির দরজায় থামল। পিছনে মোবারক। মোবারক কথা বলছে না। সে কেমন আনমনা হয়ে পাহাড়-সি ড়ৈ ভেকে হাঁটছে।

লিলি বললে—মোবারক তুমি আমার বাবার কথা শুনেছিলে।

মোবারক বললে—তিনি তো মারা গেছেন।

—তাঁর সমাধি আছে এই কবর-ভূমিতে। চল না দেখবে।

লিলি চাইছে মোবারক পুনরায় স্বাভাবিক হয়ে উঠুক। ওর আনমনা মন লিলির চিন্তাধারার দক্ষে যুক্ত হোক।

সদর দরজার পরে লাল কাঠের ঘর। দারোয়ান বারান্দায় ইজিচেয়ারে ভয়ে ভয়ে এন্ড টেস্টামেণ্ট থেকে একটি কুত্র অংশ বার বার একই হুর করে পড়ছে।

বারান্দার দামনে কালো সরীস্থপের মত অমস্থণ পথ। লিলি আর মোবারক দেই পথে আরো হুটো গ্যাসপোস্ট অতিক্রম করে গেল।

প্রতি কবরের বুকে নিভস্ত মোমের আলো। প্রিয়জনের। সন্ধ্যায় আলো জ্বেল দিয়ে গেছে। অনেক রাত পর্যস্ত জ্বলে আর জ্বনতে পারছে না।

লিলি আর মোবারক এসে থামল কুত্র একটি আপেল গাছের ছায়ায়। জাফরানী রঙের আলো গ্যাসপোস্ট হতে ঝরে পড়েছে, নিভন্ত মোমের আলো নিবু নিবু হয়ে কবরের ক্রমের উপর জলছে। লিলি বসল হাঁটু গেড়ে এবং মোবারক সেই মত মহুসরণ করে কবরের প্রতি আর-একটু ঝুঁকে বসল।

লিলি বললে তথন—মা সন্ধ্যায় রোজ এখানে আলো জেলে দিয়ে যান।

কিন্ত নিভন্ত আলো এবং বিবর্ণ জাফরানী রঙের আলোর ছায়ায় কবরের উপর কতকগুলো হরফ অত্যন্ত অস্পষ্ট। সে-জন্ম মোবারক 'আরও একটু ঝুঁকে অত্যন্ত কাছাকাছি হয়ে দেখার চেটা করল লেখা ঘটো কিসের। আলোর পড়ো পড়ো শিখা নিঃশেষ হয়ে গেল বলে, নিভন্ত আলো একেবারে নিভে গেল বলে দেয়াশলাইর আলো জালল মোবারক। জাফরানী আলোয় হঠাৎ নীল-নীল চোথে দেখল সে হয়কের রেখাগুলো নীল হয়ে উঠেছে। নীল য়েখায় মূর্ত হয়েছে—পাভার ফাঁকে চুইয়ে-পড়া জাফরানী রঙের নীচে ঘটো কথা, ক্রমের উপর—প্রথমে ইংরেজীতে, হেনাফোর্ড এবং আরো কি: পরে বাংলা হয়ফেন

নিলি ভায়ালের উপর চোথ বুজে হু চোথ ঢেকে দাঁড়িয়ে কাঁপছে। মোবারকের হাত থেকে ছাড়া দাপুটা তথন ভায়াল থেকে নীচে গড়িয়ে পড়ে ধৃপছায়া এক পাহাড় অন্ধকারে লিলির পা জড়িয়ে কোমর অতিক্রম করে ধেন বুকের ভিতরের উষ্ণতা খুঁজছে। রাউজের অস্তরালে মাধাটা ঢুকিরে বুকের **ভারিপার্শে** পাঁচ কদকে বুঝি!

লিলি ভয়ে কাঁপতে কাঁপতে ভায়ালের উপর ঢলে পভার সময় মোবারক ওকে ছ্ হাতে জড়িয়ে বুকে টেনে নিল। ব্লাউজের অন্তরাল থেকে সাপের মাথাটা খুঁজে টেনে টেনে বের করল। হাতের উপর পাঁচি খেলিয়ে মুখের কাছে মুখ নিয়ে বললে— শহাচ্ডটা আমার হাতে। ভয় নেই, চোখ খুলে চেয়ে দেখ। ও অক্সায় করে না। প্রতিদিন দেখলে তুমিও ওকে ভালবেসে ফেলতে।

লিলি মোবাবকের বাঁ হাতের উপর সমস্ত শরীরের অবলম্বন রেথে কোন রক্ষে একবার অর্ধ-নিমীলিত হয়ে চাইল হাতে পাঁচ-খাওয়া সাপটাব দিকে এবং সঙ্গে সঙ্গে ভয়ে বিবর্ণ হয়ে চোথ বুজে ফেলন। শেষে অস্পষ্ট কণ্ঠে বলন—আর পারছি ন মোবারক। তারপর বলনে—আমি বিশাস কবি।

সাপটা চলে গেল মোবারকের নির্দেশে, ভায়ালের বুক বেয়ে বেয়ে ব্যাগের ভিতর 
চুকে চুপ করে বসে থাকল। একবারের জন্মও সে আজ ফোঁস করে বললে না—এসব
কি হচ্ছে।

মোবারক বললে—শঙ্খচ্ডটা চলে গেছে ব্লিউ!

লিলি এবার দোজাস্থজি তাকাল। তু হাতে হঠাং মোবারককে শাপটার মত পেঁচিয়ে ধরল। ডালিম পাতার মত সক নাকটা আর রক্তিম ঠোঁটত্টো বৃকের উপরু ঘবে ঘবে বললে—মাই ডালিং, আই লাভ যুয়।

ভারপর লিলি থেকে থেকে বার বার বলছে এক কথা—বুকেব উপব নাক-মুখ ঘদে বলছে তুর্, মো—বা—র—ক।—তার মনের প্রকাশ, সমন্ত কামনাব উষ্ণতা, তীব্র নিবিড়তার ঘনিষ্ঠতা, একটি কথার ভিতরই খেন মুর্ত হয়ে উঠেছে। আকাশ-ঝরণ ভারার মত সে কথা ওর মনে রেথান্ধিত করে দিল ব্লিউর কানা-ভবা হদয়ের ছবি । খান তাই তার ঝণার গলে-পড়া হারকচ্পের মত গলে গলে পড়ল। সেইজন্মই বুঝি আবার ডাকল—ব্লি-উ।

লিলি বুকের উপর পড়ে থেকেই উত্তর করলে—মো—বা—র—ক।

শব্দচ্ড চলে গেছে। প্রতরাং চল কোরী-পাইনের তলায় গিয়ে বিদ।

লিলি নিধর। ছটো হাত সেই আগের মত জড়ানো, এবং কোন জবাব উঠল না ওর কঠে। সে নির্জন রাভের মত নীরব হয়ে গেছে। কামনাবহ্নি পাক থেয়ে থেয়ে উঠছে রক্তপ্রবাহ হতে।

মোবারক অন্থভব করছে ওর শরীর ক'বার কেমন করে বেন রোমাঞ্চিত হল।

হরীতকী গাছের ছান্নার নীচের অন্ধকারটার মত এ অন্ধকারটাও ছাত বাড়িয়ে ওকে কাছে টানছে। শামীনগড়ের বাল্যপ্রেম এখানটায় আবার মাথাচাড়া দিয়ে উঠছে।

মোবারক ওর কাছ থেকে ত্-কদম সরে দাঁডাবার চেটা করল, কিন্তু পারল না। সে ওর সঙ্গে যেন সম্পূর্ণ জট পাকিয়ে আছে, ওর ধেন এতটুকু ক্ষমতা নেই এ জট ছাড়িয়ে মুক্ত হবার।

পাশেই ক্লকের সিমেণ্ট-করা ডায়াল। কোন অদৃশ্য শক্তি ওদের তৃজনকে সে দিকে বেন শুধু টেনে নিয়ে বাচ্ছে। তারপর ত্টো তাবা আকাশ থেকে খনে পড়ল সেই ডায়ালে। ডায়ালের বৃকে ওরা এগিয়ে গেল। এবং ক-ফোঁটা শিশিরবিন্দু গড়িয়ে এসে থমকে দাঁডাল পৃথিবীর কোলে। নির্গমপথে সবৃজ্ব সেই রং জন্মের ইসারা দিল।

তারপর— ?

ভারপর আবার নীরব সব। মোবারক ক্লান্ত দেহটা নিয়ে কোন রকমে উঠে দাঁভাল।

সে সময় প্রেসবিটেরিয়ান চার্চের ঘডিতে বারোটা বাজার শব্দ শোনা গেল। কোরী-পাইনের অন্ধকার ভেকে সে-শব্দ মোবারকের কানে এসে ধাকা থেল। সে শব্দে মোবারক উৎকর্ণ হল। তু হাত উপরে তুলে পাগলের মত ডেকে উঠল তারপর—থোদা হাফেজ।

অনেকক্ষণ পর শেখর পা বাড়াল ডেক থেকে মেদ-রুমের দিকে। এতক্ষণ এই ভোরের আলোয় শেখর পাহাড-দি<sup>\*</sup>ডির দিকে চোখ রেখে প্রতীক্ষায় ছিল মোবারকের। গড রাতে সে জাহাজে ফেরে নি।

মেস-রুমে চুকে টিনের থালায় ওর থাবার নিয়ে নিল। মোবাবকের থাবারটা গভ রাতের মতই সাজিয়ে লকারে রেথে দিয়ে এসেছে। ধ্বনই আস্ক, ছু মুঠো অস্কড কিছু মুখে দিতে পারবে।

কিন্তু মেস-ক্ষমে থেতে বসতেই ইঞ্জিন সারেং এসে দরজার উপর ভর করে ডাকল— শেখর, তোকে বাডিওয়ালা ডাকছে। বড় মালোম, বুড মিস্ত্রী ওঁরাও ব্রীক্তে আছেন

- —আমায় ক্যাপ্টেন ডাকছেন ?
- —হঁ। ডাকছেন। মোবারক কাল জাহাজে আদে নি। আজ কাজে বায় নি, আমি তাই রিপোর্ট দিয়েছি।
- —কাল আনে নি, আৰু আসত। আঠারো মাস সফরে কাল রাতেই ওঁগু আলে

  বি। আর তার জন্মই আপনি রিপোর্ট দিয়ে দিলেন ?

—আমি ৰাপু ওসব বৃঝি নে! যা ভাল ক্লুঝছি, ভাই করেছি। আমার সঙ্গে তুমি এস।

শেশর হাত মৃথ ধুয়ে মেস-রুম থেকে বেরিয়ে এল এবং প্রথম বারের মত থামল এনে অ্যাকামোডেশান ল্যাডারের গুঁড়িতে। সারেং আগে সিঁড়ি বেয়ে ওপরে উঠে গেল। ব্রীজে গিয়ে থবর দিল, শেখর নীচে দাঁড়িয়ে আছে। কতক্ষণ পর সারেং ওপর থেকে মুথ বাডিয়ে ডাকল—ওপরে উঠে আয়।

শেখর কোনরকমে লাফিয়ে লাফিয়ে উঠল। মই বেয়ে ক্যাপ্টেনের কেবিন ঘ্রে ছুঠু গেল বীজে। ভিতরে ঢুকে দেখল চিফ্-ইঞ্জিনিয়ার ষ্টিআরিং-ছইলের ওপর ভর করে দাঁড়িয়ে আছেন। কম্পাদটাব দোজাস্থলি বানিশকরা মেহগনি কাঠের রেলিংয়ের ওপর ভর করে বদে আছেন চিফ্-অফিসার আর ক্যাপ্টেন।

শেখর চুকতেই চিফ্-ইঞ্জিনিয়ার প্রশ্ন করলেন—মোবারক কোথায় গেছে শেখর ? ভূমি বলতে পার ?

- --- পারি। সন্ধ্যায় দে সি-ম্যানস্ মিশনে গেছে।
- —তারপরের খবরটা জানতে চাই।
- তারপরের থবর আপনি ঠিক যা জানেন আমিও তাই জানি স্থার।
- কিন্তু সারেং যে বলল মোবারকের সব থবর তুমি রাথ।
- --রাথ। কিন্তু কতটা রাথি সারেং সাব তা জানতেন না।
- —শেধর !—চিফ্-ইঞ্জিনিয়ার ধমক দিয়ে উঠলেন।—সব থুলে না বললে লগ-বুকে ভার ভোমার নাম তুলে নেবেন।
- —যা আমি জানি না স্থার, জানবার কথা নয়, সে নিয়ে যদি সারেং সাহেবের কথার উপর ভর করে লগ-বুকে আমার নাম তোলেন তবে ক্ষতি আমার হবে ঠিক, কিছু মোবারকের অনুসন্ধান পাওয়া যাবে না।

মোবারকের নামে ওরারেণ্ট দিচ্ছি। শুনেছি সে অ্যাগমণ্ট-হিলের দিকে একটি মেয়েকে নিয়ে চলে গেছে।

শেখর চুপ করে থাকল।

—হাতে আমাদের এতটুকু সময় নেই।. কারণ জাহাজ আজ-কালই ছেড়ে দেবে, নয় তো অপেকা করা কেত।—চিফ্-ইঞ্চিনিয়ার ক্যাপ্টেনের দিকে চেয়ে শেষে বললেন
—ভাহলে যেতে পারে স্থার?

হুম্ করে একটি শব্দ খেঁয়াৎ করে ক্যাপ্টেনের নাক মুখ চুই ছুড়ে বেরিয়ে এল। ক্যাপ্টেন সম্বতি জানিয়েছেন।

শেধর বীজ থেকে তথন নেষে এল জেকের উপর। মাউট আাগমট আর লায়ন রকের বৃক জুড়ে ওর বিবর্ণ দৃষ্টি। বড় অসহায় ও আজ। অন্তর থেকে খৃব সহজ্বভাবে। ইঠে এল কথাগুলি—জাহাজ দেল করবে। ওয়ারেট যাচ্ছে মোবারকের নামে। হয়তো সে না ফিরলে শেথরের অন্তির জাহাজে হঃসহ হয়ে উঠবে। অন্তেব করল আজ তার জীবনটা কেমন কেন্দ্রবিম্থ হয়ে উঠেছে। আঠার মাস সফরে দরিয়ার বৃকে ওদের ত জনের ভিতর এক মধ্র সম্পর্ক গড়ে উঠেছে। সমাজ আর গৃহজীবনে সে সম্পর্ক গড়ে ওঠা ভার। তাই ৢমোবারক আর শেথর হই ভিন্ন জাতির হৃ-ধারা সমুজের একঘেয়ে জীবনে এক রক্ত হয়ে গেল। সেই ধারা যদি হ্-ধারা হয় তবে শেথর ঝরা পাহাড়ী কুরচীর মত শার্ণ মানিমায় ঢাকা পড়বে।

ভাবতে ভাবতে চোথছটো ঝাপসা হয়ে ওঠায় শেখর ফোকশালের দিকে পা বাড়াল।

সারেং নীচে এসেছিল শেখরকে খুঁজতে, সে ধেন নীচে কান্ধ করতে য়ায়। চার
নথর সাবকে সাহায্য করতে হবে। কণ্ডেন্সার খোলা হয়েছে, পানি মারতে হবে
পাইপে। সে শুনেও শুনল না। সারাটা ছপুর বসে বসে মোবারকের হুর্যোগপূর্ব
ফাবনের কথা সে চিন্তা করল। সঙ্গে সঙ্গে বাকা সফরের নিঃসঙ্গ জাহাজী জীবনের
কথা ভেবে ধেন মুষড়ে পড়ল।

বিকেলবেলায় শেখর একবার মাত্র উঠে এপেছিল ডেকে। মাবারকের ওয়ারেন্টের নতই বেন বিকেলটা পাণ্ডর হয়ে আছে। সব চুপ হয়ে আছে। জাহাজীরাও। শুরু কারপেন্টার আর হু নম্বর ডেকে অ্যাপ্রেন্টিন ফল্পার ওপর ক ভাঁজ জিপল ঢাকা দিয়ে নীচে লোহার পাতের ওপর কীল আঁটছে। ডেকে আর কেউ নেই। ডেক-পথ, এলিওয়ে-পথ দব শৃত্য। শুধু পোর্ট দাইডের গ্যাংওয়েতে কোয়াটার মান্টার কনকনে হাওয়ার ভিতর বনে বসে কাঁপছে।

ক্রেন মেশিনের নীচে জেটির ওপর সব্জ মোটর। সে মোটরে সারেং বড় মালোম ওয়ারেণ্ট দিতে যাচ্ছেন। শেখর দাঁড়িয়ে থাকল। বড় মালোম কেবিন থেকে বেরিয়ে এলে একবার অফুরোধ করবে। শুধু এই দিনটির জন্ম অপেক্ষা করতে বলবে। কারণ ওর মন বলছে আজ যথনই হোক মোবারক ফিরবে। পোর্ট-সাইডের এলিওয়ের দিকে দৃষ্টি নিবদ্ধ। বুকের ভিতর কেমন যেন ধুকধুক একটা বিচিত্র শব্দ উঠছে। কেমন এক বিচিত্র রকমের জড়তায় সে পাখরের মত ছির হয়ে আছে।

পাথরের মত স্থির হয়ে আছে ওর শরীর মন সব। কারণ এলিওয়ে ধরে চিষ্-্ অফিসার বের হয়ে আসছেন। আসছেন ওর দিকে। এসেই এমন হুটো রক্তচোথ নিয়ে ওর পাশ কাটিয়ে গেলেন যে সে কিছুভেই অমুরোধ করে বলতে পারল না, ভগু একটা দিনের জন্ত অপেকা করে দেখুন মোবারক আসে কি-না।

চিক্-অফিসার গ্যাংওয়ে ধরে নেমে গেলেন। পরে জাহাজ থেকে জেটিতে নামল সারেং সাব। ওঁরা মোটরে উঠে পাহাড়-সিঁডির পথে এজেন্ট অফিসের দিকে চলে যেতেই দেখল দেই পথ ধরে বন্দরের দিকে আর-একটি নীল মোটর উল্লার মত ছুটে আসছে। এসেই খ্যাচ করে ত্রেক ক্ষল সিঁডির সামনে। দরজা খুলে ছবিব মত বেরিয়ে এল অট্টাদশী লিলি।

্র উচ্ছুল হয়ে উঠল শেখর। উচ্ছাল হয়ে উঠল ওর বিবর্ণ মুধ। চিৎকার কবে উঠল—লিলি, ভগবান মঞ্চলময়। মোবারক কোথায় ?

চিৎকার করতে করতে শেখর ছুটে গিয়েছে কাঠের সিঁডিটা পর্যস্ত। সিঁডি থেকে লিলিকে নামিয়ে আনতে আনতে বলল—মোবারক যে আসে নি। সে কোথায় শ

- —ফিজ্রয়ে আমাদের বাড়িতে।
- —মোবারকের সর্বনাশ হয়ে গেছে। ওয়ারেণ্ট দিয়েছে কোম্পানি।
- ওয়ারেণ্ট ! ওয়ারেণ্ট যাচ্ছে। ঠোঁটের ভাঁঙ্গে কবার কথাগুলি তথু উচ্চারিত হল। তারপর কি চিস্তা করল মূহুর্তের জন্ম এবং চোথ তুলে চাইল শেথরের দিকে !— ভয় নেই। ওয়ারেণ্ট দিয়ে ওরা কিছু করতে পারবে না। কারণ মোবারককে আমি বিয়ে করছি।—শেষে কোটের আন্থিন টেনে ঘডিটা একবার দেখে বলল—চল তোমাব কেবিনে। কথা আছে।

লোহার ডেকের উপর জুতোর হিলের থট থট শব্দ করে পা বাড়াল লিলি। চলেছে সে শিছিলের দিকে। তামাটে রঙের হান্ধা মৌজার জড়ান পা ছটোর চলার চঙে কেমন যেন আড়প্ট প্রভাব। মনে হয় পাছটো এক্সনি যেন হাঁটুর মাঝামাঝি ভেঙে পড়বে। কোন রকমে তবু সিঁড়ি বেয়ে উঠে এল পিছিলে। মূহুর্তের জন্ম থামল ক্রে-গ্যালীর সামনে। পিছন ফিরে ডাকুল—শেথর! লিলির কণ্ঠস্বরটা ভাকাকাার শব্দের মত শোনাল। শেথর এতটুকু প্রত্যুত্তর করতে পারল না। সমন্তটা ডেকপথ অভিক্রম করতে করতে সে ভাবছিল বাকি সফরের নিঃসক্ত জীবনের কথা। মোবারক আর ফিরছে না। লিলি তাকে বিয়ে করবে। এছাড়া ওর আরও কথা আছে। ফোকশালে গিয়ে সে কথা হবে। কি কথা! কেমন কথা! সে কথার ভিতরে শেথরের জাহাজডুবির কথা নেই তো!

সেই সময়ে অনেকগুলি জিজান্ত দৃষ্টি পিছিলের ডেকে পারচারি করছিল। শেখরের

দিকে চেম্নে সে<sup>1</sup>দৃষ্টি নিশুভ হয়ে গেছে। তাদের প্রশ্ন করা হয়ে ওঠে নি—শেশর আর বিলির মুখের দিকে চেয়ে পথ ছেড়ে দিয়েছে। ফিসফিসিয়ে নিজেদের মধ্যেই ষ্থাসম্ভব অনুমানের জবাবগুলো নিয়ে নাড়াচাড়া করেছে।

লিলি সি<sup>\*</sup>ড়ি দিয়ে নীচে নামল। ভিতরে চুকল ফোকশালের। শেখরও চুকল এবং **চুকেই বলল**—বোস।

লিলি বদল না। দাঁড়িয়ে থেকেই স্বার্টের পকেট হতে বের করে নিল সিগারেটের প্রাকেটটা। ত্র চোথের ভূক উচিয়ে শেষে হাত বাড়াল শেথবের দিকে—তোমার লকারের চাবিটা!

লিলির চোথ আর ম্থ দেথে কেমন বিশ্বিত হয়ে উঠল শেথর। হয়তো ভূল কবেই শেথরের চাবিটা চাইছে। দরকার মোবারকের চাবিব, ওর লকারের। বিয়ে-থা হবে, কাজেই মোবারকের সব কিছুর ওয়ারিশ লিলি। সারেংকে ডেকে আনলে হয়, চাবিটা সারেং-এর কাছেই আছে। গাদা মেরে সব কিছুই সামনের লকারটার ভিতব রেথে গেছে।

- —সারেংকে ডেকে আনছি। মোবারকের চাবিটা ওর কাছেই আছে। তুমি লাডা ও, চাবিটা এনে দিচ্ছি।
- স্থামি তোমার চাবি চাইছি। মোবারকের চাবি দিয়ে আমার কি হবে ?
  ক্টা আমাকে দিয়ে বাথরুম থেকে মৃথ ধুয়ে এস। ততক্ষণে আমি এ দিকের সব ঠিক
  কবে রাথছি। একটু তাড়াভাড়ি করতে হবে।

দব কথার আর্থ ঠিক ব্ঝে উঠতে পারল না শেখর। তব্ নির্বিকারভাবে বালিশের নীচ থেকে চাবিটা বের করে দিল লিলিকে। এদিক ওদিক খুঁজে সাবানের বাস্কটা বেব করে বাথক্সমের দিকে চলে গেল।

় ইতিমধ্যে ক জন জাহাজী এদে উকি মেরে গেছে শেখরের ফোকশালে। সারেংও একবার এদেছিল দেখতে। ট্যাণ্ডেল, ডংকীম্যান সবাই দেখে গেছে লিলি শেখরের লকাব থেকে কি সব টেনে টেনে বের করছে। গুসব দেখে কোঁসফোঁস করে উঠেছিল তিন নম্বর ডংকীম্যান—মাগীটা আবার এসেছে শেখরবাব্র মাথা খেতে। আজকে গাতো শেখরবাব্কে নিয়েই ভাগবে। তাই ওসব সাবধান করতে হবে, সারেংকে বিরিয়ে বলতে হবে নচ্ছার মেয়েটার সম্বন্ধে। এমন অনেক কিছু ভেবেই যথন উপরের দিকে উঠতে যাবে সে সময় দেখল শেখরবাব্ বাথকম হতে বেরিয়ে আসছেন। পথ ডেডে সরে দাড়াল তিন নম্বর ওয়াচের ডংকীম্যান। কিছু বলতে গিয়েও শেখরবাব্কে বলতে পারল না। এবার আরো বেশি দ্রে সরে দাড়াল—শেথরবাব্র ম্থটা আজ

খুব বেশি ধমথমে। চিঠি-লিখে-দেওয়া বাবু—দেশের ধবর বে ছটো-একটা আজও পার সে এই বাব্র মেহেরবানিডেই। এ বাবু কি আর সেই মোবারকের মত। সাদা মেয়ের ভেন্ধীতে পড়বেন ইনি ?

শেখর ভিতবে ঢুকে দেখল লিলি চকোলেট রং-এর স্থাট আর ইটালিআন আর্টি-ফিদিয়াল সিঙ্কের শাট ভাঁজ করে রেথেছে ওরই পাশে। চকচক করছে বাঙ্কের নীচে জুতোজোড়া পর্যস্ত। শেখরকে দেখে বলল—বাইরে অপেক্ষা করছি—জামা-কাপড ছেডে নাও। থেতে হবে মোবারককে দেখতে।

ত্তরা চ্ছান এক সময় উঠে এল। তথন সন্ধ্যা হয়ে আসছে। উপরের ঘন সাদা কুয়াশার ছায়াটা চিমনির ধোঁযায় কেমন ধৃদর হয়ে উঠেছে। লায়ন রক্ হতে মাউণ্ট আাগমন্টের মাথায় মাথায় সেই আবরণ। ধৃদর কুয়াশায় আরত ডেক-পথে এসে শেখরের চোথছটোও কেমন ধৃদর হয়ে উঠতে থাকল। একটা বিভৃষ্ণা স্পষ্ট হতে থাকল লিলিকে কেন্দ্র করে।—মোবারককে দেখতে খেতে হবে। লিলি ওকে নিতে এসেছে তাই ? মনের ভিতরেই গুমরে মরতে থাকল শেখর। মোবারক কেমন আছে ? কি হয়েছে ওর ? কোন গুয়েবই সহজ উত্তর সে খুঁজে বের করতে পারল না। কি ঘেন একটা অস্বন্থি দব কিছুকে কেন্দ্র করে। হয়তো মোবারককে দেখবার উন্মুখ স্মাগ্রহ তাকে সহজ্ব হতে দেয় নি। সেজন্য আর একটাও প্রশ্ন সে লিলিকে করতে পারল না।

ভারা হুজন এপে থামল গ্যাংওয়েতে। কোয়াটার-মাস্টারই বাঁধা দিয়ে দিল। শেখর আর-একবারের জন্ম বিশ্বিত হল। গ্যাংওয়ের বুকে দাঁডিয়ে কোয়াটার-মাস্টাব হাত মুখ দাড়ি নেড়ে শেখরকে বলেছে—যেতে দেওয়া হবে না। জাহাজ কাল ছাড়ছে। ক্যাপ্টেন কাউকে বাইরে যেতে দিচ্ছেন না।

লিলি কিন্তু কিছুই ঠাহর করতে পারল না হজন একদেশী মান্থবের জাতভাষা থেকে। ভুধু শেখরের দিকে প্রত্যাশার দৃষ্টি নিয়ে সে তাকিয়ে আছে—সে অহবাদ করে নিশ্চয়ই বলবে হজনের মধ্যে এতকণ কি কথা হল।

আর শেথর যথন অন্থবাদ করে শোনাল লিলিকে তথন সন্তিয় যেন ওর হাঁটুব ভাঁজনুটো ভেঙে এল। যাতে কাঠের সিঁডি থেকে পডে গিয়ে জেটির জলে ডুবে না যায় সেজন্ত যেন দড়িটা শক্ত করে ধরল। শেথরকে অনেক কথা বলবার ছিল। মোবারকের অর্ধ-চৈতন্ত অবস্থায় মাতৃভাষায় চিৎকারের অর্থ সে কিছুই বোঝে না । আজ লিলির জীবনে শেথরকে খ্বই প্রয়োজন। কিন্ত কই, সে যেতে পারল না, কোম্পানি তার পথ রোধ করে বসে আছে—সে পথ থেকে টেনে নিয়ে যাবার কতটুক্ত শক্তি লিলির ? মোবারকের ভালমন্দের ভার ওর উপর বর্তে আছে—কিন্তু শেখরের ? কাব্দেং এক অপ।।খব ভাবলেশহান দৃষ্টের ।বানময় হল তর্গু শেকর আর ।লালর মধ্যে।
শেবে প্রায় টলতে টলতে ত্ হাতে ত্ দিকের দড়ি শক্ত করে ধরে লিলি নেমে পেল
কোটিতে—পার্ক-করা মোটরে উঠে পাহাড়ের টেউয়ের অদৃশ্য হয়ে গেল। শেখর তথনও
ঠার দাঁড়িয়ে আছে রেলিং ধরে পাহাড়ী টেউয়ের প্রতি দৃষ্টি রেগে—টেউয়ের ভাঁজে
ভাঁজে নীল-লাল আলোর রেশ কুয়াশার জাল ভেদ করে ওর দৃষ্টিকে নিম্প্রভ করে
তুলছে। মৃত্যুর মত দে দৃষ্টি হির। তব্ তার ভিতর উজ্জ্বল হয়ে উঠল হুটো জীবন,
মোবারক আর লিলি। কিস্কু মোবারক আর ফিরল না।

চবিবশ ঘণ্টার মধ্যে বিদায় নেবে জাহাজ। স্থানী এসেছিল ডেকে। স্টোর-ক্রম হতে চবিবশ ঘণ্টার মধ্যে বিদায়ের চিহ্নিত কালো বঙারের ফ্র্যাগটা হাতে করে নিম্নে এসেছিল। এখন প্রটাই উড়ছে মার্সেট।

ভেকের ওপর পায়চারি করছে শেখর। দৃষ্টি ওর পাহাড়ী টেউয়ের ভাঁজে সঙ্কীর্ণ উপত্যকার বং-বেরঙের কাঠের বাড়িগুলোর ছায়ায়। এমনি এক কাঠের ঘরের নরম ছায়ায় মোবারক আর লিলির তুটো চগা-চথীর আকাশ-নীড়। মোবারক অস্কস্থা লিলি ওর ভালমন্দেব ভার নিয়েছে।—শেখরকে দেখতে চেয়েছিল ও।—লিলির জীবনে শেখরের প্রয়োজন খুব বেশি।

ইঞ্জিন-সারেং সেই পথেই এল। সেই পথেই নেমে গেল ইঞ্জিন-ক্রমে। ইঞ্জিন-ক্রমে চোকার আগে সজারুর মত থোঁচা থোঁচা দাড়িগোঁকের ফাঁক দিয়ে আড়চোথে দেখে গেল শেখরকে। একটা সক্র কটাক্ষপাত প্রবাহিত হয়ে গেল শেখরের দেহকে বৃত্ত করে। নীচে নেমে গেলে ও। বয়লারে আগুন দেবে, স্তীম তুলতে হবে তৃ শ ত্রিশ। স্তীম গেজের কালো কাঁটাটা লাল দাগে উঠে থর থব করে কালবে।

সাড়ে বারোটায় চবি-ভাজা রুটি থেল স্বাই। আধ্থানা করে রুটি থেয়ে আধ্বনা করে জল ঢালল গলাতে। সারেং ডাকল—মান্টার। তেনু-গ্যালার সামনেট্যাণ্ডেল থেকে কোলবয় সব দাঁড়াল সার বেঁধে। নৃতন করে ওয়াচ ভাগ হল। এক নম্বর ওয়াচে মোবারক যেথানে বয়লার টানছিল শেথরকে সেই বয়লারে ঠেলে দেওয়া হল। শেথর মান্টারে দাঁড়িয়ে দাঁড়িয়ে শুনল সব। বুকের ভেতরে কে যেনছুরির ফলা দিয়ে আঁচড় টানছে একটা একটা করে। ধুক্ধুক করছে বুকের একটা ক্তন্থান। ছ নম্বর বয়লার, কোম্পানির শয়তান পুবে-রাখা কস্বী—বাব্র প্রতি ওর খ্ব বেশি টান। কস্বীটাকে সায়েন্তা করতে পারে মোবারক, ছোট ট্যাণ্ডেল আর সিলেটি আগওরালা গণি।

কুপ করে অনেকক্ষণ দাঁড়িয়ে রইল শেখর। প্রক্তিবাদ জানাল না। প্রতিবাদ আনিয়ে কোন লাভ নেই। সে জানে মোবারক আজ জাহাজে থাকলে ছ নম্বর বয়লারে ওকে ঠেলে দেওয়া দ্রে থাক, কেউ একথা তুলতে পর্যস্ত সাহস করত না—মোবারককে জাহাজীরা সমীহ করে চলত। শেখর দাঁড়িয়ে দাঁড়িয়ে ভধু ভাবল, মোবারক তুই চলে গেলি! গেলি তো আমায় নিয়ে গেলি না কেন? দেশেও যে নার ফেরা হল না আমার দেখছি। কি করে হবে? আমি ন্তন আগওয়ালা—ছ নম্বর বয়লারের স্তীম ছ শ ত্রিশে তুলে রাখা—সে কি আমার কাজ ?

ডেক-সারেং আর ডেক-বড়-ট্যাণ্ডেল ছদিকের ছ পিকে চলে গেছে—সঙ্গে গেছে ছ ভাগ হয়ে ডেক-জাহাজীরা।—হাফীজ হবে লোহার মোটা তার, হাসিল টেনে তোলা হবে, ওয়ার পিন জাম গড় গড় করে উঠবে—সেই সঙ্গে পাঁচ থেয়ে উঠবে ম্যানিলা ছাম্পের মোটা মোটা হাসিল।

কিনারায় ক জন সোরম্যান ছুটোছুটি করছে। তু পিকের তু মালোমের নির্দেশমত হাসিল খুলে দেওয়ার ভার ওদের উপর। সমস্ত জাহাজ আর জেটি জুড়ে
কর্মচাঞ্চল্য। বাঙ্ক লাইন কোম্পানির জাহাজ সিউলবাঙ্ক সিডনীতে রওয়ানা হচ্ছে।
আবার কবে আসে কি আসবে না কেউ তা বলতে পারবে না।

এক সময় পাইলট উঠে এল কাঠের সি<sup>\*</sup>ডি বেয়ে। ব্রীজে উঠে দেখল দ্রে ফরোয়ার্ড পিকের নীচে, পিছনে আফটার পিকের তলায় তুটো টাগ-বোট জাহাজকে টানছে।

শেখর আগওয়ালার পোশাক পরে মাথায় নীল টুপি টেনে বের হয়ে এল ফোকশাল থেকে। বোট ডেকে এসে স্কাইলাইটের পাশে মুহুর্তের জন্ম দাঁড়াল। শেখর শেষ-বারের মত দেখে নিল পাহাড়ী শহরটাকে—সি-ম্যানস্ মিশনকে আর ফিজ্রয়ের বুকে ঘর বাঁধবার স্থপ্পয় ছটো জীবনকে। চোখছটো কেন জানি ছলছলিয়ে উঠল। তবু খুব সন্তর্পণে পা বাড়াতে হল—নীচে নামতে হবে। নীচে নামবার লোহার ক্ষালিটার উপর দাঁড়াতেই ভোঁ ভোঁ করে চিৎকার করে উঠল হইসেলটা, দিকে দিকে ধবর পাঠাল, বিদায় নিচ্ছে সিউলবান্ধ—নৃতন দেশ, নৃতন জমির জন্ম।

শেশর নীচে নেমেই তু নম্বর বয়লারের এক নম্বর ওয়াচের আগওয়ালা গণির পাশে গিয়ে দাঁড়াল। ওর জুড়িদার। আরো যারা নেমে এল তারাও নম্বর মিলিয়ে বয়লারের সামনে গিয়ে দাঁড়াল। যাবার সময় স্বাই এক চোথ দেখে গেল—শেখর পাথরের মত দাঁড়িয়ে শুধু ভূতুড়ে স্তীম গেজটা দেখছে।

এক সময়ে গণির দিকে চেয়ে বলল শেখর---র্যাগ শ্লাইস শাবল ?

- —ঐ নীচে। চূলো তিনটা প্রথমেই টেনে নিস—জাম হয়ে আছে।
- -জাহাজ ছাড়বে ক'টায় ?
- —ভোদের 'পরী'তেই।
- —তুই চুলো টানিদ নি ?
- —টেনেছি কিন্তু চুলো অস্টেলিআন কোল থাচ্ছে। স্থারের বাচ্ছা বড় মিস্ত্রী পকেট বাঙ্কার খুলে দিয়ে গেছে। ক্রদ-বাঙ্কার বন্ধ। অস্টেলিআন কোল শেষ না হলে আর ক্রদ-বাঙ্কার খুলছে না।

প্রথম ওয়াচ শেষ হতে এখন দশ মিনিট বাকী। মাথায় সাদা টুপি-আঁটা বড় টাণ্ডেল এক নম্বর পরীদের ডেকে বলল—যাওরে ব তোমরা। গোসল টোসল করগা। একটু পানী আমার লাইগা রাইথা ছান যে।

গণি সি ডি বেয়ে উঠে গেলে শেখর এসে দাঁড়াল বয়লারের সামনে। চেয়ে দেখল ষ্টীম নামছে! হ শ ত্রিশ থেকে হ শ দশে নেমে এদেছে। আরো নামবে। ভাড়াভাড়ি ব্যলারের পোর্ট সাইডের দরজাটা খুলে কয়েক শাবল কয়লা হাকডালো। তবু স্তীম এক পয়েন্ট বাডভে না, তু নম্বর বয়লার আর অস্ট্রেলিয়ান কোল মিলে যেন ওকে ব্যঙ্গ করছে ! এমন সময়ে চিৎকার উঠল পাশ থেকে, বড ট্যাত্তেল হাঁকছে, স্তীম নামছে, কয়লা হাঁকড়াও, র্যাগ মারো, খ্লাইশ দাগো। সঙ্গে সঙ্গে ডাক উঠল--আলা আলা! শোঁ শোঁ করে উঠল বয়লারের স্তীমকক্গুলি। একদঙ্গে ছয় বয়লারের ছয় র্যাগ উঠল, ঠন্ ঠন্ করে বাড়ি পডল নীচে—লোহার প্লেটে। শ্লাইশ হাকডালো একসক্ৰে— ভিতরের জ্বলন্ত আগুন থেকে ঝাং-ধরা পোড়া কয়লা চড় চড় করে কেটে উঠল। র্য্যাগ মেরে টেনে আনলো ছাই, পোড়া কয়লা। পাশ থেকে জ্বলম্ভ পোড়া কয়লার উপব বালতি বালতি নোনা জল ছিটকে পড়ল। সমস্ত স্টোকহোলটা অন্ধকার হয়ে উঠেছে। শেখর চোখ মেলে চাইতে পারছে না—চোখ বুজেই টানছে।. দূর থেকে আবার চিৎকার করছে বড় ট্যাণ্ডেল, খ্রীম নামছে। একদঙ্গে হুটো শাবল সন্ সন্ করে উঠল। ঝন ঝন করে বাডি পড়ল লোহার প্লেটে – কয়লা হাঁকড়ালো শাবলের পর শাবল। ছয় বয়লারের পোর্ট সাইডের ছয় চুলো নিমেষে ভরে উঠল। এয়ার-ভাল্ব টা টেনে দিতেই কালো কয়লা লাল হয়ে উঠল।

শেখর হম্ হম্ করে কয়লা মারছে হ নম্বর বয়লারের তিন নম্বর চুলোতে। বার বার করে ত্রিশ দের ওজনের শ্লাইস টানতে গিয়ে মোচড় দিয়ে উঠছিল হাতের নরম পেশীগুলো। অহা আগওয়ালাদের পোড়া কয়লা টানা শেষ। ছাই হাফিজ হয়ে গেছে। স্থীম ওদের হু শ ত্রিশে। তাই উইগুস্হোলের নীচে বসে একটু বিশ্লাম নিতে

পারল। কিছ শেখরের বিরাম নেই, বিশ্রাম নেই, উইওস্হোলের নীচে বসে মৃহুর্তের জক্ত ছূাওয়া খেতে পারল না। দাম আর ছাইয়ে ফ্যাকাশে হয়ে উঠেছে মৃথ। পোড়া করলার ঢেকে গেছে চোথ। মৃহুর্তের জক্ত থেমে রগড়ে নিল একবার চোথত্টো, কিছুকণ স্থির হয়ে দেখল স্থাম গেজটা—ছ শ ত্রিশে তবু উঠল কই ?

ডংকীম্যান একবার এসেছিল ইঞ্জিন্-ক্লম থেকে।—তিন নম্বর মিস্ত্রী ছ নম্বর বয়লারের স্থীম চাইচে আরো।

ডংকীম্যান এদে থেমেছিল ইঞ্জিন-রুম পেরিয়ে স্টোকহোলের প্রথম দরজায়। পকেট বাস্তারের কোণায় দাঁড়িয়ে বলে গিয়েছিল কথাটা। শেথরের কাছে যেতে ওর সাহস হয় নি। বলা তো যায় না! হয়তো স্তীম তুলতে গিয়ে গনগনে লোহার র্যাগটা শেখর ডংকীম্যানের মাথায় মেরে পর্ব করে দেখতে পারে, দিতীয়বার সে র্যাগ দিয়ে টন্ টন্ মাগুনে কয়লার মাথা ভাঙতে পারে কি-না। এমন হানাহানি কত বার কত জাহাজে হল। স্তীম না উঠলে কয়লার জাহাজে, চিৎকার করবে তো ইঞ্জিনিয়ার, ইঞ্জিন-রুম হতে করো, স্তীমের জক্তে স্টোকহোলে ঢুকেছ কি মরেছ। প্রথমেই পোড়া লাল লোহার ত্রিশ-সেরী শ্লাইসটা ভিতর হতে টেনে বের করে নিয়ে খাসবে—বল্পমের মত করে হাঁকভাবে ইঞ্জিনিয়ারের বুকে, শেষে টেনে এনে মাতুষটা সহ শ্লাইনটা ঢুকিয়ে দেবে চুলোর ভিতর ! র্যাগ দিয়ে দকে দকে উন্টে পার্ল্টে ছুটো টান। একেবারে সাফ। গনগনে চুলোটা সাদা মাহুষের তেল থেয়ে স্তীম দেবে ছ শ ত্রিশ। তাই যথন এমনি হানাহানি চলে স্তীম নিয়ে—ফায়ারম্যান স্তীম দিতে পারছে না, ইঞ্চিনিয়ার স্ত্রীম চাইছে, তথন ডংকীম্যান কিংবা তেলওয়ালাকেই আসতে হয় দৃতের কার্য করতে। দহরম-মহরম ধা হবার ওদের ওপর দিয়েই হোক। কারণ এ সময়ে ফায়ারম্যানদের স্থীম তোলার ব্যাপারে ত্ব-একজন ইঞ্জিনিয়ারকে পুড়িয়ে দিলে নাকি দড়ি কিংবা হাজতের ব্যবস্থা হয় না। ডংকীম্যান তাই পকেট বাকার পর্যন্তই এদেছিল। শেথরের হাতে লাল লোহার গনগনে র্যাগটা দেখে আর এক পাও ভিতরে আসতে সাহস করে নি।

ট্যাত্তেল ত্ হাত ছুঁড়ে চিৎকার করে উঠল আবার,—হই নম্বর বয়লার আউর স্তীম মাংতা।

ট্যাংক-উপের ওপর লোহার প্লেটে মাত্র র্যাগট। রেখেছে শেথর, দে-সময় দেখল চিংকার করতে করতে এদিকে এগিয়ে আসছে ট্যাণ্ডেল,—আউর স্থীম মাংতা। আলার নাম কর রে ব। মার জোরে র্যাগ্, কয়লা দাগাও রে ব।

শাইস্র্যাগ শাবল আর টন্ টন্ কয়লার আগুন জোকের মত চুবে থাচেছ যেন

শেখরের বৃক্তের রক্ষ। তবু টান মেরে খুলল এয়ার ভাল্ব্টা। লোহার হাতল ধরে দরজা খুলে শাবল শাবল কয়লা হাঁকড়াতে থাকল। তিন চুলোয় কয়লা খাচ্ছে রমারম্ চ ভরে উঠেছে ফাঘার ব্রীজটা পর্যন্ত। শেষে আবার টেনে দিল এয়ার-ভাল্ব্। জােরে বেরিয়ে এল আগুনের হল্কা। ঝলসে উঠল মুখ, দেহের রক্তটা একেবারেই সব দাম হয়ে বেরিয়ে গেল বৃঝি, কাঠ হয়ে গেল ভিতরটা।

খট্ খট্ করে শেষে বন্ধ করে দিল তিন চুলোয় তিন দরজা। মৃহুর্তের জন্ম ভর করে দাঁডাল শাবলের বাঁটের উপর। কিছুক্ষণের মধ্যে খাস-প্রখাসের গতিকে আয়ন্তের মধ্যে এনে চাইল স্ত্রীম গেজের দিকে। তু শ পঁচিশে গিয়ে কালো কাঁটাটা কাঁপছে। তু শ ত্রিশে তব্ও উঠল না। চারিদিকে চেয়ে দেগল তথন উইওস্হোলের নীচ থেকে বেরিষে আসতে মন্থু, ইদাহী, লৃংফল। মৃহুর্তের বিশ্রামে ওরা চালা হয়ে উঠল। ওদের সঙ্গে হাত মিলিয়ে আবার হাত চালাতে হবে।

সমস্ত সফরের অভিশাপ হয়ে ত্ নম্বর বয়লাব আজ শেথরের সামনে দাঁড়িয়ে আছে যেন। মোবাবক আলী সারা সফর তাকে স্থুও দিয়ে নিজে এখন স্থাথর ঘর তৈরি করে তাকে প্রাথশ্চিত্ত করতে রেথে গেছে। প্রায়শ্চিত্ত শে করবে।

রাত আট থেকে বারো—পুরো চার ঘণ্টা, শ্লাইশ, র্যাগ, শাবল আর কয়লার ভিতর ডুবে থাকল শেখর। তার ভিতর ডুবে রইল ওর দেহ মন দব। কয়লা হাঁকড়ানো বাদে পৃথক কোন অন্তিত্ব আছে শেখরের, মৃহুর্তের জন্ম আজ দে কথা ভাবতে পারল না। তাই জলের পট থেকে বার বার জল খেয়ে ঢাক করে তুলল পেটটাকে। কয়লা আর শাবলেব ঠুন্ ঠুন্ আওয়াজের ফাঁকে হাঁক আসছে ফায়ারম্যানদের কাছ থেকে— পানী খেয়ে-খেযে বাঙালী বাবুটা যে ঢাক হরে মরবে গো!

ইদাহী র্যাগ মেরে দাঁডাল শেথরের সামনে। মাথার ফেব্রু টুপিটা শেথরের ম্থের ওপর ঝেডে বলল—ফালতু থেকে বাবুর শরীর আরো বাবু হয়ে গেছে। তারপর তো আবার হল পীর দরবেশের যোগাযোগ। আর পড়লি তো পড় একেবারে হু নম্বর বয়লারে।—শেষে হি হি করে হেসে স্বাইকে যেন জানিয়ে দিল ইদ্হিী হাস্চে।

পরিপূর্ণ অন্নভূতিশৃত্য শেখরের হৃদয় আজ রাস্ট ফার্নেরের মঠ ঝল্সে উঠল না ইদাহীর কথায়। মোবারক আজ জাহাজে থাকলে হয়তো ইদাহীর রিদকতার ফল ঘটত বিপরীত। হয়তো হাতের শাবলটা নিস্পিস্ করে উঠত ইদাহীর মাথাটাকে চৌচির করে দেবার জত্য। পরিবর্তন হয়েছে জাহাজের—মোবারক নেই। পরিবর্তন হয়েছে গুর মনের, সে আজ অন্নভূতিশৃত্য। কিন্তু এই অন্নভূতিশৃত্য হৃদয়েও কি করে ধেন গরম-সীসে-গলা তরকের মত একটা ক্ষুদ্ধ আক্রোশ মোবারককে কেন্দ্র করে

' প্রবাহিত হতে থাকল। ইদাহী ঠিক বলেছে। ওর রসিকতা সম্পূর্ণ সার্থক আট থেকে বারোটার ওয়াচে। 'ফালতু থেকে বাব্র শরীর আরো বাব্ হয়ে গেছে।' মোবারক যদি প্রথম থেকেই শেখরের প্রতি করুণা না করত, তাহলে হয়তো এই আঠার মাস সফরে ওরও নরম পেশী শক্ত হয়ে উঠত। ত্ নম্বর বয়লার আর ইদাহী মিলে কঠিন রসিকতা করতে অস্ততঃ সাহস করত না আজ।

বিক সময় 'পরী' শেষ করে লোহাব রডে-তৈরি হাঁটুভাঙা সিঁ ড়িটার মূথে এসে দাঁড়াল শেথর। সবাই ওব পাশ কাটিয়ে তর্ তর্ করে উঠে গেল উপবে। কিন্তু ওব জয় করছে। লোহার সিঁ ডিটাও যদি ব্যঙ্গ কবে! যদি পবিহাসচ্ছলে ছিটকে ফেলে দেম ওর থেকে! তাহলে তো শেষ। নীচে পডে হুমডে যাবে। কয়লার সঙ্গে মিশে যাবে ওর হাড়-পাঁজর বক্তমাংস। ছুটে আসবে 'বাডিওয়ালা', 'বড মিস্ত্রী', আরো সবাই। ঝ্যাক্ ঝ্যাক্ শন্দ করে চলা প্রপেলারটা কিন্তু থামবে না। তিন নম্বর ওয়াচের লোকেরা তথন ছিটকে-পড়া শেথরের রক্তমাংসের কণাগুলো কয়লার সঙ্গে—'আহা লোকটা বড় ভাল ছিল গো', বলে মিশিয়ে নেবে। থটু থটু কবে শন্দ হবে বয়লারেব দ্বজা থোলার। হুম্ হুম্ করে হাঁকড়াবে হাড-পাঁজর রক্তমাংস—ছু নম্বব ব্যলারে । হুমতো তথন কসবীটা স্ত্রীম দেবে হু শ ত্রিশ। আর জাহাজ থেকে শুর্থ একটা নাম বাদ পড়বে। কোম্পানির আর ক্ষতিপূবণের প্রশ্ন নেই।

আকাশে দেই ছায়া ছায়া অন্ধকাব। একটা বলিষ্ঠ ছায়া দেই অন্ধকারে এগিয়ে এসে ছটো বলিষ্ঠ হাত শেথবৈর দিকে বাডিয়ে দিল। রজনীর সেই দ্বিতীয় প্রহবের শেথবে অমুভৃতিশৃত্য দেহটা তেমনি পড়ে আছে ফানেলের উপর। মৃত্যুব মত স্থিব দৃষ্টি কিন্ধ্রয়ের বুকে মোবারককে খুঁজছে। অমুভৃতিশৃত্য দেহটাকে ছটো হাত এনে জড়িয়ে নিল। বলল—শেথব চল, পবী সেই কথন ভেঙেছে।

শেথরের মডার মত স্থির দৃষ্টিটা আবার ফিরে এল জাহাজে, ছডিয়ে পডলো ছায়াটাকে ঘিবে। সম্ভন্ত প্রশ্ন এল সঙ্গে সঙ্গে—কে ?

- —আমি আলী।
- —আলী! মোবারক!

অহত্তিশৃত্য দেহটা ঝাঁপিয়ে পডল বলিষ্ঠ ছায়ার বুকে।—দেখ দেখ—বলে ক্লান্ত ছুটো হাজ মোবারকের তু গালে লেপ্টে দিল।—দেখ দেখ, রক্তমাংদের কেমন তাজা পদ্ধ।—অসহায় অপরাধীর মত শেষে কেঁদে নালিশ জানাল, আমাকে তু নম্বর বয়লারে সারেং ঠেলে দিয়েছে।

সেই আকাশের ছায়া ছায়া অন্ধকারে ত্টো ছায়া একাত্ম তথন। ত্টো অসহায় উত্তর-গোলার্বের মাছ্য প্রশান্ত মহাসাগরের বুকে পাশাপাশি সংলগ্ন তথন। কোন প্রশ্ন নেই, কোন উত্তর নেই। সব প্রশ্ন, সব উত্তর তু জনের হারিয়ে গেছে। বোবা হয়ে গেছে যেন ওরা।

তারপর এক সময়ে ওরা তৃজনই নেমে এল নীচে, টুইন ডেকে। নিঃশব্দে।
মোবারককে অবলম্বন করে শেখর এদে দাঁডাল আফটার পিকে। মোবারক গ্যালিতে
চুকে এক টব গরম জল বের করে আনল—বাথকমে স্নানের সমস্ত ব্যবস্থা করল শেখরের।
মোবারকই স্নান করিয়ে দিল। মাংস-বের-করা হাতহুটো ব্যাণ্ডেজ করে দিল। শেখর
চুপচাপ বসে থাকল। জড় পদার্থের মত স্থির হয়ে থাকল। সব প্রশ্ন, সব উত্তর
কেমন জট পাকিয়ে গেছে ওর! মোবারকের দিকে চেয়ে একটা প্রশ্ন পর্যস্ত করতে
পারল না। একটা কথা বলতে পারল না।

-মোবারক আব লিলির সম্পর্ক তবে ভেঙে গেছে! কেন ভাঙল, কি করে ভাঙল, কোথায় ভাঙল, সব প্রশ্ন গলায় এসে কেন জানি চুপ হয়ে আছে।

শেখর কোন রকমে আবার ক্লান্ত চোখে দেখল মোবারককে। সমশু শরীর যেন মরে ভূত হয়ে ফিরেছে জাহাজে। কেমন ফ্যাকাশে হয়ে গেছে মৃখ, কেমন বিবর্ণ হয়ে গেছে চোখ, কেমন এক নিভূত পরাজয়ের প্রলেপ ওর জীবনকে কেন্দ্র করে। শেষে শেখরের চোখহটো থামল একান্ত স্থির হয়ে। মোবারকের বাঁ হাতের কজিতে—ঘড়িটা ঝুলছে। যেন একটা অক্টোপাশ নিরীহ তিমিমাছের মূথে ঝুলে আচে।

ঝড় উঠল !

সমুদ্র ঝিমুচ্ছে।

ঝড় এল মনে—মোবারকের।

মোবারক দাঁড়িয়ে আছে জোনাকি রাতের ছায়া ছায়া আলোতে, বোট-ডেকে। লাইফ-বোটের রাডাবের পাশে ঠিক সেই আগের মত জলছে ওর চোথ—ধকৃ ধকৃ করে জলে উঠছে। জলছে বুকের ভিতর ফুসফুস পর্যস্ত। লিলি হয়তো তথন পিকাকোরা পার্কের পশ্চিমের পাহাড়ে। পাহাড়-ছাদে কোরী-পাইনের তলায়। চোথ রেখেছে বন্দরে। মোবারকের জাহাজ যেখানে ছিল, সে জেটিতে। হয়তো ওর ছ চোখ. বেয়ে জল বারছে।

মোবারকের চোখেও জল এল।

निनि किছूरे जानन ना त्कन तम करन थन। किहूरे त्यन ना, त्कन तमः

ছ ক্লিণ-পোলার্ধের সবৃদ্ধ দীপপৃঞ্জ ছেড়েছুটল উত্তর-গোলার্ধে। অজ্ঞাত থাকল এ থবর শৈলিনির কাছে। কিন্তু তার মা? শেথর প্রশ্ন করে সহজ কোন জবাব পেল না। ছির করতে পারল না, তিনি জানলেন কি জানলেন না। শুধু শব্দ করছে ছড়িটা—টিক্, টিক্, টিক্—দেই মোবারকের বাপের আমল থেকে।

মায়ের কথা মনে হল প্রথম। মায়ের মৃথ, আম্মাজানের অশ্রুভরা চোথ, শামীনগড়ের আপন মাটির গজে থেন লেপ্টে রয়েছে। জৈনব বিৰি হয়তো স্বামীর বৃকে শুয়ে এথন স্বপ্ন দেখছে মোবারকের। হয়তো দেই স্বপ্নে আছে লিলি আর মোবারকের দেহ সান-ভায়াল ক্লকের ওপর। মোবারকের ওপর যে আম্বা ছিল জৈনবের, সব হয়তো কাচের মত ভেঙে গেছে। দেন-মোহরের সময় মাকে যেমন ও খুঁজে পাছিল না শামীনগড়ের মাটিতে, পৃথিবী তথন যেমন চুপ হয়ে গিয়েছিল ওর কাছে, দেই মত পৃথিবী আজও চুপ হয়ে রয়েছে সমুদ্রের লোনা-লাগা মরা তেউয়ের মাথায়।

তৃক্ষ দুব্দ শেবাথা থেকে সব ভেসে আসছে। বোধ হয় নীল লোনা জল থেকে এল সে শব্দ। সে আগুয়াজে মূখ তুলে সে চাইল দূরে। ইস্পাতের ফলার মত ছুটে আসছে ফ্লাইং-ফিশের ঝাঁক। লোনা জলের বুক চিরে আসছে তারা। হয়তে। অতিকায় একটা ডলফিন সাগরের অন্ধকার নিবাস থেকে ছুটে আসছে, আক্রমন্ত্র করেছে নিরীহ ফ্লাইং-ফিশের দলকে। সম্ভত্ত হয়ে তাই তারা উড়তে চেয়েছে আকাশে।

ঝাঁকটা এদিকেই ছুটে আসছে।

এদে ঝপ ঝপ করে পড়ল সমূদ্রে—জাহাজের কিনারায় শুধু একটা মাছ লাফিয়ে পড়ল ওর পায়ের কাছে। আন্তে আন্তে মোবারক তুলে নিল মাছটা। বীজের উইংসের আলোতে দেখল তেমন জথম হয় নি উড়স্ত নিরীহ সামৃদ্রিক জীবটি। অক্ত দিন হলে ধরেই মোবারক মাছটার পাখা ছটো ছিঁড়ে দিত। ক্রুগ্যালীর সামনে গিয়ে ক্রেকে বলতো—ভাগুারী চাচা, এটা ছভাগ করে আমাকে আর শেখরকে ভেজে দেবে।

মোবারক খুব নরম হাতে তুলে ধরল জীবটিকে। চক্ চক্ করে উঠছে ওর শরীর ইশোত-ফলকের মত। সমস্তটা শরীর জুড়ে ভূটো পাখা প্রায় লেজ পর্যস্ত চলে গেছে। মাঝে মাঝে জীবটা নিজের মুখ খুলে ধরছিল, যেমন করে কই-কাতলা পচা পুকুরের জল টানে। এই উৎকট লোনা জলে এমন নিরীহ শৌখীন জীবটাই বা বাঁচে কি করে! নিজেই প্রশ্ন করল নিজেকে মোবারক। বাঁচে, যেমন করে বেঁচে আছে লিলি কোরী পাইনের তলায়, যেমন করে বেঁচে আছে জৈনব বিবি ওর স্বামীর বুকে, যেমন করে বেঁচে আছে আমাজান ওর। আর ভাবতে পারল না মোবারক। চোধ ভূটো মোলা হুয়ে উঠল। সব কিছু বেন সবুল হয়ে আসছে। ছ'বছর আগের এক কাহিনী, সে

কাহিনীর সঙ্গে প্রশান্ত মহাসাগরের বৃক্তে ভূবে যাওয়া কাহিনীর পরিচয় আছে। বিধারকের সাত পুরুষের নাবিক কংশ যেথানে এসে থামতে চেয়েছিল, বে শেষ পুরুষকে চেয়েছিল শামীনগড়ের মাটিতে প্রতিষ্ঠা করতে, আপন মাটির গন্ধের সঙ্গে চেয়েছিল ধে শেষ পুরুষকে জমির সঙ্গে জীবনকে মানিয়ে নিতে, সেই মানিয়ে নেওয়ার পরমক্ষণেই ভূতের মত ঘড়িটা এসে তাদের নাবিক বংশে আশ্রয় নিয়েছিল। সম্প্র আবার তাই তাদের টেনেছে। উত্তর পুরুষ মোবারক তাই পূর্ব-পুরুষের ধারাটাকেই অক্ষ্পর রাথল।

মোবারক ছেড়ে দিল উড়স্ত সাম্প্রিক জীবটাকে। ক্রুগ্যালীর দিকে ছুটে গিয়ে মাদ্ধ আর বলল না, ভাগুরী চাচা, ভেদ্ধে দিও আমাকে আর শেথরকে। মনের ভিতর আজ যে দব বিশৃংখলা চলছে, যে বিশৃংখলার ইতিহাস নিয়ে ওর জীবন-চরিত চিত, সেই চিন্তাধারাই আজ সমান করে দিল একটা মান্থকে আর মাছকে। দলদিনের কাছে এই নিরীহ জীবটি যেমন অসহায়, তেমন অসহায় মোবারক, পৃথিবীর কাছে, সম্দ্রের কাছে, কৌরী পাইনের তলায় আর সান-ভায়াল ক্লকের ওপর। মোবারক অন্তপ্ত, ঘূনিবার অন্তাপের জালায় ভেকের কাঠে কাঠে খুঁজছে শান্তির আশ্রয়। সান্-ভায়াল ক্লকের উপর রক্তমাংসের দেহটার জন্ম যে বিচিত্র কাহিনী ওর জীবনের সঙ্গে যোগ হল, যে গুণাহ, ঘূটো জীবনকে কেন্দ্র করে গড়ে উঠল, তার থেকে মৃক্তি কোথায় পূ

হাতের ঘডিটা বিগত দিনের ঘটনার দঙ্গে োগ দিয়ে আজও যেন হাসছে।

হাসছে। সব খেন হাসছে। কেমন এক অপাথিব চিৎকার সম্দ্র-বুকের। বুঝি হাসছে অগভীর জলে হাঙ্গরের ঝাঁক। অগভীর জলের হাসি, ভাই চিৎকার হুরে আসছে মোবারকের কানে।

মোবারক চুপ। কাহিনী শুনছে আম্মাজানের মুখ থেকে। বিচিত্র অহুস্থৃতি বিচ্ছিন্ন করে দিতে পারে নি। নিভূত নীল সমৃত্র, নীল আকাশের দশমী চাঁদ নিবিড় হয়ে আছে ওর মুখের উপর। শামীনগড়ের মাটিতে তথন তার আম্মাজান শীতে উহুনের প্রজ্ঞলিত কাঠের আগুনের পাশে বদে কাহিনী বলছেন।

টিন-কাঠের ঘর। সিমেণ্ট বাঁধানো ভিটে। উন্থনে আগুন জনছে। আন্মান্ধান কাহিনী বলতে বলতে চূপ হয়ে বান। শীতে প্রজ্ঞানিত কাঠের আগুনে মায়ের মুখ রক্তাভ হয়ে ওঠে।

মের্থীবারক উন্থনের পাশে বসে আছে। - পা ছটো উন্থনের দিকে বাড়ান। আগুনে প্রটো মুখ রক্তাভ হয়ে উঠতে থাকলে আম্মাজান তথন আবার বলতে থাকেন। মোবারকের বয়স তথন দশ। আমাজান পূর্ণ-বোবনা। ডাকলেন—আলী।

মোবারক শুধু মুহুর্তের জন্ম আর একটু সংলগ্ন হয়ে বসতে চাইল আম্বাজানের পায়ের কাছে। আম্বাজান আবার ডাকলেন—আলী। বললেন, তোর বাপজী সকর করে বাড়িতে এলে, বারণ করবি আর সফরে থেতে। তুই বড় হয়েছিস। কথা বলতে পারিস।

চকচক করে উঠল আমাজানের নাকের নোলক, বেসর, নাক-ফুল—সব। গলার বিছাহারটা কত কাল থেকে যেন মলিন হয়ে আছে। দিনের পর দিন শুধু ওব প্রত্যাশা, আলীর বাপজীর সফর কবে শেষ হবে। কবে ফিববে শামীনগভে। কবে বুকের ওপর বিছিয়ে থাকা বিছেহারটার্ম হুটো হাত চেপে বসবে, বলবে—তুই পথ-চেয়েছিলি বিবি! সমস্ত সফর তাই পাগলের মত কাটল।—সবুজ শাভির কাঁথাটা হুটো মুথের ওপর বিছিয়ে দিয়ে এক রাতে নিভ্তে বলেছিল মোবারকের তথন জন্ম হয় নি—বিবি তোর মিষ্টি মুথ শুধু আমায় টানে। দরিয়ার বুকে শুধু তোর মুথ দেখি। পাঁচ ওক্ত নামাজে তোর মিষ্টি মুথটাই শুধু চোথের ওপর ভাসতে থাকে।

কেমন কবি কবি হয়ে কথা বলে আলীর বাপজী। আরো বলত, মৃথ ঠোটের সংলগ্ন হয়ে বলত—বিবি।—ঠূন্ ঠূন্ কবে খুন্তিটা বাজল কডাইয়ে। মোবারক মায়ের দিকে চেয়ে প্রশ্ন করলে—বাপজী কবে আদবেন আমাজান ?

—মাস তুইতো হস তিনি সফবে গেছেন। শুধু চিঠি আসে, কিন্তু তাতে লেখা থাকে না তো তিনি কবে ফিরছেন। তুই এলে এবার বলবি—তোমায় আমি থেভে শ্বেনা বাপজী! তুই বলিস, অস্তুত তোর আমাজানের জন্ম বলিস।

শীতের চাদরটা গা থেকে থসে পড়ে যাচ্ছিল মোবারকের। হাতের খুস্তিটা কড়াইয়ে রাধল আম্মান্তান। হাত বাড়িয়ে তুলে দিল চাদরটা। তারপর তুলে আনল মোবারককে কোলে। শামীনগড়ের নিশুদ্ধ রাতে নিবিড় হয়ে বসে রইল মা আর ছেলে উন্থনের পাশে।

জন্ম হয়েছিল মোবারকের—শামীনগড়ের মাটিতে। বাপজীর ভীত সম্ভস্ত মন প্রশ্ন করেছিল ওঁর বাপজীকে, বাচ্চাটার জন্ম শামীনগড়ে না হয়ে অন্তত্ত হলে হয় না ?

মোবারকের নানা জদীমউদ্দীন সারেং বৃদ্ধ, অথর্ব। বলি-রেথার মৃথ শতেক ভাঁজে কুঞ্জিত। বারান্দায় বদে সারাদিন খুট খুট করেন আর গড়গড়ায় তামাক টানেন। প্রশ্ন শুনে তিনি চোথ তুটো লাল করে বলেছিলেন—বেটার কথা শোন। প্রভারপর চুণ! আবার প্রশ্ন করলে আর তুটো কথা বলবেন, মোবারকের বাপজী ভা জানতেন—তামাম ত্নিয়া দেখলাম, শামীনগড়ের মাটি সেরা মাটি।

শামীনগড়ের মাটি সের। মাটি মোবারকের নানা-সাহেবের কাছে। এ মাটিতে জন্মালেই নাবিক হতে হবে। এ মাটি বনেদী।

এ গ্রামের শিশুদের স্থপ্ন উত্তর-মেরু, দক্ষিণ-মেরু, উত্তর-গোলার্থ, দক্ষিণ-গোলার্থ— লগুন, নিউইয়র্ক, পানামা, স্থয়েজ। ওরা গল্প শোনে সফর শেষ করে আসা নাবিকদের কাছে বন্ম দ্বীপপুঞ্জেব, সাগরপারের দেশের—ইঞ্জিন আর ডেকের।

বাপজী তাই চেয়েছিলেন মোবারকেব জন্ম অন্তত্র হোক। শামীনগড়ের মাটিতে অভিশপ্ত নাবিক জীবনের বিষ মাথানো আছে। এথানকার আকাশে-বাতাদে সর্বত্ত নাবিকের ডাক। এ মাটিতে জন্মালেই নাবিক হয়ে জন্মাতে হয়। সমূক্ত তাদের টানে।

পুরুষাস্থ ক্রমে নাবিক বংশের ধারাকে চেয়েছিলেন বাপজী বদলাতে। এ বংশে থে
ন্তন মাসুষটি আসছে সে যদি পুরুষ হয়ে শামীনগডের মাটিতে জন্মায়, তবে সে নাবিক
হবেই। বাপজী তা চান না। মোবারক সাধারণ মাসুষ হয়ে জন্মাক। অক্সত্র তার
জন্ম হোক। যে হাজারো গুণাহ তার জীবনে দিন দিন যোগ হচ্ছে—মোবারক
নাবিক হলে সে গুণাহের সমুখীন ওকেও হতে হবে। অক্সত্র জন্ম হলে সহজ সাধারণ
পরিবেশে মোবারক গড়ে উঠবে সহজ সাধারণ মাসুষের মত। হাজার গোণাগার
অক্সত তাকে হতে হবে না।

খুক খুক করে কাসতে কাসতে ডেকেছিল বাপজীকে ওর নানা, **এই বেটা মুরগী-**চোরের মত দাঁডিয়ে দাঁড়িয়ে ভাবছিদ কি ? বাচচা তোর এথানেই হবে। থোদাকে ডাক, বাচচাটা থেন ছেলে হয়ে জন্মায়। আর জন্মালেই থেন নাবিক **হয়ে জ**ন্মায়।

বৃদ্ধ অথর্ব অসহায় মাস্থ্যটার কাছে বাপজী দাঁড়িয়ে রইল স্থবির হয়ে। এক প্রশ্ন করতে এদে অনেক প্রশ্নের উত্তর শুনতে হল সেদিন বাপজীকে।

—সেই কবে! কোন এক আমলে!

খুক খুক করে কাদেন আর বলেন।

—ইস্ট ইণ্ডিয়া কোম্পানির আমল তখন।

নানা-সাহেবের নানার বাপজীর ইতিহাস। তথনও কলের জাহাজ হয় নি। ইন্ট ইণ্ডিয়া কোম্পানি চলে কাঠের জাহাজে।

কাঠ চেরাই হতো কলকাতা বন্দরে, চিটাগাং বন্দরে। ক্ষাহান্ত তৈরি করত দেশী মিন্দ্রীয়া।

শারীনগড়ের নৌকো চলতো কর্ণফুলির বাঁওড়ে। লোনা জল ডিডিরে নাও বেছ স্থারবনে। কাঠ চেরাই করত কাঠ বরে আনত। জাহাজ তৈরি হত নে কাঠে। মোবাবকেব নানা-সাহের জ্বসীমউদ্দিন সাবেং-এব অতিবৃদ্ধ প্রপিডামহ ছিল সেই নাওয়েব মাঝি।

জদীমউদ্দিন সাবেং কাদতেই থাকেন। কিছুক্ষণ বাদে দম নিয়ে বললেন, তাবপব ঠিক জানেন না কি কবে বৃদ্ধ প্রপিতামহ কর্ণফুলিব নাওয়েব মাঝি থেকে ইস্ট ইণ্ডিযা কোম্পানিব এক জাহাজেব ডেক-দাফাইয়েব কাদ্ধ থেকে পাল-থাটানোব কাদ্ধ পেয়েছিলেন।

ও কালটা প্রায় অপ্পষ্ট। বুদ্ধের ঘোলাটে চোথ ঠিক নজব কবতে পাবল না—বৃদ্ধ আর অতিবৃদ্ধপ্রশিতামহেব আমলটাকে। তবে বুদ্ধেব চোথে স্পষ্ট এখনও প্রশিতা-মহেব আমল। অবশ্য সবই শোনা কার্ফিনী। যেমন করে গল্প বলতেন শীতেব কাঠেব আগুনে আমাজান—বংশেব, নাবিক বংশেব ইতিহাস মোবাবককে। তামাক দিতে, পান দিতে এসে এমন অনেক কাহিনী শুলতে হল আমাজানকে সাবেং জ্পীমউদ্দিনেব কাচ থেকে।

বলছেন জ্পীমউদ্দিন সাবেং। স্থবিব হয়ে দাঁডিয়ে আছে তথনও রাপজী। পানটা তামাকটা দিতে এদে আমাজানও শুনল।

জসীমউদ্দিন সাবেং-এব প্রপিতামহ সফব দিয়ে ফিবেই সব মোলা-মৌলবীদেব ডাকতেন। সিন্নি দিতেন। কোবান শবীফ পাঠ হত। সকলকে বলতেন—গুণাহ আনেক জমা না হলে দ্বিয়াব পানি কাউকে টানে না। আব হয় কি, সেই গুণাহ ক্লারে ঠেকে ঠেকে হাজাব গুণ বাডে।

খুব জোব ছ মাস। তাবপব অস্পষ্ট হযে উঠতো ওব চোগ। অস্বন্তি ফুটে উঠতো সাবাটী মুখে। সমুদ্র যাকে একবাব টেনেছে তাকে আব ফেবানো যায় না। ফেরানো যায় না। ফেরানো যায় না বলেই পুরুষাত্বক্রমিক জাহাজী গতি অক্স্প্ন থাকল।

## জসিমউদ্দিন সাবেং-এব পিতামহের আমল।

নৃতন কলেব জাহাজ হয়েছে বিলেতে। পালেব জাহাজের দিন চুকল।

কলের জাহাজ হল বিলেতে। সম্প্রতীবেব ছোট বন্দব ক্যামবেল টাউন থেকে স্কচ সাহেব গেলেন ইন্ট ইণ্ডিয়ান মার্চেণ্ট অফিসে। তিনি বাণিজ্য কবতেন আমদানি-রপ্তানির। শা-বোয়ান মরদ। প্রথম থেকেই যুঘু ব্যবসাযী।

ম্যাকেন্দ্রী সাহেব তথন ভারতবর্ষে—গান্ধীপুরে। রীতিমত তামাক টানেনঞ্জড়-গড়াম্ব, ফ্রেন্সী ব্যবসায়ীদের সন্ধে বাংলায় জমা-থরচ রাখতে পর্যস্ত শিখে গেছেন। ইস্ট ইণ্ডিয়া মার্চেন্ট অফিস থেকে জানতে পারলেন তাঁর গ্রামের ম্যাকিনন ভারতবর্ষে আসতে চাইছে ব্যবসায়ের খাতিরে। তাকে তিনি নিয়ে এলেন। **অংশীদারী** ব্যবসায় গড়ে তোলার প্রচেষ্টা চলতে থাকলো।

ম্যাকিনন সাহেব কান্ধ নিলেন কাশীপুরে। চিনির কলের ম্যানেন্ডার।

জসীমউদ্দিন সারেং-এর পিতামহের আমলেই এ দেশে এদেছিলেন ম্যাকিনন সাহেব। ইন্টইণ্ডিয়া কোম্পানির এক জাহাজের সফর শেষ করে মাত্র কলকাতার নেমেছেন পিতামহ। গঙ্গার উপক্লে দেশের লোকের সঙ্গে দেখা হয়ে গেল। লোকটা দে আমলের লাইটারের মাঝি। লোকটা হেঁকে বলল—অ্যারা ব সাজাদ সারেং-এর ব্যাডা, ভাশে কিরবা কি করতে? নৃতন সাব্ আইল, নতুন জাহাজ কিনল, পুব দেশে র ওয়নো হইল বইলা রে ব। আর একডা সফর দিয়া ভাও। ট্যায়া অনেক মিলব রে ব।

গন্ধার উপকৃলে সাজাদ সারেং-এর বেট। দাঁড়িয়েছিল চুপ করে। তবে কি কলের জাহাজ এল এ দেশে? তিনিও হেঁকে বলেছিলেন—অ মিঞা এদিকডায় হোন ত, সফরে রইলাম পোরা ত্ইডা বছর, ভাশের থবর কি আর রাখিকি কও ? কলের জাহাজ অইল রে ব এ ভাশে ?

—কথাডা কি জান-আউনের কথা আছে। তবে অহন পর্যস্ত আইয়ে ন। তুমি ত, রে ব্যাডা বিলাত গ্যাছিলা। কলের জাহাজ কেমনডা ছাথচ ?

— মিঞা ভাই এ কথা আর কইও না। নিজের চক্ষে নাপরথ করলে আ কথ বোঝানের নারে ব। তামাম ছনিয়া তুইরা ধ্যান কলের জাহাজ্ঞা। ইঞ্জিনভার থেমন তরিবৎ, ত্যামন কেরামতি। খোদার মালোম সাহেব গো মাথায় এ বুদ্ধিভা খ্যালল ক্যান কইরা। চলনের সময় রে 'ব কেবল ঝক্কর ঝক্কর আওয়াজ করে।— " বলে ভ ভ করে হেসে উঠল জদীমউদ্দীন সারেং-এর নানা-সাহেব।

হন্দনই শেষে কিছুক্ষণ দাঁড়িয়ে রইল ন্তন্ধ হয়ে গন্ধার উপক্লে। আকাশ-পাতাল ভাবল। রাজার দেশ, রাজার মত বৃদ্ধি। হনিয়া জুড়ে ওদের বাদশাহী, হনিয় জুড়ে ওদের প্রতিপত্তি, সে প্রতিপত্তি রাখতে হলে এমন কলের জাহাজ না হলেই বা চলে কি করে? জ্বনীমউদ্দিন সারেং-এর নানা-সাহেব, সাজাদ সারেং-এর বেটা নৃতন স্বপ্ন দেখল গন্ধার উপক্লে দাঁড়িয়ে। কলের জাহাজ আসবে এ দেশে। সেই জাহাজের সে জাহাজী হবে, ঝক্তর ঝক্তর শব্দ হবে কেরামতি ইঞ্জিনটার। কান পেতে সে ভানবে। দেশে গিয়ে ঘটো শক্ত হাত সবার সামনে তুলে ধরে বলবে—সাহেবদের কলের ইঞ্জিন আমি এ ছহাতে ঠেলে চালাই।

কোম্পানির ভাহাজ ছাড়তে অনেক দেরি। গাজীপুরের ম্যাকেঞ্জী সাহেব খাচ্ছেন

দক্ষিণ দেশে। সে দেশে বাবার জন্ম তিনি কলের জাহাজ কিনবেন। প্রথম থেকে পরিচয় থাকলে ম্যাকেঞ্জী সাহেব নিশ্চয়ই কলের জাহাজ ঠেলার ভার তাকে দেবেন।

ম্যাকনিন, ম্যাকেঞ্জী আণ্ড কোম্পানির প্রতিষ্ঠার আমল। সন্ত্রুচ্ছণ। পূর্ব ভারতের আভ্যন্তরীণ বিস্তৃত জলপথে তথন কোন বাণিজ্য-জাহাজ চলত না। ম্যাকেঞ্জী সাহেব বিচক্ষণ লোক, বিস্তৃত জলপথকে তিনিই প্রথম বাণিজ্য সংক্রান্ত ব্যবহারে আনলেন। কিছু পালের জাহাজ কিনলেন। সে জাহাজ চলতে থাকলো পূর্ব ভারতের জলপথ জুডে। আমদানি-রপ্তানি বাণিজ্যে তিনি তাদের বিশেষ সহায়তা পেলেন।

সেই জাহাজেই কিছুদিন কাঞ্চ করেছিল এই হারাম জ্বামউদ্দিন সারেং-এর নানা— সাঞ্চাদ সারেং-এর বেটা। গডগড়ায় ভামাক টানতে গিয়ে আবার তিনি ক'বার থক্ থকু করে কাসলেন।

১৮৫০ সালে এ দেশে কলের জাহাজ এল। ম্যাকেঞ্জী সাহেব কিনে আনলেন সে জাহাজ। নৃতন জাহাজ—নৃতন নাম, 'অরোরা'। সাজাদ সারেং-এর বেটা সে জাহাজে কাজ পেল। কয়লাওয়ালার কাজ। বাংকার থেকে ঠেলে ঠেলে কয়লা নিয়ে আসত গাড়ি করে! সাহেব ফায়ারম্যানদের পায়ের কাছে ম্যাডিসীন-কার উল্টে দিয়ে বলত—ল্যাও সাহেব, বায়লটে ঢোকাও।

দক্ষিণ দেশে (অস্টেলিয়া) তথন লোক আসতে শুরু করেছে। সে দেশের মাটিত কেবল সোনা ছড়িয়ে আছে—লোকে বলে। জাহাজ থাচ্ছে পশ্চিম দেশ থেকে, সঙ্গে লোক ষাচ্ছে। তারা আর ফিরবে না। ঘর বাড়ি তৈরি করে চিরস্থায়ী বন্দোবস্ত করে নেবে। তাল তাল সোনা বিদেশে পাঠিয়ে ওরা নাকি ফেঁপে উঠছে।

ন্তন দেশ। ন্তন জমি। কি হয়, কি না-হয় তথনও পরথ করা হয় নি। থেতে হবে, শুতে হবে, পরতে হবে। দরকার দৈনন্দিন প্রয়োজনীয় জিনিসপত্তের।—পশ্চিম হতে আসে। যাতায়াত থংচ ওদের বেশী, দাম বেশী দিয়ে তাই কিনতে হয়। ম্যাকেঞ্জী সাহেব বিচক্ষণ লোক, তিনি এবার মোকা পেলেন। 'মরোরা' জাহাজে থাবার থেকে আরম্ভ করে সাবান পর্যন্ত নিয়ে রওয়ানা হলেন দক্ষিণ দেশের দিকে। ম্যাক্রিন সাহেবকে বলে গেলেন ফেরবার পথে জাহাজ বোঝাই তাল-তাল সোনা নিয়ে ফিরবেন।

এদিকে নানী আমার ঘরে বদে দিন গুণছেন, কবে ওঁর থসম ফিরবে। পাঁচ বছর হয়েছে কর্ণকুলির বাঁওড়ে বদনা হাতে বাক্স মাথায় চলে গেছে থসম। চিঠিপত্তরের রেওয়াজ নেই সেকালে—তাই চিঠি পায় নি। বিদেশ থেকে লোক ঘরে এলে তার মুথে কিছু থবর আসে। সেই থবরে নানী জানলেন কলের জাহাজে কাজ পেয়েছেন নানা, নানীর মুথ ভারি খুনী হয়ে উঠেছিল সেদিন, সে থবরে।

আর এক রাত। নানীর চোথে ঘুম নেই! কর্ণফুলির বাঁওড়ে লগার থট্ খট্ শব্দ কানে আসছে। চোথ বৃদ্ধে পড়ে আছে নানী। ঠিক তথন দরজার থট্ খট্ শব্দ পেলেন। নানীর বয়েস ক্রুম। যোয়ান বিবি। বাপজী আমার কম বয়সের। রক্ত ওর তাই ছলাৎ কবে উঠল। নানা-সাহেব হয়তো ফিরছেন সফর শেষ করে। কর্ণফুলি বাঁওড়ে লগার যে থট্ থট্ শব্দ পেলেন, সেই নাও করেই হয়তো ফিরছেন। ঝড়ের বেগে উঠে দাঁডালেন। রেড়ীর তেলের প্রদীপটাতে আগুন ধরিয়ে দরজা খুলতেই দেখলেন প্রতিবেশী—কলকাতা লাইটারের মাঝি। তিনিই খবরটা দিয়েছিলেন। কেপহার গেবো আইলে ধাকা থেয়ে জাহাজ ডুবেছে। সলিল সমাধি হয়েছে 'অরোরা'র। (১৮৫৬, পনেবো মে)। রবার্ট ম্যাকেঞ্জী ডুবেছে। সাজাদ সারেং-এর বেটা ডুবী হয়েছে।

সে সামল আর এ আমল অনেক তকাত। একটা দীর্ঘ-নিশ্বাস নিলেন জসীম-উদ্দিন সারেং। ডুবল ডুবলই! আর কোন থোঁজ থবর নেওয়া হল না। নানীর আবার নিকা হল।

শামীনগডের মাটিতে তথন নাবিকের ডাক উঠেছে। গাঁরের যোয়ানরা থবর পেল কলকাতার কলের জাহাজ আসছে হবেক-রকমের। ম্যাকিনন সাহেব আনিয়েছেন। ম্যাকেঞ্জী সাহেব ডুবেছে, 'অরোরা' ডুবেছে, তাল তাল সোনা ডুবেছে—ম্যাকিনন সাহেব কেয়ার করে না। উঠতে গেলে পডতে হয়, এ তো ত্নিয়ালারীর কথা। এক জাহার্জ ডুবেছে, ত্ জাহার্জ কিনলেন। ইন্ট ইণ্ডিয়া কোম্পানির ডাক হাঁকলেন। জাহার্জ যাওয়া-আসা করবে বর্মা মুল্লকে—মেল জাহার্জ!

কর্ণফুলির বাঁওডের বুক চিরে চাটগাঁরের ভাঙন পেরিয়ে শামীনগড়ের যোয়ানরা ছুটল নাও করে-কলের জাহাজে কাজ করতে, বাপজীও তাদের সঙ্গে ছুটলেন। এ চাবামের তথন জন্ম হয়েছে।

—তুই মুরগীচোরের বাচ্চা, দাঁভিয়ে দাঁভিয়ে কি শুন্ছিন্? ইমান তোর সায় দেয় না? ইজ্জত তোর নেই? জাহাজ ডুবীতে নানাজী মবলেন, হারামের বাচ্চা তোর বাপজীর কি জাহাজড়বি হয়েছে? জসীমউদ্দিন সারেং কি মরল? তবে? আমার বাপজী তো কেয়ারই করলেন না। নানাজী মরল, বাপজী ছুটলেন। ম্যাকিনন সাহেব তথন জাহাজের কোম্পানি খুলেছেন—বি. আই. কোম্পানি। বাপজী গিয়ে বলল, সাজাদ সারেং-এর বেটা, বাপজীর বাপ 'অরোরা'র কয়লাওয়ালা ছিল। সাহেব প্বানো খাতা খুললেন, কি দেখলেন, তারপর বললেন—ঠিক আছে, তোমার নাম কোম্পানির ঘরে লিখা হইল। আর তুই বেটা বেইমানের পুত, তোর বাপজী মরল বিন, তুই মরলি না জাহাজড়বিতে, আর বলছিদ কিনা তোর বিবির বাচ্চাটার কর

ভিনগাঁরে হোক! মর মর! ভাগ বেটা আমার কাছ থেকে। আমার বাপজীতো শেবকালটাতে এডেনেব এদিকটাতে পানি ডাকাতের হাতে জান খোরাল। কৈ সে জন্ত তো জসীমউদ্দিন সারেং ঘরে বসে থাকল না, বিবির আঁচল ধরে তো প্যান্ প্যান করল না ?

বিগত দিনের খবরগুলি ক্লান্ত হয়ে ঝিমোচ্ছে মোবারকের মগ<del>ছে</del>র বিভিন্ন অলিগলিতে। আর একটু সে সরে দাঁডাল। লাইফ-বোটের রাডারটা ওর দিকে যেন তেরছা, চেযে আছে। ছপা পিছিয়ে ভব করল এনামেল-বং-কবা রেলিং-এর রডটাতে। উইংদের আলো তেমনি নির্জীব, নিস্তেজ—নীল সমূত্র-সোনালী বঙের ছাযা ফেলে যাচ্ছে। বেমন উন্নরে কাঠের আগুনট। খ্ব সোনালী হয়ে উঠলে আমাজান আর একটু দূরে সরে বসতেন, দেওয়ালের ওপর ঠেদ দিয়ে বসে বলতেন—তাই আলী তোর জন্ম হল শামীনগডে। তারপর তিন বৎসর তোব বাপজীর সাক্ষাৎ নেই। সফবে গেছেন. তাই তোকে নিয়েই পড়ে থাকতে হল। তোকে নিয়েই আমার সময় কাটে। শেষে একদিন তিনি ফেরেন সফর থেকে। কর্ণফুলিব বাঁওড থেকে হেঁটে আসেন। মাথায পেটি, হাতে চক্চকে পেতলেব বদনা। সফর দিয়ে এসেছেন, কত জিনিস আনলেন ভোর আর আমার জন্ম। তিনি এসেও মোলা-মৌলবীদের ডাকতেন। দাওয়াত দিতেন দরবেশ ফকিরদের গরীব গরবাদের। পয়রাত করতেন মসজিদে মান্তাসাতে। হদিদ নিতেন তাদের কাছ থেকে। ছেকের কাঠে কাঠে গুণাহ। হারামজাতেবা হারাম থেয়ে মাছুষ। না-পাক লোকদের সঙ্গে মিশে থাকতে হয়। তাই বলেন সফরে আর ফিরছেন না। সাত পুরুষের জমি আছে, ভিটে আছে, মোবারক আছে, আর বিবি মাছে। স্থথের সংসার, বন্দরের ক্ষরাদের হাতে আর নাকাল হতে হবে ন। বিদেশ ভূঁইয়ে থাকলে, নোনা পানির ঢেউ গুণলে ওদের কাছে না গিয়েও থাক। ষায় না। তাই গুণাহ হাজার গুণে বাডে।

ভাগ্যিস্ তোর নানাজী সে সময়ে বেঁচে নেই। প্রায় ত্টো মাদ। শেষে এক সময় কেমন বেন মনমরা গয়ে যেভেন বাপজী। বারালায় এসে চুপচাপ কেবল বদে থাকতেন দেখতেন শামীনগড়ের মাথার ওপরের আকাশকে, মেঘকে। এরাও সেথানে যাবে যে দেশ থেকে বাপজী সফর দিয়ে এলেন। তথন কিছু কটা পিংলা চোথ ভাসতে থাকে আকাশের গায়ে। তারা হয়তো এখন অক্ত জাহাজীর অপেকাম আছে। অকিড আর পাইনের নীচে অপেকা করছে চুপি চুপি।

আকাশের গায়ে ঘূরতে ঘূরতে এক সময়ে বাপজীল চোথছটো আড়াই হয়ে ওঠে া-

কানের ওপর তথন আওঁরাজ উঠছে গত সফরের সতেরো-কৃড়ি রুপোর কাঁচা টাকার। কিন্তু ভূল ভাঙলো বিবি এদে সামনে দাঁড়াতেই। বিবির হাতের চুড়ি বাজতে ঠুন্ ঠুন্ আওয়াজে।

আমাজান সে সময়ে খুব সহজ হয়ে দাঁড়াতে পারতেন বাপজীর সামনে। কারণ সব সকর শেষে বাপজীর এমন আড়ষ্ট চোখ। দেখে দেখে আমাজানের অভ্যাস হয়ে গেছে। স্বাভাবিক ভাবেই তিনি চিনতে পারলেন এ ছটো চোখে কিসের প্রত্যাশা। কেন বাপজীর চোখে এত অবসাদ। আমাজান আরো কাছে গিয়ে বলতেন, আপনাকে আজ খুব ধারাপ দেখাছে।

বাপজী কোন রকমে চোথত্টো ত্লে ধরতেন আমাজানের ম্থের দিকে। শেষে জবাব দিতেন, বিবি তুই কিছু মনে করিব না, আমি সফরে যাব! বিবি, ছনিয়াটা এখানে আজকাল আমার খুব ছোট ঠেকছে। এ তো আজও বোঝলাম না কেন এমন হল। বিদেশে গেলে দেশ আমায় টানে, দেশে এলে বিদেশ টানে। সারেং বলেন, জাহা: জর টাংকীর পানি যে একবার খেল, নোনা জলের টেউ যে একবার দেখল, ঘর তাকে কিছুতেই বাঁধতে পারে না, দরিয়া ওকে টানবেই। তাই সফরে আবার যাচ্ছি, আলীকে তুই দেখিস। খারদার সফরের কথা কিন্তু ওকে শোনাবি না! জাহাজের গল্প কিন্তু ওকে বলবি না। তবে কিন্তু আমার মত ওকেও জাহাজী হতে হবে—হাজার গোণাগার হতে হবে।

পুরে। চার মাস বাদেই বাপজী ফিরলেন সফর করে। খুব কম সফর, এমন কম সফর বাপজীর জীবনে প্রথম।

মোবারকের শরীর বেমন আজ নোনাতে থেরেছে, রুগ্ন অসহায় যেমন সে সাজ—
বাপজী এসোচিলেন সেদিন ঠিক এই চেহারা নিয়ে। হাতের ওপর ঘড়িটা সাপের
মত পাঁচ থেরে সাহে। আশাজান ঘড়িটা দেখে ভূত দেখার মত ভয় পেয়েছিলেন।
ঘড়িটার ভিতর কেমন একটা অস্বস্তিকর টিক্ টিক্।

আমাজান হাতের ওপর ঝুঁকে দেখলেন—কলটার ভিতর কি কোন জীন পাখী হয়ে আছে? কিচ্ কিচ্ শব্দ করছে একটানা! ওটা বৃঝি কাঁচের ওপর ধাকা থেয়ে টিক্ টিক্ কানের পর্দায় ভাসছে। মোবারক আলীও দে দিন ঝুঁকে দেখছিল ঘড়িটা। বাপের আমল থেকে ধেটা আজও বেজে চলেছে। শুধু মাঝে মাঝে ওয়াচের সঙ্গে মিলিয়ে নিলেই হয়।

বাপজী বসেছিলেন তক্তপোশে—কগ্ন, অসহায় চোধ। খুব নিচু গলায় বলেছিলেন বিবি আমার বিছানা দে। 'बर्क्ड्क्सदन ना ? नमांच পড़दन ना ?' 'ना, विह्नाना ८ए।'

আশাজান তক্তপোশের ওপর বিছিয়ে দিলেন নীল শাভির কাঁথাটা। মোরগের পালক দিয়ে তৈরি বালিশটা রাখলেন শিয়রে। গায়ের কোট খুলে ঝুলিয়ে রাখলেন দড়িতে। শেষে একটা ভিজা গামছা দিয়ে পা ম্ছে দিয়ে শুইয়ে দিলেন। বললেন, ইবলিশটাকে খুলে ফেলুন। শাম্ ওঝাকে ডাকাছ, শরীরটা আপনাব খুব থারাপ হয়ে গেল।

वाभकी ७५ वनत्नन, ना।

তিনি চিৎ হয়ে শুয়েছিলেন তক্তপোশে। দেথছিলেন টিনের চালের দিকে। শ্বপলক কিছু দেথছিলেন যেন।

আশাজান এক সময়ে ভেকেও সাডা পেলেন না, বুঝি ঘূমিয়ে গেছেন। শেষে বাধ্য হয়ে আশাজান হাতের পাঁচ-থাওয়া ইবলিশটাকে খুলতে গেলেন। কিন্ধ কি কবে যে ওটা হাতে এঁটে রয়েছে তার হদিশ পেলেন না। অনেক এদিক ওদিক টেনে এতটুকু ঢিলে ঢালা করতে পারলেন না। চোথে পডল কাটারীটা—ভক্তপোশেব নীচে। হাতে নিলেন, কচ কচ কবে কাটলেন ইবলিশের লেজটাকে। ইবলিশটা কিন্তু এতটুকু দমল না। অস্বন্থিকর শন্দটা তথনও চলছে। প্রায় মাঝরাতেব অন্ধকারে শামীন-গড়ের কুকুবগুলি ঘেউ ঘেউ কবে চিংকাব কবে উঠল। কর্ণজুলির বাঁওডের ওপারে সমতল ভূমির বুকে নন্দনপুর গ্রাম — আম-কাঁঠালের ছায়ায় ঘূমিয়ে আছে। রোমানকাাথলিক চার্চের ঘড়ির ঘটা বাজলো ঢং—ঢং— এগারো বার বাজলো।

ঘণ্টার আওয়াজে বাপজী ধডফড করে উঠে বসলেন। নীল কাঁথাব বিছানাব ওপর বসে কি হাতভালেন। হাতের দিকে চেয়ে দেখলেন ঘডিটা নেই। ডাকলেন, বিবি! ঘডিটা কৈ? আমার ঘডি!

আমাজানের চোথে হান্ধা ঘুমের আমেজ ছিল মাত্র, তাই দহজেই ভেঙে গেল আমাজানের যুম।—ইবলিশটা! আছে। পেটিতে রেখেছি।

--- (म. मिगशित (म।

আশাজান নির্বাক হয়ে গিয়েছিলেন। ইবলিশটা। ইবলিশটা দিয়ে কি হয় ? কি হবে! মাঝরাডে তিনি এ-সব কি বলছেন! সফর থেকে এসে এমন কেন হয়ে গেলেন?

শিররের পাশেই কুপি। তক্তপোশের নীচে মাটির হাঁডিতে আগুন জিয়ানো গন্ধক মেশানো পাটকাঠি, দেশী দেশলাই আছে শিররে। এক গোছা। এক গোছা থেকে অন্ধকারে একটা বেছে নিলেন। তক্তপোশের নীচে মাটির ইাড়িতে ত জৈ আগুন জালালেন, কুপি ধরালেন। ইবলিশটাকে বাপজীর হাতে দিয়ে শেষে যেন তিনি গ্রাপ ছেড়ে বাঁচলেন।

হাঁপ ছেড়ে বাঁচলেন আম্মাজান, কিন্তু বাপজী দাঁড়িয়ে থাকলেন দরজার ওপর। দিটো আম্মাজানের চোথের সামনে ঝুলিয়ে বললেন, ঘড়ির ফিডাটা এমন হল কিবাব ?

আমাজানের গলা কেমন ফ্যাস ফ্যাস করতে থাকল। বাপজীর চোথে অবিশাস — অহতাপের যেন শেষ নেই! তাই আমাজানের গলা দিয়ে ত্ কাঠের ভিতর তার চালনার মত ক' বার ক্যাঁচ ক্যাঁচ শব্দ হল কিন্তু কি বললেন তা প্রকাশ পেল না। শেযে বাপজী নামলেন উঠোনে। উন্মৃক্ত আকাশতলে ত্হাত প্রসারিত করে চিৎকার করে যেন কেঁদে উঠলেন—থোদা হাফেজ।

ভয়ে আমাদ্যান ডাকলো মোবারককে—মোবারক ওঠ, তোর বাপজী কোথায় যাত্তে—ভাক বাপজী করে।

মোবারক বারান্দায় এসে ডাকলো—বাপজী।

উঠোনেব ওপাশের আতাবেডার পাশ থেকে শুধু সেই এক শব্দ থোদা হাফেজ! বিবি ভয় পাস নে—বারোটায় ঠিক ফিরবো। মবু আমার বাপদ্ধী ভালতো, শুয়ে থাকগে। আমি এলাম বলে।—থোদা হাফেজ!

উন্মৃক্ত আকাশ। নীল সমূদ্র। মাঝ রাতের অন্ধকার চিরে জাহাজটা ঝিমিয়ে ঝিমিয়ে চলছে। ফরোয়ার্ড পিকের মাস্টের আলোটা পর্যস্ত মনে হয় ঝিমিয়ে পড়ছে। হয়তো সে পিকে যে নাবিক এখন প্রহরী আছে, তার চোথে ঘুমের আঁচ।

গুঁড়ি গুঁড়ি অন্ধকারে একটা ছায়া টলতে টলতে ডেকের উপর দিয়ে আসছে।
মান্টের নীচে দাঁড়িয়ে কি যেন খুঁজল। হয়তো তিন নম্বর ওয়াচের স্থানী ব্রীজে
থাছে পরী দিতে। কিন্তু সিঁড়ির উপর দিয়ে উঠতে মান্থটার যেন খুব কষ্ট।
ছহাতের কন্থইতে ভর করে লোকটা কোন রকমে বোট-ডেকে উঠে এল। তারপর
আবার কি খুঁজল। তারপর এক এক করে অনেক ক'টা শব্দ ধাকা থেল ওর কানে—থোদা হাফেজ।

সেই মাসুষ্টা জলের ট্যাক্ষটার দামনে এদে হেঁকে ডাকল—মোবারক!

- —খোদা হাফেজ!
- —মোবারক!

## ---কে? শেশর প এ অভকারে তুই কেনু এলি আবার ডেকে?

পশের ভীষণ বিরক্ত গলায় বলল,—তোর চারটা আটটা পরী। এখন বাজে বারোটা। এ মাঝরাতে রাভারের পাশে দাঁড়িয়ে কি বকছিদ অন্ধকারে—থোদা ছাফেল, খোদা হাফেল বলে। কেন এমন করছিদ? কি হয়েছে তোর ?

া — কিছুতো হয় নি। এমনিতেই একটু থোদার কাছে মোনাঞ্চাত করছিলাম। কিছু তুই অন্ধকারে এলি, সিঁডি বয়ে উপরে উঠলি, জাহাজটা হুলছে — যদি পড়ে বেতিস ? হাতহুটো তো বুকের সঙ্গে বাঁধা।

—সে চিম্ভা কি ভোর আছে ? থাকলে কি তুই ওপরে আসতে পারতিস ?

শেখর মোবারকের আরো নিকটবর্তী হতে চাইলে মোবারক বাধা দিল,
—দেওয়ানী আজকে খ্ব বেড়েছে, এদিকে আসিস নে। উন্টে কিন্তু নীচে পড়ে যাবি।
শেখর চার্ট-ক্ষমের নীচে দাঁভিয়ে জবাব দিল, এদিকটায় উঠে আয় তবে।
ফোকশালে চল।

মোবারক চার্ট-ক্লমেব এদিকটায় এদে শেখবের হাত ধরে ফোকশালের দিকে যেতে থাকল। শেখর তথন বলল, লিলিকে ছেডে এদে তুই খুব বেশী ভেঙে পডছিস।

মোবারক ভিতরে ঢুকে ধীরে ধীরে শুইয়ে দিল শৈথরকে। ছটো কম্বল ৎর শ্রীরের ওপর ভাঁদ্ধ করে বিছিয়ে দিয়ে বলল—দব আধুনিকতার ওপরে মাস্থ্যের মনে সংস্কার বলে একটি পদার্থ আছে, যাকে আমরা অতি আধুনিকতা দিয়েও ঠেকাতে পারি না। সেই সংস্কারে বাধে এমন কোন কান্ধ করলেই আমাদের মনে একটা হরস্ত অন্থতাপ শুমরে ওঠে, ভেতর থেকে একটা জালা অন্থভব করি। কেমন সাধ্ভাষায় কথা বলে যেতে থাকল মোবারক।

ফোকশালের শুমিত আলোটা জলছে। ঘরটাকে কেন্দ্র করে গুমরে গুমরে মরছে পাইপের নরম হাওয়া। শেথরের চোখে তথন ঘূমের আঁচি। বিড় বিড করে বকছে মোবারক। ধে সারাটা সফরে অত্যস্ত কম কথা বলেছে সে আজ খুব বেশী বকছে। ঘড়িটা আগের মতই ঝুলছে বাঙ্কের এক কোণে। মোবারকের চোথ ছটো সেদিকেই নিবদ্ধ।

শেখর পাশ ফিরে বলল- বিড় বিড় করে আর তোকে বকতে হবে না, এখন ঘুমো। তিনটা না বান্ধতেই আবার টাণ্টু হবে।

মোবারক চুপ হয়ে গেল। কম্বলটা মূখের ওপর টেনে দিয়ে পুরুশ ফিরে শুয়ে পড়ল। শেখর স্থইচ টিপে স্তিমিত আলোটাকে অন্ধকার করে দিয়ে বলল, বেচারা। ভোরের সম্ত্র। কুরাশা নেই ۴ আকাশ পরিষার। বাড়ি জাই—ভাই দেওরানী চুপ। ভোরের প্রদন্ন হলুদ আলো ঠিকরে পড়ছে ভেকে ভেকে।

শেই আগের মতই সম্ব্রের বুক চিরে ঝিমিয়ে ঝিমিয়ে চলেছে জাহাজ। বারো-তেরো নটের, কয়লার আর ব্যাক্ত লাইনের পুরনো জাহাজ 'সিউল বাংক' চলেছে নিজের খুশি মত। নোনা জলের বুকে ছক্ ছক্ করে শব্দ তুলছে প্রণেলারটা।

কু গ্যালীর সামনে থেকে ছ নম্বর পরীওরালার দল চলে গেছে। .৫ডকের ওপর দিয়ে বেরিয়ে আসছে মোবারক—ক্লাস্ত, চোথছটো লাল। মাথার টুর্পিটা—র্ব্যাগ-টানা ছাইয়ে ফ্যাকাশে হয়ে গেছে।

মোবারক আফটার পিকে উঠেই গ্যালীর ভিতর চুকে গেল, গরম জলের টব নামিয়ে নিল উন্থনের ওপর থেকে। বাথকমের ভিতর রাখল টবটা। সাবান নিম্নে এল, চান করল।

'পরী' ভাঙার সঙ্গে বাথক্রমে একটা গণ্ডগোল চলে। ট্যাণ্ডেল, ডংকীম্যান, গ্রীক্ষার, ফায়ারম্যান, ট্রিমার হৈ চৈ করে স্নান করে। গবম জলে সাবানে ছাইয়ে-ঢাকা শরীর ধুয়ে নেয়, জাহাজীরা শেষে এক শানকী থানা থায়। এক গুক্ত নমাজ পড়ে, তারপর আবার কম্বনটা টেনে দিয়ে আলা আলা বলে বাংকের উপর অবসন্ধ শরীর এলিয়ে দিয়ে; ত্বিমিয়ে পড়ে।

মোবারক চান শেষ করে ফোকশাল থেকে বেরিয়ে এসে দেখল, শেখর তু থালার ু ভাত নিয়ে বসে আছে। একটা থালা টেনে নিল মোবারক। বসতে বসক্ত বলকার খাইয়ে দিতে হবে না, নিজেই আঙ্ক চামচ দিয়ে খেতে পারবি ?

শেখর চুপ কবে থাকল। শুধু আহত হাতটা দিয়ে চামচের ডগায় কোন রক্ষে পি ডেলা ডেলা ভাতগুলি উন্টে পান্টে দেখছে।

মোণারক হনের টিনটা এনে হ থালায় একটু একটু কুলে ক্রীথল। এদিকওদিক আর চাইল না। দিতীয় বার আর কোন প্রশ্নও করল ক্রিশেখরকে। ভালের
টিন থেকে হ হাতা ভাল নিয়ে সমস্তটা ভাভ মেথে নিল। ক্রায় ঢোক ঢোক জল
আর ভাত গিলতে থাকল। কিছ এক সময় চোথ তুলতেই দেখল, শেখর উঠে
যাচ্ছে।—থেলি না? না থেয়ে উঠে যাচ্ছিদ যে? তা বললেই পারিল, না ধাইয়ে
দিলে থেতে পারব না?

- —খেতে পারব না বলেই তো তোর আশায় বদে আছি।
- —কিন্ত আমার বে খ্ব কিধে! তুই বৃঝিদ তো 'পরী' শেষ করে এলে কডটা; কট হয় ? কেমন কিদে লাগে ? শরীরটা কেমন থর থর করে কাঁগতে থাকে।

শেষর কেন জানি আর একটাও কথা বলতে পাঁরল না। চুপচাপ সামনে নাড়িরে আকল। মোবারক তেমনি আবার বলল, তুই বস, আমি হাতটা ধুয়ে আসি। তোকে থাইয়ে দিয়ে আমি থাব। আমার অত্যস্ত কিদে লাগায় ভূলেই গেছিলাম যে তোরও কিদে লাগতে পারে।

`মোবাবক উঠতে চাইলে শেখর বাধা দিয়ে বলল—তুই খেয়ে নে, **ওডক**ণ আমি বিদ<sup>'</sup>। খাওদা শেষ করে হাত ধুয়ে আমায় খাইয়ে দিবি। আজকাল নিজের দিকটাই খুব বেশি কবে ভাবছি মোবারক। জাহাজ শুনলাম সিডনী হয়ে হোমে যাচ্ছে। হোমে গেলে নিশ্চয়ই কলখোতে আমাদের পে অফ্ করবে।

মোবারক আবো তু ডেলা ভাত মুথে পুরে বলল, তুই আমার চাইতে অনেক বেশি অসহায় এ জাহাজে। আব তাই নিজেব দিকটা আজকাল থুব বেশি করে ভাবছিস।

- —কেন, এত দিন ত এমন ভাবি নি।
- —ভাবতে দিই নি বলে ভাবিস নি। কিন্তু এখন নিজেকে নিয়ে এত ব্যস্ত হযে পড়েছি বে তোকে দেখবার আমার সময় হুগু না। আর তুই আমার উপর আজকাল কথায় কথায় রাগ করিস।

শেশর শুধু 'হুঁ' কবে একটা আওয়াজ করল। তাবপব চুপ করে দেখল মোবারক ভীবশ ব্যস্ত হয়ে থাচেছ।

শেবারক আবার বলল—দেশের জন্তে তোর মন কাঁদে ? হাজাব হাজার মাইল স্বরে তোর মাকে আত্মীয়স্বজনকে আজকাল খ্ব বেশী মনে পড়ছে তাই না শেখব ? এই লম্বা সফরে নিশ্চয়ই তোব মনে হচ্চে দেশে কুলিগিরি করে খাওয়া অনেক গুণে ভাল, কারণ নেখানে সারাদিন খাট্নির পব মা-বাবা-ভাই-বোনদের সঙ্গে ছ দণ্ড মিশে খাকুঃ যায়। জুলিকারনের পক্ষে এ যে কভদ্ব প্রয়োজন, তুই নিশ্চয়ই আজকাল খ্ব বেশী অন্তব কর্মির ?

দৈশের কথা কলে হলেই দীর্ঘ সফরটা ভীষণ থারাণ লাগে শেথরের। সম্ত্রেব নোনা কলে উকি দিয়ে অহভেব করে এই জলটাই তার দেশের মাটির সঙ্গে মিশে আছে, অধচ সে আন্ত কতদূরে!

শেখর খোৰারকের ম্থের দিকে চেয়ে থাকল কিছুক্ষণ। শেষে নিজে কিছুক্ষণ চোখ বৃজে থাকল। তার শঙ্করপুর গ্রামটা চোথের ওপর ভাসছে। মা বাবা, মায়েব কথাই, মায়ের ছবিই খুব বেশী করে উকি দিচ্ছে। জাহাজে উঠবার আগে মায়ের কুঁটো ঝাপসা চোথ বিদায়ের সময় কেমন তৃকরে কেঁদে উঠেছিল। সব এক এক করে চাখের উপর ভাসছে।

**ल्यथंद्र काथ थूल वनन—राजांद्र आमाजान निम्छ्यहे (कॅरमहिरनन, ना द्र ?** 

চূপ করে রইল মোবারক। ওর বুকের ভিতর তথন একটা দীর্ঘ নিখাদ পাক থেয়ে মরছে। তবু ঢক ঢক করে কাঁচের গ্লাস থেকে গলায় জল ঢেলে বলল— আমাজান ? আমাজান আমার থেকেও নেই শেখর।

মোবারক চোখ নামিয়ে আনলে শেখর ওর দিকে চেয়ে অন্থভব করল আশাজ্ঞান সম্বন্ধে বিভীয় কোন প্রশ্ন করলে উত্তর মিলবে না। আঠারো মাদ স্ফরে এমন বিবর্ণ চোখ দে অনেকবার দেখেছে। একটা প্রশ্নের জবাব দিয়েই এমন আনমনা হয়ে গেছে বহুবার মোবারক। কিন্তু আজ এ অতি অপ্রত্যাশিত। মোবারক গত রাতের মত বিড় বিড় করে বকতে শুরু করেছে আবার। মনে মনে শেখরের অত্যন্ত করুণার উদ্রেক হল। আশাজানকে কেন্দ্র করে নিশ্চয়ই নিবিড় স্নেহের অন্তর্মালে কোন ঝড় উঠেছিল, দে ঝড়ে ওকে শামীনগড় থেকে উপড়ে এনে জাহীজের ডেকে ফেলে রেখেছে। অথচ দব বলেও আশাজান সম্বন্ধে মোবারক চুপ করে থাকে।

বিড় বিড় করে বকতে বকতেই বাকী থালাটা থেয়ে নিল মোবারক। হাত ধুয়ে নিল বাথকম থেকে। শেখরকে থাইয়ে দিল। এঁটো বাদন ধুয়ে আনল। শেষে মেদরুমের লকারে কাচের প্লাদ আর থালা হুটো রেথে তরতর করে নেমে গেল ফোক—শালে। ফোকশালে চুকে কম্বল হুটো মাথার এপর টেনে দিয়ে শুয়ে পড়ল।

শেখর ফোকশালে গিয়ে ঢুকল না। কারণ পরী কিংবা ডে-ম্যানের বালাই ওর নেই। হাতে দা বলে কাজ থেকে ওর ছুটি। কেবল সাড়ে বারোটায় একবার মেজে। মালোমের কাছে হাতে ওমুধ লাগাতে খেতে হয়। তারপর সারাদিন ছুটি। সারাদিন একদেয়ে সমুক্ত-দর্শন।

শেখর ডেকের ওপর পায়চারি করল অনেকক্ষণ। তারপর ব্রীজের দিকে চাইতেই দেখল তিন নম্বর মালোম নেমে আদছেন।

নেমে আসতেই শেথর প্রশ্ন করল—আমাদের জাহাজ, স্থার, নিশ্চয়ই দিডনী হয়ে হোমে ফিরবে। কলম্বোতে আমাদের নিশ্চয়ই নামিয়ে দেওয়া হবে ?

তিন নম্বর মালোম টুইন-ডেক পার হয়ে যাবার সময় বললেন, ঠিক নেই। মনে হয় সিডনী থেকে পুরনো লোহা নিয়ে জাহাজ জাপানে যাবে।

শেখর ডেকের ওপর পায়চারি করছিল অনেকক্ষণ শুধু এই থবরটা জানবার জন্ম।
আঠারো মাদ সমূলের নোনা হাওয়ায় ওর অস্কৃতি ষেন মরতে বদেছে। শুধু একটা
থবরের প্রত্যোশা ওর জীবনে। তার দেশ, তার বাড়ির থবর। তার ঘরে দে করে,
ফিরবে? কিছ দে অস্কৃতি আজ বেন বিবশ জরাগ্রন্থ। ঠিক মত দেশের মাস্বদের.

ভাবতে পর্বন্ধ কট হয়। মাঝে মাঝে সেই অক্সভৃতি অত্যন্ত অপাষ্ট হয়ে ওঠে। 'মনে হল যুগ যুগ ধরে সমৃত্রের বুক চিরে চলেছে জাহাজ। কোন্ এক আছিকালে জাহাজের দি দিতে পা দিয়ে উঠেছিল আজ পর্যন্ত সে দি ড়িতে পা দেওয়াই আছে। আম-জামের ছায়া কেবল কোন এক রাতের স্বপ্ন! ভাই বোন কোনো এক দেশের রাজক্তা রাজকুমার। ওর পক্ষীরাজ ঘোডা পৃথিবী চবে বেড়াচ্ছে কিন্তু আম, জাম, নারকেলের ছায়ায় আর-একবারের জন্মে হারিয়ে যেতে চাইছে না।

আজকাল শেথরের শ্বভাব হয়ে গেছে সারেং কিংবা ট্যাণ্ডেলকে দেখলেই প্রশ্ন করে জানতে চায় জাহাজের পরবর্তী যাত্রা দম্বন্ধে তারা কোন থবর রাথে কি না! কিন্তু তারা হেদে সে প্রশ্নের জ্ববাব দেয়—মারে, সফর যত বাড়বে টাকা তত বাড়বে। দেশে বেগকেই তো হয়ে গেল।

শেখর ওদের বিজ্ঞপ বোঝে, কটাক্ষ বোঝে। তবু বেহায়ার মত শুধু এক প্রশ্ন

—জাহাজ কবে ফিরবে দেশে। কিন্তু তিন নম্বরের কথার শেখরের চোখচুটো জলে

উঠল। তিন নম্বর সমন্ত খুটিনাটি খবর রাখে। তার খবর হক খবর। সে খবরের ভিতর

কাল-জুরাচুরি-বিজ্ঞপ-কটাক্ষ-মিথ্যা-ফেরেববাজির প্রশ্ন নেই। স্থতরাং জাহাজ জাপানে

শ্বাবেই। তারপর হয়তো চীনে, শেষে হয়তো একদিন দিউল ব্যাক্ষ বে অফ্ বিসকের
প্রচণ্ড ঝড়ে তীব্র দেওয়ানীর হিকায় ডুববে। দেশের লোক শুধু টেলিগ্রাম পাবে

—ব্যাক্ষ লাইন কোম্পানির দিউল ব্যাক্ষ জাহাজ ঝড়ের ভিতর হারিয়ে গেছে। ব্যস্,

এই পর্যন্ত। নাশ্বিক-জীবনের পাওনা এইখানেই শেষ। এইখানেই বিরতি।

এই দীর্ঘ সফরে জাহাজটা কতবার কত ঝডের সন্মুখীন হল। কতবার দেখা গেছে বুড়ো ক্যাপ্টেন চার্ট-ক্ষমেব মোটা কাচের জানালার পাশে দাঁড়িয়ে ঈশ্বরকে ডাকছেন। জাহাজকে ঈশ্বর, ছনিয়ার ঈশ্বরের কাছে প্রার্থনা করে বলছেন—আমার জাহাজকে বাঁচাও।

নীচে ইঞ্জিন ক্ষমে টেলিগ্রামের অ্যান্টার্ন অ্যাহেডের সামনে টেবিলের উপর ভর করে থাক্টিন শেকেণ্ড এঞ্জিনিয়ার। কান পেতে শোনেন ইঞ্জিনের কোন বেথাপ্পা আশুরাজ উঠছে কি-না। প্রচণ্ড ঝড়ের বৃকে 'আগিল' আর 'পিছিলের' ত্রস্ত ওঠা-নামাতে শক্তিত হয়ে শুধু একটা প্রচণ্ড ভাঙনের প্রত্যাশা করেন। মৃত্যুর সঙ্গে মনে মনে বোঝাপড়া করেন। হিসাব করেন এত বড় শরীরটা হাঙরে থেয়ে ফেলতে কতক্ষণ লাগবে, অথবা সমন্ত জাহাজটা সম্জের নীচে তলিয়ে গেলে দম আটকে মরতে ওদের কতক্ষণ সময় নাবে। আর বাড়ির কথা মনে হলে ছোট মেয়ে কনীর চলচলে মৃথ, কচি কচি হাতের সম্ক্রতীরের বিদায় সম্ভাষণ শুধু মনে পড়ে। ইঞ্জিনের গরম হাওয়ায় চোথের জলটা

বের হয়ে আবার ভকিয়ে যায়। ইঞ্জিনটা বেথাপ্পা শব্দ তুলছে—সিলিগুারটা বৃকি। উভে যাবে।

কোকশালে ফোকশালে তথন চিংকার ওঠে—আল্লা। নারেং কোন রকমে টলতে বিনতে মেনকমে এনে ভাগুরীকে ডাকে—সব ফেলে নীচে যাও, নীচে যাও ভাগুরী। দেওয়ানী, দেওয়ানী খুব জোর উঠছে। পাগলী খেপে গেছে। খানা পাকাতে হবে না, নীচে গিয়ে আগে জান বাঁচাও।

সারেং-এর চিৎকারই শুধু ভাগুারীর কানে পৌছয় কিছ শদ্পগুলি স্পষ্ট হয় না।
তব্ ভাগুারী নিজের জান বাঁচাবার জন্ম নীচে ছোটে। কাঁপতে কাঁপতে গিয়ে বাক্ষের
রড ধরে উপুড হয়ে থাকে।

দে-সময় টানেল পথ খুলে দেওয়া হয়। ইঞ্জিন-য়ম জাহাজীরা সে পথে ওঠা-নামা করে তথন। তাদের বিরাম নেই, বিশ্রাম নেই। ঝড যত ওঠে উঠুক—ইঞ্জিন চালু বাথতেই হবে। লাল দাগে স্তীম গেজের কালো কাঁটা থর থর করে কাঁপবেই। কাজেই লায়ারম্যানদের টল্তে টল্তে শাবল নিয়ে কেবল কয়লাব ওপর পডে থাকতে হয়। কারণ বয়লারের ফার্নেসে শাবল হাঁকডাতে হবেই। কিন্তু অহ্বির পা তুটোর ওপর কোন রকমেই শরীরটা ভর করে থাকতে চায় না। শুধু সামনে বা পিছনে ঝুঁকে পড়তে চায়। তবু চোথ তুটোর সহজ স্বচ্ছ অন্সন্ধানের দৃষ্টি, স্তীম গেজের বুকে—স্তীম উঠছে কি নামছে। কয়লা হাঁকড়াবে কি হাঁকড়াবে না। অহ্বির পা তুটো আর চলবে কি চলবে না।

শেখর চোথের ওপর দেওয়ানী দেখল অনেকবার। ঝড, সাইক্লোন, টাইফুন, কুয়াশায় জাহাজের বেশীর ভাগ সফর। লিমন বে, আর বে অব্বিসকের দেওয়ানীর কথা মনে হলে আছও শরীর শিউরে ওঠে। সেই বিনিদ্র রাতের কাহিনী পরিবার-পরিজনদের বললে তারা নিশ্চয়ই আর জাহাজী হতে দেবে না।

একটা ঠক ঠক আওয়াজে শেথর ফিরে চাইল। উই গু-মেসিনের নীচে ফাইভার

—ফিফ্প্ এঞ্চিনিয়ার। নাইন-সিক্টিফিফ্প্ স্পেনার দিয়ে ঢিলে ট্রেপারের ম্থ
আঁটছে। চার 'ফল্কা' পার হয়ে পাঁচ নম্বর 'ফল্কা'র সামনে আসতেই ফাইভার ডাকলেন 
—শেথর!

শেখর দাঁড়াল না। সোজা চলে এল পিছিলে—গ্যালীর সামনে ইচ্ছা করেই ও দাঁড়ার নি। কারণ ফিফ্ থ্ ইঞ্জিনিয়ার, চিফ সেকেণ্ডের ফাইভার; বাঙালী ক্রিশ্চিয়ান এবং জাহাজের অফিসার র্যাঙ্কে বলে বাঙালী সাধারণ জাহাজীদের অত্যস্ত করুণার চোথে দেখেন। জাহাজীদের ভিতর থাকা-খাওয়ার ত্থে নিয়ে মাঝে মাঝে বিজ্ঞোহ উঠলে তিনি কৃত্রিম ত্থে করে মুখ ফিরিয়ে মুখ টিপে হাসেন। মুখ টিপে হাসেন এইজ্ঞ বে, ভোমরা আর কি পেতে চাও বাপু! অনেক পেরেছ। কোম্পানি ভোমাদের অনেক স্থ-স্ববিধা দিয়েছে। দেশে থাকলে লাঙল বইতে, ধান পেতে আধ থোরাকী, রোজ পেতে পাঁচ দিকা, থেতে পেতে শুকনো মাছপোডা আর ভাত। আর জাহাজে এদে তিন টাকা হতে দশ টাকা পর্যন্ত বোজ, চ্বেলা গোন্ত, ভাত, চবি ভাজা রুটি, চা-ত্ধ-চিনি। আর কি চাই! অথচ তিনি অত্যন্ত বিনীত হয়ে বিদ্রোহের সময বাঙালী জাহাজীদের মুগোমুখী বলেন — অসুচিত। কোম্পানির অসুচিত!—কেউ যদি জাহাজীদের মধ্যে বলল, দেখুন না স্থাব, পাঁচ মাদের আগের গোন্ত। গোন্তে পোকা পড়েছে। নিজের চোথে দেখা। এ পেলাই খাটুনির পর তৃপ্তি করে তু মুঠো ভাত যদি মুখে না দিতে পারি, কত বড কটের কথা বলুন ? পাঁচ নম্বর সাব উত্তর দেন —ঠিক, ঠিক! তোমরা জানাও মান্টারকে। জানাও কোম্পানিকে। লওনেব ওয়েল-কেয়ার অফিসারের কাছে রিপোর্ট দাও।—কিন্ত দেকেও থার্ড যদি ফাইভারকে প্রশ্ন করে জানতে চায়—কি ব্যাপার ? তথন ওর হার পালটে যায়—আরে, ও বাগারগুলে। চিরদিনই বিস্থাহ কবে আসছে, বাকি দিনও করবে। ওদব কুকুরের হট-টেপার কোম্পানির দেখলে কি চলে ?

নীচে কোকশালে ঢুকে শেথব দেখল মোবারক ঘুমোয় নি। কম্বলের ফাঁকে পিট পিট করে চেয়ে আছে। শেথরকে দেখছে। শেথর নিজের বাঙ্কের উপর বসে বাক্সেতে হেলান দিয়ে বলল, কি বে ঘুম আসছে না? লিলি নিশ্চয়ই চোথে জেগে আছে?

শরীর থেকে ত্ হাতে কম্বলটা ঠেলে দিল মোবারক। উঠে বদল বাঙ্কে। তারপব চোথত্টোর উপর বিনীত প্রলেপ ঠেলে দিয়ে বলল—সমুদ্রমাস্থদের জীবনটাই ঝড আর জলের মধ্যে শেথর। লিলির মত মেযেরা দে ঝড আর জলের কাছে কতটুকু ? চোথের ঘুমটাকে লিলির মত মেয়েরা কেডে নেয় না, কেড়ে নেয় জীবনের ক্ষুদ্র সংস্কার, ক্ষুদ্র গুণাহ্। লিলি যদি সাধারণ ওক্ আর পাইনেব তলায় নিশীথের বন্দর-অভিসারিকার মত আগত, তাহলে কোন অমুশোচনাই ছিল না। কিছু দে এসেছে আমার জীবনের একটা বিশেষ দিক নিয়ে, সমাজের বুকে বাদ করতে গেলেও যে দিকটা অত্যক্ত ক্ষতিকর, অত্যক্ত গুণাহ্গার। আর সমুদ্রের বুকে—বন্দরে বন্দরে। আর ভাবতে পারি না শেথর। দোজ্যেও বুঝি আমার স্থান হবে না। খোদা হাফে ছা

মূহুর্তের ভিতর শেথর গুল হয়ে গেল। নির্বাক হয়ে থাকল। থোদা হাফেজ বলার সঙ্গে সঙ্গে দেখল মোবারকের চোথ থেকে ঝর ঝর করে নোনা জল ঝরছে।

— আমার গুণাহ্ হাজার গুণাহ্ শেখর। বাপজীর গুণাহ্ অনেক কম। আরে। কম। শেখর বালিশ টেনে বালিশের ওপর ত্টো কছই ভর করে একটু সহন্ধ স্বাভাবিক ভাবেই বলল, আমার কিন্তু মোবারক সমুদ্রের ঝড় জলটাকেই বেশী ঠেকছে। আগওয়ালার কঠোর পরিশ্রমকে ভয় পেয়েছি। মন আমার দেশের জন্ম কাঁদে। রাতে ভয়ে ধ্যের দেশের কত বিচিত্র কথা ভাবি। কত কল্পলোকের কল্পনা করি।

— ওটা বেশীদিন থাকে না। ত্-চার সফর বাদে ন্তন নাবিক-জীবনে সম্দ্র আর জাহাজ ধারে বীরে স্বাভাবিক হয়ে আসবে। তথন দেথবি আমার নাবিক-বংশের ইতিহাসের মত তোর ইতিহাসের ধারে ধারে একটা বিক্বত দিকের ভিত্তি ছাপন করছে। ত্নিয়ার সব দেশ ঘুরে, সব নাবিকেব সঙ্গে আলাপ-আলোচনা করে তাই ব্রেছি। সেথানে সম্দ্রের ঝড জল নয়, দেশের আম-জাম-নারকেল ছায়ার স্বপ্ন নয়, পচা গোস্তের থানাপিনা নিয়ে বিজ্ঞাহ নয়, বিজ্ঞাহ নিজের জাবনের ওপর একটা ক্ষ্ম্ত আপত্তি নিয়ে। যা কোন দিন ভাবিস নি অথচ নাবিক বলেই এটা অবভ্য পাওনা। বেমন আমাব বাপজা কাডিফ বন্দরে ফ্রাওআর গার্লের সঙ্গে যে ঘটনায় জড়িয়ে পড়েছিলেন। সেবাব বাপজার বিজ্ঞাহ ঝড-জলের ওপর বা থানাপিনার ওপর নয়, বিজ্ঞাহ নিজের জাবনের ওপর। য়ণা নিজের দেহটাকে ছিরে, নিজের ব্যক্তিগত বৃদ্ধিটাকে বিরে, 'ঝোদা হাক্তেজ' করে করে যে গুণাহের হাত থেকে মৃক্তির উপায় খুঁজেছিলেন। খাওটা যে কাহিনীর স্বাক্ষা হয়ে মোবারকের হাতে আজ্ঞ ঝুলছে।

## শামীনগড—মোবারকের জন্মভূমি।

শামীনগডের শভক-বাপজীর এগারোটা থেকে বারোটার পরিভ্রমণের পথ।

টিনকাঠের বাবান্দায় আমাজান উন্মৃথ। বাপজীর প্রতীক্ষায় উন্মৃথ হয়ে থাকেন। কথন অন্ধকারের বৃকে হারিয়ে গেছে মাহ্নষটা—এখনও ফিরছেন না। এখনও আতা-বেড়ার ওপারে শামীনগড়ের পথে পায়ের শন্দ ওঠছে না। অন্ধকার উঠোনে সেইজক্ত নেনে এলেন আমাজান।

আম্মাজানের পায়ের সংলগ্ন হয়ে হাটছে মোবারক। আতাবেড়ার পাশে এসে হঠাৎ তৃজনই থামল। তৃজনই আতাবেড়ার ফাঁক দিয়ে উকি দিয়ে দেখল—ক্রমশঃ একটি শব্দ শামীনগড়ের সড়ক ধরে তেঁতুল তলার অন্ধকার পার হয়ে গ্রাম্য পথের দিকে ওঠে আসছে কি-না।

অনেকক্ষণ হল ঝোমান ক্যাথলিক চার্চে বারোটা বাজার শব্দ উঠেছে। কিন্তু বাপজী কিরছেন না বলে আভাবেড়া পর্যস্ত এগিয়ে এসেছিলেন আমাজান। সড়কের ওপারে অশ্বর্থগাছের নীচে মসন্ধিদ থেকে আজান ওঠছে তথন। আর সেই ছন্দোবদ্ধ জ্যোতির্ময় স্থরের সঙ্গে পায়ের আওয়াজ এদিকেই এগিয়ে আসছে।

আশাজানের উন্মুখ মন স্বাভাবিক হয়ে এল।

মোবারক ডাকল, আমা।

আম্মাজান বললেন, চল ঘরে চল। তোর ৰাপজী ফিরছেন।

উঠোন পার হয়ে এল তার।। তারপর বারান্দায়। বারান্দায় ওঠে হেলান দিয়ে দাঁড়িয়ে থাকলেন আমাজান। মোবারক ঘরের ভিতর চুকে তক্তপোষের উপর জালোয়ান জড়িয়ে বদে থাকল।

বাপজীও ঘরের আলো লক্ষ্য করে বারান্দায় ওঠে আসলেন। মুখোমুখী হয়ে দাঁড়ালেন আমাজানের। আমা নির্বাক। বাপজীর চোথে বিষয় !— তুই বিনি এখন ও দাঁড়িয়ে আছিস । বলেছি তো বারোটা বাজার সঙ্গে সঙ্গেই ফিরব। শুযে থাকলেই পারতি। খোদা হাফেজ! ভিতরে চল, হুঃ ভিতরে। দরজা বন্ধ করে শুয়ে পড়ব এখন।

চৌকাঠ থেকে নছলেন না আম্মাজান। বোন গাওয়াজ বরনেন না তিনি। এক ফাঁকে বাপগা ঘরের ভিতর টুকে কুলুগা থেকে নিলেন বুপিচা। ছালা খুলে পেটির ভিতর স্বত্বে রাখলেন ঘডিটা। সহজ হয়ে দাছালেন এবং আবার চীংকার করে ছাকলেন, খোদা হাদেজ। তারপর বারান্দার দিকে চেয়ে অন্তরোধ করলেন, ঘরে আয় বিবি। আয় না! আমার উপর রাগ করলি তুই। রাগ করবি। রাগ করার অধিকার ভোর আছে। মবুর দিকে চোথ তুলে বললেন, মবু তুই ঢাক না ভোর আমাকে। ভিতরে আমতে বল।

মবু ডাকল, আন্দা ভিতরে এস।

কিছ আংশাধান যথন ভিতরে ঢুকলেন তথন বাপ আর বেটা ব্যলে তিনি এতক্ষণ বাইরে দাঁড়িয়ে কাঁদছিলেন। ভেজা-ভেজা চোখহুটো তথনও তার সাক্ষী হয়ে কুপির আলোতে জল জল করছে। বাপজী তার বলিষ্ঠ বৃকে হুটো হাত জড়িয়ে রাখলেন। বলনেন, বিবি তুই কাঁদলি! কিন্তু আমি যে দিনরাত ধরে মনের ভিতর কেঁদে চলেছি দে তো তুই দেখতে পোঁল না!

আত্মাভান আবার ফু পিয়ে ফু পিয়ে কেঁদে ওঠলেন। বললেন, কি হয়েছে আপনার? এমন হয়ে গেছেন কেন?

—এমন হয়ে গেছি কেন ? বাপজীর চোধে মুখে এক ঝলক খড়ের আগুন খেন 
দাউ দাউ জলে উঠল। এমন না হয়ে উপায়ই বা কি ৄিল! সমুস্ত-পাজরে জাহাজের

পোর্ট-হোল দিয়ে বৈ বীভংস চীংকারটা গলে পড়ে নোনা জলে হারিয়ে গেল, বার সাক্ষী কেউ ছিল না শুধু ঘড়িটা বাদে, বে গুণাহের হাত থেকে বাঁচতে দেশে ছুটে আদতে হল, রাত এগারো থেকে বারোটা খোদা হাফেজ বলতে হল, তব্ পোড়-খাওয়া জারনটা যথন ঝিমিয়ে পড়ল না, অস্থতাপ আর অস্থগোচনা যথন বেড়ে চলেছে তথন এমন না হয়ে উপায়ই বা ছিল কি ?

বাপজী বললেন, তোকে আমি সব বলব। ছিনি সবুর কর, সময় দে—এমন কবে ভেকে পডিস না। এত সহজে ভেকে পড়লে বাকী জীবনটা চলবে কি করে!

মামাজান তক্তপোষের কাছে এনে নাল তুরে শাভীর কাঁথাটা ঝেডে শিলেন। হাতে কুপিটা নিয়ে বাপজার কাছে এনে দাঁডালেন। বাপজীও একটু সরে এলেন আমাজানের কাছে। মব্ বুমিয়ে আছে ভেবে আমাজানের চকচকে পরিপুষ্ট মুখটা কুপির আলোতে হুনে ধবলেন—নোলক, নাকফুন, বেসব সব একসঙ্গে খেন প্রদার হাসি হাসছে—ক্রিং-ওঠা ঝডেব পরে পবিদার মাকাশেব মত। মাদের পব মাস ধরে বে নির্বাক আন্তিফ্ আকাজ্ঞা জমে ছিল ভাই খেন আজ এই সহসা মধু যামিনীতে গামজানের চোপে জেগে উঠন। সঙ্গে দকে বাপজীও চঞ্চল হয়ে উঠনেন। হাত থেকে কুপিটা পডে গেন মাটিতে। আলো গেল নিতে। উত্তপ্ত 'মধাসগুলো আছাড খেয়ে পছল দেয়ালে গেয়ালো। আর নিত সম্ম বাপজী হঠাৎ তুকরে কেঁদে উঠলেন—থোদা হাদেজ।

শামানগড়েব সভক কর্ণজুলির বাওড পাব হয়ে পার্বত্য চট্টগ্রামের দিকে চলে গেছে। মগের মূলুকে কোবায় যেবে পথটা হারিরে গেছে শামীনগড়ের মান্থবেরা তার থবের রাথে না। থবর রাথার প্রয়োজন হয় না। বাপদ্যী তাই এই সদ্ধকের হদিস গাপেন মস্লিদ পার হয়ে কর্ণজুলির পুল পর্যন্ত। রাত এগারোটা থেকে বারোটা বাপদ্য মন্জিদ পাব হয়ে পুল পর্যন্ত হাটেন। ফেরেন আবার রাতের অন্ধকারেই। বাডার মন্জিদ পাব হয়ে পুল পর্যন্ত হাটেন। ফেরেন আবার রাতের অন্ধকারেই। বাডার মন্জিদ অতিক্রম করে ওঠোনে থেলে সোকেন। বিবি অপেক্ষা করে থাকে। বিধির চোথ তথন ভার হয়ে ওঠে। ধরে কিরে বলেন তিনি, তোকে সব বলব, সমন্ত্র আয়ুক্, তুই আমায় সময় দে।

এমনি করে প্রতিদিন রাত বারোটার পর ঘড়িটার সঙ্গে বাপজীর গভীর সম্পর্ক গড়ে উঠেছে। বেমনি রাত বারোটা বাজার শব্দ মোবারক গভীর আগ্রহের সঙ্গে শোনে। ঠোটছটো তথন ওর শুকনো হয়ে ওঠে। চোথছটো সঙ্কৃচিত হয়ে আসে। এবং এই বারোটা বাজার আগে সে ভেকে উঠবে। পায়চারী করবে অফিসার গ্যালীর পশ্চিমের বাট পর্যস্ত। বারোটা বাজলে আকাশের দিকে ছ হাত প্রসারিত করে মব্ সবার জনক্যে ভাকবে—থোদা হাফেজ। সেই শামীনগড়ের সভকের বাপজীর মত। মোবারক বসেছিল ফোঁকশালে—নিজের বাংকে। ছু হাঁটু ভেলে মাথাটা গুঁজে দিয়েছিল হাঁটুর ভিতর। পাশের বাংকে ঘূমিয়ে রয়েছে শেখর। কেবিনের ও পাশের পথ ধরে কেউ সম্বর্গণে উপরে ওঠে বাচ্ছে। নিশ্চয়ই তেলওয়ালা হবে ছু নম্বর পঁরীর। শেষ বারের মত ওর ওয়াচের তেল ষ্টিয়ারিং ইঙ্কিনে দিয়ে গেল। ডেকে গেল—
যাদের পরবর্তী পরী দিতে হবে তাদের।

পোর্ট-হোল থোলা। কাচের ফাঁক দিয়ে ফুরফুরে হাওয়া চুকছে। ফুরফুরে হাওয়ায় শেখরের চুল উড়ছে। শেখরের অনাড়ম্বর সরল সহজ মুখের প্রতি চেয়ে থাকল অনেককণ।

মিটি মিটি মুখ — ছনিয়ার স্থের খবরটাই শুধু জানা আছে চোথছটোয়। কে চোথে কে আমাজানকে অহুভব করতে পারে।

সে এখনও বাংকের উপর বদে রয়েছে। ভাবছে অনেক কথা। অনেক কালের বিশ্বতপ্রায় শ্বতি।

যাদের পরীতে যাবার কথা শেষ রাতে, তারা এক এক করে ওঠে যাচ্ছে সিঁড়ি ধরে। সতর্ক রেথে সে একটু আড়াল দিয়ে বসল সকলের।

ওদের পায়ের শব্দ কুগ্যালীর সামনে মিলিয়ে গেল। ইঞ্জিন-রুম থেকে ঝ্যাক্ ঝ্যাক শব্দ কাচের ঘূলঘূলি গলে ফোঁকশালের ভিতর চুকছে।

সেই শব্দ সাপের মত বেয়ে বেয়ে ওর শরীরের উপর যেন ওঠে আসছে। কেমন ঝিম ঝিম করে উঠল মাথাটা। কি যেন ভাবতে ভাবতে চোথছটো অন্ধকার হয়ে এল। আলো গেল নিভে। আমাজান যেন কাঁদছেন আর বলছেন, বাপজী আর ফ্লাওয়ার গার্লের কথা, ঘড়ি আর বাপজীর দোন্ত রহমৎ মিঞার কথা—

১৯৩৫ সালের অনেক টুকরো ঘটনা। যোগ দিলে অনেক হয়। বুটিশ ইণ্ডিয়া স্তীম নেভিগেশনে বাপজী তথছ ছোট ট্যাণ্ডেল।

ক্লান্য আর অনেক আপশোদে গুমরে-মরা মনটা চেয়ে থাকলু ঘড়িটার প্রতি। উন্মনা হয়ে শামীনগড়ের মাটিতে গড়াগড়ি খেল মনটা। আমাঞ্চানের নালিশ শুনল। তিনি খলেছিলেন, তোর বাপজী সে রাতেই চলে গেল।

বে অফ্ বিসকের ঝড় থেয়ে এগিয়ে চলছিল জাহাজ—বাপজীর জাহাজ, বাপজী সে জাহাজে ছোট ট্যাণ্ডেল্।

বাপন্ধী আর রহমৎ মিঞা থাকতেন এক ফোঁকশালে—পাশাপাশি বাংকে।
ভাছাজের তিনি ডংকীমান। কলকাতা বলরেই প্রথম পরিচয় এবং একটা সম্পর্কও

কি করে ধেন ছন্ধনের ভিতর বের হয়ে পড়েছিল। তারপর ছন্ধন সালাম আলাইকুম আর ওয়ালেকুম সালামের ভিতর প্রথম পরিচয় থেকে ভাইসাব আর মিঞাসাব পর্যস্ত উঠেছিলেন।

ঝড়ের দরিয়ায় পোর্টহোল খোলা চলে না। ঝড়ের দরিয়ায় ছন্তি রাধাটাও ভরানক ব্যাপার। কেউ কাউকে সামলাতে পারে না। নিজেকে নিজে সামলাও, নিজেকে নিজে বাঁচাও। তবু যথন অত্যন্ত দেওয়ানীর জন্ত বাংক খেকে উঠতে পারছিলেন না রহমং মিঞা, লকার থেকে খাবার তুলে এনে খেতে পারছিলেন না তথন বাপদ্দী ধরে ধরে দব সাহায্য করেছিলেন। পেট ভরে খাওয়ানোর চেষ্টা করেছিলেন দোন্তকে। গোটা সফর ধরে এমন করেই চালিয়ে এনেছেন—এমন করে দোন্তকে বিপদে-আপদে আগলে এসেছেন।

চিটাগাং আর নোয়াথালার জাহাজীরা বে অফ্ বিদকে-কে বলে বয়া বিস্কৃট। তারা আগে থেকেই জানে এথানে এলে ঝড় উঠবে—ছলবে জাহাজটা অত্যধিক। ছলে চলে টানেল পথ চলতে হবে—ডেকপথে ইঞ্জিন-ক্ষমে যাওয়া যাবে না। স্তরাং বাপজী অনেক তরিবত করে ব্ঝিয়েছিলেন দোন্তকে—আপনি দেওয়ানী ওঠলে কেন যে নোনাপানী থান না বুঝি না মিঞাসাব।

কম্বল ঠেলে কোনরকমে উঠে বদেন রহমং। বলেন, মেজাজে না ধরলে কি করি বলেন ভাইসাব।

বয়া বিদ্কুটে ঝড় উঠবে জেনেই বাপজী কিছু কমলালের বেশী করে কিনে চিল্-স্ট্যাটের কাছে জিমা রেখে ছিলেন রেফিজিরেটারে রাখার জন্ম। তিনি কিছু কমলালের ইঞ্জিন-কম থেকে উঠে আদার সময় নিয়ে এদেছিলেন।

হান্ধা শীর্ণ চেহার। রহমং মিঞার। কাজ করে গোটা জীবন আর গোটা সফর ধরে কেবল টাকাই জমিয়েছেন একবার তাকিয়ে দেখেন নি কেমন হালত হয়েছে শবীরের। বাপজীর করুণা দোস্তের উপর ঐ দেহ দেখে। বলেছিলেন সেজন্ত, গোটা সদরটা কাটাবেন কি করে?

তিনি কমলার কোয়া ছাড়িয়ে দিলেন দোকতে। শরবৎ করে দিলেন। পেট ভরে থেতে দিলেন কটি। কতকটা নোনাপানী চেথে বললেন, থেয়ে ফেলুন, শরীরটা হান্ধা হবে।

এক পকালে দরিয়ার বুক থেকে ঝড় বিদায় নিল। স্থির হয়ে এল সম্দ্র-ঢেউ। ছোট ছোট ঢেউয়ে এথন ছোট ছোট পারপয়েজ মাছ। তারা ঢেউয়ের রূপালী পর্দায় থেলছে। সামনের ডেকে বাপজী হাঁটছিলেন। হঠাৎ দেখলেন সেখানে চার-টনী ভারীকটা ভেকে পড়ে আছে। ঝড়ের বীভংস গতির আঁচটা এতক্ষণে যেন আঁচ করতে পারলেন। ফোঁকশালে ফিরে এসে বললেন—আল্লার মেহেরবানী খুব মিঞা-সাব, জাহাজটা এ দফে আমাদের বেঁচে গেল।

এ দকে বেঁচে গেল বলেই কার্ডিফ বন্দরের এক সোনালী সকালে জাহাজটা এসে ভিড়ল। বাঁ দিকে পাহাড়ের উপর রয়েছে লাইট-হাউস—আলো ফেলছিল রাতে।

জাহাজটা তথন নোক্ষর করা। বাপজী মিঞাসাব তথন জাহাজ-ডেকে। লাইট-হাউসের আলোতে বার বার কুজনের মুগ উজ্জ্বল হয়ে ওঠেছিল।

কিন্ধ এই সোনালী সকালে লাইট-হাউদের ঘরে আর আলো জলছে না। রাতের উদ্দামতা ভোরের আলোয় সম্পূর্ণ ফ্যাকাসে হয়ে গেছে। তাই লাইট-হাউসটা পাহাডের উপর শুধু মঠের মত দাঁডিয়ে রয়েছে।

বেমন বাপজী এসেছিলেন এ বন্দরে, রহমৎ মিঞাও তেমনি এ বন্দরে ছ বার এসে, কার্ডিফের রাউদ্ ইঞ্জিনিয়ারিং কারখানা এবং তার পাশের অপ্রশস্ত গলি, আর সেই চতে মেয়েমাস্থ্য সব দেখে গিয়েছিলেন। তিনি ড্রাই ডকের পাশ দিয়ে অনেক বার কেটেছেন, অনেকবার মৃথস্থও করেছেন সেই অপ্রশস্ত পথটা। তথনকার দিনে মেয়েমাস্থ্য লি রাস্তার মোডে মোড়ে দাঁডিয়ে অপেক্ষা করত ওদের জন্ম। এদের দেশে এই নাকি রীতি।

ভাইসাব আর মিঞাসাব ছজনে মিলে ডেকের উপর দাঙিলে থাকলেন খনেকক্ষণ।
বন্দর আর শহরের ভগ্নাংশ দেখলেন। পুরানো স্থাতি ত্-একটা ছজনেবই মনে ১২সে
উঠেছিল। কোন তেলওয়ালা রাতের অন্ধকারে জাহাজ থেকে পালাতে গিয়ে রখানীর
হাতে ধরা পডেছিল সে ধবর জমাট হাসিতেই দোন্তকে দিলেন বাপজী। রহমৎ
মিঞা দেখছেন তখন নীচের বীটে হাসিল কতথানি টেনে বাধা হচ্ছে। তারপর চোথ
গেল আরো দ্রে—অনেক দ্রে, সেই অপ্রশস্ত পথ, ড্রাই ডক, পাশের ডকে যুদ্ধ ভাহাজ।
কিছটা গেলে বাঁ দিকটায় কয়লার জেটি।

জাহাজ হোমে এলে একবার ড্রাই-ডক কর। হয়। একবার সরফাই কর। হয়।

শক্ষমাই করে দেখা হয় জাহাজটা আর সমুদ্রের টেউ কত দিন ডাগতে পারবে,

বন্ধনারটা কতকাল আর নিদিষ্ট স্তীম দিতে পারবে। সব দেখে একসময় এ জাহাজেরও

রিপোর্ট গেল কোম্পানির ঘরে—জাহাজের মেরামত অনেক। বীট, প্লেট, একঘষ্ট

শাইপ থেকে ট্যাংকটপের উপর স্কাম বক্সটা পর্যস্ত । অর্থাৎ জাহাজটাকে ঘাটে অনেক

দিন বসতে হবে।

তথনও সকাল হয় নি ভাল করে। ইংলিশ চ্যানেল থেকে ঠাতা হাওয়া সমস্ত

রাত ধরে বাজিয়াড়ী ভেকে আছড়ে পড়ছে বন্দরটায়। কুয়াশা কিছু নেমেছিল, কিছ কোনেল কেমন করে আবার তারা মুদ্রের আর-এক দিগস্তে ভেনে গেছে। কাডিফ ক্যানেল থেকে যে বাসটা বন্দরে আদে সে বাসটা পর্যন্ত আসে নি। মাত্র ধোবি মেয়েটা গাধার পিঠে কাপড় তুলে নিশ্চিস্তে ইনডাব্রিয়েল ড্রাই ডকের পাড় ধরে সামনের মাঠটার প্রতি এগিয়ে যাছে। সেই সময়ই কাঠের সিঁডি ধরে জেটিতে নেমেছিলেন বাপঙ্গী রহমৎ মিঞা এবং জাহাজের অক্যাক্ত জাহাজীবা। মাথায় মোট-ঘাট, হাতে ডাদের পেডলের বদনা। গ্রীম্মের সকলে নীত কম। তবু জাহাজীরা মাথায় সকলে মাফলার এঁটে নিয়েছিল। একমাত্র বাপঙ্গী এবং বাপজীর অমুরোধে রহমৎ মিঞা মাথায় কেন্ট ক্যাপ টেনে বন্দরে নেমেছিলেন।

জেটিতে নেমে তিনি প্রথমেই দোন্তের হাত ধরে বললেন, সালাম আলাইকুম মিঞাসাহেব।

- ও্যানে মুম সালাম। সরাইখানায় গিয়ে থবব-টবর নেবেন।
- --নদীব খারাপ।
- নদাব জ্বৰ থাবাপ। ন্য তো আপনি আর আমি ত্ব স্ব।ইথানায় প্তৰ কেন।
  কিন্তু কোম্পানিব নির্দেশ তো আব থেলাপ করা চলে না। কোম্পানীর নির্দেশেই
  জাশাজীদের হুটো ভাগ হয়েছে। হুটো সরাইথানা ভাডা হয়েছে ওদের থাকার জ্ঞা।

মালপত্র কোম্পানির মোটরে নির্দিষ্ট জারগায় চলে গেল। বাপজী আর রহমৎ নিঞা অন্যান্ত জাহাজীদেব সঙ্গে ধোবি মাঠ পর্যন্ত হৈটে এসোছলেন। ধারা কাডিফ ক্যানেল পাব হযে রেলপুলটাব নীচের সরাইখানায় যাবেন তাবা পথের মোড়টায় এসে থামলেন। এখান থেকেই বাসে উঠতে হবে তাদের। সেজক বাপজী বাস স্টপেঞ্জে গেদের সঙ্গে দাঁভালেন। কারণ এ দলে রয়েছে রহমৎ মিঞা। ভাবলেন, রহমৎ মিঞালেক বাসে তুলে দিয়ে তারপর তিনি ধোবি মাঠ অতিক্রম ক্রবেন। ধোবি মাঠ অতিক্রম ক্রেই তাদের সরাইখানা।

বাপজার সঙ্গের জাহাজীরা তথন হেঁটে চলেছে সরাইথানাটার দিকে। বাপজী শুনু বাদ স্ট্যাণ্ডে বন্দরের কালো দাপিল পথটার উপর অপেক্ষা করেছিলেন রহমং মিঞা যতক্ষণ না বাসে উঠলেন এবং চলে গেলেন। বিদায়বেলায় ছ হাত উপরে তুলে সালাম জানিয়েছিলেন বাপজী। শেষে একান্ত আনমনে যথন বন্দরের রুপালী দকাল অতিক্রম করছিলেন মাঠ পার হতে তথন দেখলেন বালুবেলার পথ ধরে একটি মাত্র ধোবি মেয়ে। গাধার পিঠে এক গাদা কাপড়। হেট হেট করছে—আর পিট পিট করে চাইছে মাঠের উপরে মান্থগুলোর দিকে। তাকে দেখে বাপজী ভাবছিলেন

আত্মাজানকে, বেটা মবুকে, কাঞ্চনের ভালকে। কাঞ্চন গাছটায় এখন্ত্র হয়তে। ফুল ফুটেছে।

রাত্রি বেলায় বেটা আর বিবির কথা ভাবতে ভাবতে কখন ঘূমিয়ে পড়েছিলেন এবং কখন সকাল হল তিনি যেন সেদিন টের করতে পারেন নি। বাপজী ওয়াল ককটার দিকে চোথ তুলে দেখছিলেন ক'টা বাজে। রহমৎ মিঞার সরাইথানাটা একবার ঘূরে এলে হত। মনটা যেন দোন্ডের জন্ম কেমন কবছে। এক ফোকশালে থাকার অভ্যাসের ফল।

কি ভেবে এক সময় পাশের জানালাটায় চোথ তুলে দিলেন। কমাশিয়াল ড্রাই-ডক পার হয়ে সাদা বর্ডারের জাহাজেব কালো চিমনিটা আকাশমুখো হয়ে আছে। ইনডাব্রিয়েল ড্রাই-ডকে রং সারা হচ্চে যুদ্ধের জাহাজগুলোব। বন্দর ধরে কিছুটা দক্ষিণমুখো গেলে কয়লাব জেটি—বাংকার নেওয়া হচ্চে তুটো জাহাজে। বালুবেলা ধরে একটি মেয়ে এ দিকেই উঠে আদছে—এই পথে। ধোবি মেয়েটা বুঝি। প্রতি ভোরের পুনরাবৃত্তি।

হাতের কহুয়ে ঝুলছে ঝুডি। মেয়েটি আসছে এ দিকেই। এই সবাইথানাতেই। বাপজী তার ভুল ব্রতে পারলেন—কারণ মেয়েটা এতক্ষণে তার গাধা নিয়ে শহরম্থো চলেছে। এত দেশ এতবার ঘ্রেও তিনি যেন বিদেশী মানুষদের চেহারার ভফাৎটা ধরতে পারেন না।

শামীনগডের কথা ভেবে বাপজী আবার অক্সমনস্ক হয়ে পডলেন। একটি গুপ্তন উঠেছে তথন সরাইথানার সদর দরজায়। সেথানটায় ভিড জমিয়েছে সব নাবিকেরা। একমাত্র বাপজী দেয়ালে ঠেস দিয়ে তথনও উন্মনা। তিনি অক্সমনস্ক হয়ে কিছুদিন খেকৈই আবার শামীনগডকে ভাবতে গুরু করেছেন। জাহাজের ভেক দরিয়ার নীল লোনা জল একঘেঁয়ে লাগছে। জল আর মাটির সব বৈচিত্র্য টিন কাঠেব ঘরেব কাছে হার মেনেছে। আবার তিনি ফিরে যেতে চান দেশে, বিবি আব মন্ব বুকে ম্থ লুকিয়ে বিশ্রাধ িত চান কিছুদিন।

मनत नतकात ७अन्छ। धीरत धीरत अमिरक मरत जामरछ।

বাপজী চোথ তুলে দেখলেন, নাবিকের। সেই মেয়েটিকে কেন্দ্র করে গুল্পন তুলেছে।
জাহাজীর। কেউ কেউ মেয়েটির ঝুডি থেকে ফুল তুলে নিল। মুরিয়ে ফিরিয়ে
ফুলের গুচ্ছগুলো দেখতে দেখতে অনর্থক প্রশ্ন করলে অনেকে, কিন্তু তু-শিলিং
দিয়ে কেউ একগুচ্ছ কিনে নিলে না

মেমেট সরাইখানায় এসেছে ফুল বিক্রি করতে। ভোরের বোদ গায়ে মেথে

প্রতিদিন শহরের পাড়ায় পাড়ায় ফুল বিক্রি করতে বের হয়। আজ এসে গেছে বন্দরে, ঢুকে গেছে সরাইথানায়। নতুন মাহুষের মুথ দেখে কৌতুক অমুভব করছে।

সরাইখানার দীর্ঘ মেঝের উপর ত্ সারিতে রাখা অনেক লোহার চিক। ফাঁক দিয়ে সবলরেথার মত একটি সংকীর্ণ পথ অন্ত প্রান্তের দেয়ালে গিয়ে ঠেকেছে। পথের বাঁ পাশটা থেমেছে বাপজীর টেবিলের পায়ায় ছোট গোল চাকতিগুলোতে। সেই পথ ধরে আসছে মেয়েটা। সচকিত ভাব ওর চোখে ম্থে। অন্ত জাহাজীরা তার পিছনে। মেয়েটা সরাইখানায় ঢুকে পড়েছে বলে ওরা খিল খিল করে হাসছে।

হাতের ইশারায় বাপজী ফ্লাওয়ার-গার্লকে ডাকলেন। অন্যান্ত জাহাজী বন্ধুর এচিরণে তিনি ক্ষ্ম হয়েছেন। মেয়েটি গরীব, ফুল বিক্রি করে সংসার চালায়। ফুলগুলি নিয়ে দেখি দেখি করে না দেখার ইচ্ছা ও না-কেনার ইচ্ছাকে আর তাদের অসভ্য ইপিতগুলিকে তিনি বরদান্ত করতে পরেলেন না। তাই হাত তুলে ডাকলেন এবং কাছে এলে ঝুডি থেকে একগুচ্ছ ব্লাক-প্রিক্ষ নিয়ে দাম সম্বন্ধে প্রশ্ন করলেন—কত ?

বাপজীর টেবিল ঘেঁসে সম্তর্পণে দাড়াল মেয়েটি। ব্ল্যাক-প্রিক্সের দিকে চেয়ে কি ক্ষণ যেন দামেব কথা চিম্তা করলে —কত দাম হতে পারে, কত দাম দিলে হজনের কেউ ঠকবে না। তারপর বাপজীর প্রতি নরম নরম হটো চোথ তুলে অকুণ্ঠ গলায় জবাব দিল—হ বব্।

ত্বব্। এত কম! বাপজী খুশী হলেন। ত্টো বব্ মেয়েটির হাতে তুলে দিলেন।
জাহাজীদের দিকে মুখ তুলে মেয়েটি হাত পেতে ত্টো বব্ নিল এবং খুশী মুখে
বাপজীকে অভিবাদন জানাল। তারপর এক অদ্ভ নাচের ভঙ্গীতে ঘর থেকে বের
হয়ে সদর দরজাটায় দাঁডাল। ঘাড বাঁকিয়ে দেখল নীচের পথের জনতাকে। শেষে
বাঁ পাশের মদেব দোকানটা অতিক্রম করে একটা সক্ল গলিতে অদৃশ্র হয়ে গেল।

এই গেল সরাইখানায় প্রথম রাত যাপনের পর প্রথম সকালের খবর। বিকেলে বাপজী একবার ভাবলেন—রহমৎ মিঞার সরাইখানায় যাবেন। মিঞা সাবের দিনী বিলেতের হাওয়ায় কেমন গুজরান হচ্ছে দেখে আসবেন।

কিছ শেষ পর্যস্ত আর যাওয়া হল না। সারেং সাব ডেকে পাঠিয়েছেন—একবার জাহাজে যেতে হবে। অস্ততঃ কয়েকটি রাতের জন্ম একটি বয়লার চালু রাখতে হবে। দেজন্ম বিকেলে গেলেন বাপজী জাহাজে, ত্জন আগওয়ালা গেলেন সঙ্গে। ওদের কাজ ব্রিয়ে দিয়ে সে রাতেই তিনি ফিরেছিলেন সরাইখানায়।

পরদিন সকালে তেমনি নেচে নেচে এল মেয়েটি। ফুল বিক্রি করতে এসেছে ফুল ওয়ালী। সদর দরজায় দাঁড়িয়ে হাঁক দিচ্ছে—ফুল চাই।

জাহাজীরা যে যার চকি থেকে উকি মারছে জানালা দিয়ে। কেউ কেউ খড়ফ পায়ে দিয়ে নীচে নেমে সদর দরজাটা পর্যন্ত গেছে। কিছু কিছু ফুল তারা হাতে তুলে নিম্নে গতকালের মত বলেছে, তোমার ফুল ভাল নয়।

বাপজী চকি থেকে ওঠেন নি। দেয়াল বেঁদে বদেছিলেন, বদেই থাকলেন ! জানালা দিয়ে দেখছিলেন তিনি তথন অনেক দ্রের একটি দেশ। দেশে তাঁর বেটা আর বিবি থাকে। বন্দরের কালো পিচ-ঢালা পথে বে মেয়েটি আসে এবং সদর দরজায় দাঁড়িবে হাক দেয়—ফুল চাই, তাকে ভাবতে গিয়েই কেমন করে তিনি যেন আমাজানের কাছে চলে যান। আমাজানের তুটো ডাগর চোথের কথা অন্তমনস্ক হয়ে ভাবেন!

মেয়েটি তথন সদর দরজা ধরে বাপজীর টেবিলের দিকেই এগিয়ে যাচ্ছে। মুপে তার এক কথা—ফুল চাই, ফুল দেব।

বাপজীর মূথ তুলে দেখনেন ফুলকন্তাকে। ফুলের সবুজ সহজ ছারা নেমেছে ওর শরীরের আনাচে কানাচে। মিষ্টি মিষ্টি গন্ধ গায়ে। মাথায় ভার পালকের টুপি। ভিজে ভিজে ঠোটহুটোর চলকে-পড়া হামি। তাই বিবি আব বেটাকে রেখে-আমা মান্থবটি কিছুতেই মেযেটিকে প্রত্যাথান করতে পাবেন না। তাই ফ্লাওরার গাল টেবিলের পাশে সন্তর্পণে দাঁভাতেই তিনি প্রে। একটি ক্রাউন দিয়ে বেহাই পেলেন।

ফ্লাওয়ার-গাল জানল, এ খোয়ান জাহাজা খেন তার নিজের মান্তব। দরদ রয়েছে তার। অক্তাগ্র জাহার্জার মত নিশ্চয়ই ফিরিয়ে দেবেন না প্রতিদিন। ফুল কিনবেন-ফুল কিনে পয়সা দেবেন।

মেয়েট আবার চলে গেছে। সদর দরজ। পার হয়ে সে সদর রাস্থান নেমেছে। প্রথম ভোরের মত আজও মদের দোকানটা বাঁ পাশে বেথে একটা সক গলিতে গিয়ে চুকে পড়েছে। বাপজার চোথহটো তথন জানালায়। দৃষ্টি তার অহ্যত্ত। বন্দধের প্রেতি চোথ রেথেছেন তিনি, কত দিনে জাহাজটা মেরামত হবে, কত দিনে বমা বিস্কটের তেওঁ ভেকে জিব্রালটার হয়ে দেশের মাটিতে পৌছবে। বেটা আর বিবির ভ্রু মনটা খুবই উনুথ। বিবিকে একটা থত দিতে হবে। মবুর জন্ম দোমা পাঠাতে হবে।

গোলাপটি তিনি হাতে নিলেন। নাকের কাছে নিয়ে গোলাপের গন্ধ নিলেন কি পাপড়িগুলোর ভিতব কোন কীট'রয়েছে কিনা পরথ করলেন, বোঝা গেল না। তব্ তিনি গোলাপটিকে ধরে রাখলেন ত্ আঙ্গুলের ডগায় এবং সকলের প্রতি সতর্ক দৃষ্টি রেথে সমন্ত মুখটিকে পাপড়িগুলোর ভিতর ডুবিয়ে দিতে চাইলেন। নিধাস নিলেন জোরে জোরে। মাসের পর মাস সমূত্র আর বন্দর দেথে যে দেহটা ঝিমিয়ে পড়েছিল, শেই দেহে গোল পের মিষ্টি গদ্ধে একটা তীব্র শিহরণ বরে গেল। জোরে জোরে জারেছ ছটো খাস টানলেন দেজকা। এবং এক সময়ে ফুলটিকে বুকের উপর চেপে ধরে প্রবর্তী সকালের জন্ম অপেক্ষা করলেন।

শ্কাল এল তেমনি। শন্দের বৃক মাড়িয়ে যে মনটা শুকনো হয়ে উঠেছে, যে হদয়ের কানা গুমরে মরছে গোটা দেহটার ভিতরে, সেই মন আর হাদয় হটো চোথের উপর ভর দিয়ে ঝুলে আছে জানালায়—একটি দকালের জয়, একটি ছায়া-শরীয়ের জয়। উয়্থ আব একার আকাজ্রিত নে কারা—বিবির চটো চোথ, বিবির মত একটি দেহ যার ছায়া-শরীবে, সেই বিদেশিনীর জয় প্রতাক্ষা। অধীর আগ্রহে প্রতীক্ষা করছেন বাপজী। বাসি গোলাপটি হাতে নিয়েছেন অয়মনস্কভাবে। চোথের উপর তুলে ধরেছেন—দেগছেন বিবর্ণ রূপটি। জীবন আব যৌবনের বিবর্ণ গম্ব পাছেন এথানটায় তিনি।

প্রতি ভোরেই এমন ঘটেছে। বাপদ্ধী প্রতাক্ষায় থাকতেন দ্বানার তুটো গরাদে
ম্থ রেথে, তাঁব উত্তর ত্রিশের উন্মত্ত যৌবন ফুলের সমারোহেব দক্ষে চলকে-পড়া
একঝলক হাসিব প্রত্যাশার হিসাব টেনেছে কত বাও কত ভাবে, মেয়েটি এই বৃঝি
এল, এই বৃঝি রাউদ ইঞ্জিনিয়ারিং কারখানার দেয়াল ঘেষে পা বাডাল ধোবি মাঠের
উপর।

ধোবি মাঠেব ঘাসে ঘাসে নাল ফুল। সেই ফুলের উপর পায়ের ছাপ রেথে আসত 

মাওয়ার-গাল। ঝুডিটা তথন কর্ইয়ে ত্লত। ধোবি মাঠের উপর পা রাথার আগে

দ্র থেকে একবার জানালাব দিকে চেয়ে আড়-চোথে অর্ভব করত জাহাজী মাহ্র্বটিয়
উন্মনা চোথে কি জেগে রফেছে। তারপর ফুলেব বোঁটায় কামড দিয়ে না দেখি না

দেখি করে একসময়ে এসে থেমে পড়ত সরাইখানার সদর দরজায়। হাঁক দিয়ে দিয়ে

ঢুকত—ফুল, ফুল চাই।

এ ফুল দেওয়া-নেওয়া বাপজীর আর থামল না। ফুল কিনলেন, মিঠে হাসি দেখলেন এবং একদিন কজ-লিপষ্টিক-মাথা ঠোটে কামনার চিহ্ন দেখতে পেলেন। বাপজী জাহাজী। চরিত্রটা জাহাজীর মত। পাইনের ছায়া-জন্মলে একবার ডুব দিতে ইচ্ছা হল। কিন্তু মেয়েটার সঙ্গে প্রথম দিনের প্রথম আলাপ 'দাম কত'র পরে আর যে কোন আনাপই হয় নি। কামনার জ্ঞালা যতই উপছে পড়ুক —হাজার হলেও যে তিনি ভারতীয়। স্থতরাং বলতে পারেন না প্রথম দর্শনেই অক্যান্ত দেশের মাহুবগুলোর মত—উড ইউ বি প্লিজড্ ……। কারণ সরম বলে একটি ছোট্ট কথা সব সময়ের জন্মই উত্যক্ত করে মারছে। তাছাড়া জাহাজী মাহুবের জাহাজটা যেমন নিজের হয়্মনা, চরিত্রটিও সে তেমন নিজের বলে দাবী করতে পারে না। বাইরের

নিয়ন ঝলসানো রঙে দে আনমনা হয়ে পড়বেই—তিনি তথন বাপজীই হোন আর সাধু সন্ত, ফকির দরবেশই হউন। বাপজী দে কথা কদম থেয়ে স্বীকার করেন।

শীকার করতেন তিনি সেই অশুভ লগ্নটির কথা। মেয়েটি এল, ফুল রাখল টেবিলে, পশেবে হন হন করে ঘর থেকে বের হয়ে সরু গলিটায় ঢুকে গেল। টেবিলের উপর রাখা ছটো শিলিং দেদিন ফুলকন্তা তুলে নেয় নি। প্রথম বিস্ময় মেনেছিলেন দেখে, পরে কি ভাবতে ভাবতে ভেবেছিলেন মেয়েটি হয়তো ভুল করেছে। কাল যখন আসবে তখন সংশোধন করে দিলেই চলবে। সেই জন্তা তিনি আর বিশেষ করে অন্ত কিছু ভাবলেন না। শুধু ফুলটি হাতে নিয়ে কি থবর রয়েছে ফুলের গন্ধটায় তা ঘ্রিয়ে ফিরিয়ে জানতে চাইলেন। এবং একবার রহমৎ মিঞার সরাইখানায় বিকেলে গেলে কেমন হয় সে-কথা চিস্তা করে সরাইখানার বাইরে এসে দাঁড়ালেন।

শদর দরজার গিঁ ড়িটাতে নেমে ভাবলেন, মার্কেটের দিকে যাবেন। কিছু কেনা-কাটা করে ফিরবার পথে ষ্টিওনওয়ের স্টেশনারী দোকানটায় ঢুকে মবু আর আমাজানের জন্ত কিছু জিনিস পছন্দ করবেন। প্যাণ্টের পকেটে তিনি হাত রাখলেন, মাথাটা স্কইয়ে সংক্ষিপ্ত ত্টো পা ফেললেন, এবং আবার কি মনে করে ঢুকে এদিক ওদিক চেয়েটেবিল থেকে ফুলটি তুলে নিলেন। তারপব বাজার ফেরত রহমৎ মিঞার সরাইখানায় একথার চুকতে হবে। বলতে হবে দোদকে, বুঝলেন, এ ফুল রোজ একটি ফুলওয়ালী দিয়ে যায়। রূপের কথাটাও একবার চেখে চেখে বলবেন—দোস নিশ্চয়ই তোবা তোবা করে ত্টো কানে হাত দেবেন। বলবে, ভাইসাব ঘরে যে আপনার বিবি রয়েছে তার কথাটা মেহেরবানি করে মনে রাখবেন।

মবুর বাপজী তথন নিশ্চয়ই হাদবে। বিবি আর ফুলকন্সা ? কোথায় কি ! টেম্স্ আর কর্ণফুলি।

বাপজী প্রতীক্ষা করলেন বাদের জন্য। সামনের পথটার দিকে চেয়ে থাকলেন।
কিন্তু বাঁ পাশের গলিটার দিকে মাঝে মাঝেই চোথত্টোকে টেনে আনছেন—এ পথ ধরে
মেয়েটি গেছে। ওর পায়ের শব্দ এখনও বেন শুনতে পাচ্ছেন তিনি। কান পাতলেন
সম্ভর্পনে। তারপর ব্ঝতে পারলেন একসময় ও মেয়ের পায়ের শব্দই ঘরের বাইরে
সম্পর দরজার সিঁডিটা পর্যন্ত তাকে বের করে এনেছে—ত্ কদম পা বাড়াতে সাহায্য
করেছে।

মার্কেটে যাবার বাসটা আসতে দেরী দেখে বাঁ পাশের গলিটায় চুকে পড়লেন ভিনি। পথটা এখানে মোড় নিয়েছে। মদের দোকানটায় ভীড় নেই। পথ থেকে মনে হচ্ছে দোকানটা বন্ধ। পাশের ঘর থেকে হুটো ছোট মেয়ে রাক্সাটা অভিক্রম করে অক্ত একটা টালির ছাদ-বেরা বাড়ীতে চুকে গেল। তিনি চোধ তুলে দেখলেন।
পূব আঁকা-বাঁকা পথ। তুকদম আগের মাহুষকে দেখতে পাওরা ঘার না। আড়ালে
আড়ালে বেন এখানকার মাহুষেরা চলে, তিনি তাই আরো এগিয়ে গেলেন।

পথটা এখানে প্রশস্ত। ততটা যেন বাঁক থায়নি। দ্রের মাহ্ব চোখে পড়ে। কাছের মাহ্ব আরো কাছে আসছে। বাপজী এখানে থামলেন। কিন্তু ফুলকলার কোনো চিহ্ন পেলেন না। গলির বাঁকে বাঁকে সে কোথার হারিয়ে গেছে তখন। তাকে তিনি খুঁজে পেলেন না।

পরে তিনি ফিবে এগেছিলেন সরাইখানায়। কোথাও বের হন নি বলে তুপুরুটা কাটল অস্বন্তিতে। ঘুম এল না। বিছানায় পড়ে শুধু খানিক গড়াগড়ি দিলেন h মনটা ছটফট করছে। কেন এমন হয়! কিছু ফুলের বিনিময়ে রক্ত জল-করা টাকার অথথা থরচটা বিশেষ বিনিময় বলে মনে হয়েছে। কিছু আঙ্কেরে শিলিং টেবিল থেকে তুলে না নেওয়ায় তিনি যেন বুকে ধ্বস নামার তীব্র বেদনা অন্তন্ত করছেন। পাশ ফিরে শুলেন। জানালা দিয়ে চাইলেন আবার। এখন থেকে যুদ্ধ জাহাজশুলোই কেবল চোথে পড়ছে। ইন্ডাস্বিয়েল ডাই-ডকে ছনম্বর জেটির জাহাজটায় ছজন সাহেব ছটো কামানের মুথে উকি দিয়ে ওর ভেতরটা যেন দেখছেন। বাপজী এবার আর একটু ঝুকে দাড়ালেন জানালায়। দেখনেন এবার বেলাভূমি আর কত দুর।

দূরের আকাশটা হঠাং মেদে মেদে ভার হয়ে এল। কালো ছায়া নেমেছে বেলাঃভূমির কিনারে। যে বডো হাওয়া আদছিল কিছুনিন আবার সেটা উঠতে শুরু
করেছে। একঝলক হাওয়া বেলাভূমি থেকে নেমে জানালায় চুকেছে।

বাপজী আরও একটু এগোলেন। চোধছটোতে ওর কেমন জালা ধরেছে। মেয়েটার কথা মনে হলেই বুকে ধ্বদ নামতে শুক করে।

পাশের ফ্ল্যাটের জাহাজীরা এক এক করে চান শেষ করেছে। বাপজীকে কেমন আড়েষ্ট হয়ে বসে থাকতে দেখে কেউ কেউ প্রশ্ন করলে, তবিয়ত কি ভাল না মিঞার ? কেমন মন-মরা মন-মরা ঠেকছে ?

বাপজী কেমন শুকনে। হাসি হাসলেন। চোথ টানলেন মিক্ন শেথের দিকে চেয়ে। লোকটা তব্জপোশে উঠেছে। পা মৃছে বালিশের নীচ থেকে টেনে বের করছে কোরানশরীফটা। এক্সন সে কোরানশরীফ পাঠ করতে বদে যাবে। হ্বর ধরে ধরে প্রথবে। চোথে বুম আসতে চাইবে যথন তুপুরের খানা থেয়ে তথনও সে হেলে হেলে প্রথব। তারপর একসময় কথন ক্ষকারে বের হয়ে প্রথবেল-ফিরবে ঠিক ভোরে।

গলা পর্যস্ত টেনে আদবে। রাতের অন্ধকার আর কানাগলির বেশবাদে বেসামাল হরে, ঘরে এদে বিশ্রী ঢেঁকুর তুলবে।

বাপজী একবার গলাটা বাড়িয়ে ছিলেন। কিছ কি মনে করে কচ্ছপের মত গলাটা টেনে নিলেন আবার। একটি প্রশ্ন রয়েছে মনে। ওকে প্রশ্ন করে জানতে হয় কিছু—কিছ ডিনি বলতে পারলেন না। কি ভেবে শেষ পর্যস্ত চান করতে চলে গেলেন। একসঙ্গে থানা থাওয়ার কথা, পরে গেলে থানা মিলবে না।

খানা খাওয়ার পর তিনি বালিদ টেনে শুয়ে পভলেন। জাহাজের মেরামত এখনও হয় নি। ট্যাংক টপের প্রেটগুলো বদল করা হচ্ছে কারণ ছাই আর নোনা জলে প্রেটগুলো আর প্রেট নেই। প্রেটের রিবিট মারতে আরো প্রায় দশ দিন। জাহাজের মেজ দাব দে কথা বলেছেন। দশ দিন পর এ মাটি এ ঘাট ছেডে তাদেব চলে থেতে ছবে। আবার হয়তো কত কাল বাদে। হয়তো সহস্র রজনী পরে তিনি তাঁর জাহাজ ও ঘাটে বাঁধবেন। তখন হগতো ফুলকন্সাব সঙ্গে আর দেখা হবে না। কিংবা খেমন করে প্রতি সকালে হেদে একটি ফুল দিয়ে যায় দে সকালে তা আর নাও দিতে পাবে। জাবলেন সম্জের উপর প্রতি সকালেব প্রতীক্ষাগুলো জাহাজের ঘূলঘূলি-ভব। জীবনের কাঁচগুলোতে ধাকা থেয়ে নিজের বাংকেই বাব বার ফিবে আসবে। সম্জের টেই গুলো কাঁচের জানালায় ধাকা মেরে হয়তো তাঁকে বার বার ঠাট্টা বিজ্ঞপ করবে—তবু সেই মিষ্টিমুথ আর য়্যাকপ্রিক্ষের রাজস্বকে তিনি যেন ভূলতে পাববেন না।

তিনি ভ্লতে পারবেন না বলেই বুঝি সে দিনের তুপুরটায় ঘুম থেতে পাবলেন না। বিকেলে তিনি সময় করে গেলেন কাডিফ ক্যাসেলের গা-ঘেঁঘা রেলওয়ে ত্রীজের নীচের শরাইখানায়। দোসকে খবরটা না দিয়ে তিনি নিশ্চিস্ত হতে পারছেন না।

ষথন গেলেন—কাভিফ ক্যাদেলের কিনারে তথন হিমেল সন্ধ্যা নেমেছে। আলোব ফুলকি জলছে কাঁচ দিয়ে বেরা বর গুলোতে। বাপজীর তথন শীত শীত কবছে। কোট টেনে ভিনি ক্যাদেল-ঘেঁষা ফুটপাতে নেমে পডলেন। উঁচু পাঁচিলটার দিকে চেয়ে ক্যাদেল ডাইনে ফেলে সামনেব কটন খ্রীটে সংক্ষিপ্ত পা চালিয়ে দিলেন।

রাজা-বাদশার এ দেশ। এ মাটিতে রাজা-বাদশার গদ্ধ। কত রাজা-বাদশা এ মাটিতেই জন্মগ্রহণ করেছে। তাদের রাজত্বে কতকাল ধরে স্থান্ত যায় না—আঙুল ঙণে গুণে হিসেব করতে চাইলেন বেন সব কিছু। সেই স্থবাস রয়েছে ভোরে বে মেয়েটি আসে, হাসে, কথা বলে, ফুল দিয়ে দাম না নিয়ে চলে যায় সেই মেয়েটির শরীয়ে। বিবিকে যদি একথা যেয়ে বলতে পারে, বিবি হয়তো চোথের জল ফেলবে,

বলবে, ডাইনী ! তবু মনের কোন এক প্রত্যন্তে বিবি বাপজীকে করণা করতে করতে ভাববে – রাজা ক্রিশার দেশের মেয়ে তার পদমকে পিয়ার করেছে। দে কম কথা নয়, দে অনেক কথা বিবির কাছে।

বাপদ্দী কিন্তু রেলওয়ে ব্রীদ্রের নীচের সরাইখানায় খেয়ে মিঞাকে পেলেন না। অন্যান্ত জাহাদ্দী ভাইদের প্রশ্ন করলেন সে-জন্ত। তাদের কাছেই জানতে পারলেন, মিঞাজান গেছেন নিটন স্ত্রীটের এক বাড়ীতে। এক মেমদাব এসে নিয়ে গেছে।

থবর শুনে প্রীত হলেন কি তঃথ পেলেন কার্ডিফ ক্যাসেলের পাঁচিল-দে**ঁবা রাতটা** মাত্র তার সাক্ষী থাকল।

হুটে। চোথ আর-একটি জানালা। একটি মাঠ আর তার নীলাভ ফুল। একটি ভার আর-একটি মেয়ের জন্ম একটি মাছুষের প্রতীক্ষা। এই নিয়ে কার্ডিফ বন্দরের এক কোনে প্রতিনিনের একটি সকাল বেশ জমে উঠেছে।

কোনদিন প্রথম ধুবি মেয়েটি সে তার গাধাটাকে তাড়াতে তাড়াতে চলে খেত, কোনদিন ফুলকন্সা ঝুড়িটা হাতে প্রথম ধুবি মাঠটাকে অতিক্রম করে সরাইখানার সদর দরজায় এসে হাক দিত। সেই সকালে প্রথম এসেছিল ফুলকন্সা এবং বাপজী । ইচ্ছা করেই জানালায় মুখ না রেখে অন্স দিকে হটো চোখ তুলে বসেছিলেন। মনে মনে তিনি রাগ করেছেন। মেয়েটির সফে আজ মনকষা-ক্ষি হবে। পর পর তু সকালে ফুল রেখে দাম না নিয়ে চলে যাওয়াটাকে তিনি কিছুতেই বরদান্ত করতে পারছেন না। কিন্তু মেয়েটি পাশে এসে দাডাতেই তিনি কেমন বিত্রত বোধ করতে থাকেন। হেসে যখন মেয়েটি তার স্পান্ত সহজ ইংরেজাতে অভিবাদন করল তখন তিনি হেসে ফেললেন, তারপর কি ভেবে চুপ হয়ে যান—কিছু বলতে পারেন কিল রাতের সব কল্পনাগুলো ঠোটের গোড়ায় এসে থেমে থাকে।

মেয়েটি সে তার সহজ ভগিতে প্রতি সকালের মত টেবিলের পাশে এসে দাঁড়াল। ঝুড়ি থেকে হুটে। ফুলের গুরু সম্তর্পণে রেথে দিতে দিতে জ্মাবার হাদল।

তিনি আর হাসলেন না। এমন কি অন্তান্ত দিনের মত লজ্জায় আড়ষ্ট হয়ে কিছু অপ্রকাশের ইচ্ছাও রাখলেন না। বললেন, তিন দিনে ছ শিলিং। এই নাও—বলে শিলিং কটা হাতে দিতে গেলেন।

মেয়েটি টেবিলের উপর চোথ রেথে বলল, না থাক।

- —কেন থাকবে ?
- —কেন থাৰুবে না ?

ৰাণজী বললেন, দাম যদি নাও তবে ফুল নেব। দাম নৃ∳নিলে তুমি আর ফুল দিও না।

বাপজীর বাঙালী মন, বাঙালী বৃদ্ধি। তিনি আরও কিছু বলতে চেয়েছিলেন বেন, কিছু মেয়েটির প্রতি চোখ তুলে আর বলতে পারলেন না।

ফুলকক্তা টেবিল থেকে আর-একটু দ্রে সরে বললে, বাইরে আসবেন একটু।

এই প্রথম মেয়েটির সঙ্গে বার্শজীর কথাপ্রসঙ্গে কথা হল। তিনি তার ডাকে বিমুগ্ধ হলেন। বাইরে বের হলেন গলার টাইটা টানতে টানতে।

গ্রীমের ভার হলেও শীত শীত করছে বাপজীর। বাইবে বের হয়ে কোটের বোতামগুলো টেনে দিলেন এবং পাশাপাশি দাঁড়িয়ে জিজ্ঞাস্থ দৃষ্টিতে চেয়ে রইলেন মেয়েটির দিকে।

স্থৃককন্তা চোথের ইশারায় বাপজীকে পথ চলতে বলে পাশাপাশি অনেক দ্র পর্যন্ত হেঁটে গেল। ওরা তথন বন্ধর পথটা অতিক্রম করে উত্তর দিকের খাড়া পাহাড়টার বেলাভূমিতে নেমে পড়েছে। এখানে এসে বাপজীই প্রথম কথা বললেন, তোমার নাম ?

छेखत्र धन नान नान प्रति। हिं। हिं। केंक एथरक, दानीन।

- —বা:! বেশ নাম তো। কতকাল হল এই ফুল বেচে খাওয়া?
- —সে অনেক কাল। ছোট বয়েদ থেকে। বাবা মা যথন মাবা গেলেন তথন থেকে।
- —এই বন্দরে আর একবার আমি এসেছিলাম। থুব অসংলগ্ন কথা বললেন বাপজী। মেয়েটি উত্তরে বললে, কবে ?
- —দে অনেক কাল আগে। জাহাজে তথন আমি কোল বয়ের কাজ করি।

খাড়া পাহাড়ের নীচে এসে ওরা তুজন বসল। বসল তুটো পা সামনের দিকে ছড়িয়ে। পাশের ঝুড়ি থেকে একটি লাল ফুল ছিঁড়ে বাপজীর কালো কোটে পরিয়ে দিয়ে মেয়েট্ট চেয়ে থাকল সমুদ্র বেখানে পাহাড়ের কিনারে বাঁক থেয়েছে সেদিকে।

সমূত্রের ঢেম্ব আছড়ে পড়ছে। ঠাগু। বাতাস উঠে আসছে বালিয়াড়ী থেকে বাপনী চেয়েছিলেন তথন কেমন অক্সমনস্কভাবে। চুলগুলি কপালে জড়িয়ে জড়িয়ে, উড়ছে।

## द्यंनीन रनल, रफायांत्र नायं ?

- —দৈরদ <del>যজি</del>বুর রহমান।
- —ৰাহা**ৰে** তোমায় কি কাৰ করতে হয় ?
- —ট্যাণ্ডেলের কাব। বাহাবের ছোট ট্যাওল।
- —কত কাল ধরে এ কাজ তোমায় করতে হচ্ছে ?
- সে কবে থেকে মনে নেই। তবু মনে আছে বাপজী প্রথম আমায় কলকাতা বন্দরে এনে জাহাজে তুলে দিয়েছিলেন কোল-বয়ের কাজ দিয়ে, সেদিন আমি দাড়ি গোঁফ কামাতে শিথি নি।
  - —দেশে তোমার বিবি আছে ?
  - হাা আছে। বিবি বেটা হুইই আছে।
  - ---কট হয় না তাদের জক্ত ? বিবি জাহাজে আসতে বারণ করে না !
  - —করে।

সেই ধ্বদটা আবার নামতে শুরু করেছে বাপঞ্চীর বৃকে। বিবি-বেটার কথা মনে হতেই আবার অন্তমনস্ক হয়ে পড়লেন তিনি। জোরে শ্বাদ টানলেন। বি-বি—বে-টা! হটো জীবন। অনেক দ্রে থাকা বাপজীর আত্মার আত্মীয়। তারা জানিকেমন আছে! আলাঙায়ালা কেমন জানি রেথেছেন!

বাপজীর অন্তমনস্ক দৃষ্টির সঙ্গে রেনীলও দৃষ্টি মিলাল। দৃষ্টি মিলিয়ে সেও দেখছে আহাজের চিমনীগুলোকে, লাল নীল বর্ডারের বিভিন্ন রঙের ফানেলগুলোকে। পৃথিবীর কত দেশ থেকে কত জাহাজ এসেছে। কত জাহাজী এসেছে দঙ্গে। নিঃসঙ্গ জীবন নিয়ে এসেছে তারা। আর রেনীলকে সেই নিঃসঙ্গ জীবনের ফাঁক ধরে বেঁচে থাকতে হচ্ছে কতকাল থেকে। ফুল বেচে তার জীবনঁটা যে কিছুতেই চলছে না। তাই হুমাস আগে আজকের মান্ত্র্যটির মত ইয়াকুব হোসেনকেও সে এনে এখানটায় বসিয়েছিল—কথা বলেছিল, গান গেয়েছিল, হুর মিলিয়ে মিলিয়ে শিস দিয়েছিল। সে মান্ত্রেটা সিক্লাপুরের, এ মান্ত্রেটি ভারতায়। তৃজনের হুটো ধারা।

এ মার্যটি চুপচাপ থাকতে ভালবাসে। আজকে এই পাহাডের নীচে বলে সেজজ রেনীলের বলতে ভয় হল, একটা গান ধরব। অথবা অহুরোধ করতে সঙ্গুচিত হল, তোমার দেশের একটা গান ধরবে ?

বাপজী হঠাৎ ভয়কর মাহুষের মত রেনীলের কজিটা টিপে ধরলেন। **ভাইলেন—** রেনীল ···!

রেনীল চোখ তুলে ভাকাল।

বাপজী কিছ সেই চোথের দিকে চেয়ে কিছু বলক্ষে লাহদ করলেন না। আমতা আমতা করে কেমন আড়াই হয়ে পড়লেন। সব কামনা বাসনা জলে-জলে নিবে গেল। অক্টান্ডেই হাডটা নিজের কোলের উপর ঢলে পড়ল। এবং কিছুই ঘটে নি এমন ভেবে তিনি উঠে দাঁড়ালেন—চারিদিকে চেয়ে চেয়ে কতকিছু দেখলেন—ছবির মত শহরটা—ছোট বড় কল কারখানা—কয়লার ওয়াগন। তারপর একসময় জামার নীচে হাত নিয়ে অম্বভব করলেন তিনি দর দর করে বামছেন।

রেনীল সহজভাবেই বলল, তুমি রোজ আসবে এখানটায়। বসৰ, কথা বলব। বাপজী গলায় স্প্রিং-টানা পুত্লের মত তু বার ঘাড়টা কাত করে সায় দিলেন মাত্র।

বালির ধ্বস আবার ভাঙ্গতে হচ্ছে ছজনকে। বাপজীর বুকের ভিতর থেকে কথাটাকে কিছুতেই ঠেলে বের করে দিতে পারছে না—রোজ আসবে এখানটায় সকালে। বসব, কথা বলব। কি হবে এখানে এসে বলতে পারলেন না। তিনি শুধু হাঁটলেন আর হাঁটলেন।

মোবারক শুধু ডেকের উপর হেঁটেই গেল। রাত এগারোটা থেকে বারাটা সে ডেক-পথ বার বার অতিক্রম করে। জাহাজের ডেক-জাহাজীরা যথন ঘূমিয়ে থাকে, তথন সে বোট-ডেকের ° উপর হয়ে থাকে—সমৃদ্রের জল দেখে, জলের নীচে ফসফরাসের আবর্তনের ভিতর একটি মুখ দেখার চেষ্টা করে সে তার আমাজান। ঘড়ির আবর্তনের ভিতর দেখে বাপজীকে। এখন ও শুনতে পায় সেই চীৎকার সেই ডাক—থোদা হাফেজ। বাপজী হু হাত উপরে তুলে শামীনগড়ের সড়ক ধরে হাটছেন। চিৎকার করছেন, খোদা হাফেজ। আমাজান বারান্দার উপর কান পেতে রয়েছেন।

শীতের রাত। খুম নেই চোথে আমাজানের। নীল কাঁথা জড়িয়ে বারালায় বসে রয়েছেন। নিবৃ নিবৃ হয়ে কুপিটা জলছে। মবৃ মায়ের কোল খেষে উষ্ণ শরীরের ভিতর মুথ শুঁজে পড়ে আছে।

সামনে উঠোনে অন্ধকীর। পাশে দোচালা টিনের ঘরটা। বার-বাড়ীর উঠোনের পরে মসজিদ। তেঁতুল গাছটা আরো দ্রে, হটো ভৃতুড়ে পেঁচা সেই কথন থেকে ভাকছে। সঙ্গে উঠোনের অন্ধকারটা হাত বাড়িয়ে টানছে যেন তাদের হ্লুনকে।

ব্দিককণ পর ফিরলেন বাপজী। ক্লান্ত। নির্বাক। সংক্রিপ্ত পারে বারান্দার পৈঠা ধরে ঘরে চুকতে চাইলেন। তা দেখে উঠে দাঁড়ালেন আম্মান্ধান। মবু এল পাশে পাশে। বাপজীকে ঘরে ঠেলে দিলেন আম্মানান। ভইরে দিরে লেপট্টা টেনে দিলেন। কাপতা রাখলেন কুলুজিতে। মবুর পা-টা মৃছিয়ে দিয়ে পাশে শুইয়ে দিলেন এবং শিয়রে বলে রইলেন ডিনি।

বাপজী হাত টানলেন আমাজানের। বললেন, ঘুমোবি না তুই ! কেবল রাগ আর রাগ। কতকাল আর এমন রাগ করে থাকবি বল ত।

গত রাতের কাহিনীটা যা বলতে বলতে বাপজী ঘূমিয়ে পড়েছিলেন তার **জের** টেনে বললেন আমাজান, শেষে কি হল ?

— কি হবে ? যা হবার তাই হল। খুন করলাম।

আমাজান সেই শুনে এতটুকু বিশ্বিত হলেন না। কুলুকীতে রাখা দপ-দপ করে জ্বলা কুপিটার প্রতি চেয়ে স্বাভাবিকভাবে বললেন, কবে ? কাকে ? কেন ?

বাপজী বালিশের নীচ থেকে হাত-বড়িটা নিয়ে বিবির চোখের উপর ধরলেন। বললেন, এর জক্ম। এই ইবলিশটা আমায় খুন করিয়েছে।

আমাজান সে তার নরম ঠাণ্ডা হাতটা বাপজীর কণালে লেপ্টে দিলেন। ঘড়িটার প্রতি চেয়ে থাকলেন তীক্ষভাবে। ঘড়ির ভিতরের কল কাঁটাকে সুয়ে ছয়ে দেখলেন। বাপজীর হু চোথের উপর ম্থ নিয়ে ফিস ফিস করে বললেন,—দাও না ইবলিশটাকে ফেলে দিয়ে আসি।

বাপজা চমকে উঠলেন।—এ কি বলছিদ বিবি! এর জন্য এত বড খুন-খারাপির্না হল থার তুই বলছিদ কি-না দিন ফেলে দিয়ে আদি। অমন কথা আর বলিস না, বলে তিনি পাশ ফিরে শুতে চাইলেন। এবং লেপটা দিয়ে ঢেকে দিলেন মুখটা।

আমাজান তথন বললেন, শোনো। লেপটা ম্থ থেকে সরিয়ে দিয়ে বাপজীর মৃথের উপর আবার হয়ে থাকলেন কিছুক্ষণ। শোনো—পুনরাবৃত্তি করলেন কথাটা। কাকে খুন করলে, কথন খুন করলে?

—এক গ্লাস পানি দিবি আমায় ?

টিনের উপর শীতের কুয়াশা জমেছে। টিপ টিপ শব্দে শিশির ঘরের পাশের কালোজাম গাছটার পাতা থেকে ঝডছে। এমন আন্তেকথা বলছিলেন বাপঙ্গী, বে শিশিরের শব্দে আম্মাজান সে কথা শুনতে পায় নি।

- কি বললে ?
- शानि। शानि (म। गनांगे चिकरम छेट्टिहा

তিনি তক্তপোশ থেকে নামলেন। গা থেকে মেঝের উপর আইকান নীল কাথাটা। তারপর আরো ফ্রুত সামনে এগিয়ে গিয়ে কোণায়-রাথা মেটে কলসী থেকে জল তরে থসমের দিকে তুলে ধরলেন—নাও। টিক্তু তক করে এত সহজে জলটা থেরে ফেললেন দ্বে জীমাজান তক্তপোশে বসতে না বসতেই বাপজী গ্লাসটা বাড়িবে ধরলেন আবার—আর-এক গ্লাস।

- —আপনার **অ**র আসছে ? শীতে যে কাঁপছেন !
- খুব কাঁপছি। না কি কাঁপছি না তো। বিবি তোর এমন কথা কেন ? পানি দিতে বলছি তুই তাই দে। পানি দে। জ্বর আসল কি শীতে কাঁপছি এসব তো তোর দেখার দরকার নেই।

বাপজী সে তার ত্টো চোথকে বালিশে ঢেকে আরো একটা কথা ভাবার চেষ্টা করতে গিয়ে কেমন অসহায় ভাবলেন নিজেকে। কিন্তু এ কথা তো বিবিকে বলা যায় না! বিবিও ধে ভয়ে তবে কাঁপবে। পাশে মব্টা রয়েছে—ভয় পেয়ে নিশ্চয়ই সে চীৎকার করে উঠবে। তিনি সেজগু বালিশ থেকে মাথাটা তুলে একটু সহজ হয়ে বসার চেষ্টা করলেন। বিবির দিকে চেয়ে থাকলেন বিশ্লেষণের দৃষ্টিতে।—আমি জরে কি শীতে কাঁপছি না রে। বেশ আছি, ভাল আছি। আম্মাজানের হাতের পানিটা চক ঢক করে না থেয়ে আন্তে আন্তে থেলেন এবার। তারপর বিবিকে লেপের তলায় টেনে নিয়ে টিন-কাঠেব ঘরের টাণ্ডা শীত থেকে উষ্ণ হতে চাইলেন। ম্থের কাছে ম্থ নিয়ে বললেন, রেনীলটা তোর মতই ছেলেমায়্য ছিল রে বিবি। সারাটা সকাল লাইট-হাউসের নীচে বালিয়াডীর বালিতে পা ঢ়কিয়ে বসে থাকত। তোর কথা বলত, মব্র কথা বলত। ঘরের আপন জনের মত জাহাজীর নিঃসঙ্গ জীবনটাকে সব দিক থেকে ভয়ে তোলার চেষ্টা করত। কিন্তু বিবির মত করে ত তাকে পেলাম না। বেমন তোকে পেয়েছি আজকেব রাতে, যেমন করে তোকে পেতে চেয়েছি।

বিবিব মুখের উপর গভিয়ে-পড়া চুলগুলি সরিয়ে দিলেন বাপজী। ভারি ভারি ভারি চোধচুটোর প্রতি মুখ নিয়ে তিনি কেমন একটি মিঠে শব্দ করলেন। বললেন, ভোর মন্ড কিন্তু রেনীল কথায় কথায় কাঁদতো না। কি করে হেসে জীবনটাকে পার করতে হয় তা জানে।

মব্টা ঘুমোতে পারছে না। ছটফট করছে এপাশ ওপাশ হচ্ছে। বাপজীর মনে হল এই প্রথম—মব্র বয়েস হয়েছে। আলাদা করে ওব জন্ম কিংবা ও পাশের ভক্তপোশটার বিছানা করে দিতে বলবে বিবিকে। তিনি ভাকলেন—মব্ ঘুমোলি?

কোন উত্তর এল না। চুপ চাপ হয়ে গেছে পাশের ছোট শরীরটা। আমাজান আরো বনিষ্ঠ হয়ে বললেন, ওকে ভেক না। ও ঘ্মিয়ে আছে। এক মৃহুর্ত চুপ থেকে বললেন, তারপর কি হল ? কাকে খুন করলে, কথন খুন করলে ?

ু —কোন কোন দিন বুঝলি বিবি আমি আর রেনীল প্রশুন ওয়ে থেকে বিটন খ্রীট

ধরে বুরে ।বেড়াডার। রেন্ডোরায় থেয়ে নিশ্চিন্তে এসে বসভাম লাইট-হার্ডিকা গোড়ায়। গল হত দেখানে। তারপর আবার অনৈক বেড়ানো, অনেক ক্ষার ফুলঝুরি। ঠিক তুপুর হওয়ার আগে বলত, এবার তাহলে আসি। কাল ঠিক সকালে। কি ফুল আনব্বল?

—বে ফুল চেয়েছি দে ফুলই দে সংগ্রহ করে এনেছে। আমার হয়ত ঘ্ম তথনো ভাঙে নি কিংবা কম্বলের তলায় তোর কথা চিস্তা করছি দে সময় সে আমার মূথের কম্বল টেনে বলেছে, বাপস্ ঘ্ম বটে একথানা। জাহাজী মাহ্যের অত ঘূম্তে নেই। কোনদিন গরম পানি আর তোয়ালে ঠিক-ঠাক করে রাথত। সরাইথানাতে ত্জন একদক্ষে চা থেয়ে তাবপব বেডাতে বের হতাম কোনদিন। আবার সেই বিটন স্কীট, স্টীউন ওয়ে, কিংস এ্যাভিফ এবং কাডিফ ক্যাসেলের পাশের প্রশন্ত পথ ধরে এপিয়ে যেতাম। ফিবে আসতে কোনদিন ছপ্র গভিয়ে যেত। এই ছিল কাজ আর ছিল অনেক অনর্থক এবং অহেতুক কথা—তুই, আমি, মব্, আমার দেশ শামীনগড়।

রেনীলকে এক তৃপুরে বললাম, মবুব জন্ম কিছু কিনতে হয়। বিবির জন্মও কিছু। সেই ভনে বেনীল অত্যন্ত খুসী হল। বললে, চল না আমি পছন্দ করে কিনব। ষ্টিওন ওয়েব লীভদ্লের দোকানে সব পাবে। যা চাও, পাবে?

আমি শুনে খুসী হলাম, সে বলে খুসী হল। এবং ছজনে সেই ছপুরেই বন্দর থেকে বাস ধরে স্ত্রীউন ওযের ভিতর চুকে গেলাম। সামনের থিয়েটার হলটা পার হয়ে বাঁদিকের একটা বাঁক খুরে একসিলেটরে মাটির নীচে নেমে গেলাম। মাটির নীচে থেন আর একটা শহর। রেনীল আমার হাত ধরে প্রথমে একবার সব দোকানটা খুরিয়ে দেখালা। কোথায় কি পাওয়া যায়, দাম কত হতে পারে বিবির জন্ম কি মানাবে ভাল, মবুব বয়েস কত—দেখতে কেমন, কি জিনিস ওর পছন্দ, সব সো-কেস দেখতে দেখতে জেনে নিল।

তারপর কেনা কাটা। দে কিনল পছ্ন করে তোর আর আমার জন্ত। আমার কাছে তোর আর মব্র গল্প শুনে শুনে শুর মৃথন্থ হয়ে গেছে। দে কিনে কিনে একবার শুধু বলত—বেশ মানাবে মবুকে, বেশ মানাবে ভাল বিবিকে। আমি খুলী খুলী হয়ে বলেছি, খুব পছন্দ হবে ওদের। তোমার কথা বিবিকে বলব। দে শুনে খুব খুলী হবে।

দোকানটা থ্বই বড়। আমরা একসিলেটরে নীচে নেমে গিয়েছিলাম, এবং সব দেখে ও কিনে আদতে প্রায় চার্ডটার মত সময় লেগেছিল। সন্ধা হয়ে পেছে। রাস্তার আলো সব জলে উঠছে। এমন সময় রেনীল দোকানে ঢোকার মূথের দরকার্ক্ত ষড়ির সো-কেনটার সামনে থমকে দাঁড়াল। আমার প্রতি চেয়ে বললে, ষড়ির এ রক্ষটা বেশ।

— ষড়িটা ছোট। সো-কেসের এক কোণায় ভালমাস্থবের মত থেন চুপ করে বসে আছে এবং কতকাল থেকে দর্শকদের নিজের দৌন্দর্য সম্বন্ধে সচেতন করে খুব সন্তর্পণে সরে দাঁড়াবার চেটা করেছে। গায়ে ঝুলানো দামের অক্ষটি অত্যন্ত বেশী। রেনীল চোথ তৃলে বললে, কোম্পানীর কয়েকটা মাত্র ঘড়ি ই লণ্ডের মাটিতে আছে। কিন্তু কেউ কিনছে না। নতুন নিয়মের মেরামত বলে সাধারণ মাস্থ্য কিনতে ভয় পাছে।

- —তুমি কিনবে ? হঠাৎ আমায় রেনীল প্রশ্ন করল।
- -কার জন্ম ?
- —কেন বিবির জন্ম।

বাপজী এবার আমাজানকে আরো কাছে টেনে বললেন, জানিস আমি তপন হাসলাম। তুই বে ঘড়িই দেখিস নি। কিন্তু ওকে কিছুই বললাম না দরকার নেই, ভানে হয়ত শুধু হাসবে। দে তো জানে না তুই কেমন অজ পাডাগাঁয়ে বাস কবিস। সে জানলে এমন কথা নিশ্চয়ই বলত না।

—ব্রালি বিবি মন আমাব একটা কথা বললে শুধু—তোমার জন্য দে এত কেনা কাটা করল আর তাকে তৃমি কিছু দিলে না। কিছু অন্তত দাও। কিছু দিয়ে ওকে খুদী কর। বাদশার দেশের মেয়েকে উপহার দিতে হয় কিছু। তাই যতটা হঠাং দে বলেছিল, তৃমি কিনবে, ততটা হঠাংই আমি দো-কেদের পাশে দাঁড়িয়ে থাকা মাহ্যটাকে দাম দিয়ে ঘডিটাকে কিনে নিলাম। এবং ওকে আরো অবাক করে দেওয়ার জন্য মৃহুর্তে বাঁ হাতটা ব্কের উপর টেনে নিয়ে ঘডিটা কজিতে জডিয়ে দিলাম। হটো চোখ ওর খুদীতে টস টস করে উঠল। কিসের ইশারায় সে যেন আমাকে বিম্থ করে দিলে।

—বিবি তুই আমাব বউ। তোর কাছে আমার গোপন রাধার কিচ্ছু নেই। গুণাহ অনেক করেছি—সে গুণাহের কথা তোকে বলতে পেরে গুণাহের আফশোদ থেকে রেহাই পেরেছি তেমনি। কিছু আমার হাজার গুণাহ—বড়িটাকে কেন্দ্র করে তারপর বে খুন-থারাপীটা হয়ে গেল।

রেনীল আসায় ধরে নিয়ে গেল সেই লাইট-হাউজের গোড়ায়, পাহাড়ের নীচে। ধার্টেশ ধাপে সিঁড়ির মত নেমে গেছে পাহাড়টা। একটা আবহা আলোর ছায়ায় শ্রীমরা বসে পড়েছিলাম। একটা হুযোগের প্রত্যাশায় আমি তথন উন্মুধ। অভুড এক প্রতীকার আছি। কি বেন সব এলো-মেলোভাবে ভাবছি। হাতে বড়িটা ওর চক চক করছে। চক চক করছে ওর চোধ হুটো। মাঝে মাঝে আমার প্রতি মৃথ বাড়িয়ে সেওঁ প্রতীকা করছে কিছুর।

- ভূল হল আমার দেখানেই। গুণাহ আমার সেজন্ম। হঠাৎ আমার ঠোটে আঙুল দিয়ে বললে রেনীল, ছিঃ বিবিকে যেয়ে জবাব দেবে কি! জাহাজী বলে অমন পেটুক হতে আছে।
- —কেমন যেন ঝিমিয়ে পড়েছি। আমার সব সন্থা হারিয়ে গেছে তথন। আর কোন কথা না বলায় সে সব কিছু সহজ করে হাত ধরে টানল। বললে, চল স্টুড়িওতে যাই। হুজনে এক সঙ্গে একটা ছবি তুলব। দেশে ফিরে বিবিকে আবার বলো না। বললে, বিবি ভোমায় তালাক দেবে।

আমি কিছু বলতে পারি নি। সে কিন্তু অত্যন্ত সহত্র হয়ে গেছে।

- —বিবি তুই বুঝবি না দে রাতে আমার বুকে কি জালা!
- —বন্দর থেকে ছবিঘরটা পর্যস্ত হেঁটে হেঁটে গেছি। কথা বলার যত দরকার সব বেনীলই বলেছিল। ওর পিছনে যথন হেঁটে যাচ্ছিলাম তথন সে বলল কি অভ ভাবছো? এত ভাবলে কিন্তু খারাপ হবে বলে দিচ্ছি।
  - —বিবিরে ভাবছিলাম ওর কথা। বিদেশিনীর চরিত্রের কথা।

এবার বাপজী নিশ্বাস নিলেন জোরে এবং পাশ ফিরতে বললেন, ছবিঘরে ছবি তোলা হল। আমার আর রেনীলের এক সঙ্গে ছবি।

বাপজী অথথা হেদে উঠলেন জোরে এবং নিজেই বললেন, আবার রাগ করলি আমি হাসলাম বলে! এমন জোরে হাসতে নেই— অত জোরে হাসলে মবু চীৎকার দিয়ে উঠবে, তুই ভয় পাস এ সব কথা আগে অরণ করিয়ে দিলেই পারিস; তবে আর এনন জোরে হাসভাম না। আন্তে— যেমন করে হাসলে তুই ভয় পাবি না, মবুর ঘূম ভাঙ্গবে না। আমি ঠিক বলি নি? তুই তো আজকাল কেবল ভাবিস আমি বৃষি পাগল হয়ে গেছি। খোদা-হাফেজের ভিতর যে দোয়া আছে দে তো টের পাস না। তুই জানিস কেবল রাগ করতে আর চোথের জল ফেলতে।

জাহাজীরা উঠে আসছে সব। বারোটার ওয়াচ শেব হল মাত্র। বারোটা থেকে চারটা আর একটা ওয়াচ রয়েছে। পরের ওয়াচে মোবারক। চার থেকে আটের পরীদার সে।

यातां कात्नलत अ कि शदा अर्थ जानहिन जाता (मथन त्यानातकरक । तम्थ कि ह

আৰু বনলে না। তথু ভাবলে, যোবারক আলী—কাহান্তের যোয়ান বাহান্তীটা পাগন হয়ে গেছে। সে থাক তার ভাবে।

পিছিলে ওঠার সময় জাহাজীরা দেখলে শেখর আজও আহত হাতটা নিয়ে সিঁড়ি ধরে ওঠছে। ওঠাব সময় শরীর থেকে কম্বলটা আজও আবার পডে গেল। আহত হাত ত্টো দিয়ে কোন রকমেই যেন কম্বলটা জডিয়ে রাখতে পারে না। তাই পাশের জাহাজী কম্বলটা গায়ে জডিয়ে দেবার সময় বললে, যেয়ে কি হবে! ওর মত ওকে থাকতে দাও। মেযেটার জন্ম ওর দিলটা ফেটে গেছে।

শেখর ভাবলে অন্য কিছু। প্রতিবারই মোবারককে ধরে সে নীচে নামিয়ে আনে।
হাজার রকমের প্রশ্ন করে। বকে কথনও। নিজেই ধমক দেয়। কথনও উত্তর পায়
না।—এমন অনেক কিছু হয়ে আসছে। তথাপি আজ পর্যস্ত ও জানল না প্রশাস্ত
মহাসাগরের এ—দিগের দরিয়াটা ওর জীবনে কোন সর্বনাশ টেনে এনেতে।

এখান থেকে "খোদা হাফেজ" শক্টা অস্পষ্ট। ঢেউরের গর্জনের দকে কথাটা এমন করে মিলে গেছে যে ব্রীজে যে অফিসার প্রহরী দেন তিনি পর্যস্ত শুনতে পান না। দেখতে পান না বোট-ডেকের লাইফ বোটের রাডাবের পাশে মান্ন্রটা ঝুঁকে আছে—
দ্রের সম্প্র দেখছে। রাতে ঘুম নেই মান্ন্রটার। বোট-ডেকের উপর পারচারী করতে করতে নিজেই কেবল কি বিড় বিড় করে বকে। আবার এমন সময় আসে বধব দেখা বার মোবারক রীতিমত হাদে, কথা কয়, রাত এগারো থেকে চারটার কাহিনী ভূলে থাকার চেষ্টা করে।

ডেকের উপর উঠে শেখর কোনরকমে ঠাগু। বাতাস থেকে বাঁচবার জন্স কম্বলটা শরীরের উপর শক্ত করে ধরল। ঝডো হাওয়ার বিরুদ্ধে হয়ে হয়ে হাঁটল। আজ আবার ত্লছে জাহাজটা। ঢেউগুলো পাক থাচ্ছে। মার্ফের আলোটা ত্লছে বলে ধর ছায়াটা একবার বড হয়ে আবার ছোট হয়ে যাচ্ছে।

ডেকের উপর গাড়িয়ে শেথর চোথ রাখলো সেই নিদিষ্ট জায়গাটিতে। ভাবল, কত বিচিত্র এই জাহাজী জীবন। একদল জাহাজী নিণিয়ে ঘুম্ছে —এক দল এই রাতের গভীরেও কোরানশরীফ পাঠ করছে। একদল এখুনি বাথকমে চুকবে তারপর খানা খাবে টিনের থালায় করে। সামনের ডেক কেবিনে আছেন পাঁচ নম্বর সাব। পরী তার শেব হয়ে গেছে। কিছ এখনও পোটহোল ধরে চেয়ে আছেন তিনি। বুরি দক্ষিণ আকাশের একটি উজ্জ্বল নক্ষত্র। নক্ষত্রের ভিতর কোন ম্থের ছবি হয়ত। হয়ত ভাবছেন অনেক দ্রের বর বাড়ির কথা।

क्षनो व्यावात नतीत (थरक शए वाव्हिन वरन व्याध्यनक रात्र शए हिन ता।

চোধে ব্লব তার। কেন. এমন ব্লব আদে! মোবারক বোঝে না তার কট হয় উঠে আসতে। আহত হাত ছটো এখনও ধে নিরাময় হয়ে উঠে নি।

কোন রকমে টলতে টলতে শেখর নেমে দাঁড়াল বোট ডেকে ওঠার সিঁড়ির নীচে। নীচে দাঁডিয়ে ডাকল—মোবারক আর পারি না রে। এবার আয়। বায়োটা কখন বেজে গেছে।

মোবারক নি:শব্দে নেমে এলে শেখর বললে, এ ভাবে আর কতদিন ?

মোবারক হাদল চোথ হুটো বুজে। সঙ্গে বাপজীর জাহাজটার কথা **আবার** নৃতন করে মনে প্ডল—আমাজান যে জাহাজের গল্প অনেকবার শুনিয়েছে।

আমাজান ,বলতেন, জাহাজের মেবামত হয়ে গেছে। ইনডাপ্তিয়েল ড্রাই-ডকের ভিতর বড বড দিঁডি লাগিয়ে জাহাজের নীচে রং করে চলেছে ডক-শ্রমিকরা। প্রপেলারের নীচে হজন মাস্থ—সাদা রঙের উপর লাল রং লাগানোর জন্ম বাড়িরে ধরেছে ব্রাঘটা। সে সময় বেনীল আর বাপজী এসে দাঁডালেন ডকের পাড়ে। বললেন, এই আমাব জাহাজ। এ জাহাজেই একদিন বিবির কাছে থেয়ে পৌছব।

রেনীলের চোথ হুটো ছল ছল করছে। বাপজী পিপের দিকে চেয়ে **অক্যমনস্ক হয়ে** থাকার মত থাকলেন। পরে আর একটু ঘনিষ্ঠ হয়ে রেনীলের—বললেন, আবার আাসব, আবার দেখতে পাব ভোমায়।

ঘডিটা একটু কাত করে দেখল রেনীল। যেন সব জানালে, পারে। কোন কথাই বললে না নে। যে মান্ন্রটা রং লাগাচ্ছে তার দিকে চেয়ে থাকলে শুরু।

পরদিন সরাইখানা ছাড়তে হবে ! জাহাজে মোট ঘাট নিয়ে উঠতে হবে ঠিক দশটায়। সবাইকে কিনার থেকেই সেদিনের মত থাওয়া সেরে আসতে হচ্ছে বলে রেনীল সকালে ওর লিটন খ্রীটের ছোট্ট বাসায় নিমন্ত্রণ জানালে বাপজীকে এবং সেই সকালে রেনীল দে তার ছিমছাম ঘরটিতে বাপজীকে বদিয়ে বললে, মজিকুর ঘরে ফিরছ—বিবিকে যেয়ে পাবে, মবুকে যেয়ে পাবে—কিন্তু আমার কথা।

—তোমার কথাও মনে থাকবে।

কেমন বিষয় হয়ে গেল রেনীল। টেবিলের উপর কিছুক্ষণ মাথা গুঁজে বসে থাকল। কোথায় যেন তার অপরাধ। কোথায় ধেন তার কিসের কুঠা। কোথায় ধেন কিছু প্রকাশের অনিজ্ঞা।

বিদায়ের সময় রেনীল বাপজীর হাত টেনে নিয়ে হাতের আঙুলে একটি আংটি পরিয়ে দিলে। বললে, আমাকে এ ভাবেই সব দিতে হচ্ছে।

আঙুলটি চোথের উপর তুলে ধরলেন বাপন্ধী। একটি নাম—রেনীল। একটি আংটি—মিনা করা, ঘরের মীলচে আলোয় চকু চকু করছে।

তারপর একই টেবিলে বসে চ্জন খেল।

রেনীলের কঠে আবার সহজ স্বাভাবিক আলাপ।

বাপজী আরো কিছু শুনতে চেয়েছিলেন। কিন্তু রেনীল কিছুতেই ততদ্র পর্যস্ত যায় নি।

বারান্দায় এসে বিদায় দেবার সময় মুখ ঘ্রিয়ে নিল রেনীল। স্পষ্ট দেখেছেন বাপজী, বেনীল তথন চোখের জল ফেলছে।

জানালার গরাদ ছটো সাক্ষী থাকল। বাপজী আর রেনীল। রেনীলের ছোট সহজ মন। ছটো গভীর চোখ তার—সব কিছু মিলে বিদায় বেলায় অত্যন্ত বিষণ্প করে তুলেছিল পরিবেশটিকে। বাপজী সেজকু অত্যন্ত সংক্ষিপ্ত পা ফেলেছেন। লিটন খ্রীট থেকে রাউদ ইনজিনিয়ারিং কারখানা পর্যন্ত মাটির দিকে চেয়ে চেয়ে এসেছেন। ধ্যামলেন এসে প্রথম কারখানার সদর দরজার পাশে। বি-আই কোম্পানীর সাদা বর্ডারের চিমনি দেখলেন।

ড্রাই-ডকে জল এসে নামছে। টাগবোট এসে টানছে জাগাজটাকে। ছুটে গেলেন বাপজী।

ভেক থেকে জাহাজীরা দড়ির সিঁডি ফেলে দিলে সেই ধরে উঠলেন বাপজী।

খবর পেয়ে ছুটে এসেছে রহমৎ মিঞা। বাপজীকে বুকে জডিয়ে ধরে বলেছে, এসে গেলেন! এসে গেলেন! ওঃ কি চিস্তাতেই না ফেলেছিলেন। আহ্বন এখন। ডেকে দাঁড়িয়ে থাকবেন না। বুডো বাড়ীয়ালা দেখলে আবার ঝঞ্চাট বাডাবে।

সিঁড়ি ধরে নীচে নামতে বারিক বলল, দেলাম-আলাই-কুম ট্যাণ্ডল সাহেব। তবিয়ত ঠিক আছে ত ?

বাপন্ধী হাত তুলে তুলে সকলকে অভিবাদন করলেন। নীচে নামলেন। এক সময়ে ক্লান্ত শরীর নিয়ে বাংকের উপর এলিয়ে পডলেন। কি যেন ফেলে গেলেন এই বন্দরে। কার্ডিফ বন্দরের কানা গলির মোড়ে ছোট্ট ঘরটা তার একান্ত প্রিয়জনকে যেন বেঁধে রেখেছে।

ভূটো পাহাড়ের ফাঁক ধরে নোন। জলের উপর নীল রং মেথে জাহাজটা সমৃত্রে পড়বে এমন সময় বাপজী এসে দাঁড়ালেন ডেকে। দূরে লাইট-হাউজ। গোড়ায় তার পাহাড় আর পাথর—'দ'-এর মত সিঁড়ি ধরে ধরে নীচে বালিয়াড়ীতে নেমেছে। ছোট সঙ্কীৰ্ব জলা জল্ল, পাহাড় আর পাথর, কত তুপুরে ওদের সক্ষে মসগুল হয়ে উঠেছে। সে আর রেনীল এসে বসত—গল্প করত, ধনিষ্ঠ হয়ে উঠত। রেলিং ধরে সব নৃতন করে ভাবার চেষ্টা করলেন বাপজী।

ক্রমশ সরে যাচ্ছে পাহাডটা। লাইট-হাউজের বালিয়াড়ীটা আড়াল পড়ে গেছে। বেট্ল-সিপের চিমনীগুলো চোথে পড়ছে না। দূরে সমস্ত শহরটা ক্রমশ সন্ধ্যার আবছায়া অন্ধকারে হাজার আলো বুকে নিয়ে সমুদ্র তীরে ভেনে উঠেছে।

বাপজী কিছুক্ষণ চুপচাপ দাঁডিয়ে থাকলেন। পিছন থেকে তখন কে খেন **ডাকলো**, ভাই সাব!

রহমৎ মিঞার গলা—ভাই দাব নীচে আম্বন, থানা থাবেন।

ওয়ারপিন ডামটা পিছনে ফেলে বাপজী গিয়ে উঠলেন পিছিলে। আবার কার গলা শুনলেন। বারিক মিঞা বলছে, নদীব রহমৎ মিঞার। ঘরও পেল, ঘড়িও পেল। গ্যালি থেকে মুখ বাড়িয়ে বললে রহমতের ঘডিটা দেখলা ট্যাণ্ডেল?

বাপদ্ধী উত্তর করলেন না। চোখ তুলে তাকালেন ডিনি বারিকের প্রতি। বারিক এই বলে কি বলতে চায়, তিনি তার অর্থ বুঝতে চান।

রহমৎ মিঞা বারিককে বলল, দেখবে, দেখবে। ভাই সাবকে আর একান্ডে পেলাম কখন।

ত্বজন হাত ধরাধরি করে নীচে নামলেন।

মিঞা সাবের মুখে প্রসন্ন হাসি। অনেক খবর আছে মিঞা সাবের। অনেক খবর তিনি দেবেন বাপজীকে।

ত্জন পাশাপাশি বাংকে বসে প্রথম ত্জন ত্জনকে কুশল প্রশ্ন জিজ্ঞাসা করলেন।
হাতবভিটা হাতে থাকে না—থাকে বেশীরভাগ সময় বালিশের নীচে। আফশোস
করল রহমং। সব সময় ঘডিটা হাতে রাখতে পারে না বলে অন্থতাপ তার।

শেষ পর্যন্ত বালিশের নীচ থেকে টেনে বের করল ঘড়িটা। তুটো হার্ডে চেপে ধরে ঘড়িটা, কেমন অসলংগ্ন ভাবে বলে গেল—ঘড়িটা বকশিশ পেয়েছি। একটি মেয়ে দিয়েছে। লিটন স্থাটে সে থাকে। ফুল কিনতে গিয়ে ভাব হল। তাই দিল—
খুপস্ককত। আপনিও সরাইখানায় গেলেন না একবার যে দেখাব।

—বকশিশ। দাঁতে দাঁত চাপলেন বাপজী।

বকশিশ। বাপজীর দৃষ্টিগুলো একত্রে দপ দপ করে জ্বলে উঠল। তবু তাঁর জ্বলাষ্ট আওয়াজ। গলটা শুকনো। চোথের উন্তাপ নিডে আসছে। উত্তেজনায় থরো থরো করে কাঁপছে শরীর।—রেনীল! রেনীল! গলার জ্বলাই আওয়াজে তিনি বিশ্বয়ে চকিত হলেন।

ভারপর বাপজীর উত্তর ত্রিশের উষ্ণ যৌবন ক্ষণিক শুর থেকে চীৎকার করে উঠল, মিঞাসাব।

—ভাইনাব। উত্তর দিতে গিয়ে রহমতের মনটা থ্বই সঙ্কীর্ণ হয়ে গেল। চোথ তুলতে পারলো না। দপ দপ করে কপালের শিরা উপশিরাপ্তলো উঠছে নামছে। কোন রকমে ফিস ফিস শব্দ করে বললে, বকশিশ নয় ভাইসাব! বকশিশ নয়, মিথ্যাক্ষণা বলেছি! লিটন খ্রীটের এক ফুল ওয়ালির বাডীতে রাতে ফুর্তি করতাম। ফুর্তি করে একদিন ফিরছি ফুলওয়ালী বললে, ঘড়িটা কিনবেন, বড্ড বিপদে পড়েছি! কাল, কালই ত কিনলাম। আপনার কাছে জুটাবাত বলে কোন লাভ নাই। আপনি আমার দোস ভাইসাব।

দোস। দাঁতে দাঁত আবার চাপলেন তিনি।

বাপজী আর রহমৎ মিঞা। ডেক আর সিঁডি পথ। ফোকদাল আর বাংক। বাংকে বদে রহমৎ মিঞা ডাকল চলেন, থানা থেয়ে নি ভাইদাব।

তিনি উত্তর করলেন না। সিঁডি ধরে ছুটে গেলেন ডেকে। তু হাত উপরে তুলে এক আকাশ তারাকে সাক্ষী রেখে কিছু যেন বললেন।

জাহাজের জাহাজীর। অথাক হয়ে দেখছে থাপজা কেমন পাগলের মত ইতন্তত কেকের উপর পায়চারি করছেন।

ভেকপথ অন্ধকার। ফোকদাল অন্ধকার। থেকে থেকে ষ্টিয়ারিং ইনজিন গজন করে উঠছে। অন্ধকার পথে বাপজী ভেক থেকে সম্বর্গণে এক সময় নেমে এলেন এবং করে উনে শুয়ে পড়লেন বাংকে।

সম্জ ফুলে ফুলে উঠছে আবার। বে অফ্ বিদকে—ঝডের সম্জ। জাহাজ ফুলছে। লোহার পাত দিয়ে আঁটা পোর্টহোলগুলো। বাইরের তীত্র গর্জন সোকসালে তেমন ভয়ক্কর ভাবে গলে পডতে পারছে না। এই ভয়ক্কর দোলানির ভিতরও নিবিল্লে নাক ভাকিয়ে ঘুমুক্তে জাহাজীরা।

রাজ তখন এগারটা। ডংকীম্যান এসে প্রহরীদের ডেকে গেছে। বাংকে বাংকে আওয়াজ তুলেছে—টাণ্টু। খুব আন্তে ডেকেছে। জোরে ডাকলে অন্য প্রহরীদের ঘুম ভাকবে।

বাপজীর বাংকের পাশে আওয়াজ উঠল। চোখ বুজে ছিলেন, আওয়াজ শুনে চোখ মেলে তাকালেন। অন্ধকার ঘরে দেখলেন কেউ নেই। কেবল ডংকীম্যানের পারের শব্দ শোনা যাচ্ছে। সিঁড়ি ধরে সেই শব্দ ডেকের দিকে পা বাড়িয়েছে।

উঠে जाला जानलन वानजी। यन वारकत नीह त्यक टॉन्स वन कन्नान नमन

দেখলেন রহমৎ মিঞা অবোরে বুম্চ্ছে। হাত ঘড়িটা ঝুলছে ভাকের উপর। **বুর্কের** আগে বুঝি ভূলে গেছিল ঘড়িটা খুলে পেটিতে রাথতে হবে।

বাপজী কি ভেবে সতর্ক ভাবে চোধ বুলালেন চারিদিকে। ধীরে সংক্ষেপ দৃষ্টি। দরজাটা ভেজিয়ে দিলেন খুব আন্তে। এসে দাঁড়ালেন রহমৎ মিঞার বাংকের ধারে। আলো নিভিয়ে দিলেন পা টিপে টিপে। আন্তে তুলে আনলেন ওর হাতটা নিজের হাতের উপর। শরীরটা শীভের রাভেও ঘামছে। শিস উঠছে হুটো কান থেকে। তুলে ফুলে উঠছে হুংপিগুটা। হাত হুটো কাঁপছে ঘড়ির ফিতেটা খুলতে গিয়ে। তবু খুলতে হবে—কাঁপতে কাঁপতে কোন রকমে ঘড়ির ফিতেটা খুলতে গেলেন।

রহমৎ মিঞা হঠাৎ ধর ফর করে উঠে বসল। অন্ধকারের ভিতর চীৎকার করে উঠন, চোর চোর! ভাই সাব জাগেন। আমার হাত ঘড়িটা ধরে কে যেন টানছে। ও ভাইসাব ওঠেন।

দেশলাইয়ের কাঠির মত নরম মানুষ রহমং মিঞা। শক্তি দামর্থ বিহীন মানুষের গনাটা কেবল ক্যাক ক্যাক করছে। দে আওয়াজ থামিয়ে দেওয়ার জন্ম তিনি এক হাতে মিঞার মুথ চেপে ধরলেন। চেপে ধরে চেষ্টা করলেন ঘড়িটা খুলতে।

সিঁডির উপর পায়ের শব্দ পেলেন বাপজা। কোন জাহাজী যেন ঠক ঠক পা লেলে নীচে নেমে আদছে। জরাগ্রস্ত রুগীর মত বাপজীর হাত পা কিছুতেই আর । ধর থাকছে না। গলার ফ্যাস ফ্যাসে আওয়াজটা তথনও উঠছে। ভেজানো দরজার ফাকে গলে গলে পড়ছে। ভয়ে বাপজীর হাত ছটো অজাত্তেই রহমৎ মিঞার গলার উপর চেপে বদল। ফ্যাস ফ্যাসে আওয়াজটা থামিয়ে দিতে হবে। কারণ জাহাজে ন্ব অপরাধের ক্ষমা আছে, চুরির ক্ষমা নেই।

ঠক-ঠক আওয়াজটা ডেক-জাহাজীদের ফোকশালের দিকে চলে গেল। আর কোন আওয়াজ নেই। সব চুপ। শুধু থেকে থেকে তথনও গোঙানি উঠছে রহমৎ মিঞার গলা থেকে। বাপজী যন্ত্র চালিতের মত দাঁড়িয়ে আছে বাংকের পাশে।

এক সময়ে রহমৎ মিঞার গলা থেকে সে আওয়াজটা সম্পূর্ণ থেমে গেল।

বাপজীর হ'শ ফিরতেই আলো জাললেন। রহমৎ মিঞার নীল মুখটা বালিশের উপর কতকটা লালা ছড়িয়ে মুখ থুবড়ে পড়ে আছে। বাপজী ব্যলেন রহমৎ মিঞার, 'মৃত্যু হয়েছে। ব্যলেন তিনি খুনী। সমস্ত সহজ স্বাভাবিক বৃদ্ধিগুলি এক এক করে মাধায় জেগে উঠল আবার। পাঁচ ঘ্রিয়ে পোটহোলের কাঁচ খুললেন। বাংক থেকে ভূলে আনলেন রহমৎ মিঞার নীল দেহটা। পোটহোলের কাঁচ খুলে মুখ বাড়িয়ে দেখলেন ব্রীজের উইংস থেকে কেউ কিছু দেখছে কিনা। তারপর পোটহোল গলিরে,

স্তব্যত মিঞার পাতলা দেহটা সম্জের অনস্ত নোনা জলে ঠেলে ফেলে দিয়ে ডাকলেন, খোদা হাফেজ!

রহমং মিঞার গলা টিপে মারতে, ঘড়ি খুলতে ণোর্ট হোল দিয়ে লোনান্ধলে কেনে দিতে পুরো পঁয়তাল্লিশ মিনিট লেগেছিল, কাজেই ঠিক পৌনে বারোটায় ডেকের উপর ছুটে বেরিয়ে এলেন তিনি। টলতে টলতে উইন্চ্ মেসিনের কোণায় এসে উব্ড় হয়ে পড়ে থাকলেন। কিন্তু ওয়াচের বারোটা বান্ধার সঙ্গেই তিনি ফেন তার আগের স্বভাব কিরে পেলেন। উন্মুখ আকাশ তলে ত্ হাত প্রসারিত করে ডাকলেন—সেই এক ডাক—থোদা হাফেজ।

শামীনগড়ের মাতৃষ হয়ে বাঁচবি কসম থাকল, আমাজানের কসম।

ইনজিন রুমের প্টোকহোলড্ তথন বিজ্ঞপ করে মোবারককে। শ্লাইসটা টেনে নিতে হাতটা কাঁপছে তার। উইগুসহোল দিয়ে হাওয়া বইছে না। মুঠো মুঠো খাস টেনে নিতে কট হচ্ছে মোবারকের। বুকটা কাঁপছে। চোথ হুটো জলছে।

বয়লাবের ভিতর কত হাজার হাজার টন কয়লা পুরে চলেছে কত হাজার মাস ধরে। ফায়ার ব্রীজ থেকে নীচের জলুনি কিছুই কমল না।

ছাইয়ের ভিতর আগুনটা চাপা থাকে বেশী। ঘুদ ঘুদ জলতে থাকে। পোডা খায়ের মত জালা হয়। মোবারকের ফুদফুদটা দেই ঘায়ের মত জালা করছে।

ধৃত্রা ফুলের মত উইওসহোলের মৃথটা। নীল নোনা জলের হাওয়া উইওসহোলের মৃথটা আর বৃঝি টানতে পারছে ন।। কয়লা মারতে কিংবা জ্বলস্ত কয়লা উলটে দিতে যথন মোবারকের বৃকটা ধডকড় করে ওঠে তখনই দে উইওসহোলের বাতাস জোরে মৃঠো মুঠো করে টেনে নেয় এবং রাডারের মত ফুলিয়ে তোলে ফুসফুসটাকে। কিন্তু এই ভিন রাত তিন দিনের প্রহরীগুলোতে সে আর মুঠো মুঠো বাতাস টেনে নিতে পাছতে না।

বিরক্ত হয়ে শিক্স ধরে কিছুক্ষণ দাঁড়িয়ে থাকল মোবারক। নীচ থেকে সে চাইল ক্রিশ ফুট উপরের ধুতুরা ফুলের মুখটাকে বাতাস মুখো করে দিতে।

শামীনগড়ে ধুতুর। ফুল থোঁপায় গুঁজে জৈনব থাতুন আসত হরিতকী গাছের নীচে।
অক্ষকারে দাঁড়িয়ে মবুর হাত ধরে বলত, পাহাড় চিরে হাওয়া আসছে এ সরু পথটায়।
মবুসে তার বুকে জৈনবের মুখটা তখন টেনে ধরত। বলত সোহাগী সোহাগী কথা।

শামীনগড়ের ছবি ভাবছে আর শিক্ষ ধরে টানছে মোবারক। ইন্দ্রিশ আকবরের

হাতে ব্যালচে। ওরা হৃদ্ হৃদ্ করে কয়লা হাকরাচ্ছে চুলোর ভিতর। চুলোয় কয়লায় ভরে উঠলে দরজা বন্ধ করে দিয়ে এক সমন্ন চুজনই চুটো শাবলের উপর ভর করে বন্ধনে, "স্তীম যে নাইমা গেল মিঞা!"

ছঁশ হল মোবারকের। চমকে উঠল সে স্থীম গেজ্টা দেখে। তর তর স্থীম কোথায় নেমে গৈল! তুনস্বর বয়লার কোম্পানীর প্রবে রাথ। কদবি তঞ্চকতা করতে স্বক্ষ করছে আবার। দেজতা শক্ত মুঠোয় শাবল টেনে কয়লা হাকরাতে থাকলো বয়লারের ভিতর। বিরক্ত হয়ে বল্লে "কদবী।"

কাকে উদ্দেশ্য করে ? জৈনব খাতৃনতো তথন হরিতকী গাছের নীচে। বয়লারের স্থীমতো তথন তর তর করে উঠছে। ইদ্রিশ আকবর ছজন ছজনের প্রতি চোখ তুলে তাকাচ্ছে। চোখ টেনে ইশারায় বলছে যেন—শুনছো, মিঞা যে সত্যি পাগল বনে গেল।

মোবারকের হাত এবং ব্যালচে ব্যথায় ছটোই যেন ককিয়ে কাঁদছে। তবু কয়লায় কালো করে তুলছে বয়লারের তিন চুলো। কবরের মত উচু হয়ে উঠছে ফায়ার ব্রীজের বুকটা। শেষে দেই কয়লা গড়িয়ে গড়িয়ে পড়ছে নীচের প্লেটের উপর। ভিতরে আর এতটুকু জায়গা নেই। মোবারক ওদের মত শাবল তবু টানছে। কয়লা হাকরাছে। দেই দেখে ছুটে এদেছে আকবর। হাত ধরে বলেছে, একেবারে মাথা খারাপ হয়ে গেছে মিঞার। শেষে চূলোর দরছাওলো বন্ধ করে দিয়ে হাওয়ার ভালব্ওলো উচিয়ে দিল দে।

মোবারক কেমন অবাক এবং বিশ্বয় মানল আকবরের কথায়। আকবরের মন্ত ছাপোষা লোক এ কথা বলতে সাহস করল!—উন্মান মোবারক। কি সব বলছে হাড় জিরজিরে লোকটা।

কেন আমাজানও তো বলতেন বাপজীকে, আপনি কি মবুর বাপ পাগল হয়ে গেছেন!

শামীনগড়ের সড়কটা তথন কেঁপে উঠত। থবরদার তুই অমন কথা বলবি না বিবি, বাপজা চীৎকার করে উঠতেন।

আত্মাজান সড়ক থেকে বাপজীকে ধরে ধরে উঠোন পর্যন্ত এনেছিলেন। তুজনই চুপ। মর্ তথন তাদের পায়ে পায়ে হাঁটছে। রাতের অন্ধকার চিরে ফিদ কিদ করে একসময় বললেন আত্মাজান, মর্র বাপ আপনি আমায় থবরদার বলতে পারেন, কিন্তু শামীনগড়ের মাহ্বদের ত চুপ করাতে পারলেন না।

षक्षकाরের ভিতর দীর্ঘ মজবুত দেহটা আরো দীর্ঘতর হতে চাইল। তেঁতুল গাছ

এবং মসজিদের ফাঁক দিয়ে দৃষ্টিটা অনেক দ্র পর্যস্ত বিস্তৃত করে বাপজী এখ করলেন, কেন তারা কি বলে ?

আত্মাজান ভয়ে ভয়ে বললেন, উঠোন থেকে ঘরে চলুন।

বল ওরাকি বলে ? বাপজা এত টুকু নডলেন না। মৃথ পর্যস্ত তাই দেখে আতকে উঠছে।

না না আমি তেমন কথা বলতে পাবব না।

তোকে বলতেই হবে মব্র মা। খুব দৃঢকঠে বাপজী এবার জবাব পেতে চাইলেন।
আমাজান একান্ত অসহায়। থর থর করে কাঁপছেন তিনি। তিনি বাপজীর
সেই দৃঢ় এবং অনমনীয় মনোভাবকে কিছুতেই আর সহ্য করতে পাবলেন না। তিনি
তাই ছুটে এসে বাপজার বুকে মাথা ঠুকলেন ঠাস ঠাস করে। থোদার কসম মব্র
বাপ আমায় আর সে কথা বলতে বলবেন না। আমায় মেরে ফেলুন গলা টিপে মেরে
ফেলুন—বলে বাপজীর তুটো শক্ত হাত নিজের গলার কাছে টেনে আনলেন। কিন্তু
শেষ পর্যন্ত হাত তুটো ছেডে দিয়ে চলে পডলেন বাপজীয় শরীরের উপর।

বাপজী তথন হেদেছিলেন। উন্মাদের মত শামীনগড়ের বৃক আর কর্ণকুলির জল্প কাঁপিরে হেদেছিলেন। রাতের অন্ধকারে যে পাথীগুলোনীরবে ঘুমোয় তাবা পথ ন্ত ভয়ে আঁতিকে উঠেছিল, পাথা ঝাপটা দিয়ে হাসির ঢেউটাকে ডানার ভিতর টেনে আবার ঘুম থেতে চেয়েছিল।

তিনি উন্নাদের মত জাহাজী চং-এ হেসেছিলেন। বলেছিলেন, জানি তারা কি বলে।
তারপর আমাজানকে কাঁধে ফেলে, মর্কে এক হাতে চেনে ঘরে নিয়ে তুললেন।
আমাজানকে নীল কাঁথার নাচে শুইয়ে দিয়ে সেদিন প্রথম কসম থেলেন, হাজার
গুণাহের কথা তিনি বিবিকে বলবেন।

তারপরের ঘটনা গুলো মবু দব জানে। তক্তপোশে থেকে জানে, আমাজানের ম্থ থেকে জানে।

তারপরের কাহিনীগুলো মোবারক চোখের উপর দেখেছে।

শুলেছে অনেক কথা। তক্তপোশে শুয়ে শুয়ে শুনল—রহমৎ মিঞা, ঘড়ি আর ফুল বেচে থেড যে মেয়েটি সে মেয়েটির গল্প।

ৰাপজী তার হাজার গুণাহের কথা এক মাত্র আমাজানকেই বললেন। সেই গুণাহগারের গন্ধ শুনে আমাজান ভোরবেলায় দেখলেন—বাপজী একেবারে অক্ত মাস্থ। সাধারণ মাস্থ। নাবিকের মত তিনি আবার পাহাড়ের প্রতি চেয়ে রয়েছেন। চোঝ, সুটোর নাবিকের ডাক উঠেছে। ভোরবেলায় বাপজী বারান্দার কোণ থেকে প্রথম বদনাটা টেনে নিলেন সেদিন। জন ভরে চলে গেলেন মসজিদের দিকে। তেঁতুল গাছটার নীচে দাঁড়িয়ে প্রথম গ্রামের মান্ত্রদের দালাম জানালেন। তরি তবিয়ত কার কেমন আছে জিজ্ঞাসা করলেন।

গ্রামের মাস্থবেরা অবাক হল, কেউ নাবিকের এমনি জীবনধারা ভেবে আদাব করে চলে গেল। ক্যাল ফ্যাল করে চেয়ে থাকলেন বাপজী। তারপর অজু করে মসজিদ গেলেন অনেক দিন পর নামাজ পডতে। তু হাঁটু ভেঙে নামাজ পড়ার সময় এক অভূত বুক ঠেলে ওঠা কানায় তিনি ঝর ঝর করে কেঁদে দিলেন। আসমানের প্রতি তহাত তুলে দোয়া মাগলেন—থোদা, মবু আর বিবিকে শাস্তিতে বাথ।

নামান্ধ দেরে তিনি বাইরে এসে দাঁডালেন। ভোবের আকাশে তথন এক দল কাক পাহাড প্রান্তে ছুটে গেল। কামরাঙা গাছটায় এক দল টিয়া দোল থাছে। নাচে উঠোনে শালিথগুলি লাফিয়ে লাফিয়ে খোদার মসজিদে আপনি মরজি মিশিয়ে দিছে। সফর শেষে বাপন্ধী পৃথিবীর কপ, রস, শিদ্ধ মান্ধ যেন এই প্রথম পেলেন। কেমন হান্ধ। হযে তিনি তাই ছুটে ছুটে এলেন ঘরে। তারপর নিহতে বিবিকে বুকে টেনে বলনেন, বিবি দবিয়া যে মাবার আমায় টানছে, বিবি ভিতরে নাবিকের রক্ত আবার আমায় মোচড দিছে।

সেই পুনরাবৃত্তি। ধে পুনরাবৃত্তি বাপজী সফরের পর সদর করে আসছেন। আমাজান সহজ ভাবে বললেন, আর কেন ?

- -কেন নয় তুই বল ?
- (वढीं क मानि भिन। विदेश विविध्त ष्याञ्च।

দাদি ? মাথা নেডে বললেন বাপজী, দেব। ওর সঙ্গে জৈনবকৈ মানাবে ভাল।
এ সফরটা ঘূরে আদি ভার পরেই দেব। এক বেটার দাদি—টাকা পয়সার দরকার।
বেটার বিবি ঘরে আনব দে কি আমার কম আনন্দের কথা। কিন্তু টাকা চাই—
অনেক টাকা। গোটা শামীনগড়ের সমাজ দাওয়াত পাবে, দেখ, সৈয়দ সব মেমান
আসবে—দে কি কম কথা।

মোবারক আলি আর জৈনব থাতুন। তুটো নাম। তুটো সবুজ মন হরিতকী গাছের নীচে যে ছোট্ট থেলাঘর পেতেছিল তাদেরি কথা হচ্ছিল আমাজান আর বাপজীর ভিতরে। মবু দেদিন বুক ভরে শ্বাস টেনে নিয়েছিল উঠোনের উপর। বলেছিল ওর কচি মনটা, থোদা তুমি সাক্ষী থাকলে।

খোদা সেদিন সাক্ষী ছিল নিশ্চয়ই। নতুবা উঠোনের উপর মবু আর জৈনবকে দেখে আশ্বাজান আর বাপজী একসঙ্গে বলে উঠলেন বেন মর থেকে—দেখ, দেখ বিবি

কেমন মানিয়েছে তলনকে। আমালান ঠিক একই হুরে কথাটার পুনরাবৃত্তি করে গৈছিলেন, যেন একটি মাত্র সঙ্গীত আলার কাছে নিবেদন করলেন।

় সঙ্গীতের মত ই শুনালো। মরু আবার জৈনব শুনলো। লজ্জায় আবি সরমে হুজনই কেমন হুয়ে পড়ল।

বাপদ্বী নেমে এলেন উঠোনে।

লঘুসঙ্গাতের মত পা ফেলে বাবান। থেকে নামলেন আমাজান। এবং ত্জনকে ত্বন কোলে নিয়ে মুখোমুখী গাঁডালেন।

আহান্তান বললেন, বেটা আমাব ভাল। বেটার কোন দোষ নেই।

বাপজী বললেন, আনাব জৈনৰ ভাল। জৈনবের উপর বেটা বড মত্যাচাব করে।
মব্র দিকে চেমে বললেন বাপজী, মব্ তুই কিন্তু তোর বিধির উপব কথা বলবি ন'।
মদি বলিস তবে সদর পেকে কিজু সানব না। বিবি যা বলে তাই শুনবি, তাই করি,
না শুনলে আলা তায়লা রাগ কববে।

আম্মাজান চোথের উপর দেখনেন যেন একটি ত্রস্ত মানবী ঘোডাকে শ । লাগামে টেনে ধবেছে ছোট একটি মেয়ে। সে মেয়ে জৈনব খাতুন। একটি অভিশপ্ত নাবিক বংশকে রক্ষা করছে। সে জ এই বুঝি আম্মাজান বাপদ্দীর রাভ্ত স্বটার সক্ষে, পলা মিলিয়ে বলেছিলেন, মবু কোনদিন জৈনবের কথার বাব হবে না। ভাই না বেলা।

আমাজান নিখাস টানলেন জোরে। সেই দীর্ঘ নিখাসের ভিতর কোগায়ু যেন নির্জরতা রয়েছে। সে নির্ভরতা বৃঝি মব্ব উত্তরকালকে ঘরে বেঁণে রাথাব আধাস— শামীনগভের মাটিতে মোবারকের জীবন বন্ধনের আখাস।

ত্ত্বনই খুসী হয়েছিল। আব নয়, কারণ অনেকদ্ব গড়িয়েছে। বাগজীব উত্তর-পুরুষ চাষী হোক এই বলে ডঠোনের উপর দাঞ্ছিয়ে তিনি মোনালাত করেছিলেন সেদিন। আমাজান আকাশের দিকে চেয়ে নীরব ছিলেন তথন।

তুজনই আতাবেড়ার পাশ দিয়ে হেঁটে আসতে আসতে জৈনব আর মোবারককে জনেক দাঁট সোহাগ কবেছিলেন এবং দে কথাব জেব থেকেই বাপ সী এক সময বললেন, আজ রাত্রেই সব ঠিক-ঠাক করে রাথবি মব্র মা, কান ভোরে আমি কর্ণফুলির বাঁওড়ে যাব।

আমাঞ্চানের ক্ষণিক আনন্দ মৃহুর্তেই মিলিয়ে গেল।

চোথে আবার দেই বিষয়তার ছায়া নেমেছে আম্মান্ধানের। আতাবেডার পাশ দিয়ে হেঁটে আসতে আসতে কেমন হয়ে হুছে পড়লেন বৃকের একটি অব্যক্ত বেদনায়। এতকাল পরেও মবুর বাপ বেদনার তীর আঁচটা ধরতে পারল না।

বাপজী বিকেলে গেলেন হরীনগঞ্জের হাটে। হাট থেকে ভাল মাছ আর ভাল সওদা করে ফিরলেন। দাওয়াত করলেন জৈনবের বাপজীকে। ঘর বেদের সঙ্গে তাই সৈয়দ বংশের মোকাবেলা হল রাতে। থেতে থেতে হজন অর্থাৎ হুই বাপজী কথায় কথায় প্রাণথুলে হাদলেন। নৃতন মেমানের সঙ্গে নৃতনভাবে আলাপ হল। জৈনব থাতুন এ ঘরের বিবি হয়ে আসবে মোবারকের বাপজী ঘর বেদে ওঝা বংশকে কথা দিলেন।

সকলের থাওয়া শেষ কবে নিজে ছুমুঠো থেয়ে টিনকাঠের ঘরটায় যথন এসে চুকলেন নামাজান নীরবে, তথন দেখলেন বাপজী কেমন অক্সমনস্ক হয়ে বসে রয়েছে। ব্বছেন, াতি সক্বে যাওয়ার আগে বিষয়তাব ছায়া যেমন করে বাপজীর উপর নেমে আসত ৭ সকরেও তাই এসেছে। আমাজান এই দেখে প্রতিবার যেমন কামাকাটি করেন গাব প্রেটি সাজান, এবারেও তেমন চোথের জন কেলনেন আর পেটি সাজালেন। প্রটিব ভিতর থেকে টেনে টেনে দব বের করতে গিয়েই দেখলেন একটা আঙটি পেটির ৭ক কোনায় পডে আছে। আঙটিটা মিনাই করা আর চকচকে। উপরে কটি আঁকা

কুপিব আলোর বাপজীর চোথের উপর সন্তর্পণে আঙটিটা তুলে ধরলেন।
মোজান।

বাপজা সহস্বভাবে বললেন, বেনীল আঙটিটা দিয়েছিল আমায়। তারপর হঠাৎ ক ভেবে বলগেন, তুই রাথবি নাকি আঙটিটা।

—না। আমাজান ঘাড কাত করে অসমতি জানালেন।

হাতে নিলেন আঙটিটা বাপজী! নিজের আঙুলে পরজেন। তা হলে আমারটা বাদাবি থাক। কলকাতার গিয়ে বেনীলের নামটা পান্টে নিজের নামটা লিখে নেব।

— আপনার হাত ঘডিটা! আমাজান প্রশ্ন করলেন। দিন পেটির ভিতর েথে দি।

ফিতা কেটে দেওয়া হাত ঘডিটা মবুই বালিশের তলা থেকে টেনে এনে নামাজানের হাতে দিয়েছিল। আর মবুব মা ছজোড়া চোথকে আড়াল করে পেটিতে বাথার নাম করে নিজের আঁচলের এক কোণায় বেঁধে ফেললেন। বাপজী অক্সমন্ধ হিলেন বৈলে লক্ষ্য করেন নি—কিন্ধ নীল কাথার নীচ থেকে ছটো চোথ সে সব দেখে বেলল। আত্মালান তার বিন্দমাত্র আঁচ করতে পারলেন না।

পরদিন সকালে শামীনগড়ের মাহবের। জড় হল উঠোনে। প্রতি সফরের মত বাপজীকে তারা দোয়া জানাল। মবু আর আমাজানকে বিপদে আপদে দেখাশোনাক ভার নিল। তাদের দলে ছিল রসীদ চাচা। ভিন গাঁরের লোক। বাপজীর দ্র কুট্ম। সে এসেছিল মব্র বাপকে বলতে—সফর ফেরত তার জন্ম থেন একটা জাহাজের চাকরি ঠিক করে আসে। গাঁরে গাঁরে গাঁওয়াল করে, পানস্প্রী বিক্রিকরে আর পেট চালানো যাচ্ছে না।

সকলকে আদাব জানালেন বাপজী। রসীদ চাচাকে বললেন, এদিকটায় গাওয়াল করতে এলে তোর চাচিকে দেখে যাস। তার তল্পাস নিস। মব্টা বড় হয়ে উঠেছে —ভাকে দেখিস।

আমাজান আতাবেড়ার এ পাশ থেকে সব শুনলেন। তিনি কেবল কাঁদলেন আর কাঁদলেন।

কর্ণফুলির বাঁওড় পর্যন্ত মবু গেল বাগজীর সঙ্গে। মাত্র আর পেতলের বদনাটা ভার হাতে। সঙ্গে গেল গ্রামের কয়েকজন। তাদের মাথায় কারো বাগজীর পেটি, বিছানা, কেউ সক্ষ দিয়ে চলেছে।

বাঁওড়ে নৌকো থাকে। মাঝি থাকে। লগি খুঁটির মত গোঁজা থাকে পাডে।
খুঁটিতে নৌকার দিও বাঁধা। বাপজী সেই নৌকায় ওঠার আগে মবুকে আর একবার
কোলে টেনে নিলেন, মুথ থেকে চিবোন পান এনে কিছুটা মবুব মুথে পুরে দিলেন।
ভারপর চাইলেন শামীনগড়ের দিকে দিকে। পাহাড় প্রাস্তে চোথ গেল। নীচে
মাঠ। সবুজ মাঠ। থেঁসারি কলাই গাছে নীলচে নীলচে ফুল। ভারপর মবুব মাথায়
হাত বুলিয়ে দিতে দিতে বললেন, আশার কথা শুনিস মব্। দেখিস ভোর ব্যবহারে
ভিনি যেন তৃঃখ নাপান। আশা বড় ভাল। বলতে বলতে বাপজার গলাটা ধরে এল।
ভিনি আর কিছু বলতে পারলেন না। কিছুক্লণ মবুকে বুকে নিয়ে চুপচাপ দাঁড়িয়ে
থাকলেন। পরে কেমন অসহায় আর ক্লান্ত স্পরে বুললেন, মালিক গফুর! শেষে
আলা আলা বলতে বলতে উঠে গেলেন নৌকায়।

নৌকাটা অনেকদ্র পর্যস্ত গেল কর্ণফুলির বাঁওড় ধরে ধরে। যতক্ষণ দেখা গেল ততক্ষণ বাপ আর বেটা ছন্ধন ফুজনকে গভীরভাবে উপলব্ধি করল। এক সময়ে নৌকা বাঁওড়ের ওপাশে হারিয়ে গেল। কিন্তু নৌকার মান্তলটা মব্র চোখের উপর তথনও ছায়া ফেলছে।

মব্ ফিরে এল ঘরে। সোকজনও ফিরে এল শামীনগড়ে। বাড়ীতে ঢুকে ডাকল মব্, আন্মা! আন্মা!

কোথাও থেকে কোন উত্তর না পেয়ে সে বরে ঢুকে গেল। দেখল আমাজান নীলকাথার নীচে বালিসের ভিতর মুখ গু.ঁজে পড়ে আছেন। আবার সে ডাকল, আমা ১ আমাজান বালিদের ভিতর মৃথ রেথে আড়েই গলায় বললেন, তোর বাপজী চলে গেল মবু!

- জি আমা। মর্ ভক্তপোশে বদে আমার ম্থের উপর ম্থ রাখলে।
- —তোকে কিছু বলে গেলেন ?
- —জি আন্মা।
- কি বলে গেলেন ?
- —বললেন, তুই তোর আম্মার কথা শুনবি, আমা বড ভাল।
- —আমার কথা তুই শুনবি!
- कि।
- —তবে বল, তুই তোর বাপের মত হবি না, নাবিক হবি না।
- --- ना, नाविक ध्व ना।
- —শামীনগড়ের মাত্র্য হয়ে বাঁচবি কসম থাকল।
- —তাই বাঁচব কসম খেলাম।

ভেকে এসে দাঁডালেন ক্যাপ্টেন। হাত তুলে দেখালেন সকলকে।— ঐ যে পাহাড়।
বিন্দু বিন্দু হয়ে আকাশ সীমানায় ভেষে উঠেছে।

ডেকের উপর দাঁডিয়ে সব জাহাজীরা দেখল দ্রের প্রশাস্ত মহাসাগরের বৃকে কেটে ওঠা একটা টিবি। আকাশের দিকে তার মৃথ। একটা দ্বীপ। রক্তলাল বালির চূর্ণ মেশানো দ্বীপ—থবে থরে উপরের দিকে ওঠে গেছে। মাথায় তার কাঠের ক্রন্স বসানো। একদল সম্প্র পাথী দ্বীপটিকে কেন্দ্র করে উডছে। জাহাজটাকে দেখে ওরা বৃঝি বিশ বছর আগের এক দুর্ঘটনার কথা শ্ববণ করে কেঁদে কেঁদে বেড়াছে।

ক্যাপ্টেন হাত তুলে কতকগুলি দংক্ষিপ্ত কথা বললেন। মোবারক, শেথর জাহাজের সব জাহাজীরা শুনে শিউরে উঠল।

শিউরে উঠেছিলেন দেদিন আম্মাজানও, সমস্ত শামীনগড সে থবরে চুপ মেরে গেছে, সডকের ঘাসগুলো পর্যস্ত শুকিয়ে গেছে সম্তর্পণে সে তুর্ঘটনার থবর শুনতে।

প্রশাস্ত মহাসাগরের ওই বৃক্<sup>‡</sup>ঠেলে ওঠা ঢিবিটাতে যদি মোবারকের জীবন-ইতিহাসের পাতা উন্টানো থেমে যেত তবে আজ অস্ততঃ আকবর ইন্রিশ জাহাজের সব জাহাজীরা ওকে পাগল বলে হাসি মসকর। করতে সাহস পেত না। ঢিবিটা এবং টিবির উপর ঐ কাঠের ক্রসটা আক্রও তার জীবনে জীবস্ত বিদ্রূপ তাই। হাজার গুণাহগারের একটি অতীত প্রতীক চিহ্ন।

ষ্মতীত প্রতীক চিহ্ন বাপজী শামীনগড় ছেড়ে চলে গেলেন। শেষবারের মত মোবারক কর্ণফুলির বাঁওড়ে দেখেছিল নৌকার মাল্কলের শেষ ডগাটা। তারপর·· ?

তারপর কর্ণফুলি থেকে কলকাতা। কলকাতার বন্দরে কোম্পানীর জাহাজ, বন্দর থেকে জাহাজ ছাড়ার ত্দিন আগে একটি মাত্র চিঠি। তাতে জাহাজ ছাড়ার থবর। আমাজান আর মোবারকের দোয়া—কোন্ কোম্পানীর জাহাজ, কোথায় যাত্রয় হবে। প্রতি সফরে কলকাতায় গিয়ে যেমনি একটি মাত্র চিঠি দেন তেমনি চিঠি।

আমাজান প্রতি বারের মত দেদিন নাকের নথ ছলিয়ে হাতটা ঘূরিয়ে ফিরিয়ে মবুকে দেখালেন। বললেন, তোর বাপর্জার থত। মুন্সীজীর কাছে যা—থতে কি লেখা আছে দব শুনে আদবি।

খুসী খুসী মন আম্মাজানের। মবুর মুখে তাই বার বার চুমু খান। মুখটাকে ছোপ-ছোপ লালে-লাল করে দেন। তিনি অনেক সোহাগ করলেন মবুকে। এবং এক সময় ওকে টেনে আনলেন বুকে। আম্মাজানের উষ্ণ স্পাদন নাবিক বংশের উত্তরপুক্ষকে শোনালেন। যেন বলতে চাইলেন, শুনে রাথ মবু এই স্পাদনে কভ ব্যর্থতার গ্লানি ভূবে আছে।

মবু শেষে কেমন লাফিয়ে লাফিয়ে আতাবেড়ার পাশ কাটিয়ে ছুটে গেল শামীন-গড়ের শেষ গড়ে। গেল সে মৃন্দীর বাড়ী। ঝোপের নীচে উকি দিয়ে ডাকল, বাড়ী আছেন চাচা।

- —কে ? ভরাগলায় উত্তর করলেন চাচা।
- আমি মব্। খত আছে বাপজীর। মেহেরবাণী করে খতটা পড়ে দেবেন ?

খড়ম পায়ে মুন্সী-চাচা ঝোপের পাশে এদে দাঁড়ালে। চশমার ফাঁক দিয়ে মবুকে দেখে বললেন, কিরে কদিনে বেশ ডাগর ডোগর হয়ে উঠেছিদ। বলে খতটা মবুর য়ড থেকে নিয়ে নিজে একবার পড়লেন, পরে জোরে জোরে মবুকে শোনালেন।

মুন্দীলী জানেন থতটা একবার পড়ে দিলে মবু যাবে না। পড়তে হল তিন থেকে গারবার। সমস্ত থতটা সে হুবহু মুখস্থ করবে শুনে শুনে। বাড়ীতে পৌছে আশাকে থেক বলবে। বলার ভন্দী দেখে আশা বলবেন, মবু আমার মৌলভী হবে। মুন্দীজীর গাইতে বেশী পড়াওয়ালা আদমী হবে। মবুই আমার এসে সে সব কথা থত পড়াবার ব্যায় মুন্দীলীকে বলেছে, সেই শুনে দাড়ি নেড়ে হেসেছেন তিনি।

সেধান থেকে মব্ ছুটেছে জৈনবের বাড়ী। গড়ের মেঠোপথে উচ্-নীচ্ ছোট-ছোট

িপি মাডিয়ে সে এল প্রথম সডকটার উপর। সড়কের ত্পাশে মাদার আর পলাশ গাছু।
ম্থ উচু করে সে চাইল একবার। পলাশ আর মাদাবের ডালে ডালে ফুল। আকাশ
প্রান্ত ধরে ত্টো লালরঙের পাড সডক ধরে কর্ণফুলির বাঁওড পর্যন্ত চলে গেছে। গাঙশালিথেরা এসেছে তথন এদিকটাব পলাশ ফুলের মধু থেতে। মধু থাছে আর লাফিয়ে
লাফিয়ে বেডাচ্ছে ডালেব শাথা প্রশাথায়।

কৈনব উঠোনে। জৈনব খেলছে। উঠোনেব উপর অনেক ঝাঁপি। ওর বাপ ঝাঁপি খুলছে। সাপ টেনে বেব কবছে জৈনব।

সাপগুলো ছোবল দিতে চাষ জৈনবকে। সাপেব অসহায় কেবামতিগুলোর দিকে চেয়ে সে হাদলো।—পাববি ছোবল দিতে। বলে হাতটা বাডিয়ে দিল। হাসল খিল খিল কবে।

মবৃকে উঠোনেব একপাশে দাঁডিয়ে থাকতে দেখে জৈনব গেল ওর পাশে। হাত ধরে টানল। বললে, মাম আয়, দেখবি কভ সাপ বাপদা পাহাড় থেকে ধরে এনেছে।

একটা সাপ ফোঁদ কবে উঠেছে মব্ব মুথের সামনে।—নাম এর কাল কেউটে, এইটির নাম চন্দ্রবোডা। চন্দন তিলক এ পাশেব ঝাঁপিতে। ত্ধরাজ সাপ দেখবি? বলে জৈনব বাপজীর প্রতি চোথ তুলে তাকাল। ওটা খুলবি না। বাপজী জৈনবকে ধমকের স্ববে বললেন। উঠোনেব উপর জৈনব আর মবু।

ভৈনব ডাকে মবুকে, ও মাতব্বর মিঞা ওটা হাতে কি ?

- —বাপজানের থত। কলকাতা থেকে আত্মাকে থত দিয়েছে।
- --বিদেশ-ভূঁই-এ থাকলে তুমি আমায় থত দেবা না?
- —জরুর দেব।

শাডীটা পরেছে জৈনব প্যাচ দিয়ে দিয়ে। বুকের উপরটা থালি। ফান্ধন মাস পড়েছে। শীত এখনও যায় নি। শীতে সাপগুলি কুগুলী পাকিয়ে আছে। এক এক করে ঝাঁপি তুলছে বাপজী ঘরের ভিতর। সন্ধ্যায় পাইকার আসবে সাপ কিনতে। ভাই সাপগুলোকে বালভির জলে ধুয়ে সাফ সাফাই করে রেখেছে বাপ-বেটি মিলে।

হঠাৎ প্রেয়াল হল মব্র, আন্মাজান আতাবেড়ার পাশে বসে আছেন। চোধ ছুটো গেড়ার ফাঁক দিয়ে কাঞ্চন ফুলের গাছটাকে নিশ্চয়ই দেখছেন। বাড়ীতে ঢোকার আপুনে প্রথম কাঞ্চন ডালের নীচে দিয়ে মাথাটা বাড়াবে মবু। আন্মা তা কানেন। ভাই কাঞ্চন ফুলের নীচের ফাঁকা পথটা অনেক প্রতীকা আর প্রত্যাশার প্রতীক। আমাজান প্রত্যাশার আছেন মবু একুনি অনেক থবর নিয়ে আসবে বাণজীর।

মবু 'আতাবেড়ার গুপাশটার চোথের উপর চিঠিটা রাথল বিজ্ঞের মত। আর অজ্ঞের মত কথাগুলি আওড়ে গেল। আমাজান ডাই দেখে হি হি করে হাসলেন। হাসিতে ফেটে পড়লেন।

কাছে এলে মবুর হাত ধরে বললেন, তুইু ছেলে! তোর বাপজীর জাহাজ ছাডতে আর মাত্র তিন দিন। এ তিন রাত আমরা ঘুমোব না কেমন ?

- —কেন ঘুমোৰ না ?
- —তোর বাপদ্দীর কথা, বসে বসে ভাবব।

বেটা আর বিবি একটি সফর যাওয়া মাহুষের জক্ত মোনাজাত করবে।

- —বেশ হবে না আন্দা?
- —ভাল হবে। তোর বাপজী তবে দরিয়ার কোন ইবলিশের হাতে পড়বেন না।
  আলা ওর দব কশুর ক্ষমা করবেন। তিনি ছটো আঙুল ঠোটে ছুঁয়ে হাতটা মব্র
  চোথের উপর নাড়তে থাকলেন। মবু থপ করে একটি আঙুল ধরলে বললেন,
  বাপজীর তোর এবার ছ মাদের দফর। কি মজা।

হুটো আঙুলে ঘটো সময় নিৰ্দিষ্ট করে আমাজান প্রতি রাতে নীল কাঁথার নীচে এমন করতেন। যথন শামীনগড়ে সন্ধ্যা নেমে আসত পাহাড় অলিনে এই ছোট্ট গাঁয়ে যথন আজান দিত মসজিদে মৌলভী, তথন আমাজান নামাজ পড়তে বসতেন মবুকে পাশে নিয়ে। ছজন মিলে আলার কাছে অনেক মেহেরবাণীর জন্ম দোয়া মাগতেন। তার থসম, তার পিয়ার, অনেক দ্রের মাহ্যটির তবিয়তের জন্ম অনেককণ মৌনাজাত করতেন।

শামীনগডের এই টিনকাঠের ঘরটিতে এভাবে কতদিন গেল। কত প্রহর আপন মরজিতে কালের দক্ষে মিলে গেল। কত জোনাকী জলে আবার সড়কের ধারে নিভে গেল তবু আমাজানের প্রত্যাশার হাতহানি লেগেই থাকল চোথের অঞ্জনে।

রসীদ চাচা আগতেন গাওয়াল করতে। আতাবেড়ার ওপাশ থেকে হাঁকত, ভাবি এলাম। পান ফ্পারী রাখবে নাকি এল। মিঞা মাধার ঝাঁকা নামতো আর ম্থের উপর গামছা ঘুরিয়ে বলত, ভাবি ভাইয়ার কোন থত এল ?

আদান্তান আতাবেড়ার এপাশে মবুর হাত ধরে বলতেন—কৈ না তো! কোন খত এল না তো। মিঞার কাছে কোন খবর আছে নাকি?

আত্মাজান কথা বলতেন মব্র কানে ফিস ফিস করে। মবু সেই কথাওঁলি

কবিতার মত আওড়ে রদীদ চাচাকে শোনাত। অর্থাৎ কথা হত মবু আর রদীদ চাচার ভিতর। আমাজানের ফিদ ফিদ গলায় আওয়াজ উঠত মাত্র।

দণ্ডের সঙ্গে কভ প্রহর এল। প্রহুবের সঙ্গে দিন এল। দিনের সঙ্গে এল এবার
মাস। মাস কালের সঙ্গে মিশে গেল। গত এল এবার দক্ষিণ সন্ত থেকে। বাপজী
গৈছেন সেই এক কোন্ দেশে যেখানটায় তাল তাল সোনা নিয়ে আসার জন্ম ওর পূর্ব
পূক্ষ গিয়েছিল কোন এক কোম্পানীর জাহাজে—কিন্তু ফিরে আসেন নি।

भाभाजान हठीर फुक्दर त्कॅरल डेर्ठरलन, भवू रह भन्।

মবু ডাকল, জি আন্মা। চোথে জল কেন? কাঁদছিদ কেন আন্মা? তোর বাপজী এবার দক্ষিণ দরিয়ায় গেল, কি হবে!

--- কি হবে ? দিবে আসবে সফর শেষে। তোর আর আমার জন্ম চীজ নিমে আসবে অনেক।

গতে লেখা ছিল, প্রশান্ত মহাসাগরেব বৃক ধরে আমাদের জাহাজ নিউজিলাওে বাচ্ছে বিবি। মাল খালাস করে জাহাজ সিডনী যাবে। তারপর দেশে ফিরবে। আমি আবার তোকে আর মবুকে দেখতে পাব। মবু নিশ্চয়ই আমার কথা আজকাল খুব বলে। এসেই কি হবে বলতো? বলতে পারলি না! বেটার সাদী হবে। আনেক টাকা এবার কোম্পানীর ঘরে পাওনা হবে। এক বেটার সাদি। কত লোক লম্বর! কত মেমান! কত দৌলত! আর অনেক দাওয়াত। জৈনব নিশ্চয়ই আর একটু বড হয়েছে। ওকে আমার দোফা জানাবি। মালিক গদ্র ভরসা। বলে খত শেষ করেছিলেন বাপজী।

এবার থেকে মব্র চোথের উপর আমাজানের আঙুল নাড়ানো আরো বেড়ে গেল। নীল কাঁথার নীচে ঢোকার আগে অনেকক্ষণ এই রকম চলত আর বাপজীর বলা অনেক কথার পুনরাবৃত্তি হত। আতাবেড়ার ওপাশটায় যদি কারো ডাক উঠত, আমাজান মব্কে তাড়াভাড়ি পাঠিয়ে দিভেন—কোন খবর যদি মাহুষেরা নিয়ে আসে। যদি খবর দেয় মব্কে, কর্ণফুলির বাঁওড়ে তার বাপের নাও কেউ দেখে এসেছে।

কৈ কেউ তো কোন খবর দিল না। যারা এল তারা সকলেই জোভ জমির কথা
—হালচাষের কথা, দেশের কথা বলে মবুর কাছে বিদায় নিল। আতাবেড়ার এ
পাশের কোন খবরই বয়ে আনল না তারা।

কত-পুরুষ আগে নানীও এমনি অপেক্ষা করতেন বিছানায় শুয়ে। তথন এ ষর প্রেক্ট বাঁওড়ে লগির শব্দ শোনা যেওঁ। নানী কাঁথা থেকে শীতকালে মুথ বার করে রাখতেন। লগির শব্দ শোনার জন্ম উৎকর্ণ হয়ে থাকতেন। যদি ক্রমশ দূরে সরে

বেত শব্দটা তিনি হতাশার চিহ্ন আঁকতেন মুখে। আর বৃঝি এল না। ঘাটে বৃঝি আর নাও বাঁধল না। শামীনগড়ের মাহ্যদের এখন অনেক হাঁটতে হয়। বাঁওডেব লগির শব্দ আর এ ঘরে এদে পৌছায় না।

আমাজানেব পাশেই শুয়ে থাকে মব্। এর চোথে গভীর ঘুম। ক্রুলুঙ্গী থেকে আমা কুপিট। মব্র ম্থের উপর ধরতেন। সেই ম্থে মব্র বাপজীকে অহুভব করাব চেষ্টা কবতেন। হিজল পাহাডের বাতাদ তথন নেমে আদত জানালাটার উপব। দেই বাতাদে জানালা দবজা ঠক-ঠক কবে নডত। আমাজান চমকে উঠতেন। ডেকে তুলতেন তিনি তথন মবুকে। বলতেন মবু ওঠ, কে যেন বাইরে দরজা নাডছে।

তিনি ভানতেন হযতে। মনুব বাপজী। হযতো নিভ্তে এবং নীবৰ অন্ধকাৰে তিনি এসে টিনকাঠের ঘৰটায় চুপি চুপি উঠেছেন বিৰিকে অবাক কৰে দেবাৰ জন্যে। গেল সফরের আগেব সফরে তো তিনি তাই কবেছিলেন। অন্ধকারে দাঁডিযে দরজার চুপি চুপি নেডেছিলেন। আন্মাজান যত ডাকছেন ভয়ে ভয়ে বে। কে। তত্ব বারান্দার ছায়াটা দেওযাল সংলগ্ন হয়ে চুপ করে ছিল। তারপর এক সমন আন্মাজান চীৎকার করে উঠলে—তিনি বলেছিলেন, বিবি আমি বে আমি! দ্বজা থোল।

দরজা খুললে দেখতে পেয়েছিলেন বাপজীব হুটো হুট্টমা ভরা চোথ। চোধে আনেক কালেব বিবিকে-বেটাকে না দেখার আবজি। শেষে আমাজান বাপজীব সংলগ্ন হয়ে তক্তপোশটা পর্যন্ত এগিয়ে গিয়েছিলেন এবং হুজন একসঙ্গে মবুব মুখেব উপর ঠোঁট বেখেছিলেন। বাপজীর গলায় অনেক কথাব প্রকাশ তখন, কোম্পানাব আরজি আর খোদার মরজি কিছু বোঝার উপায় নেই। বলা নেই, কও্যা নেই—হঠাং শুনি উড়োজাহাজে আমাদের আমেরিকা থেকে কলকাতায় আসতে হবে। জাহাজ নাকি আর তাদের চলচে না।

আমাজান ভাবতেন এ সফরটাতেও ধদি কিছু এমনি একটা হয়। একটা উড়োজাহাজ ধদি বাপজীকে দক্ষিণ সমূদ্র থেকে ভারতবর্ধে পৌছে দেয়। অনেক আশা, অনেক আকাজ্ঞা তাই জমা হতে থাকল তাঁর দিনের পর দিন।

কিছ বাপজী তো কিংছেন না!

শামীনগড়ে এল বৈশাধ মাস। ভর তুপুরে ঘাটে আম্মান্তান জল আনতে গিয়ে কেমন আনমনা হয়ে কাঞ্চন গাছের ফুলগুলির দিকে চেয়ে থাকেন আর ঘরে ফিবে মবুকে বলেন, না একটা থভ, না এসে পৌছাল। বাপজী তোর ভাবে কি বলত ? জাহাজ ফিরতে দেরি হয় তো একটা খত লিখে দে তুলাইন। তা দিবি না পর্যস্তঃ বাড়ীর লোকগুলির কি করে দিন কাটছে সে হিসেব পর্যস্ত রাথে না লোকটা।

হিজল পাহাড় আর মৌরী-পাহাড়ের ফাঁক দিয়ে যে আকাশটা শামীনগড় থেটক নেখা যায়, শেখানে কদিন থেকেই মেদ জমতে স্থক্ষ করেছে। মেদে মেদে আঁকাশ দিন দিন কালো হয়ে উঠছে। শামীনগড়ের মান্থবেরা ভাবল এবার জল ঝড় কিছু একটা হবের। কাল বৈশাধী পাহাড় চিরে এদিকটায় নেমে আদবেই।

আমাজান কি ভেবে দেদিন জানালা দিয়ে সে আকাশটার দিকে **অনেকক্ষণ** তাকিয়ে থাকলেন। জল ঝডেব রাতে একা একা তাঁর বড্ড ভয়। মবুর উপর এখনও তিনি নির্ভর কবতে পারছেন না।

দেই জল ঝডের দিন আবার এদে গেল।

বিকেলে ঘাট থেকে জল এনে মবুকে বললেন আম্মাজান, কোথাও যাসনে।
প্রথেছিস আস্মানটা কেমন কালো করে আসছে!

সে রাতে আম্মাজান সকাল সকাল থেয়ে মবুকে নিয়ে ঘরে চুকলেন। দেশলাই ঠিক করে বালিসেব নীচে রাথলেন। কুলুঙ্গীতে কুপির সলতে তুলে ধরলেন উপরে। গারপর মোটা সলতেয় আগুন ধরিয়ে জল ঝডের রাতকে ঠেলে দিতে চাইলেন দ্রে।

এমন রাতকেই আমাজানের ভয়; এমন রাতে তাঁর বুক কেটে কালা ওঠে। মজিমানে বাপজীকে তথন গালমন্দ দেন, বেইমানী আমার সঙ্গেই করলা মিঞা! তঞ্চকতা করে আমার জীবনটাকে মাটি করে দিলা।

ভীষণ বিভাৎ চমকাচ্ছে পাহাড়ের গায়ে। মেঘে মেঘে তেউ দিচ্ছে আকাশে।
দক্ষিণ সম্দ্র যেন ফুঁসে ফুঁসে শামীনগড়ের এই ছোট্ট টিনকাঠের ঘরকে পর্যস্ত গিলতে
আসছে।

এক এক করে ঘরে জানালাগুলি বন্ধ করে দিলেন তিনি। শেষ জানালাটা বন্ধ করার সময় প্রশ্ন করলেন, তোর বাপজীর জাহাজ, ঝড়ের দরিয়ায় না বন্দরে ?

মবু উত্তর করে নি। সে তখন ঘুমিয়ে পড়েছে। ঝড় বাদলের রাতে ওর চোথে ঘুমটা যেন বেশী করে আঠার মত লেগে থাকে।

বাতাসের সোঁ সোঁ আওয়াজ পেয়ে শেষে জানালাটা বন্ধ করলেন। তক্তপোশে ফিরতে না ফিরতেই অন্থভব করলেন ঝড়ের বেগে টিন কাঠের ঘরটা মোচড় দিয়ে উঠেছে। প্রথম দিকের জানালার একটি কবাট ঠাদ করে থুলে গেল। বর্শা ফলকের মত বৃষ্টির ছাট আর ঝড় এদে ঢুকছে ঘরে। বিছানা-পত্র ভিজিয়ে ভয়াবহ করে তুলেছে ঘরটাকে। আম্মাজান ডাকলেন, থোদা! ছুটে গিয়ে জানালাটা বন্ধ করে দেবার সময় দেখলেন মবু ভয়ে তক্তপোশের উপর বদে কাঁদছে।

শ্বানালাটা বন্ধ করলেন! ভক্তপোশের পাশে এসে দীড়ালেন আবার। মর্কে

ক্ষিভিয়ে ধরে বললেন, থোদাকে ডাক মব্। তিনি ছাড়া পারীদৈর পার কে আছেন।

ভীষণ শব্দ। ঝড় আর শিলারুষ্টি। কড় কড় করে আকাশের অনেক রাক্ষ্ণে শব্দ আছড়ে পড়ছে শামীনগড়ের অনেক উঠোনে। দরজাটা কে যেন বাইরে থেকে ঠেলে ঠেলে দিছে। তিনি দরজাটার দিকে চেয়ে শক্ষিত হলেন। এক্ষ্নি হয়ত ওটা ওপ্টে পড়বে। দরজার পাশে গিয়ে ভারি কিছু রাধার ব্যবস্থা করতে হবে। নতুবা দরজাটা ভেকে পড়বে এক্ষ্নি! সঙ্গে সক্ষেটিনকাঠের শক্ত ঘরটা পাথীর মত উড়তে থাকবে আকাশে।

উঠে দাঁড়ালেন আন্মাজান। দরজার কাছে এসে মানুষের শব্দ পেলেন। বারান্দায় পড়ে কোন মানুষ যেন গোঙাচ্চে। কিন্তু মানুষটা কে, কোন মাঠে সে ঝড় পেয়েছে, এত্ বাড়ী থাকতে শামীনগড়ে এথানেই বা কেন, শিলাবৃষ্টি আর রডের জন্ম কিছুই ভিতর থেকে জানতে পারলেন না। তবু অত্যন্ত ভয়ের সঙ্গে দরজার উপর কান রাখলেন তিনি।

আঁতকে উঠলেন আমাজান। শুধু কয়েকটি শব্দের পুনরাবৃত্তি বারান্দায় দাড়িয়ে থাকা মাহ্রটির মূথে।

আমাজান আড়েষ্ট কঠে ডাকলেন, মবু এদিকটায় আয় রে কাপ। তারপর ত্জনে দরজার উপর আবার কান রেখে সম্তর্পণে শুনলেন—বারান্দার, মাহ্যটি গোঙাতে গোঙাতে বলছে, দরজা খুলুন, আপনাদের টেলিগ্রাম।

দরজা থোলা হল। আমাজান আর মবু অন্ধকারে বারান্দার উপর হাতড়ে হাতড়ে বেড়ালেন লোকটাকে। বিত্যতের আলোয় দেখতে পেলেন দাওয়ার উপর উপুড় হয়ে পড়ে আছে মান্থ্যটা। ঝড আর শিলাবৃষ্টির আঘাতে মান্থ্যট আর উঠতে পারছে না। ওকে ধরে তুলে আনার সময় স্থাবার শুনলেন আমাজান, আপনাদের টেলিগ্রাম। দক্ষিণ সমূদ্রে জাহাজ তুবির থবর আছে। মজিবর রহমান দে জাহাজের জাহাজী।

চোধে জল নেই আমার। শুধু কটি মস্পষ্ট শব্দ। দে শব্দ বড় জল রাতকে বিদ্রূপ করছে। তিনি হুটো হাত অবলম্বনের জন্ত মবুর প্রতি বাড়ালেন—কিন্তু তার আগে গফুর মালিক এ কি করলে বলে, মেঝের উপর লুটিয়ে পড়লেন। তারপর সমস্ত রাত ধরে ঝড় জলে নিঃঝুম হয়ে থাকল ঘরটা। শামীনগড় কোন থবরই রাধল না ভার।

সকাল বেলায় গ্রাম থেকে গ্রামাস্করে, পাহাড় থেকে আর এক পাহাড়ের কোলে সে থবর ছড়িয়ে পড়ল। সব মাছবেরা জানল কর্ণফুলির বাঁওড়ে আর বাপজীর নৌকোর লগির শব্দ উঠিতে না। শামীনগড়ের জাহাজী জীবন থেকে একজনত জাহাজী বিদায় নিল।

সব খবর শুনে শামীনগড়ের সমাজ চুপ মেরে গেছে।

मिউরে উ**র্চ্চ**লেন বার বার আত্মাঞ্চান সেদিন।

প্রশান্ত মহাসাগরের এক জাহাত্র ডেকে মোবারক, শেবর, জাহাজের অক্সান্ত জাহাজীরা আর এক ইতিহাস শুনে শিউরে উঠল।

ডেকের উপর দাঁড়িয়ে সব জাহাজীরা তথন দেখল দ্রের একটা ঢিবি। একটা দ্বীপ। রক্তলাল বালির চূর্ণ মেশানো দ্বীপ, থরে থরে আকাশের দিকে উঠে গেছে। মাথায় তার ক্রস। দ্বীপটাকে কেন্দ্র করে উডছে একদল সমূদ্র পাথী। জাহাজটাকে দেখে ওরা বুঝি বিশ বছর আগের এক চুর্ঘটনার কথা শ্বরণ করে কেঁদে কেঁদে বেড়াচেছে।

ক্যাপ্টেন হাত তুলে কতকগুলি সংক্ষিপ্ত কথা বললেন, কথাগুলো বিবর্ণ। **কথাগুলো** জাহাজীদের ভয়াবহ দিনের কথা।

জাহা্জীবা ভেকের উপর দাঁভিয়েছে দরল রেথার মত করে। পাহাড়ের উপর কাঠের ক্দটিকে দেখে ক্যাপ্টেন, বড মালুম, মেঝ মালুম বুকের উপর ক্রদ টানছে। বাইবেল খেকে একটি দলাতের স্থর তুললেন কঠে। আর অক্যান্ত ভারতীয় জাহাজীরা তাদের ধর্মীয় মতে ক্রদটাকে শ্রদ্ধা জানাল।

মুবারক চুপ করে সকলের পাশে দাড়িয়ে আছে।

ক্যাপ্টেন বলছেন, বিশ বছর আগে কোম্পানীর জাহাজ ফিরছে নিউপ্লাই-মাউথ থেকে সিডনীতে। সিডনী থেকে জাহাজীরা যার যার দেশে ফিরবে বাড়ীতে বাড়ীতে তারা থত পাঠিয়ে দিয়েছে। চীজ কিনে জাহাজ বোঝাই করেছে বিাব বেটা মেমানদের জন্য। কিন্তু রাতের টাইফুনে কিসে কি হল। ভয়ে দিশেহারা হল স্থখানী আর তিন নম্বর মালুম সম্দ্রের পর্বত প্রমাণ টেউ দেখে আর গর্জন শুনে। ভূলপথে জাহাজ এসে ধাক্কা থেল ঐ পাহাড়টায়। পাহাড় তথন জলের নীটে। পাহাড় মাত্র গড়ে উঠছে। আবাত থেয়ে জাহাজের নীটটা চিয়ে গেল। কাজেই কোন উপায় থাকল না জাহাজীদের বাঁচবার। লাইফ-বেন্ট পরে সবাই এসে উপরে জড় হল। লাইফ-বোট হাড়িয়া করতে গিয়ে অনেকে ছিটকে জলে পড়ে অদৃশ্য হয়ে গেল। ভীষণ ঝড়ের জন্য কিছুতেই বোট শেষ পর্যস্ত হাড়িয়া করা গেল না। একটা বোটের হাসিল ছিঁড়ে গেল। আর একটা বোট উন্টে কোথায় ভেসে গেল কোন জাহাজী তার প্রত্যক্ষ প্রমাণ রাথল না। বেতার সংকেতে শুরু এক থবর জাহাজ ড্বছে। রেস্কু পাঠাবার মন্ত সম্ম আর আফিসের হল না।

রাত তখন বারোটা।

ভাষাজ তুবির প্রায় দশবছর বাদে কোম্পানীর ক্যাপ্টেম স্থপারিটেনডেন্ট এই পথ ধরে যাচ্ছিলেন। তিনি দেখে গেলেন সেই পাহাড়টা সন্দ্রের উপর ধীরে ধীরে জাগছে। সব্জ খ্যামল প্রলেপ পড়ছে প্রবাল দ্বীপে। তিনি দেই মৃত জাহাজীদের প্রতি শ্রন্ধা জানিয়ে পাহাডের উপর বেদী গড়লেন। একটি কাঠের ক্রম প্রতিষ্ঠা করলেন। ঝড়ের দরিয়ায় নিঝর্রের বাণী আহ্বান করলেন। আছও ভাই কোন জাহাজী যথন এই পথ ধরে যায় তথন এই দ্বীপটির কাছে এসে সকলে হাত তুলে প্রার্থন। করে। প্রভু, জাহাজ আর জাহাজীদের শান্তি দাও।

জাহ।জীরা সকলেই মিনিটকাল মাথা নীচুকরে দাঁডিয়ে থাকল। তারপর যে যার মত কাজে চলে গেল।

একমাত্র মোবারক ডেক ছেডে অক্সত্র গেল না।

শেখর নীচে অনেকক্ষণ প্রতাক্ষা করে ডাকল, এবার চল।

মোবারক ভেক থেকে নেমে যা ওয়ার সময় শেথরকে শুধু একটি প্রশ্ন করলে, সম্প্র পাৰীগুলো দ্বীপটিকে কেন্দ্র করে উড়ে উড়ে কাঁদছে কি আমন্দ করছে ?

বিরক্ত হয়ে শেখর জবাব দিলে, কি করে বলব !

নাবিক হও, কিন্তু চরিত্র মন্দ করতে পারবা না। জৈনবের কসম।

কথাগুলি বড় বড় হরকে ক্ষেপার করা বালকেডের উপর চক দিয়ে লিখল মোবারক। 'নাবিক হণ্ড কিন্তু চরিত্র মন্দ করতে পারবা না'—পড়ে পড়ে সে হাদল।

मव दवरेमान । वानजी आमाजान । दवरेमान देजनव थाजून ।

চোথ ঢাকল মোবারক। তুটো হাত বাড়িয়ে বাংকের কাছে এল। বললে, দেখতো শেখর হাত তুটো আমার কোনদিন বেইমানী করেছে কিনা। বেইমানীর কোন চিহ্ন আছে কিনা।

শৈশ্বর বিশ্বিত হল না। জাহাজের দব জাহাজীদের মত দেও ব্ঝি জেনে নিয়েছে মোবারক উন্মাদ। লিলিকে ছেড়ে এদে আরো উন্মাদ হয়ে গেল। কিন্তু দে অন্তান্ত জাহাজীদের মত তাকে বিদ্রূপ করে না। সে চায় মোবারক স্বাভাবিক হয়ে উঠুক। দে যদি মুমোত।

শেখর আহত হাত ত্টো নিয়েই উঠল কোনরকমে। মোবারকের হাত টেনে বললে, আয় ঘুমোবি। অমন বিড়বিড় কবে আর বকিস না। স্বাভাবিক ভাবে তুটো কথা বল। ঘুমো। লিলিকে ভুলে বা, দেখবি মনটা অনেক হান্ধা হবে। আমার হাত হুটোর দিকে চা। দেখ এর কত যন্ত্রণা! দয়া হয় না তোর। তার উপর তুই ফাদ দিন-দিন এমন অস্বাভাবিক হয়ে উঠিস তবে জাহাজে দিন আমার কি করে কাটে ল তো?

মোবারক চুপ করে থাকল। শেখর হাত টেনে আবার বলল, বালকেডের উপর ক কথাগুলো নিখলি কেন ?

জৈনবের কসমের কথা মনে প্রভল তাই লিখলাম। নাবিক হও কিন্তু চরিত্র মন্দ ব্যতে পারবা না—জৈনব হরিতকী গাছেব নীচে দাঁভিয়ে কসম দিয়েছিল। বলে কেমন গাগলের মত আবার হেদে উঠল মোবারক।

কি দেখছে মোবারক পোর্টগোল দিয়ে। শেখর বিস্মিত হল। গলা বাড়াল বুরঘুলিতে। সম্তর্পণে দেখল দে পাহাডটা। আবছা একটুকরে। মেঘের মত এখনও াকাশ কিনাবায় ভেষে আছে। কাঠের ক্রমটা কখন আডাল প্রডেছে পাহাড়ের।

শেখর কাঁচটা দিয়ে প্রথম পুলগুলিটাবদ্ধ করে দিল। লোহার চাকতিটা দিয়ে . জকে দিল কাঁচটা। বৃকের উপর একটি মাহত হাত ঝুলিয়ে সে এল তারপর নোবারকের কাছে। বললে, কাবো বাপ বুঝি মার জাহান্ন ভূবিতে মরে না ?

মোনারক চাইল শেথবেল প্রতি। দৃষ্টিতে অনিশাস। কাঁচ দিয়ে ঘুলঘুলি বন্ধ কবলেই কি আর বন্ধ হয়! শেথর কি ভেবেছে লোহার পাত দিয়ে মনের উৎপাতএলিকে বন্ধ করে দেবে! ঘুম যে আদে না—গুণাহ যে হাছার গুণাহ, বাংকের পরতে গরতে যে সাপের অনেক ছোবল—শঙ্কাচ্ডটা জৈনবের ভালবাসার জীবন্ত ফসিল সেগুলিও কি শেথর একটা ভঙ্গুব কাঁচ দিয়ে চেপে দিতে চায়! আর বলতে চায়, গুসব কিছু না। গুসব তোব গনর্থক এবং অহে তুক মনের জট।

এই অনর্থক এবং অহেতুক মনের জটগুলি সে ছাড়িয়ে দেবার চেটা করেছে বছবার।
কিন্তু বার বার তার অক্ষমতাই প্রকাশ পেয়েছে। চেটার সঙ্গে জটের বন্ধন বেড়েছে।
মন্ত্রাপ অনুশোচনায় বার বার জলে-পুডে থাক হয়েছে বুকটা।

লিলির বন্দর থেকে ভাহাজ ছাডার পর অন্থশোচনা হাজার গুণে বেড়েছে। জাহাজের সকলকে সে অবিধান করতে স্বক্ষ করেছে।

আর শেথরটা যেন কেমন। কেবল যথন তথন বলে, ঘুমো ঘুমো। কিন্তু সে বুমোতে পারছে কৈ। হুঃখ যে তার অনেক।

শেষ পর্যন্ত কথল টেনে গুয়ে পড়ল মোবারক। প্রতিদিনের মত কথুইটা রাখল চোখের উপর। ব্যাংকের নীচে শীতে শঙ্কাড়টা নিশ্চরই লজ্জার কুগুলী পাকিয়ে আছে।—
লাক আছে তবে কৈনবের। লজ্জাবতী আমার! আশাজানের ফ্রুতই তুই বেইমান।

আত্মাঞ্জান তথন অনেক ফারাকে। জৈনব তুই থিল থিল করে হেনেছিলি হরিতকী গাছের নীচে। মনে তোর আগুন। যে আগুনটা কুদরত মিঞার কপালে শেষ কাঠালে একটা হেই করে ছেঁকা দিয়েছিল।

হঠাৎ পালের বাংকটাকে উদ্দেশ্য করে বললে মোবারক, সাপে কাটা মডা দেখেছিক শেশর ?

পাশের বাংকটা যেন বিরক্ত হল। উত্তর করলে, না।

- -- সাপের ছোবল খেয়েছিস ?
- —না।
- —মেয়ে মামুষের ছোবল ?

শেখর ধমক দিল মোবাবককে। ' এদব কি হচ্ছে শুনি। এর নাম ঘুম ! এ ভাবে মান্ত্ব ঘুমোয়। কত আর জালাবি বলত ? অহেতৃক মনের জট নিয়ে নিজে জলছিদ, আমাকে জালাচ্ছিদ। এ কি ভারে উচিত হল ? এত করে বলি ঘুমোতে আর তৃই কম্বলের নীচে থেকে বলছিদ, মেয়ে মান্তবের ছোবল আমি থেয়েছি কিনা! " এক অব্যক্ত যন্ত্রণা মোবারকের মনটাকে কুবে কুরে থাছে। এক নিদারুল উত্তাপ ওর মনের প্রকাশ কবার আগ্রহকে উত্তপ্ত কবে তুলছে। শেখর কেমন হাদ্যহীন। নাবিক বংশের ইতিহাদ শুনতে সে কেমন বিরক্ত বোধ করে। কিন্তু প্রকাশের আগ্রহটা ব্যন একান্ত ওকে উন্মাদ করে তোলে তথন থাপছাডাভাবে প্রকাশ করতে গিয়ে ধমক খায় শেখরের, আর বাজে বকিদ না। ছটো পায়ে পডি এবার। ঘুমো, ঘুমো বলে—বালকেডের উপর কি কতকগুলো আঙুল দিয়ে আঁকাবাঁকা রেখা টানে। রেখাগুলো যেন আর কটা দিন আছে সফর শেষে ঘরে ফেরার হিদেব।

মোবারক বেহায়ার মত আবার বললে, এমন করে আমার বাপজীও দাগ টানতেন। হিসেব করতেন আর কতদিন বাকী কর্ণজুলির বাঁওডে নৌকা বাঁধার।

শেখর কোনই উত্তর করল না। মৃথ ফেরাল মাত্র।

ছুটো আরশোলা লকারটার নীচ থেকে বের হল এবং শব্ধচ্ডটা যে ব্যাগের ভিতর আছে ভার ভিতর ঢুকে গেল।

- —ভাহলে তুই ঘুমোবি না প্রতিজ্ঞা করেছিল?
- খুষ পেলে খুমোব। ছোবল তবে তুই মেয়ে মান্থবের খাস নি ? কথাটার বাঁক খুরাল এবার।

শেখর বিরক্ত হল এবারও। বাংকের উপর সে উঠে বসল—এমন করবি তেঃ
কোকসাল থেকে বের হুয়ে বাব বলছি।

- —বের হবি ? কেন ? আমি উন্নাদের মৃত কথা বলছি ! আকবর ইন্ত্রিশ তো আজ মুথের উপরই এ কথা বললে। তুনম্বর বয়লারটায় তথন কয়লা মারছিলাম তাই রক্ষে। ছাপোষা মাহুষ, তার আবাব এত সাহস।
- ওরা ঠিক বলেহে। দৃত কঠে জবাব দিল শেখর। না ঘুমিয়ে সারাদিন ধরে বিড় বিড করলে ওবা বলবেই। ঘুমো— আগের মত চুপচাপ থাক, দেখি কার কভ বুকের পাটা।

গুরা ঠিক বলেছে—মোবারক উন্মাদ। কথাগুলে। কবার করে মোবারক মনে মনে আগুড়াল। শেষে সে উঠে শেখরের বাংকের পাশে দাঁড়াল। বললে, তুই অক্ছ। বেশী ওঠাবদা করিদ না। শুয়ে পড। শেখরের আহত হাতটা বুকে নিয়ে আবার বললে মোবারক, আমি উন্মাদ নই। তবে তোর যথন ঘুম আদে না তথন ডেকে যাই আমি বরং।

কুয়ে কুয়ে চৌকাঠ অতিক্রম করার চেষ্টা করল মোবারক। ডেকে ওঠে যাওয়ার জন্ম স্টোর-রুমের পাশে এসে দাডাল। মৃথ ফিরিয়ে দেখল একবার শেখরকে। বোবা চোথ ছুটো ওর এতটুকু নডছে না। অপলক। স্থির। সে পা বাডাল তবু।

শেখরের সকরুণ কণ্ঠ শুনল দে আবার, উপরে যাসনে। ফিরে আয়। চারটে না বাজতেই আবার পরী। শুযে ঘুমো। আমার কথা রাখ। তুই ঘুম্লে আমি সভিত্য খুব স্থা হব।

স্থী হবে! স্থা হওয়ার মত এমন কি সম্পর্ক আমার সঙ্গে! যারা স্থা হতে পারত তারা স্থা হয় নি। ইচ্ছে করে হয় নি। অন্ত পথ ধরে তারা চলে গেল। মবুর কথা তথন তারা ভাবে নি। শামানগড়ের সভক, মাটি, হরিতকী গাছ, পলাশের লাল ফুল, মৌরী পাহাড়ের লালচে ঘাস পর্যস্ত ব্যথায় বিমর্য হয়েছিল সেদিন। অভ্যকার রাত। সে সময় সভক থেকে মাঠে এসে নামছে মোবারক।

- —কে! কে **ডাকছে** ?
- —সারেং ডাকছে।
- —কেন এমন সময় **সারে**: ডাকল !
- —তা আমি কি করে বলব ? ইন্রিশ কথাগুলোর জবাব দিল উদাসীন ভাবে ৃ ধেন সে কোন থবর রাথে না।

মোবারককে আর নামতে হল না নীচে। সারেং তথন উঠে আসছে। সকলের ক অপমান করল। অন্ত কোন জাহাজীকে উদ্দেশ্য করে বেন ষ্ঠীম ওঠেনি। কেবল শাবলের পর শাবলই হাকড়ে গেছে। না একবার শ্লাইন, না একবার র্যাগ! পাগলামী করতে হয় দেশে ফিরে ধেন করে পাগলামী করার ভাষগা এ ভাহাজ নয়। বেশী উৎপাত করলে বাড়ীওয়ালার কাণে নালিশ যাবে।

অবাক হল মোবারক। চোৰগুলো টাটাল। ফাল করে চেয়ে থাকতে থাকতে চীৎকার করে উঠল, সারেং সাব আমি পাগল। আপনিও আমায় পাগল বললেন ভারপর লক্ষায় আর কোন দিকে চোথ তুলে তাকাতে পারল না। আতে আতে তেকপথ অতিক্রম করে সে বোট-ডেকে ওঠে গেল এবং মাথাটা তু হাঁটতে গুল্পে বংশ পড়ল তিন নম্বর বোটের পাশে।

বুক বেয়ে উঠে এল এবার। জোর করে হাদিটা দে চেপে রেখেছে এত্রুকণ বেশী জোর করতে গিয়ে চোখ থেকে জল পড়ল। জল মুছল জামার আন্তিনে। চোগ ভূলে তাকাল দে দুর থেকে দূবে—

একটি য়্যালবাট্রদ নীল আকাশ থেকে ঝুপ করে পড়ে নীল নোনা জলের গভীরে হারিয়ে গেল।

য়্যালবাট্রনের অন্ত দলটা হাওয়ার উপর ছলে ছলে পাহাড়টার দিকে ছুটছে।
প্রানো য়্যালবাট্রাদটা তথন বদে আছে কাঠের ক্রদটার উপর। চি-হি চি-হি করে
কাঁদছে। সে কারার মানে একটি মাত্র নাবিক ব্রি জানে। জাহাজে বদে সে ব্রি
এখনও দেখছে—নীল অদীম আকাশ আরু অনস্ত দরিয়ায় সেই কারাব মানে চিবি
অতিক্রম কবে —দ্রে, অনেক দ্বে, দেই চট্টগ্রামের এক পাহাভ অলিন্দের সভ্ক, ধরে
ইাটছে। মাথায় তার ঝুডি। গাওয়াল করতে বের হয়েছে। কাঞ্চন গাছের নীচে
প্রতীক্ষায় উন্মনা ছটো চোখ। সে চোখ আমাজানের। পান অপুরী বিক্রি করতে
ভাবির কাছে আদছেন রসীদ চাচা। কাঞ্চনের ভালে আমাজান প্রতীক্ষায় ঝুকে
স্থাছেন।

ঝুম্নিয়া বিল থেকে ফিরছে মব্। হাতে তার এক জোড়া বালিহাস। কজা পেতে ধরে এনেছে। কাঞ্চনগাছটা পর্যন্ত এসেছে অন্তমনন্ত ভাবে। জৈনবের ডাগর ডাগর ছটো চোথ, পরিমিড বিশ্বয় চোথে। ভাবছে দে চোথ ছটোর কথা। ভাবছে, বালিহাসের জোড়া চোথের উপর ভুলে ধরবে। বলবে, দেখ দেখ কি ধরে আনলাম। ভোর বাপন্তীর চাইতে কম আমায় করিভক্ষা ভাবিস না। ভোর বাপন্তী ধরে আনে সাপ, ঝুম্নিয়া বিল থেকে আমি ধরে আনি ভাছক আর হাস। গাড়াল। আশাজান এখানে একা। কাঞ্চনমূলের ভালটার দিশছেন এত সভক ধরে।

মবু পিছন থেকে ডাকল, আম্মা তুই এথানে।

থতমত থেলেন যেন আম্মাজান। গলায় সহজ হুর আম্মাজানের। তুই কোধায় যান বলতো। তারপর আবার সভক ধরে চাইলেন, বললেন, ওটা কে আসছে রে ?

- ---রসীদ চাচা।
- আসছে যথন ডাকবি, বলবি ভিতরে বসতে। পানস্থপুবী তৃইই রাথব। বলে তিনি ধীরে ধীরে আতাবেড়ার ওপাশটায় অদৃশ্য হয়ে গেলেন।

পথেব উপর ছায়া কেলে মাসুষটা সডক ধবে তেঁতুল গাছের নীচে উঠে এল। ছায়াটা এখানে এদে ছায়াব সকে মিশে গেল। তারপর ক্রমশ পা পা করে উঠোনের উপব খেয়ে হাঁকল, চাই পান স্প্রী। ভাবি এলাম গো। তোকে না দেখলে মনটা আমার ভেজে না। সোবান আল্লা, ওবে মবু বিলের খেতেব নাডা তোদের একটাও নেই। বাডাতে থাকিস নিজের জমি-জায়গাগুলোও একবার দেখেন্তনে রাখতে পারিস না।

ভাবি আতাবেডাব পাশ থেকে উকি দিয়ে বললে, আর ওর কথা বলবেন না মিঞা। নাবাদিন কোথায় থাকে, কি করে ওই জানে। চাবগণ্ডা পান দিন, হুগণ্ডা স্থপুরী। কাল চুন লাগবে থয়ের লাগবে। কাল আবার আসবেন।

কত কাল এলেন বদীদ চাচা! কত কাল তিনি আমাজানকে পানস্পুরী দিলেন। খযের চুন দিলেন।

হিঙ্গল পাহাডের মাথায় কতবার চাঁদ উঠল—কতবার নিভে গেল। জাফরাণী বঙের ছায়া হরিতকী গাছের নীচে কতবার নেমে কতবার হারিয়ে গেল। ছটো ছারা কঠে কণ্ঠ মিশিয়েছে তথন। ফিদ ফিদ করে অনেক কথাবার্তা। কত অহেতুক আর লামর্থক কথা কেবল বলছে আর বলছে।

' এমন করে কতদিন ৷ এমন করে কতকাল ৷

চাদ আর চাদনী রাত। ফুল আর ফুলের সমারোহ। ধানের শীষের মত ফুটো পাথী হাওয়ার উপর জীবনেব অনেক প্রাচুর্ব নিয়ে দোল থেয়েছে এ ভাবে।

কিন্তু একদিন। নীরব তথন হরিতকী গাছের ছায়াটা। **খিল খিল হাসিতে** ওপাশের জ্বলটা কেঁপে উঠল।

আর একদিন। হরিতকী গাছটা ঋজু হয়ে দাঁড়িয়ে আছে। চাঁদ নেই সেদিন হিজল পাহাড়ে। অনেককণ হল অন্ধকার হয়েছে হিজলের জ্বল। তারি ছারা-অন্ধকারে অস্পান্ত আলোয় দেখেছিল ফৈনবের মুখ মব্। মুখের উপর কে ব্যেন এক দোরাত কালি ঢেলে দিয়েছে। কিস কিস কঠে প্রশ্ন, তুমি কি পাগল মাওকর মিঞা। মিঞা তুমি এটা বোঝ না রসীদ চাচার সঙ্গে আমাজানের কি সম্পর্ক! চোধের উপর দেখেও চুপ।

মবু সে তার বলিষ্ঠ বাত দিয়ে জৈনবের মুথ চেপে ধরেছিল সেদিন। বলেছিল, চুপ চুপ। গুণাহ হবে, অমন কথা বলিস না।

হরিতকী গাছটায় ঠেদ দিয়ে তবু জৈনব বলতে ছাডল না, মিঞা তুমি আমার ম্থ চেপে ধরতে পার। কিন্তু শামীনগড়ের মুখে মাটির চাপ দিবে কি করে!

মব্র চোথছটো কৃঞ্চিত হল। কাছে টেনে নিল জৈনবকে। একটা হাত উপবেব দিকে ছুড়ে বললে, কে আছে এমন ? শামীনগড়ে কার এত হিম্মত আছে ? বলতে হয় সামনে দাঁড়িয়ে বলুক চুপি চুপি বলবে কেন ? তারপর ধীরে ধীরে কেমন উদাসীনের মত বলল মবু, বাপজী একটা খুন করে খোদা হাকেজ বলেছে। আমি শামীনগড়ের হাজার মাস্থ্য খুন করেও যেমন মবু তেমনি থাকব। আমাজানের ম্থেব উপর কুৎসিত কলঙ্ক লেপ্টে দিলে বাপজীর বেটা তা সহু করবে কেন!

রসীদ চাচা আব আমাজান। কোথায় আর কি! কলক! কুৎদিত কলক"। ভিথারীর মত দেখতে লোকটা, একপাল কাচ্চা বাচ্চা ঘরে। বিবি থন থন করে কথা কয়। পান স্থপুরীর সঙ্গে আমাজানের সম্পর্ক। দেহ ও মনের সঙ্গে শামীন-গচ্ছের মাটি কসম থেয়ে বলুক।

ভীষণ গরম। এলোমেলো কতকগুলি চিস্তা। টুকরে। টুকরো গরমের হাওযা। কামরঙা গাছটা শির শির কবে কাঁপছে। খরের ভিতরে আম্মাজান। ছটো তক্তপোশ দুপাশে। সেই তক্তপোশ থেকে রাতের এক ফাঁকে নেমে এসেছে মবু। জৈনবের ঠাণ্ডা দেহটার উত্তাপ নিচ্ছে তথন।

হরিতকী গাছটা অতিক্রম করলে হুটো কাঁঠালী টাপার গাছ। দক্ষিণের হাওয়া বইছে। অনেক টাপা বরছে মাটিতে। অন্ত রাতে দেগুলো জৈনব তুলে আনে। মব্র ছ্হাতে গুঁজে দেয়। কিন্তু আজ কেউ নড়ে দাঁড়াল না। চুপচাপ। কোথায় বেন হুটো জীবনকে কেন্দ্র করে একটি ঝড়ের অন্ত্র, একটি ব্যর্থতার অন্ধকার ধাঁরে ধীরে জন্মলাভ করছে।

জৈনব গলার অভ্যুত রকমের শব্দ করল একটা। গলটা টিপে ধরলে বেমন শব্দ হয় ভেমনি। থক থক করে কাসল। কাসতে কাসতে বললে, তোমার মনে কট দিলাম, কিছ কি করব। শামীনগড়ের বুকে বেঁচে থাকার জন্মই এ কথা বলছি। রসীদ চাচাকে ভোমার বাড়ীতে আসতে বারণ করে দিও। নইলে সাদী সম্বন্ধে বাপজী অমত করবেন। তাই হবে জৈনব। তোর কথাই থাকবে। মন্ত্র্য্রের মত কথাটাকে সার দিল
মব্। এবার জৈনবকে ছেড়ে আরো পুবের দিকে সরে দাড়াল। কাঁঠালী টাপা
গাছটার নীচে অক্তমনত্ব ভাবে হেঁটে গেল। বারান্দায় উঠে দরজা খুলল অত্যন্ত সন্তর্পণে। আন্মার বিছানার পাশে দাডাল। কুকুরের মত ছাণ নিল আন্মার দেহ থেকে। নিজের গলাটিপে ধরতে ইচ্ছে হল এবার। এত অবিশাস!

আশাজানের মৃথে এত প্রশান্তি। এত কালের এত ব্যর্থতা শেষ পর্যন্ত এমন প্রশান্তি টেনে দিয়েছে মৃথের উপর। কোন মালিক্ত নেই—কোন কলঙ্ক নেই। তব্ শামীনগডের মান্ত্র্বেরা অসহায় মোবারককে, অসহায় আশাকে কোন এক খুল্ছ্লির জীবনে ঠেলে দিতে চায়। এত নিমকহারাম এই মাটি আর জল।

এই জল আনর মাটি। কত আরাম আর বিরামের স্থেমপ্র এখানে। কত বিনিম্র বাতে কত গল্প গভে উঠেছে। আম্মাজানের গল্প। পূর্ব-পূক্ষের অনেক ইডিছান উন্থনের পাডে আমাজান মব্ব সংলগ্ন হয়ে বলেছেন। ছটো জীবন অনেক ব্যর্থতার ভিতরও অনেক মসগুল ছিল।

রসীদ চাচা আর আমালান। অবিখাস আর কলক্ক। এই কথাগুলো মবু জৈনবের কাছেই নর আরো কোথাও কোন পথচলা ইতিহাসের ইন্ধিতে, কোন এক উপলব্ধির জগতে, খেন সে শুনতে পেয়েছে। তাই সে ফিরে গেল নিজের তক্তপোশে। বালিস টেনে মুখ শুঁজে দিল।

ভোববেলা আন্দা প্রতিদিনের মত ডাকলেন উঠোন থেকে, ওরে মর্ ওঠ। কচ্চ আর ঘুমোবি। সকাল কি তোর আর হয় না! মুন্সীপাড়ার ছেলেরা কথন মাঠে চলে গেছে। উঠে একবার মাঠে যা।

মবু সেদিন এ খাট থেকে ও খাট করে নি। খাট বদলে ঘুম খেতে চায়-নি। সোজা উঠে এসে বাঁশ থেকে লুকী টেনেছে। কাপড় পার্ল্টে উঠোনে নেমেছে। তারপর কামরাঙা গাছটান্ত্র প্রতি দৃষ্টি তুলে অক্ত কোন এক আসমানের কথা চিন্তা করেছে।

আশাজান পিছনে দাঁড়িয়ে হাত ব্লিয়ে দিলেন মব্র পিঠে। বললেন, যা হাত ম্থ ধূরে আয়। পাস্তা থেয়ে মাঠে যা। গিয়ে দেখ লোকগুলি কাজ করছে কিনা। জমি-জিয়াতগুলো তৃই না দেখলে কে দেখবে বল। মব্র সামনে এলেন তিনি, কি রে চোধগুলি এমন লাল কেন ? গোটারাত ধরে ঘুমুস নি বৃঝি।

মর্ উত্তর করলে না। কামরাঙা গাছ থেকে দৃষ্টি নামিয়ে এনে আমাজানকে দেখল শুধু। তারপর চোখ ছটো মাটির সঙ্গে মিলিয়ে দিল।

আমাজান আবার প্রশ্ন করনেন, তুই আজ্কাল এমন অন্তমনন্ধ থাকিস কেন রে।

জ্ঞেন করে আমার সজে কথা বলিস না। ডাকলে সাড়া দিস না—কি হয়েছে ভোর ? আমি কি করেছি বলতো! আমার আর কে আছে তুই ছাড়া! আমাজান উঠোনের উপর পাড়িয়ে আরো বলেছিলেন, ধান উঠুক, জৈনবের সঙ্গে তোর সাদী এ সালেই দেব।

মনের জমাট বাঁধা অন্ধকারগুলো চিরে সেই সকালে মরু ভাচ্ছিল্যের হাসি হেসেছিল। এ যে সাদী সম্বন্ধের কথা নয়। বলেছিল, কি যে বলিস আমা। আমি কি ভোর সেই বেটা। সাদির জন্ম পাগল হবে ভোর মরু!

—তবে কি হয়েছে খুলে বল। এমন চুপচাপ থাকলে আমার বড় ভয় হয়। সর্করে বাওয়ার আগে তোর বাপজীও এমন হয়ে থাকতেন। আমাজানের কঠে অনেক অসহায়ের জিঞ্জাসা সেদিন।

—আচ্ছা আম্মা কে বলতে গিয়ে মব্ এবার একেবারেই থেমে গেল। আর বললে না কিছু। আম্মাজান প্রতীক্ষা করলেন অনেকক্ষণ। বেটা তার বলবে কিছু। কিছ মব্ আর মাটি থেকে চোখ সরালো না। উঠোনের উপর ত্জন পরস্পারের প্রতি এক নিদারণ অবিশাদের জন্ম চিহ্ন নিয়ে নির্বাক থাকল।

আন্মাজান মব্র হাত ধরে টানলেন। এমন চুপচাপ দাঁড়িয়ে থাকলে সত্যি ভয় হয় মব্। তৃইও কি শেষ পর্যন্ত বাপের মত হবি ? যা, ছটো পান্তা থেয়ে মাঠে যা। ধানগুলো দেখেশুনে তোল। দেশের যে অবস্থা—কথন অকাল আসবে সে ভয়েই মরি।

মবু গিয়েছিল মাঠে। জমি জিরাত দেখার পরিবর্তে মনের ভিতর অবিখাদের চিহ্নগুলোকে বার বার অন্থসন্ধান করেছিল যদি সেথানে কোণাও আত্মাজানকে অক্ত মেরে মান্থবের মত বিচার করা যায়।

**कि**₹······!

কিছ যে অনেক।

অনেকগুলো কিন্তুই মব্র মনের ভিতর পাক থেতে থাকল। শামীনগড়ের মাস্থবেরা তাই তার সঙ্গে প্রাণ খুলে আর হাসি মসকরা করতে সাহস করল না। কোথায় একটি কিন্তু ধরবে মবু সেই ভয়ে তারাও বেন তাকে এড়িয়ে এড়িয়ে চলল।

भार्क शिरम अहित थवर अद्भ इटेंटे हात छेर्डन मन। अनमात वाफ़ी स्वतात

ব্দস্ত মন মেজান্ধ বেজায় তাগাদা দিল। বাড়ী কিরল সেজস্ত। উঠোনের উপর পাদিয়ে অহতেব করল আতাবেড়াটা কথা বলছে। ও পাশটায় উচ্চকিত হাসি। আমাজান আর রসীদ চাচা প্রাণ খুলে হাসছেন। অহুছ মনটা আরো অহুছ হরে উঠল। সে উঠোনের উপর দাঁড়িয়ে হাঁকল, কে ওখানটায় কে এমন করে হাসছে!

আতাবেড়ার পাশ থেকে আত্মান্ধান সহজ ভাবে বললেন, ভোর রসীদ চাচারে মবু। আয় আয়। এত সকাল সকাল মাঠ থেকে ফিরলি আজ।

মরু উঠোন থেকে সোজা উঠে গেল টিনকাঠের ঘরটায়। ক্লাস্ক দেহ আর মন নিয়ে এলিয়ে পড়ল তক্তপোশের উপর। মনের ভিতর ফুঁপিয়ে ফুঁপিয়ে কায়া—এ কি করলাম। আম্মাজানকে এমন কুংসিত গালমন্দ দিলাম। খোদা একি সভ্যি— আমাজান রসীদ চাচাকে নিকাহ করতে চান!

ঘবের ভিতর থেকে সে স্পষ্ট শুনল। রসীদ চাচা আমাজানকে ফিস ফিস করে বলছেন, ভাবি বিপদে আপদে কিন্তু ডাকিস। তারপর ঝুড়ি মাধায় গ্রামান্তরে যাওঁরার জন্ম পা বাডাল।

বিপদ! কিসের বিপদ! মবুর মত এমন যোয়ান বেটা থাকতে আমাজানের কি বিপদ। তা হলে বদীদ চাচা কি বলতে চায়, কি ভাবতে চায়।

আমাজান ঘরে ঢুকল। তক্তপোশ থেকে উঠে বসল মব্। বাঁ হাতটা ভর করল তক্তপোশের এক পাশে। পা হুটো নীচের মেঝেটা যেন স্পর্শ করতে পারছে না। মারো কাছে এলে মব্ হঠাৎ প্রশ্ন করল, কিসের বিপদ আমা?

- —আমার আবার বিপদ কিসের ?
- --এইমাত্র রদীদ চাচা যে বলে গেলেন।

আমাজান আবার হাসলেন। অত্যন্ত সরল সহজ হাসি। বললেন, এমনি কথার কথা। তোব চাচা বললে, ভাবি বিপদে আপদে ডাকিস। ভাইয়া থাকলেও আজ লার আমায় এ কথা বলতে হত না। আলার কাজ আলা করেছেন। কিছ আলার এ ছুচোথ থাকতে তো ভোদের দেখাশোনা না কবে পারি না। দশজনে দশক্থা বলনেই কি আর ভনব।

— দশব্দনের দশকথা তিনি ভনবেন না কেন ?

সেই কথার আমাজানের মৃথ থম থমে মেঘের মত ভারি হয়ে গেল। মব্র মৃথের নিকে চেয়ে তিনি কি বেন অস্থসন্ধান করলেন। কাঠের প্রজ্ঞানিত আগুনে বে মৃথটা বক্তাভ হয়ে উঠত নাবিক বংশের ইতিহাস শুনতে শুনতে, এই মৃথ সেই হথ কিনা, সামাজানের পায়ে পায়ে বে আলি বুর বুর করত সেই মোবারক কিনা ভিনি বেন ভাই হাতড়ে বৈড়ালেন। তারপর ধেমন সংলগ্ন হরে ত্জন ত্জনকে গল্প বলভেন তেমনি সংলগ্ন হয়ে বসলেন আম্মাজান মোবারকের পাশে। অত্যস্ত নরম কঠে শোনালেন তাকে, রসীদ তোর চাচা হয়।

আর কোন কথা হল না। মব্র মন এমন উৎক্ষিপ্ত কেন, ঝড়ো, বাতাসের মত মাঝে মাঝে এমন চড়াস্থরে চীৎকার করছে কেন, অন্যমনস্ক হয়ে কি আকাশ পাতাল ভাবে—আন্মাজান সব কিছুরই ঢেঁড়া টানতে গিয়ে তিনি নিজেই ধেন তার তলায় প্রত পিষে বাচ্ছেন।

'রসীদ তোর চাচা হয়', এ কথার ভিতর কতটা দৃঢ়তা আছে মব্ অহুভব করতে পেরে তথুনি ছুটল শামীনগড়ের পথ ধরে। আম্মাজান পাঁজদোয়ার দিয়ে ভিতর বাড়ীর উঠোনে নামার সময় দরজায় ঠেস দিয়ে ডাকলেন, ভর ত্পুরে মব্ যাস না, যাস না, আমার মাথা থাস! মবু গুরে তুই থাবি-দাবি না!

মবু তথন সকল শোনার বাইরে। সে শামীনগড়ের পথ ধরে-ধরে ছুটল। কোন প্রশ্ন কিংবা কোন জবাব দিল না—সে শুধু ছুটছে। চোথ ছুটো কেবল কি অহুসদ্ধান করে বেড়াছেছে। অনেক দ্রে নয়, মাঠের এক প্রাস্থে একটি মেঠো পথ ধরে রসীদ তথন হন হন করে ছুটছে। মাথায় পানস্থপুরীর ঝুড়িটা কাঁপছে থেন। রোদের তীব্র আঁচের ভিতর একটি সক্ল রেখা টেনে টেনে মবু কোন রকমে রসীদ মিঞার ঝাঁকাটা ধরে কেলল। বলল, চাচা কোন দিন যদি শামীনগড়ের পথে দেখি তবে তোমার খুনে গোসল করব বলছি।

- **-**₩4 !
- --- त्रनीम !
- —ভাইয়া না থাকার তুই এত বড় কথা বললি। আমি গরীব বলে তুই আমার পুন করবি।
- পরীবের জন্ম নয়, ইজ্জতের জন্ম। বাপজ্জীর বেটা যে এখনও বেঁচে আছে রসীদ।

ভারপর হজন নীরবে ছদিকে চলে গেল। যেন কিছুই হয় নি। সংসারের জনেকণ্ডলি আবর্তনের ভিতর যেন আর একটি ঘূর্ণাবর্ত। উঠেই থেমে গেছে। যদি ওঠে আবার সেটা অক্ত। সেটা নৃতন করে উঠবে।

মব্ মাঠে মাঠে ঘুরে বেড়াল অনেককণ। পাহাড়ের পীঠছানের পাশে সে কিছুকণ আনমনা হয়ে বসেছিল। ভারপর স্থান্তে দে যেন কোথায় কোন গ্রামে স্তনতে পেল মসজিকে আজান। ভাত্তের ডাক, ঘুরু পাণীর আর্তনাদে সে চমক খেল। এই পাহাড়ের নীচেই কথন সন্ধ্যা নেমে গেছে। দরে ফিরতে আব্দ জনেক দেরী। জনেক রাত হবে যথন সে শামীনগড়ে পৌছবে।

শামীনগড়ে পৌছে দেখল ঘরের দরজা খোলা। সম্বর্গণে আতাবেড়া অভিক্রম করে ভিতরের উঠোনে ঢুকল। মিটি মিটি করে প্রাদীপ জলছে রানাঘরে। দরজার একটা পাট ভেজানো। রানাঘরে আমাজান জেগে রয়েছেন।

এক পাট দরজার উপর ভর করে উকি দিল মব্। ঘুম ঘুম চোখে আমাজান ;লছেন। সামনে একটা টিনের থালায় থাবার ঢাকা। হাতে লাঠি। ঘুম ঘুম .চাথেও তিনি বেড়াল তাড়াচ্ছেন।

দরজা নড়ে উঠতেই আম্মাজান চোথ মেলে তাকালেন। বললেন, কে? মব্, এসছিদ মব্ ?

মবু অন্ধকারে চোরের মত দাঁড়িয়ে উত্তর করল, জি আমা !

— সারাদিন না থেয়ে না দেয়ে মাঠে-মাঠে ঘ্রলি, এত রাত করে ঘরে ফিরলি?
মামায় কষ্ট দিয়ে বুঝি তোর খুব ভাল লাগে।

মোবারক কোন উত্তর না করে থেতে বসল। থালাটা কাছে টেনে মুথ তুলে একবার আমার প্রতি তাকাল। তারপর থেতে থেতে হঠাৎ প্রশ্ন করল, কত পান রপুরী লাগে আমা ?

- —কত আর লাগবে। তোর রসীদ চাচাকে এক কাঠা ধান দেই—রোজকার পান তিনি দেই থেকেই দিয়ে যান।
- —কাল আমি হাটে যাব ভাবছি। পান স্থপুরী হাট থেকেই আনব ভাইছি।

  চাচা তোকে সরল মাস্থ পেয়ে খুব ঠকাবার চেষ্টা করছে। কিন্তু সে তো জানে না

  আন্মা, আমার মত বেটা তোর ঘরে আছে। জানলে নিশ্চয়ই এতটা ঠকাবার সাহস
  করত না।
  - —কিন্তু ভোরে তোর রসীদ চাচা এলে কি বলব ?
  - —বলবি অনেকদিন দে ঠিকিয়েছে, এখন থেকে তুই আর ঠকতে নারাজ।
- —এমন কথা মান্নুষ মানুষকে বলতে পারে ? তৃই বলতে পারতিস ? আশাজ্ঞান এই প্রথম মবুর কাছে অসহায় বোধ করতে থাকলেন। মবু বড় হয়ে গেছে। বাপজীর মত মোটা গলায় আজ সেও শাসন করতে শিথেছে।

মোবারকের কথাগুলোর ভিতর কোথায় বেন এক বেস্থরো আওরাজ পেলেন আত্মাজান। ভেবে ভেবে অনেককণ নীরব থাকলেন তিনি। চােথ হুটো ভারি হয়ে এল না—এমন কি বৃকে কোন বাথা অস্থুডব করলেন না। তবু কেন জানি এক শানত বন্ধণা। এবং জীবনের হাজারো ব্যর্থতার গানিওলে। অপ্যান হঁয়ে আজ হামে বাজল। তিনি আর একবারের জন্ত মূথ তুলে বলতে পারলেন না, মোবারক তোর গলার এই বেহুরা আওয়াজটা আতাবেড়ার এ পাশটায় একেবারে মিথ্যে। তিনি এসে দাঁড়ালেন জানালাটায়। বেখানটায় তুপাহাড় চিরে একটি বড়ের সংকেত শুনেছিলেন তিনি।

এক এক করে ছিলন গেল। রসীদ চাচা আর এলেন না। আমাজান সে সম্বন্ধে মোবারককে আর কোন প্রশ্ন করলেন না। এ বাড়ীর সঙ্গে সম্পর্ক তার শিথিল হক্ষে উঠেছে। বন্ধনের দৃঢ় গিঁটগুলো ফসকা গেরোর মত মনে হচ্ছে। এক্ষ্নি খুলে পড়বে! যে কোন মৃহূর্তে খুলে যেতে পারে।

মোবারকও কেমন আড়ালে আবডালে দিনগুলো কাটাছে। মায়ের সঙ্গে বনে গল্প আর জমাতে পারছে না। কোথায় খেন তার কুঠা। দিন-দিন কি করে বেন আমাজানের প্রতি এক ভয়ানক অপরাধে অপরাধী হয়ে উঠছে।

আমাজান তাই একদিন স্পষ্টই অহতে করতে পারলেন শামীনগড়ে তিনি উচ্ছিট। শামীনগড়ের সমাজ তাঁর প্রতি আরো বিরূপ হয়ে উঠেছে আর মোবারকও দিন দিন কেমন বিষণ্ণ হয়ে পড়ছে। অগ্রমনস্ক ভাব ওর এখনও কাটল না। সে আমাজানের কাছে আর মৃথ তুলে, কিংবা হেদে গল্প করছে না। কাজের কথা, জোত-জমির কথা বলছে না। চুপচাপ থাকে! অসময়ে থায়। কোনরকমে দিন গুজরান করছে। সে রাতে তিনি আবার জানালার ধারে দাঁড়ালেন। ছপাহাড়ের ফাঁকটাকে দেখলেন। আসমানে এক টুকরো কান্তের মত চাঁদ। চাঁদে কালো কালো কলক রেথা। জানালার ছগরাদে মৃথ রেথে হঠাৎ ডুকরে কেঁদে উঠলেন—আমি তবে থারাপ সেয়েয়াছ্যব!

' রাত গেল। ভার হল। শাশীনগড়ের জীবনে কোন ব্যতিক্রম ঘটল না।
মাঠে যারা যাবে তারা সার বেঁধে চলে গেছে। গৃহাগত নাবিকেরা হুঁকোর তামাক
টানতে টানতে গড়ের পথ ধরে ইটিল। বিবি বধুরা ঘাট থেকে জল এনে ঘরে ফিরছে।
বাসন ধুয়ে যারা ঘাট থেকে ঘরে গেল তারা শুধু বললে, মবুর মা-টা কি! লজ্জা-সরমের
বালাই নেই। রসীদটা আসে আর ওর সক্ষেষত বেচঙে আলাণ।

মবু ঘুম থেকে উঠে চোথ রগড়াল। প্রতিদিনের মত আজও ঝুলানো বাঁশ থেকে ল্ডি টানল। পরণের পোশাকটা বদলাল। উঠোনে নেমে নিমের ডালে দাঁতন করল। দেখল কামরাভা গাছটা। গাছে ফুল এসেছে প্রচুর। তারপর কামরাভা গাছের ফাঁক দিয়ে জাফরীকাটা আসমানের দিকে নজর দিয়ে ডাকলে, আন্মা। কোন শব্দ নেই, জবাব নেই, আতাবেড়ার পাশ দিয়ে একটি নেড়ী কুকুর কি চাটকে চাটতে বের হয়ে গেল। উঠোন অতিক্রম করে কুকুরটা গেল পুকুরের দিকে।
মবু আবার ডাকল, আমা!

তুটো হুলো বেড়াল আতাবেড়ার উপর থেকে লাফ দিয়ে পড়ল মাটিতে। ম্যাও মঁটাও শব্দ তুলে ডাকল কিছুক্ষণ। তারপর ওরা গেল জৈনবদের বাড়ীর দিকে।

মোবারক অভ্যমনস্ক ভাবেই এল পাঁজদোয়ারে। দাঁতন ফেলে মুথ ধোয়ার সময় ডাকল, আমা, আমা।

কোন উত্তর নেই, নেই, ঘাটে গেল বৃঝি! কাঞ্চনের ডালটা ধরে **আমা উন্মৃধ** হয়ে নেই তো! আতাবেড়াটা পর্যস্ত হেঁটে এসে দেখল সেখানেও তিনি নেই।

এবারে মব্ ছুটে-ছুটে এল ঘাটে। চীৎকার করে ডাকল, আমা! আমা !! আমা!!

ঘাটের জল পরিকার। হুটো পুঁঠি মাছ জলের নীচে চিত হয়ে ডন থাছে; নাচছে। গত রাতের মব্ আর আন্মার উচ্ছিষ্ট খাবারগুলো খুঁটে খুঁটে থাছে। সে ছুটে ছুটে গেল আবার। আন্মা কোথায় যান না। এ বাড়ীতে আসা পর্যস্ত তিনি শামীনগড়ের কোন গড়ে একা পা বাড়ান না। জৈনবদের বাড়ীতে যাওয়ার সময় ডাকতেন মবুকে—চল মব্।—তিনি কোথায়, তিনি কোথায়!

ছুটে ছুটে মর্ জৈনবদের বাড়ীতেও একবার গেল। খুব নিচ্ গলায় বললে, তোদের বাড়ী আমা, আমা এসেছেন ?

বিশ্বয়ে জৈনব বললে, কবে আদেন একা।

মোবারক হঠাং এবং এই প্রথম কেঁদে দিল নেঙটো ছেলের মত। বললে, আদ্দাং
াড়ীতে নেই, ঘাটে নেই, কোথাও নেই। জৈনব আমি কি করব, কাকে বলব,
কোধায় খুঁজব।

জৈনবের চোথ ছটো বিশ্বয়ে আর্তনাদ করে উঠল, মবু কি বলছিস তুই ! আশ্বা নেই!
—না নেই। আশ্বা আমার এক ডাকে দাড়া দেন। আজ কত ডাকলাম,
কতবার কতভাবে—কিন্তু আশ্বা তো সাড়া দিলেন না।

মবু এবার গাছে-গাছে দেখল। মাঠে-মাঠে খুঁজে বেড়াল। শামীনগড়ের প্রতি বাটের পাড়ে-পাড়ে আন্মাজানের পায়ের ছাপ দেখার চেষ্টা করল। ফিস ফিস করে প্রতি ঘটিকে বলল, বল তুই বেইমানী,করিস নি! আন্মাকে বৃকে টেনে নিস নি।

ঘাটের জলে মাছের আওয়াজ হল। আর কোন জবাব নেই।
- হু হু করে উঠল মবুর মন—ডিনি বুঝি কোথাও নেই, কোথাও নেই।

খরে ফিরে এল মব্। উঠোনের উপর একাস্ত ছেলেমাস্থবের মত গড়িরে পড়ল। কাঁদল গড়াগড়ি দিয়ে। কেঁদে এক কথা প্রকাশ করল শুধ্, আন্মা—আন্মা। সামীনগড়ের মাস্থবেরা দেই দেখে ফিস ফিস করতে করতে পথে নেমে গেল।

কামরাঙা গাছটায় বে সব্জ টিয়ার দল কামরাঙা খেতে এসেছিল তারা বিকেলের পড়স্ক রোদে উড়ে-উড়ে কোথায় অদৃশ্র হয়ে গেছে। সন্ধ্যার ধৃপছায়া অন্ধলার পার হয়ে গুটি-গুটি যথন এল রাজি, তথন মবু নিজেকে আরো একা-একা অন্থভব করল—তথনই সে দাঁড়াল গিয়ে হরিতকী গাছটার ছায়ায়। জৈনবকে ডেকে বললে, আম্মাকে খুঁজতে বের হলাম।

- —কোথায় খুঁজবে ?
- —সম মেমানদের বাড়ী। রসীদ চাচার কাছে।
- —আমি খবর পাব কি করে ?
- —পাবি। খবর ভোকে দেব।

মবু ছুটল গড় থেকে গড়ে। মাঠ থেকে মাঠে। পাহাড় থেকে আর এক পাহাডের ছায়ায়। গ্রামের পর গ্রাম পার হয়ে সে এল প্রথম রদীদ চাচার বাড়ী। চাচার ভাঙা কুড়েতে চুকে গিয়ে ডাকল, আআ। এথানটায় এসেছিস ? আআ। রদীদ চাচার হচেটি ছোট ছেলেগুলো ডাক ভনে বের হয়ে এল। বললে, ভাইয়া তুই!

কেমন পাগলের মত ভধাল, তোর বাপজী কোথায় রে ?

—বাপজী ঘরে নেই। মাঠে গেছেন।

মাঠে গিয়ে মবু নাগাল পেল রসীদের। চীৎকার করে বলল, অ রসীদ মিঞা ডোমার ঘরে আত্মা আছেন? বলো, ঠিক কথা বলো, নয়ত তোমার একদিন কি আমার একদিন।

রদীদ কাছাকাছি এসে বলল, কি বলছিস মব্! খবর কি তবে সত্যি—তোর আমা নিখোঁজ।

রসীদের মৃথের দিকে চেয়ে হঠাৎ মবুর চোথ ছটো মাটিতে নেমে এল। মাটির সঙ্গে মিশে গেল। ধীরে ধীরে বললে, এ কি সর্বনাশ করলাম আমি আমার!

- ∸ মবু আমি ভো আর শামীনগড়ে ধাই নি।
- —না না চাচা—সব ভূল সব ভূল। কিন্তু তাই বলে আমার এমন সাজা! চাচা আমি কোথায় যাব ? আর কোথায় খুঁজব ?
  - —চল দেখা যাক বলে রসীদও ওর সহ নিল, তারপর অনেক দ্র—অনেক দ্রছে। অনেক খোঁজ। অনেক অহুসন্ধান।

মবুর মামার ঘর বটের-কান্দি। ঘুবতে ঘুরতে দেখানে মবু গেল। সব খুলে বলল। থবর দিল। মামা আর নানা বললেন, ভোর দক্ষে ভোর আমা বেইমানী করেছে। মায় ঝিয়ে ঝগড়া হয়। বাপ বেটায় লাঠালাঠি হয়। ভাই বলে রাভের অক্ষকারে ভেগে পড়া বেইমানী ছাড়া আর কি!

মামা বললেন, তোর ঐথানটায় কেউ নেই। কে তোকে দেখবে। এথন থেকে এখানটায় থাকবি।

মবু চুপ। কিছু বলল না। তবু কি দেখি-দেখি করে কতদিন এ দেশটায় কেটে গেল। বাডী তার আগলাচ্ছে জৈনব। জৈনব খাতুন।

কত আর আগলাবে। কতদিন আগলাবে। জৈনব তো উন্মুখ। কত প্রতীক্ষার রাত হয়ত ওব হবিতকী গাছটার নীচে কাটছে। এবার তাই যেতে হয়। এবার শোষ ফয়সালা কবতে হয়। শামীনগড আজ আবার তাকে ডাকছে। জৈনব তার আকষণ। শামীনগডে বেচে থাকার একমাত্র উপকরণ। আমাঞ্চানের কাছে মোবাববেব কসম—আজ স্বটাই নির্ভর করছে জৈনবের উপর।

শামানগড়ে যথন কিরে এল মবু তথন আর এক অন্ধকার নেমেছে মদজিদের উপর।
একটা কাক দে বাতেব অন্ধকাবে মদজিদের উপর পড়ে চীৎকার করছে। অন্ধকারে
মবুব শরীরটা কন্টকিত হয়ে উঠল। অনেক দ্র থেকে সে হেঁটে এসেছে, শরীর ক্লান্ত।
সমস্ত দিনেব উপবাসে সে আব ভালভাবে পা ফেলতে পারছে না। শামীনগড়ের
কোন মাতুষের সঙ্গে পথে দেখা সাক্ষাৎ হয় নি। একবার তাই সে জানতে পারল না
দেশেব থবর, ঘাটের থবব, গড়ের থবর।

কিছু উঠোনেব উপর দিয়ে পা টিপে টিপে যথন বারান্দায় গিয়ে উঠল, দেখল ঘরের দরজা থোলা, একদিকের পালাটা খদে গেছে। ঝিঁ ঝিঁ পোকার ডাকের দক্ষে ঘরের অনেকগুলে। আশ্চর্য রাত একদলে প্রতিধানি করে উঠল। হাতড়ে হাতড়ে বেডাল মব্। কোথাও কিছু আছে কিনা দেখল। আশাজানের তক্তপোশটার উপর অন্ধকারে কতক্ষণ বদে থাকল। অহুভব করল ঘরদোরগুলি বড়ে ফাঁকা। পাশের তক্তপোশটা নেই। অনেক কিছু নেই। যে যার মত নিজের নিজের ভেবে রাতের বেলায় সব তুলে নিয়ে গেছে। জৈনব নেমকহারাম। এত কাছাকাছি থেকেও ঘরদোরগুলি দেখে নি।

তারপর সে গেল হরিতকী গাছটার নীচে। আন্ধকের মত এক মুঠো আহারের বন্দোবন্ত হয় কিনা সেই ভেবে ডাকল, জৈনব, ও জৈনব। একবার এসে দেখ আফি না এসেছি। প্রথম কোন আওয়ান্ধ এল না। পরে খুট করে একটি শব্দ হল। দরজা খোলার শব্দ। একটি ছায়া অন্ধকারকে আরোগভীর করে হরিতকী গাছটার নীচে নেমে আসছে। খুব কাছাকাছি এল ছায়াটা। বলল, আমি জানি মবু তুই একদিন ফিরবি। ভাই এতদিন ঘরে কান পেতে রেথেছি, কবে এসে তুই ডাকবি।

সহজ ভাবে জৈনব বলল, মামূর বাড়ী আম্মাকে গেলি?

মবু থেমন কিছুই হয় নি এমনতর করে বলল, না কোথায় আর পেলাম। কোথায় বেষ আন্মা হারিয়ে গেল আন্ধও ব্রতে পারছি না। আমি চলে যাওয়ার পর থানা পুলিশ হয়েছিল রে?

- —কে কার থানা পুলিশ করে—তুমিও যেমন !
- —বড় থিদে পেয়েছে, একম্ঠো খাবার দিবি ? যা হয় কিছু।
- দি চ্ছ একটু দাঁড়া। বলে ঘরের দিকে ফিরতেই মরু গুর হাত ধরে ফেলল।
   এবং কডদিন আগে থেমন করে বুকে টানত তেমনি বুকে টেনে নিতে চাইল।

জৈনব দূরে সরে দাঁড়াল। হাত তুলে নিল। বললে, বুকে আর টানিস না।
-এখন আমি অন্তের বিৰি। কুদরত মিঞার সঙ্গে সাদী হয়ে গেছে।

দামনের অন্ধকারটাকে কে থেন চিরে দিল, কি দংলগ্ন করে দিল ঠিক ঠাওর কর। গেল না। কিন্তু মবু তথনও ঝিম মেরে আছে। ভয়ে চোথ বুজে গেছে। তৃহাতে কান ঢেকে ফেলেছে। তবু বলেছে, চীংকার করে, কি বললি! কি বললি জৈনব ?

পথটার উপর মব্র মাথাটা ঘ্রতে থাকল। সমন্ত শামীনগড় যেন তুলছে। কাঁপছে। আয়েয়গিরির মত ফুঁনে ফুঁনে উঠছে। জৈনবের দেহুটা খাতে পড়া ঘূর্ণাবর্তের মত চোঝের উপর পাক খেতে থাকল!- এরা কে । এরা কোন্ ইতিহান । এরা কোন ইতিহানের বিবর্তনের কথা বলছে।

भव् अध् वनःन, এकটा আলো দিবি ?,

- -খাবি না ?
- -ना। अकठा जाला तम।

জৈনব কুপি জালিয়ে ফিরে এল আবার। নীরবে কাঁঠালী চাঁপার অন্ধকারটা পার হুদ্ধে এল উঠোনে। ঘরে ঢুকল। তর তর করে খুঁজে কোণায় পেল কাঠের বাক্স। খুঁজে খুঁজে দেখল কি আছে কি নেই। পেল শুর্নীচে সেই প্রানো আমলের ঘড়িটা জ্ঞার কিছু নেই। ঘরটা ফাঁকা। শুখচ্ডের ঝাঁপিটা ফাঁকা।

জৈনবের প্রতি এবার রাগ-রাগ হয়ে বলল, শঋচুড়টাকেও বিদায় করেছিস ?

—বিদায় করি নি। আছে। আমার কাছেই রয়েছে। ঝাঁপিতে থাকলে ওটা মরে ভুক্ত হয়ে থাকত।

তারপর আর কোন কথা নেই। ওরা আবার গেছে হরিতকীর গাছটার নীচে। কুপির আলোয় জৈনব গেছে শঙ্খচ্ডটা আনতে।

সেদিন ওরা ছিল নি:শন্ধ। কাঞ্চন, কাঁঠালী চাঁপার গাছগুলো ভূতের মত দাঁড়িরে আছে। গাছের নীচে মবু চোরের মত প্রতীক্ষা করছে। এতটুকু আর ভাবতে পারছে না আম্মাজান আর জৈনব সম্বন্ধে। মনেব ভিতর এক ত্রস্ত রঙা। শামীনগড়ের মাটিতে দাঁডিয়ে বাঁচবে কি করে। ভার হলে এ মুখ শামীনগড়ের সমাজকে আর দেখাবে কি ভাবে।

জৈনব শঙ্খচূড়ের ঝাঁপিটা নিষে এলে চোরের মতই ফিস ফিস কবে বললে, আমার ৰাজীতে যাবি একবার ? বাপজীর পেটিটা মাথায় তুলে দিবি।

জৈনব মব্র মুথোম্থী দাঁভিয়ে মাথা নীচু করে থাকল। — তুই যত পারিস আমার শান্তি দে। ঘর ছেডে তব্ তুই যাস না। আর কিছু বলতে পারল না—মাথা নীচু করে শুধু কাঁদল জৈনব।

—শামানগডের মাটির সঙ্গে কি আর সম্পর্ক। তুই হাসতে হাসতে কুদরত মিঞার সঙ্গে ঘর করলি, আমাজান হাসতে হাসতে নিথোঁজ হলেন, আমি আজ কাঁদতে কাঁদতেই না হয় নাবিক হলাম। কি বলিস, কি বলিস জৈনব! বলে জৈনবের হহাত ধরে মবু এমন পাগলের মত ঝাঁকি দিতে থাকল—মনে হল শুধু ঝাঁকিয়ে ঝাঁকিয়ে মেয়েটাকে ব্ন করবে। কিছু হঠাৎ মেয়েটাকে ব্কে চেপে মাথায় ম্থ রেখে সে বললে, বাড়ীঘরটা আমার দেখিদ। কুদরতকে বলিদ, তোর বাপজীকে বলিদ অন্ততঃ সন্ধ্যায় দাঁড়িয়ে আমার জত্যে মসজিদে তিনি যেন একবার আজান দেন।

ছৈনৰ মুখ তুলল না।

মবু আবার বললে, আজ আর বাধা দিস না। আমায় বেতেই হবে। সাজ পুরুষের ধারাটা আমায় পাগল করে দিয়েছে।

জৈনব মূথ তুলে চাইলে মোবারকের দিকে। বললে, নাবিক হলে চরিত্র মন্দ হয়।
—মন্দ হবে না।

জৈনব সে তার ব্কের উষ্ণ উত্তাপগুলো জড করে প্রকাশ করল এবার, মাতব্বর

বৈ কিন্তু চরিত্র মন্দ করতে পারবা না ক্ষম থাকল।

গড়ের মাটিতে দাঁড়িয়ে এক ক্সম ভেন্দে আর এক ক্সম খেল,

না করে বাঁচব ক্সম খেলাম।

আর সানডায়েল ক্লকে পুরানো কসম ভেকে নৃতন কসম থেতে পিয়ে দেখল মোবারকের গুণাহ। হাজার গুণাহ। দেহটা না-পাক। নাবিক হব, চরিত্র মন্দ ন'করে বাঁচব—দে কসম আর থাকল না। বিশেষ করে বন্দর থেকে জাহাজ ছাডার পর সে ব্রে আসছে, জৈনব যত স্বার্থপর, বাপজী তার দ্বিগুণ। শেথর—বেছাত, আজাত, বে-পরীফের লোক। মোবারকের কথায় সে বিজ্ঞোহ করে। ওর গুম আসে না। আবার সেই বলে কিনা মবু ঘুমোলে তার ভাল লাগবে। ওসব কটাফ। ওসব কটাফ। ওসব কটাক। ওসব বিজ্ঞাপ, চাচা আপন জান বাঁচা। আমাজান তাই নিখোজ হয়ে বাঁচলেন, বাপাজী বাঁচলেন জাহাজ ডুবি থেকে··আর শেথর। সে বাচল···। সে বেইমান। সে অজাত, বেজাত, কাফের।·· তোবা তোবা কি বকছি সব।···থোদ হাফেজ।

মোবারক আঞ্চকাল দেখে লিলি ওর সামনে দাঁডিয়ে থাকে। ছায়ার মত ছবির মত বোট ডেকে, ফোকসালে, স্টোকোলে—সর্বত্ত যেন লিলি ভার সঙ্গ নেয়।

কোকদালে আর ফন্ধায় কতবার মোবারক অত্যন্ত দতর্ক হয়ে চুপি চুপি বলেছে
— এ ত কৌরী পাইনের গুঁ জি নয়, পিকাকোর। পার্কও নয়, পাহাডের দান ডায়েল
ক্লকটা এখানে নেই। এ দম্বা, এখানে এলে ড্বতে হবে। মরতে হবে…এমন কবে
এসে দব দময় দামনে দাঁ ড়িয়ে থাকলে দত্যি বলছি ডুবে মরব।

হাত ঘড়িটার উপর একবার নজর দিল। কানের উপর রেখে দেখল। পরং করল। আওয়াজ ঠিক উঠছে। আগের মত, ওয়াচেব সঙ্গে সময় মিলিয়ে উ৴চে দিলির ছায়াটা মন থেকে কিছুতেই সরছে না। মরছে না। বিবির মত, জৈনবের মত ঠোঁট টিপে হাসছে। বে-ইজারী রং তামাসা করছে। ভুলের মাশুল তুলছে দ্র্য তুলে এদিক ওদিক তাকাতেই দেখল মোবারক, শেখর ক্রু-গ্যালী পার হরে ডেক-পথে নেমে আসছে। সমস্ত শরীর কম্বলে জড়ানো। পাজামার নীচে পা ছটো খালি সম্দ্রের ঠাণ্ডা হাওয়ায় অবিঞ্জ চূল কম্বল সব উড়ছে।

মোবারক তিন নম্বর বোটের আড়ালে আড়াল করল নিজেকে। আর কেন!

সামনের ডেকে ডেক-জাহাজী ইয়াকুব রং করছে। রঙের টবটা কোমরে ঝুলছে ইয়াকুবের। মান্টের উপর ঝুলে-ঝুলে রং করতে গিয়ে কিছু রং গড়িয়ে পড়েছে নীচে। আমলনার ধমকে উঠল মান্টের গুঁড়ি থেকে, অঃ মিঞা রং পড়ছে—সাবধানে কাম কর। সেই সময় শেধর পিছনে দাঁড়িয়ে ডাকল, নীচে চল মোবারক।

সে মুথ তুলল না। চোথ খুলে তাকাল না। মুথের উপর

ভগু কুলিক হৈ। যেন বলতে চার, স্থার কেন, স্থাবার কেন। দোহাই ভোদের, একা একট্ থাকতে দৈ।

(नथत आवात वनन, नीट्ड ठन त्यावातक।

এবার সে মৃথ তুলে উত্তর করল, মেহেরবাণী করে এ হারামের জ**ন্ত আর তকলিফ** না করলেও চলবে। মাথা গরম হয়েছে সামার, বেশ হয়েছে ক্যাপ্টেনের কাছে নালিশ জানা। ওর কাছে ধরে নিয়ে চল। যা ইচ্ছে তাই কর। কিচ্ছু বলব না। বলে, নিজের হাত তুটো শেখরের প্রতি বাড়িয়ে ধবল।

শেখর ওর হাত ধরে বলল, নীচে চল। সেধানে তোর ভালর জন্ম বা করতে হয়। সব করব। চল। ও—ঠ।

মোবারক কিছুতেই উঠল না।

শেথর বাধ্য হয়ে মোবারকের পাশে বসল। স্বাইলাইটের কাচ ছটো খোলা। ফাঁক দিয়ে শব্দ আসছে। ইঞ্জিনের শব্দ। ওদের ছোট ছোট কথার আওরাজগুলো সে শব্দের ভিতর ভূবে যাচ্ছে।

- -- (नय পर्यस्त वाकी मक्त्रिं। ना पुत्रिया कांग्रेवि ठिक कत्रिं।
- —না ঘুমিয়ে থাকতে পারলে মন্দ কি। ···কথাগুলো আবার মাথা গরমের মত শোনাল না তো। পাশের জাবস্ত বিজ্ঞপটার প্রতি চাইল আড় চোথে।

(नथत वनला, मत्त यावि (य।

যাক মাথা গরমের কথা বলে নি ! তুই কি চিরদিন বেঁচে থাকতে চাদ ! শেখরের শরীরটা উত্তপ্ত ঠেকল। কপালে, বুকে হাত দিয়ে বললে মোবারক, তোর শরীরটা গরম ঠেকছে। ঠাণ্ডা লাগিয়ে আবার আমাকে ভোগাবি ভাবছিদ! নীচে ষা। নয়ত আবার জর আদবে।

- —যাব। তুই যদি নীচে যাস তবে।
- —নীচে থেয়ে কি হবে। ঘুম আমার আসবে না। জানিস নালিশ আমার পর্বত প্রমাণ। গুণাহ আমার হাজার গুণাহ।

ঠাগু কনকনে হাওয়ায় গায়ের কংলটা নীচে পড়ে গেল। মোবারক কংলটা শেখরের শরীরে জড়িয়ে দিল। তারপর ত্জনই চুপ। ত্জনই নির্বাক হয়ে বসে থাকল কিছুক্লণ। কিছু মোবারক কিছু যেন বলতে চায়। তীত্র ত্ঃসহ অস্বন্তিতে সে ছটফট করছে। কিছু বলার কিছু প্রকাশের প্রচণ্ড আগ্রহ। হলুদ রাঙা সব্জ মুখ ওর নীল নীল হয়ে উঠছে। শেখরের কাছে ঝুঁকে চেয়েছে কিছু প্রকাশ করহত। কিছু পারে নি। ভাটা ভাটা ছটো চোখ নিয়ে এগিয়ে এসে আবার সরে গেছে।

শেবে একবার শেখরের প্রতি অত্যন্ত বেশী ঝুকতেই সে একান্ত ক্রী এমন করছিদ কেন! কি হয়েছে তোর!

মেবারক এবার বিবর্ণ চীৎকারে ফেটে পড়ল, গেল্পশ্লাদ ফাটার তীব্র আওয়াজের মত সে আওয়াজ ভয়াবহ। অবিখাস্ত। রূপকথার মত শোনাল—মোবারক তথন হাউ হাউ করে কাঁদছে, শেধর, লি.ল আমার বোন।

তুটো সম্জ্রমাত্থকে কেন্দ্র করে একটি অবিশাস্ত এবং অস্থান্তিকর পরিবেশ গড়ে উঠেছে। শেথর ফ্যাল ফ্যাল করে নির্বোধের মত, হা-বরের মান্তবের মত চেয়ে আছে। কোন প্রশ্ন, কোন কথা, কোন জবাব উঠল না হর মুখ থেকে। কেবল কেমন এক রহস্তময় জীবনেব গন্ধ পেল মোবারকের তুটো চোথে! চোথ তুটোব ভিতর হাজারো গুণাহের আফশোস নোনা জলের ভিতর দিয়ে চুইয়ে চুইয়ে নামছে।

এমন করে চুপচাপ বদে থাকা কেমন ঠেকছে। থালি পা ছটো কম্বল দিয়ে জাড়য়ে নিম্নে ভাবল, কিছু বলতে হয়, কিছু করতে হয়। বলতে হয় লিলির সম্বন্ধে। মনের ভিতর যথন সেই ভাবনাগুলো পাক থাচ্ছে তথন দেখল মোবাবক নিঙেই প্রবাশ করছে আবার —লিলিকে ছেডে আসতে হল সে জয়। কিন্তু ওকে আমি ভালবাসি। বৈশনবের মত, বিবির মত ভালবাসি। সে আমার অপবাব, আমার গোন্তার্গা। আমার মনের হারেমে হারাম থাচ্ছি। বোনেব মত, বক্তের সম্পর্ক আছে লিছুতেই ভাবতে পারছি না। বিবেক তাই জলে ডুবিয়ে মারতে চাইছে। বাপ বিইমান—বাপজী হারাম, শেখর—বাপজী কাফের।

ুদই অপরিচ্ছর এবং অস্পষ্ট প্রকাশের ভিতর মোবারক কেমন তালাগাল পাকিযে বাছে বলতে বলতে। ওর নরম উজ্জ্বল চোথ ছুটোতে ঘন কুয়াশার অধ্বকার। ওর বলিষ্ঠ উজ্জ্বল মূথ ফ্যাকাদে হয়ে উঠেছে। বেঁকে বেঁকে যাছে ওর ঠোঁট ছুটো। ও বেন ওরই ভিতর মরে আছে। শুধু তার শিটানো সাদা ঠোঁট থেকে ঝরে পড়ছে কতকগুলি ভিমিত এবং বিনীত শব্দ। মোবারক বলছে, আমার বাঁচা মরা ছুইই সমান। সবাই—সব, সব আমার সঙ্গে তঞ্চকতা করল। ঘড়ি, বাণন্ধী, আমা, লিলি, জৈনব স্বাই আমায় ঠকাল, কি নিয়ে বাঁচব শেখর? কাকে নিয়ে বাঁচব ? কি নিয়ে মরব, কাকে নিয়ে বাঁচব ? বাঁচা মরা ছুইই সমান, বেঁচে থাকতে বিবেক শুধু বলবে, ছুমি ছারাম, গুণাহগার না-পাক। মরলে খোদা আমায় ক্ষমা করবেন না। ইস্তেকালের সমন্ধ সন্থতানের পালায় পড়ব। একটু থেমে মোবারক আবার বললে, জৈনবের ক্সম, আমার কসম ভেকে বে কসম নৃতন করে গড়তে গেলাম সে কসম যে হাজার গুণাহে ভরা শেখর।

## দে সামাৰ কৰিবেৰু শেষ কটা পাতা উন্টাচ্ছে।

শেশর বৃড়ো য়ালীবাইল পাখীর মৃত্যুর সময় গোণার মত জবু-থুবু হয়ে বসে আছে।
কুক্ত গুণছে আকাশের। নক্ষত্রের রাত দেখার চেটা করছে। কিন্তু নক্ষত্র বিহীন
আসমান। নীল আকাশ। এখনও দিন। তুর্য এখনও পাটে বসে নি। বড্ড নরম
আলো আকাশে। দিনেরা এখানে এখন সকাল সকাল বিদায় নেয়। সাগর পাখীরা
সন্ধ্যার অন্ধকার ডানায় বয়ে নেমে আসে। তবু দিন। তবু কুর্য নক্ষত্রের রাতকে
জানালার পদা সরাতে দেয় নি। বলে নি, এবার তুমি এস, আমি যাই।

তবে শেখর আকাশের দিকে চেয়ে এত কি দেখছে!

সাগর পাথীরা জাহাজ ডেকে সন্ধ্যা নামানোব আগে ব্রফের দেশে উড়ে চলে গেল।
নাকাশের গায়ে কোন নাম, কোন নক্ষত্রের কথা বলে গেল না। কোন নক্ষত্র কোন্
সন্ধ্যায় সান-ডায়েল ক্লকে কোন্ জন্মের ইশার। দিয়েছিল তার রেখা চিহ্ন এঁকে গেল
না পর্যস্ত।

আকাশের গায়ে তবু কিছু ঘটছে। সেই পালতোনা নৌকোর জাহাজ থেকে নগুডিঙা ম্যুবপন্থী! বিজয় সিংহের লকা জয়। সঙ্গে চলেছে মাঝিমালা। দাঁড় পডছে ছপ ছপ। আওয়াজ উঠছে পালে বৈঠার। পাঁচশ যোগানের ক্লান্ত যোগানকী। বাঙালী তারা, নাবিক তারা। চাটগাই দিলেটি সমুন্তমাহ্য তারা।

ভূটো মাত্র্য। ভূটো জাহাজী। ভূই দরিয়ার নীরব বন্ধু। একজনের আকাশে আগামী দিনের অনেক স্থুখ স্থপ্নের রেথাচিহ্ন। একজনের আস্মানে কোন চিহ্ন নেই। শুধু আকশোদ আর আকশোদ।

আসমান আর আকাশ—পানি আর জল—স।গর আর দরিয়া—বেদনার চিহ্ন আর মথের রেখা মিলিয়ে তবু ছই বন্ধু। এক ফোকসালের ছই জাহাজী।

ওদের মুখ আকাশ মুখো। আদমান মুখো ওদের চিস্তা।

জাহাজ তাদের দেশে ফিরছে। সিডনীতে ছদিনের হন্ট। গম বোঝাই হবে তারপর আর এক দরিয়া, আর এক উপদাগর, আর এক নদীর মোহনা। নাম তার গদ্ধা। গদ্ধার উপকূলে জাহাজ বাঁধা হবে।

সে কোন্দিন! কবে ? এমন অনেক জিজ্ঞানা এখনও অনেক জাহাজীদের মনে।
আকাশের রং তথনও বদলাচেই। কত মেঘ সে তার বেদনার কথা বলে গেল।
মোবারক স্থার শেখর হুই সম্জ্রমাহ্ব মের্দের রং বদলানো দেখতে দেখতে পরস্পারকে
স্থানিই ভাবে জ্লোন নিল।

ে মোবারক হঠাৎ ইতিহাদের পাতা উন্টানো থামিয়ে দিল। থ**রুগৌর্টের মত টো** তুলে সে কেবল পথ খুঁজছে। বললে, দিতীয় মহাযুদ্ধের আগে—

নক্ষরেরা এবার আকাশে উঠতে স্থক্ত করেছে। এক, হুই, তিন—অনেক। শেখা আর গুণতে পারছে না।

ক্সকেট টামতে পারছে না আর জাহাজীরা। নেরু আয়লেণ্ড, ওসেন আয়লেণ্ড কাকাতিয়া আয়লেণ্ড—এক, তুই, তিন। অনেক অনেক। বাপজী আর তাঃ জাহাজের জাহাজীরাণ্ড সেদিন আসমানম্থো মৃথ করে ডেকের উপর বসেছিল বোঃ হয়। দেশে ফেরার জন্ম কোম্পানীব ঘরে হয়ত সেদিন নালিশ জানিয়েছিল।

অনেক কথা বললে মোবারক। বিভীয় মহাযুদ্ধের আগের কথা। শামীনগড়ের কথা, বাপজী, ফাওয়ার গার্ল, আমাজান, জৈনব,—অনেক অনেক কথা।

তবু কথা ফুরোয় না। শেষ হয় না আমাজানের জলছবি। আকাশ দরিয় নক্ষত্র মিশে এখনও অনেক খবরের শ্রুসামিয়ানা টানছে। সেই সামিয়ানার নীচে বঙে ছই সমুদ্র মান্তব পরস্পারকে আরো গভীর ভাবে টেনে নিল।

किছू राज दें कि हाफ़ हि स्मार्था तक। दें कि हि एक किया दें कि है क

ঘড়িটা তেমনি পড়ে আছে পেটিতে, মোবারক বললে। কিন্তু মেলবোর্নে জাহান্ত পৌছলে ওর সম্বন্ধে আমার কেন জানি অহেতুক কৌতৃহল জন্মান। সাউথ-ওয়াফে র বন্ধি অঞ্চল থেকে ফেরার পথে ব্রুতে পারলাম কৌতৃহল অহেতুক নয়। ঘড়ির সঙ্গে বাগজীর জীবন জড়িয়ে আছে। আমাজানকে হারালাম। নাবিক হওয়ার জন্ম এইবলিশটাই ব্রি দায়ী। ভাবলাম পোট-মেলবোর্নে দিই ওকে বেচে। এতকাল ধরে বে পড়ে থাকল, তাকে কিনবেই বা কে। প্রথম সফরে চাবিটা ওর ঘ্রিয়েছি। কিন্তু একেবারে বেসামাল। তোয়াকা কিছুতেই কাউকে করল না। কাঁটা ছটো আর ঘ্রল না, পেটিতে ফেলে রাখা আর পানিতে ফেলে দেওয়া এক কথা। তবু ফেলে দিতে মন চাইল না—বাপজীর হাতের চিহ্ন।

জাহাজে থবর এল, স্থুমুফেট নিয়ে জাহাজ যাছে নিউপ্লাই-মাউথে। ভায়া সিডনী জাহাজ যাবে। মনে হল, ঘড়িটা ঠিক করে নিলে হয়। ইবলিশটার দকে সময় মিলিয়ে বাশজীর জাহাজ ভূবি সমুল দেখুলে হয়়।

সেদিন সেবত ঘড়িটা নিয়ে বিন বিটে বিন বিটিন কালিব পালের রাজার ঘড়ি সৈরামতের দোলানগুলো ব্রেটারে হয়নীন হলেকিব কর্মান হলেকিব বিনাই বেরামত করতে অধীকার কর্মান।

ভবে শেষ পর্যন্ত হল। প্রিন্সেস স্থীটের দোকানী বলল, একবার চেষ্টা করে দেখজি ক্ষতি কি। কোন ক্ষতি নেই বলে আমিও দিলাম। ঘড়িটা মেরামত হল। চারী ঘটা অস্তুর দম দিতে হয় এই ফারাকটা থাকল শুধু।

বাপজীর চিহ্নতা হাতে বাঁধলাম। তুই চোধের উপর দেখলি সেই থেকে কেমন বিষয় হয়ে পড়েছি। তখন থেকে আমাজানকে খুব বেশী মনে পড়ল। বাপজীর অস্পষ্ট খোদা হাফেজ কানে ঠোকর খেতে থাকল বার বার। জাহাজটাকে মনে হল দোজখের মত। ওয়াচে ওয়াচে চাবি দেওয়া, কানের উপর রেখে শব্দ শোনা, সময় ঠিক রাখা অভ্যাসে দাঁডাল। তাব উপর অভ্যাভ জাহাজীদের বিজ্ঞাপ কটাকে ভেকে পডলাম। তবু প্রতিজ্ঞা আমার—বাপজীর চিহ্নটার সঙ্গে সময় মিলিয়ে জাহাজ-ডুবি দবিয়া দেখবই। দেওয়ানীর বাতে ঘডিব সঙ্গে সময় মিলিয়ে রাত বারোটার সময় ঝুঁকে থাকলাম তিন নম্বর জেটেব পাশে বেলিংয়ের উপর। ঝডের সম্ভ্রুকে দেওলাম—বে অফ্ বিস্কে, লিমন বে আর বে অফ বেসলের মত ঝডের সম্ভ্রু। তুই কিন্তু শেশর এক সময় উপবে এদে আমায় নীচে ফোকশালে নিয়ে গেলি।

কথা বলতে পারছে না মোবারক। গলাটা শুকিয়ে উঠছে। তবু কোনরকমে যতটুকু পারছে বলছে।

তুই শোন, তুই শোন শেখর। সব শুনে ধদি মোবারকের উপর দয়া হয় তবে অস্তত শেখর, ভগবানের কাছে একবার এ হারামের জন্ম প্রার্থনা করিস। বলিস, ঈশ্বর ওকে ক্ষমা কর।

এ বক্তমাংসের দেহ, সান ভায়েল ক্লক আর লিলিকে বিরে ঘড়িটার বুকে চুপ করে পাড়ে থাকা বহমৎ মিঞার করালটা যেন টিক টিক শক্ত তুলে হাসল। লিলিকে কেন্দ্র করে পাহাডের উপর মনটা বিরুত হয়ে প্রঠে। হাজার গুণাহগার হলাম। জৈনবের কসম থেলাপ হল। রহমৎ মিঞার করালটা টেনে নিয়ে গেল বুঝি আমাদের বাপজীর কর্বরথানায়। বিশ বছর আগের প্রেতাআ চার্চের ঘড়িতে বারোটা বেজে আওয়াজ তুলল যেন—বারোটা বাজালাম। বাপজী গুলা টিপেছে দোল্ডের, তুমি গলা টিপেছ বোনের ইজ্জতের। তোমার নিজের। তাই সৈই রাতে বাপজীর মত চীৎকার করে কেঁদে উঠেছিলাম—থোদা হাজেক এ চাথ থেকে সে রাতেই শ্রম বিদায় নিল। আজ পর্যস্ত পুমোতে পারলাম না। দরিয়া বির্বাক ভাকছে।

কবরথানার 'থোঁদা হাফেজ' চীৎকার তোলার পর কি কটে কৈমন করে ফিজ ন রয়ের এক গরম কাঠের ঘঁরে ক্রিক্রিক্র পেয়েছিলাম সে থেয়াল নেই। কিছ চোথ খূলতে দেখি লিলিও ঝুঁকে আছে আগার ম্থের ওপর। অবাক চোথে কিছু বেন বলছে। ওর মা প্রেডিকা করছেন। কিছু যেন থেকে থেকে বলছেন। ক'জন লোক—ওরঃ । 
ডাজার আবার প্রতিবেশীও হতে পারে—তাদের খুব ধীর এবং সংক্ষিপ্ত পায়চারী।
কার্পেটের, উপর তাঁরা ধীরে ধীরে হাঁটছেন। মনে হল সব ঘরটা জুড়ে উফ শ্রোত।
লিলির চোখ ঘটো ভার ভার। আমার দৃষ্টি তখন একটি ছবির প্রতি। নিথর, নি:শব্দ দেইটা। লিলির মা হাতের স্পন্দন গুণছেন। হাতের স্পন্দন অম্ভব করছেন।

চুপ হয়ে শুনছে শেথর। শুনে শুনে বিরক্ত বোধ করছে না। কিংবা বেইমানের মত বলছে না আজ, থাক থাক হয়েছে —এথবর অনেকবার আর অনেককাল থেকে শুনে আসছি।

সম্ত্রে ভাঙা ভাঙা ঢেউ। চেউরের মাথায় কল কল মিঠে আওয়াজ। এই মিঠে সম্ত্রকে দেখে মনে হয় না সে কোনদিন জাহাজের দঙ্গে তঞ্চতা করতে পারে, বেইমানী করতে পারে।

ক্যাপ্টেনের ঘর থেকে পোর্টহোলে আলো। তিনি পায়চারী করছেন কেবিনে। পোর্টহোলের আলোটা সে জন্ম মাঝে মাঝে অন্ধকার হয়ে উঠছে।

ব্রিজের উইংসে আলো জেলে দেওয়া হয়েছে। আলো জেলেছেন স্থানি সাহেব।
বিজ পেকে তিনি নীচে নামবার সময় বললেন, এইবার আনন্দ করেন—যত পারেন
করেন। জাহাজ সিডনী হইয়া দেশে ফিরব। সিডনী যাইয়া গম আর রসদ নিব।

সব জাহাজীর চোৰ্ষে মুথে ঘরে ফেরার আনন্দ। দেশে ফেরার জন্ম ওরা মনকে প্রস্তুত করছে। বাংকে বাংকে আবার গল্প-গুজ্ব জন্ম উঠেছে—দেশের গল্প, ঘরের গল্প। কার বিবি, কার মেমান সফর ফেরং কি কি নিতে বলেছে—কলকাতা বলরে লাখিতে থাকার থরচ, কতদিন থাকতে হবে তারও হিসেব টানছে তারা।

মোবারকের কোন হিসেব নেই। শেখরও কোন হিসেব টানতে পারছে না।
মোবারকের বে-হিসেবী জীবনের জন্ম ওর জীবনের হিসেবেরও কোথায় যেন একটা
ছক্ষ ভুল আছে। শেথর ভুলেয় সংশোধন চায় মোবারকের বে-হিসেবী জীবনের গল্প
শোনে। মোবারককে স্বাভাবিক করে ভোলার ভিতর স্ক্ষ্ম ভুলের সংশোধনকে সে
শুঁজে পেরেছে।

ম্যোবারক তথন বলছে, সে পরিবেশ, সে পরিচয়, সে কাহিনী অত্যন্ত স্পষ্ট। সেই রাজ আর দিনকে মনে হচ্ছে আমার আর এক হৃঃস্বপ্ন। ফিল্লরয় যেন অন্ত এক ছিলিয়া। বাপজী অন্নেল পেন্টিং-এর ভেতর। পাশে লিলি। ওর টানা টানা চোথ ছটোর আমাজানের গভীরতা। বাপজী ঠিক আগের মত। এক গাল ছাঁটা ছাঁটা কুচকুচে দাড়ি। বলিষ্ঠ মুথে স্কুষ্ঠ গোঁকের রেখা।

চেয়ে আছি। চোথ আমার বাগন্ধীর মৃথ থেকে নামছে না। বা**ণলীকে নৃতন** করে যেন দেখচি।

লিলির মা আমার চেতনাকে প্রলুক করার জন্ম বললেন, ফটোর মাছ্ষটি মৃক বিধির। কবোঞ্চ কাঠের ঘর। একটি মাত্র কথার প্রকাশ যেন।

দকলের চিন্তিত মন উন্মৃথ হয়ে উঠল দেই কাঠের ঘরে। বাঁরা পায়চারী করছিলেন তাঁরা থমকে দাঁডালেন। চেতনা ফিরেছে ভেবে লিলির মা আশশু হলেন। প্রকাশের বেগাট্কু টেনে তিনি আবার পুনরাবৃত্তি করলেন। কটোর মাছ্মটি মৃক বধির। যতদিন ঘর করেছিলেন তিনি একজন মৃক বধিরকে নিয়ে ঘর করেছিলেন।

বাপজীব বাঙ্গালী মৃথের কমনীয় রূপ লিলির মাকে মৃগ্ধ করেছিল। এক নৃতন শান্তিব নীডে আশ্রয় দিয়েছিল। ত্বার স্বামী পরিত্যক্তা মাউরী মেয়ে জানলেন না মান্ত্রট কোন্ দেশের, কোন্ জাতের। তিনি জানতে, চাইলেনও না, জানতে দিলেনও না কাউকে।

কি ভেবে চুপ করে থাকল মোবাবক। ইয়াকুব মাস্টে রং করে তথন **ফিরে গেছে** ফোকশালে। ন্যামলদার ফলঞ্চাগুলো টেনে তুলেছে ফন্কার ভিতর থেকে। মেজ মালোম একবাব ব্রিজেব উইংসের ভিতর দিয়ে কি যেন দেখে গেছেন।

সন্ত্যি লিলির মা এক অন্তত মেয়ে। লিলির বাপজী ষেমন এক অন্তত মাহ্বা পৃথিবীর উচ্চতম কাইটিরিয়ার জলপ্রপাতের সংলগ্ন ছোট্ট পাহাডের এক অন্তত পরিবেশেব ভিতব। এক পাল ভেডাব ঘাদে ঘাদে চরে বেডানোর মাঝে লিলির আমা মোবারকের আমা হেনলে উইলি বড হয়েছে। কর্ণজুলির বাঁওড়ের ধারে বাপজীর মত, জলপ্রপাত থেকে হ্রদের ভীরে, ছোট্ট নদী রেখায় অনেক বেদনার চিহ্ন উইলিও রেখে এদেছিলেন দেদিন।

ছোট্র শহর থেকে নেলসনে।

উইলো গাছের ছায়া থেকে এলেন কৌরী পাইনের ছায়ায়। দক্ষিণ খীপের বক্সঘাসের পৃথিবী থেকে তিনি এলেন সম্দ্রতীরে—নেলসন বন্দরে। স্থল থেকে জলে। জীবন থেকে যৌবনে। সনেক স্থথ থেকে অনেক তৃঃধে।

নেলসনে তিনি প্রথমবারের মত স্বামী পরিত্যক্তা হলেন। শহরের স্থানীয় হাসপাতালের লেডী ডাক্তার হেনলি উইলী একদিন তাই শহর পরিত্যাগ করে কুক প্রণালী অতিক্রম করেন। এবং ওয়েলিংটনে এসে দিতীয়বার জীবনকে নৃতন করে ক্ষত্মন্ধান করার সময় এক নৃতন মাহুবের পরিচয়ে বিমুগ্ধ হলেন।

বিবাহ করলেন বিতীয়বার। পরিত্যক্তাও হলেন বিতীয়বারের মত।

তিনি বলেছিলেন, সে আমার অন্ধকার যুগ। মনে পড়ছে না কথন কি ভাবে বিবাহ বিচ্ছেদগুলো এল। তবু বুঝতে আমার বাকি নেই তুটো মতের অমিল থেকেই আমি আর তারা বে যার মত তুদিকে সরে দাঁড়িয়েছি।

তারপর থেকে আবার অমুসন্ধান এবং জীবনের অমুসন্ধানে ক্রমশ তিনি তাঁর মোটর দক্ষিণ থেকে কেবল উত্তরে চালিয়েছেন। মোটর চালিয়ে এদেছেন তিনি ওয়েলিংটন থেকে ওয়াদানাইতে। দক্ষিণ থেকে উত্তরে। অপরিসীম বেদনায় হেনলে উইলি তথন পীডিত। শাস্তির আশ্রয় খুঁজতে গিয়ে তিনি চাকুবীর পর চাকুরী ত্যাগ করছেন। তিনি অবলম্বন চান। জীবনকে প্রতিষ্ঠা করতে চান আবার।

এবার তিনি চলেছেন হায়েরার দিকে। সেও দক্ষিণ থেকে উত্তরে। মোটর চলেছে সমুদ্রের বেলাভূমির পাড় ধরে। পিচ ঢালা সডকে। এঁকেবেঁকে অনেক তীরের বাঁক ঘুরে। মোটর আর উইলি উভয়ই কেমন অক্তমনস্ক যেন। চলতে হবে তাই চলছেন। থামতে হবে তাই থামছেন। একবার শুধু ভেবেছিলেন, এভাবে দক্ষিণ থেকে কেবল উত্তরে না চলে সমুদ্র অতিক্রম করলে কেমন হয়। বিদেশে গিয়ে নৃতন ভাবে ঘর বাঁধলে কেমন হয়।

হঠাৎ লক্ষ্য করঁলেন উইলী প্রবল ঝডে এ দেশটা ক্ষত বিক্ষত। দ্রের গম ক্ষেতগুলো পর্যস্ত সম্প্রের তেউয়ে ভেনে গেছে। সকাল করে ছ-একজন গ্রামের মান্ত্র মাঠের আলে আলে ভেড়ার পাল নিয়ে দ্রের পাহাডে হারিয়ে যাচেছ। ঝর ঝর করে ছন ঝরছে গমের শীষ থেকে। আর একটা মাঠ পার হল। ঘাসগুলে। বড নোনা। আর একটা বাঁকে মোটর ঘ্রতেই আচমকা স্পিড কমিয়ে দিয়ে কিছু থেন দেখলেন। আছেতব করলেন ঝড়ের শীষ দেওয়া ডাক এখনও কমে নি। দ্র দ্রাস্ত থেকে ৬েনে আসছে সেই ডাক।

মোটর দাঁড করিয়ে দিলেন পথের উপর। দূর থেকে পরথ করলেন তিনি। কিছু কেন বিশ্বয়ের চিহ্ন পেলেন। প্রবল ঝড কত বিক্ষত বেলাভূমিতে ঢেউয়ের টোট ছুঁয়ে মৃত মাহুবের বুঝি স্বাক্ষর পেলেন।

সম্বর্গণে তিনি পথ অতিক্রম করে বেলাভূমিতে পড়ে থাকা মানুষ্টার দিকে চললেন। ঝড়ের সমূস্ত হয়তো এথানটায় ফেলে গেছে নির্দয়ের মত। নীরবে ধে বাহুষ্টা মাটি আঁকড়ে পড়ে থাকল।

সেই বেলাভূমি সংলগ্ধ অক্স কোন মান্নবের সাড়া পেলেন না তিনি। কাকে ভাকবেন। কাকে ভেকে বলবেন, ভোমরা আমার সঙ্গে এস। কি বিশ্বর আছে এখানটার দেখি।

না, তিনি কিছুই বলতে পারেন নি। বলতে পারেন নি—এদ তোমরা। কে আছ কাছে—একবার এদে এই ঝডে-পড়া মাহুষকে রক্ষা কর।

তিনি শুধু হেঁটে গিয়েছিলেন নীচে। চুপচাপ নেমে গিয়েছিলেন বেলাভূমির বৃকে।

সমুদ্রের কাছাকাছি এসে টুপিটা হাতে নিলেন। ঈশরকে মনে করে ক্রশ টানলেন
বুকে। বৃকে লাইফ বেন্ট আটা মান্ন্যটা চিত হয়ে আছে। মুথ শুকনো। কপাল
ভেজা ভেজা। চোথ ছটো ছিব। কিন্তু উজ্জল। তিনি ক্রত মান্ন্যটির পাশে হাঁট্
গেডে বসে পডলেন। কোথাও জাহাজ ডুবি কিংবা নৌকাড়বি হয়েছে। হাত তুলে
নিলেন। নাডার স্পন্দন শোনাব চেটা করলেন কান পেতে। এবার ক্রমশ খ্ব ক্রত মথেব কাছে এবং বৃকের কাছে কান বেখে আরও কিছু অন্থভব করতে গিয়ে অবাক হলেন উইলী। উঠে দাঁডালেন তিনি। বেলাভ্মির কিনারে কিনারে মান্ন্য দেখার
চেটা কবলেন।

কিন্তু কোন মান্ন্য নেই, কেউ নেই। কোথাও নেই। উইলী বলে উঠল, ঈশব্ধ কি হবে ?

মোটব অনেক উপরে। কালে। স্বাহ্মপের মত প্রথটা এথান থেকে অস্পষ্ট। বেলাভূমির বৃক ভেকে উপরে ওঠা আরো কঠিন। তবু উইলী ভিজা সপদপ মাহ্মঘটাকে তহাতে তোলাব চেষ্টা কবলেন। ঘেমে উঠলেন তিনি। এওটুকু নড়ল না দেহটা। এপাশ ওপাশ হল মাত্র। তিনি উপুড করে দিলেন দেহটা। তিনি তবু সাহায্য চান। মাহ্মঘ চান। আর বলেন ঈশ্বর কি হবে!

ঈশব কি হবে। দেহটার ভিতব এখনও যে প্রাণ আছে। অশ্বির হয়ে ৬ঠল উইলীব মনটা। ছুটতে ছুটতে নিয়ে তিনি উপরে উঠলেন। মোটর নীচে নামানোর অনেক চেটা। চাকাগুলি ক্যাক ক্যাক করে উঠল। বালিতে আটকে যাচ্ছে চাকা। যোটব তিনি এতটু ফুনডাতে পারলেন না।

কি উপায় তবে। কি করা যায় তা হলে। যতক্ষণ মামুষের কোন সাড়া না পাওয়া যাচ্চে ততক্ষণ তি।ন মৃতপ্রায় মামুষটার জন্ম কি করতে পারেন। অনেকগুলো ভাবনা এমে উইলাকে উত্তেজিত কবে তুলল।

কিছু শুকনে। খড়ের প্রয়োজন। আগুন জালালে শরীরটা অস্তত গ্রম থাকবে।
মাগুন জালার জন্ম তিনি আকাশ পাতাল ভাবলেন। গ্রাম এথানে কোথায়—
কোন্দিকে কে তানে। শুধু একটু আগুন। আগুন পেলে মাহ্যটা বাঁচবে। দিগস্ত
জুড়ে শুধু সম্জ্র আর বেলাভূমি। আগুন নেই। মাহ্য নেই। ঝড় এথানে জীবনের
কোন চিহ্ন রেথে যায় নি যাকে ধরে উইলী খড়ুকুটো অসুসন্ধান করবেন।

মাধাটা নীচু করে কিছু আবার ভাবলেন তিনি। বললেন, ঈশ্বর পেয়েছি। কটকী বটুয়া নিলেন সোলা থেকে। সিগারেট লাইটারটা হাতে নিয়ে ছুরি দিয়ে ক্যাচ-ক্যাচ করে কেটে ফেললেন সোফাটা। নারকোলের ছোবড়া বের করে হাফ গ্যালন পেটুল নিলেন টিনে। তারপর আবার নীচে—আরো নীচে। আগুন জালানে। হল। ভিজে জামা কাপডগুলো খুলে একধারে রেথে দিলেন। এপাশ ওপাশ করে সেঁকেনিলেন দেহটা। সেই সময় বিমৃগ্ধ হলেন তিনি। মামুষটি পৃথিবীর কোন প্রাস্ত থেশে এসেছে কে জানে। বাঙ্গালী চেহারার বিশ্বয়ে অভিভূত হয়ে বললেন, ঈশ্বর কি হবে

বেলাভূমিতে দাঁড়িয়ে আরো কিছুক্ষণ অপেক্ষা করতে হল উইলাকে। কোন মাহবের চিহ্ন পান কিনা তার জন্ম পরীক্ষা করলেন। ভোরের কুয়াশা তথন পুর হতে দ্বে সরে গেছে। সকালের হুর্য উকি দিছে অন্ম কি এক পাহাড প্রান্তে । এবার উইলী জেলে ডিঙ্গির শব্দ পেলেন। তারাও দ্বে। অনেক দ্বে। শুধু পালে । ছায়া দ্ব থেকে আলতো ভাবে এসে বালিয়াভীতে থেমেছে। কানে এসে ঠোক । খাছে কাঠের ঠক ঠক শব্দ। পাশের পাহাড়টাও প্রতিধ্বনি করছে—ঠক ঠক।

উইলী সম্বর্পণে জলের ভিতর নেমে গেলেন। ডিক্লিগুলোর কাছে পৌছানোর চেষ্টা করলেন.তিনি। জলের ভিতর দাঁডিয়ে তিনি হুহাত মুথের উপর ভাঁজ কেল্ছেন্ট-ই বলে এক বিপদ স্টুচক চীৎকার তুললেন।

কোন সাডা এল না। তারা জল ডিলিয়ে পাড়ে এল না।

তিনি আবার ডাকলেন। চীৎকারগুলো ভেসে তেসে অন্ত কোন এক দেশে গিসে পৌছল। ফের ডাকলেন। আকাশে উড়িয়ে দিলেন হাতের ক্রমালটা।

জেলে ডিদিগুলো তথনও শব্দ তুলছে। ছপ ছপ। ঠক ঠক। পাহাড প্রায়েব অক্ত বাঁক থেকে একটা নৌকো এদিকটায় এগিয়ে আসছে।

উইলী মনে মনে আবার সর্বশক্তিমানকে শ্বরণ করলেন থেন। গুরা এদিকেট আছে। গুরা আদবে। নীল জলের রেখা পার হয়ে দবুজ রেখায় এদে নিশ্চয়ই পৌছবে। তারপর বলবেন এস, এদিকটায় এস। দেখ কি হয়েছে। কোন্ এক পৃথিবীর মাছষ এসে তোমার পৃথিবীতে নৌকা ভিড়িয়েছে।

জল থেকে তীরে উঠলেন উইলী। সাগর ডুবি মান্ন্র্যার পাশে এসে দাঁড়ালেন। বিদেশী নাবিককে দেখে তিনি অন্য কোন এক জগতের কথা চিন্তা করতে করতে—হাতের অনামিকায় দেখলেন আঙটি। জল জল করছে—চিহ্নিত করা কতকগুলি গোল গোল হরক আংটির উপর। আবার অন্যমনস্ক হয়ে অন্য কিছু ভাববার সময় আঙটিটা প্রেটে ভরে দিলেন।

জেলে ডিন্নিটা এনে ভীড়ন তীরে। ডিন্নিটা টেনে টেনে তীরে তুলে ফেলল এবং লাফিয়ে নামল নৌকোর আরোহীরা। যেথানটায় উইলি বসে আছে সেখানটায় তারা ছুটল। যোয়ান যোয়ান উত্তর দ্বীপের মাস্থেরো অবাক হল আর একটি বিদেশী যোয়ানকে দেখে। যোয়ানের যোয়ানকী আছে । অনেক সময় ধরে ঝড়ের বিরুদ্ধে, টেউয়ের বিরুদ্ধে সাঁতার কেটেছে। আকাশের নক্ষত্র দেখে তীরের দিকে আসার চেটা কবেছে। সংজ্ঞা হারিষেছে এক সময়। চোথের নীচ তাই গভীর। কালো কালে। সক্ষত্র অনেক রেথা সমস্ত দেহকে কেন্দ্র করে। চিৎ হয়ে আছে। উলঙ্গ। উইলি গ্রামা কাপ্ত এক ধাবে জম। করে রেথেছে। লাইফ-বেন্টের উপর মাথাট। আলতোভাবে রাথা। বালির বুকে বিদেশী যোয়ান অঘোরে গুমোছে।

উইলী বলনেন, আপনারা দ্যা করে একটু আহ্বন।

- কি হন ? এ ত উত্তর দ্বীপের দক্ষিণ দ্বীপের মাত্র্য নয়।
- --এমন কেন হল ?

উইলা বললেন, ঝডে জাহাজ-ডুবি হয়েছে নিশ্চয়ই।

- —ঝড। ঝড বাদলের রাত। কি ভয়ানক তুর্যোগ।
- দয়। করে তুলে ধরুন। দেখবেন বুকে যেন চোট না লাগে। উইলি মাথার কাচে এদে বললেন, মাথাটা আমি ধরছি।
  - —পারবেন ত একা :
  - —পারব। এবার আপনারা হাটুন।
  - --কোখায় নিয়ে যাবেন ?
  - —ঐ মোটরে।
  - --দেখান থেকে ?
  - —অনেক দূরে। হায়রার কোন হাসপাতালে কিংবা ডাক্তারখানায়।

জাহাজ-ড়বি মাস্থ্যটাকে মোটরে রাথার সময় জেলেডিঙ্গির মাস্থ্যের। বললে, আমরা আসি।

একজন বসলে, বোধ হয় এ যাত্রা মাত্র্যটা বাঁচবে।

—বাঁচবে নয়। বাঁচতে হবে। হেনলি উইলির তাই মত।

মোটরটা চলছে। পিছন থেকে জেলে ডিঙ্গির মান্ত্রেরা হাত তুলে বিদায় জানাল। উইলীও ম্থটা ফিরিয়ে বাঁ হাতটা উপরের দিকে তুলে দিলেন। পিছনে তাকানোর সময় কৈ। সামনে, আরো সামনে তাকে ছুটতে হবে। পাহাড়ী উপত্যকার পর প্রাম। মাঠা বা পাশে সমূত্রে ছোট ছোট সবুজ দীপ। এখানে এসে সহজ পথ

মোড় থেরেছে। হঠাৎ মনে হল গাছগুলো, মাঠগুলো, ভোঁ ভোঁ করে ঘ্রছে চার পাশে। কৌরী পাইনের ছায়া, উইলোর ঝোপ, ঘাসের জঙ্গল সব সমান হয়ে গেছে চোখ ঘূটোয়। উইলি কি ভেবে স্পীড় আর একটু কমিয়ে দিলেন।

এখান থেকে সম্দ্র আর দেখা যায় না। পাহাড় কেটে প্রশন্ত পথ গেছে দক্ষিণ থেকে উত্তরে! কথনও গ্রাম, কথনও মাঠ, কথনও কৌরী পাইনের বনভূমির ভিতর দিয়ে মোটর ছুটছে। মাঝে মাঝে মোটরটা উইলী সহসা থামিয়ে দিয়েছেন। জাহাজ- ভূবি মাম্বরের বুকে হাত রেথে পরীক্ষা করেছেন। আবার দিগুণ উৎসাহে দক্ষিণ থেকে উত্তরে চলেছেন।

কিন্ত কি নাম! কি নামে, কি পরিচয়ে হাদপাতালে ভরতি করানো হবে। কোন্দেশ থেকে এদেছে! আঙটির উপর গোল গোল হরফগুলো নিশ্চয়ই ওর নাম অথবা দেশের নাম। এথন ওর কি নাম হবে। হতে পারে। হাদপাতালে কি বলব ? দক্ষিণ দ্বীপের মান্তবং । মন্দ হয় না। মাওরী। ঐ বেশ, ঐ ভাল। হেনাফোর্ড। হেনলি হেনাফোর্ড। বেশ হবে। ঐ ভাল হবে!

হেনলি উইলি আরো কি সব ভাবল। শির শির করে কাঁপল কান ছটো। ঠোট ছটো কাঁপল। কি সব ভাবছে। ঐ পথ। পথের মোড়েই ভাক্তারথানা। আরো পরে হাসপাতালের সদর দরজা।

মোবারকের ফুদ ফুদ থেকে একটি বিলম্বিত দীর্ঘ নিখাদ কাঠের পাটাতনকে আদর ঝড় থেকে ধেন বিন্তু করে দিল। ছায়া ছায়া অন্ধকার স্পষ্ট হয়েছে আবার। তুনম্বর পরীর স্থানী ব্রিজে ওঠে গেছে। তৃউইংদের মাথায় পাক থেয়ে শেষ বেলায় এদে থেমেছে কম্পাদটার সামনে। লাভবাদ লাইন ঠিক করছে। তিন নম্ব মাল্ম শায়চারী করছেন ব্রিজে।

প্রশ্ন করল শেখর, হায়েরাতে তিনি ভাল হয়ে ওঠলেন ?

—ভাল হলেন। কিন্তু কথা বলতে পারলেন না আর।

গভীর আগ্রহে শেখর পুনরায় প্রশ্ন করলে, তিনি কি কখনও কথা বলতে পারেন নি, কিংবা কানে শুনতে পান নি।

— না। তিনি কথা বলতে পারতেন না, কানে শুনতে পেতেন না। উইলি একজন বোবা মান্ত্বকে নিয়ে আঠারো বছর দর করেছেন। নেলদন থেকে যে অনেক তুঃধকে সঙ্গে করে, এনেছিলেন—নিউপ্লাই-মাউথে সে তুঃথ আর এক ব্লিনু রইল না। এখানে তিনি এক স্থাবের নীড় রচনা করেছিলেন। উইলির নৃতন জীবনের সঙ্গে বাপজী পরিচিত হল তার স্বামী হিসাবে। লিলিও উইলির মেয়ে। বাপজীর বিতীয় সস্তান।

মোবারক বুঝি এবার শেষ বারের মত দম নিল। অন্ধকারে শেখরের হাত খুঁজল। হাতের উপব হাত চেপে শেষ বারের মত গল্প করতে চাইল। পাটাতনের উপর কয়লেব নীচে হাত ঢাকা শেখবেব। আর একটু সংলগ্ন হযে বসল তাই। ফিস ফিস কবে বললে, সম্প্রমান্থবের। সহজে মরে না শেখর। গত সফরে রেঙ্গুনে ষাওয়ার পথে সম্দ্র থেকে ভ্জন জাহাজীকে তুলে নিয়েছি। ওরা ছিল কোরিয়ার যুদ্ধবন্দী মাহুষ। ছিত্রিশ দিন ওরা একনাগাডে জলের উপর ভেসে ছিল। বিভিন্ন দেশের পত্রিকাগুলো ফলাও করে কত খবর। মোবারক এবার শেখরের হাত ছটো কয়লের নীচ থেকে টেনে আনল। হাত ধরে বললে, বাপজী জাহাজ তুবি থেকে বাঁচবেন সে আর বিশ্রের কি। সে তেমন বলার কি! তবু বললাম তোকে। অনেক কথা বললাম। আমি না-পাক মাহ্র – আমার ডাক আলার কানে প্রৌছায় না। তিনি আমার ডাক শুনবেন না। কিন্তু তুই গুণাহগার হস নি। তোর ডাক তিনি শুনবেন, তুই অস্ততঃ তোর ঈথরেব কাছে একবাব প্রার্থনা করিস। বলিস, ঈশ্বর তুমি ওকে ক্ষমা কর। মবু অনেক কসম থেয়ে অনেক ভেঙ্গেছে, বোনের ইজ্জত নিয়েছে—এবার তৃকি ওকে শাস্তি দাও।

সহসা শেথরের ত্টো হাত থ্ব শব্দ করে ধরে চীৎকার কবে উঠল মোবারক, বলিস, শেথর তুই বলিস এ গুণাহ-গারের জন্ম। তোর ঈশ্বরের কাছে বলিস—গুকে শান্তি দাও, ওকে খ্মোতে দাও। কসম থাকল তোর উপর শেথর। তুই বলিস, তুই ডাকিস তোর ঈশ্বরেক।

শেথব কিছু বলল না। বলতে পারল না।

ত্জন সম্প্রমাহ্য ছায়া ছায়া অন্ধকারে অন্থভব করতে পারল সম্প্র কাঁপছে। ফানেল ঝুঁকছে একবার গলাবাজ আবার যম্নাবাজ্। ঝড় ওঠার লক্ষণ। চিড়িয়া পাখীগুলো তথন আকাশ আর সম্প্রকে ছেয়ে ফেলেছে। ওরা ডাক তুলেছে ঝড়ের ডাক। টাইফুনের ডাক। অতল সম্প্র হতে শশুচিলের আওয়াজ।

রাত গভীর। এগারোটা বেজে গেছে। তিন নম্বর পরীর আমলদার আড়ামোড়া ভালল। হাই তুলে তুড়ি দিল ম্থে। পাশের বাংকগুলোকে সন্ধাগ করার জন্ম রেলিং-এ শব্দ করল।

শেধর অনেকগুলো ইতঃন্তত বিক্ষিপ্ত শব্দে জেগে গেছে। অন্ধকার ফোকসালে

একবার চোখ খুলে আবার চোথ বৃদ্ধে পড়ে আছে। পাশের বাংকটা নিশ্চরই থালি। প্রতি রাতগুলোর মত দে এখন বোট-ডেকে। ঘড়ির উপর ছায়া ছায়া অন্ধকারটায় ঝুঁকছে। খোদা হাফেজ বলছে তৃহাত উপরে তুলে।

উঠবে উঠবে করেও শেখর দেরী করে ফেলল উঠতে। সে জানে তাকে উঠতে হবেই। মোবারককে বোট-ডেকে থেকে ধরে আনতে হবে। প্রতি রাতের মত বাংকে জাের করে শুইয়ে দিতে হবে। ঠাগুা শাভের জন্ত কম্বল ছেডে উঠতেই ইচ্ছে করছে না। তার উপর হাত ছটো ভাল করে নিরাময় হয়ে ওঠে নি। একটি ঘাের অবসাদ শেখরকে ঘিরে রেখেছে। উঠবে উঠবে করেও উঠতে পারছে না। শুরে শুয়ে পাশের শেকসালের টুংটাং শব্দ শুনছে। থালা-মগের আওয়াজ। কোন পরীদার বুলি নীচে নেমে হুনম্বর পরীর কিছু ঠিক করছে।

ষ্টিয়ারিং ইঞ্জিনটা খুব মোচড় খাচ্ছে। খাঁজকাটা বড় হইলটা ককিয়ে কিয়ে কাদছে। ঝড় ওঠার আগে প্রতি রাতে এমনি করে কাদে। শেখরের শক্টা ন্থস্থ হয়ে গেছে। এই শুনে ওর নৃতন জাহাজী বৃক্টা ভয়ে ধুক ধুক হয়ে করে। কয়লের নীচে নৃথ রেথে দে উঠি উঠি করে সব শুনল। সামনের পথটা ধরে কজন ীদার গায়ে নীল উদি জভিয়ে দি ডিডে উঠে যাছে। ওরা তিন নম্বর ওয়াচের পর দার। দি ডিয়ে উপর পায়ের শব্দ কেমন হালা। কেমন অসংলয়। সমুদ্রের নারবতা কত ভয়ানক, শব্দগুলো তাই থেন নির্দেশ দিছে।

উপরের ডেকে কিছু নাবিকের ফেরার শব্দ আদছে। অস্পষ্ট কথা বিনিময় হল।

তিন নম্বর পরাদারের। এখন গিয়ে অফিসার গ্যালীর ছাদে স্টোকলের প্রথম গরমটা
এখান থেকেই সংগ্রহ করবে। এ দলে থাকবে মিঞা। বুড়ো বাদশা মিঞা। সকলের
শেষে সে অনেকটা হামাগুড়ি দিয়ে অফিসার গ্যালীর ছাদে গিয়ে বসবে।

বাদশা মিঞা কুঁজো হয়ে গেছে জাহাজের কাজ করতে করতে। বছরের পর বছর সকর দিয়ে হাজারো নাবিকের গল্প জমা করে রেখেছে। ওর সঙ্গে পরী দিয়ে লাভ আছে। আঙন নিভিন্নে, ছাই হাপিজ করে কিছুটা কয়লা স্থটের মূখে ঠেলে বাংকে সে বসবে গল্প করতে। বাদশা একের পর এক উজির নাজীরের গল্প করবে। শেঁর পর্যন্ত সে গল্প করবে নিজের। পাঁচ নম্বর বিবিটা কি করে এক নম্বর বিবির ছাওয়ালের সঙ্গে ভেগে পড়েছিল আজকাল রসিয়ে রসিয়ে সে গল্পও করে।

নাঃ, শুরে থাকলে আর চলে না। উঠতে হবেই যথন তথন তাড়াতাড়ি ওঠাই ভাল। সোরেটার গারে দিতে হবে। টুপি মাথায় পরতে হবে। অনেক কাজ। অনেক কাজ হাতে নিয়ে শেধর বাংক থেকে নামল। হাই তুলল। কিছু এমন করে আর কতদিন। আর কত বার কত রাতে তাকে টেনে টেনে নামাবে। বিরক্তিছে শেখরের মুখটা ছেয়ে গেল। তবু আলো জেলে কম্বলটা টেনে নিতেই অবাক হল—এক অথগু বিশ্বয় পাশের বাংকটাতে। সম্প্রমায়্য উপুড় হয়ে পড়ে আছে । কম্বলটায় এক পাশে পড়ে থাকায় শীত ঢাকছে না ওর। হাতে হাত ঘড়িটা নেই। বালকেডেও ঝুরুছে না। তর তর করে পেটি বদনা সব খুলল। সেথানেও নেই। কিন্তু মোবারকের বাংকের পাশে এদে শাড়াতেই আর এক হিমেল তরঙ্গ গা বেয়ে নামতে থাকল। সব কিছু অবিক্তন্ত। অসংলগ্ন। পা তুটো, হাত তুটো—সব। মৃথ থেকৈ লালা গড়িয়ে গাড়িয়ে পডছে। তীর ঈত থেকে নিছেকে রক্ষা করবার ক্ষমতাটুকু পর্যন্ত নেই।

হাতটা আন্তে বাডাল। হয়ত শরীর ঠাণ্ডাহয়ে গেছে এতক্ষণে। কিছ হাতটা কিছতেই সটান হয়ে পডে থাকা মান্ত্রটার উপর থেতে চাইছে না। পারছে না একবার পরথ করে দেগতে মোবারক মরে ঠাণ্ডাহয়ে আছে কি না। চীৎকার করে ডাকতে চাইল—মো—বা—র—ক। কিছ কিছতেই গলা পেকে ডাক উঠল না। তাই অসহায় বিবর্ণ ফোকশালের আনোতে শেগর কেনে উঠল—ঈশর! কি হবে? কিছ বেব! তবু শেষ প্রচেটা ভর। কোনরকমে এবার হাতটা না বাডিয়ে ম্থ বাড়াল তব মাগার কাছে। ম্থের কাছে ম্থ রেথে অত্যন্ত সন্তর্পণে পরীক্ষা করল, আছে কি নেই। কাএবার কাদবে কি চাৎকার করবে ভেবে পেল না। ভেবে পেল না ঈশরকে ছহাত তুলে মান্বিদি করবে না মোবারককে জড়িয়ে ধরে বলবে—মোবারক ঘুমোছে। ওর চোথে সন্ত্রন্ম। কিছুই করতে পাবল না। যতক্ষণ পারল মোবারকের সমস্ত শরীরে কম্বলটা ঢেকে দিয়ে ওর মাথার উপর ম্থ রেথে পড়ে রইল।

রাত তিনটাব সময় বোন ছাহাজীর দিঁড়ি দিয়ে ফোকশালে নামার ঠক ঠক আ ওয়াজে ঘুম ভাগলে। শেথরের। জেগে দেখল সে ঘুমিয়েছিল সম্জ্মান্থেরে বুকের উপর মুখ রেখে। বুক থেকে মুখ তুলে সহজ হয়ে দাঁডাল। চোথ রগড়ে নিজের কম্বল ছটে। তুলে আনল বাংক থেকে—বিছিয়ে দিল সম্জ্র-ঘুম ঘুমিয়ে থাকা সম্জ্রমান্থ্রের উপর। খুশিতে উজ্জ্বল হয়ে উঠল ওর মনটা। পরিত্প্য হয়য়। আর সে সময় ছটো হাত আপনিতেই জোড় হয়ে এদে প্রার্থনা জানাচ্ছে—থোদা, তুমি ওকে শান্তি দাও। ইশর, তুমি ওকে ক্ষমা কর। প্রভু, তোমার আশীর্বাদে সে তার পুরানো সম্পদ ফিরে পাক।

সম্দ্রে আজ কোন সঙ্কীর্ণতা রইল না। সব ধর্ম সব মান্থবের ভালর জন্ত। সে জন্ত ব্ঝি থোদা, ঈশ্বর, প্রভূকে ডাকতে গিয়ে গলা ওর আড়েষ্ট হয়ে উঠল। চোধ এল ঝাপদা হয়ে। মোবারকের অসহায় পাণ্ড্র ম্থের দিকে চেয়ে থোদা ও ঈশ্বরকে 'ডাকতে ডাকতে সে কেঁদে কেলল।

রাজ গোরা ভিনটার সময় বিয়ারীং ইঞ্জিনে 'তেল দিতে এসে তেলগুরালা ইমরান ভেকে গোল মোবারককে। ওকে ওয়াচে যেতে হবে। শেখর নিজের প্রায় ওকিয়ে-পঠা আহত হাত ছটোকে একবার ওাঁজ করে আবার খুলল। পরীক্ষা করল ওর লামর্থ টুক্কে। সম্প্রমাহ্যর জাহাজে থাকায় হুনম্বর বয়লার, কোম্পানীর পূবে রাথা কদবী ওর সঙ্গে কিছুতেই বিজ্ঞাপ করতে আজ সাহস করবে না। তাই ইমরান ভাকলে ওকে বাধা দিয়ে বলল, মোবারককে ডেক না চাচা। ওর পরী আমি দেব। ওকে ক্মোতে দাও। 'মোবারক ঘুমোক। থোদা হাফেজ।